চিত্রায়ণের অনুমতি প্রদান করা হয়। পাশাপাশি কোন ব্যক্তি বা বাণিজ্যিক প্রতিষ্ঠান স্টল স্থাপনপূর্বক পণ্যের প্রচারণা বা যে কোনো এ্যাক্টিভেশন ক্যাম্পাসের অভ্যন্তরে করতে চাইলে সাধারণ প্রশাসন থেকে শ্যুটিং এর অনুরূপ কার্যপ্রণালী গ্রহণ সাপেক্ষে অনুমতি প্রদান করা হয়।

করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর সংক্রমণ প্রতিরোধে ক্যাম্পাসে সকল প্রকার গণজমায়েত এবং অতিথি আগমন নিষিদ্ধ থাকায় এ বছর কোনো শ্যুটিং-এর অনুমতি দেয়া হয়নি। তবে শিক্ষা/শিক্ষার্থী সংশ্লিষ্ট ১৮টি অনুষ্ঠানের অনুমতি দেয়া হয়েছে।

মনোনয়ন প্রদান সংক্রান্ত কাজ

সরকারী-বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠান পত্রের মাধ্যমে তাদের গঠিত কোনো কমিটিতে বিশেষজ্ঞ সদস্য হিসেবে অথবা তাদের পরিচালিত কোনো কোর্স, ওয়ার্কশপ অথবা সেমিনারে অংশগ্রহণের জন্য এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক বা কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের অনুরোধ করে থাকেন। এ শাখা থেকে সে অনুযায়ী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে মনোনয়ন প্রদানের কাজ করা হয়। এ বছর ৩জন শিক্ষক ও ১জন কর্মকর্তাকে মনোনয়ন দেয়া হয়েছে।

চাহিত তথ্যের যোগান

বিভিন্ন মন্ত্রণালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে বিভিন্ন প্রতিবেদন প্রকাশের জন্য সময় সময় চাহিত তথ্যদি এ শাখার মাধ্যমে বিভিন্ন বিভাগ ও অফিস হতে সংগ্রহপূর্বক সম্মিলিতভাবে যোগান দেওয়া হয়। এ ছাড়াও বিভিন্ন সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয় ও অফিস হতে যে সকল তথ্য চাওয়া হয় সেগুলো এ শাখার মাধ্যমে সরবরাহ করা হয়।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০২১ মুদ্রণের জন্য প্রতিটি বিভাগ ও অফিস হতে তথ্য সংগ্রহ করে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে প্রেরণ করা হয়। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চাহিদা অনুযায়ী বাজেট সংক্রান্ত জনবলের তথ্য হিসাবাধ্যক্ষ অফিসকে প্রদান করা হয়। বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক বার্ষিক শিক্ষা জরিপ ২০২১ এর জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহপূর্বক প্রদান করা হয়। এছাড়াও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে তথ্য প্রেরণ করা হয়।

শিক্ষক, কর্মকতা ও কর্মচারীদের দাবী দাওয়া সংক্রান্ত কাজ

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকতা ও কর্মচারীদের বিভিন্ন দাবী দাওয়া সংশ্লিষ্ট সমিতি ও ইউনিয়নের মাধ্যমে অথবা ব্যক্তিগতভাবে উত্থাপন করা হলে তাদের উত্থাপিত প্রস্তাব/দাবী এ শাখা থেকে উপস্থাপন করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়। তাদের কাজকে সহজ করতে প্রায়শঃই বিভিন্ন বিশ্ববিদ্যালয় হতে তথ্য সংগ্রহ ও সরবারহ করা হয়ে থাকে।

কর্মচারীদের বেতন ও বিভিন্ন বিল প্রস্তুত, সমন্বয় এবং প্রদান

২০২১-২০২২ সালে এ শাখার মাধ্যমে রেজিস্ট্রার অফিসের ৩য় ও ৪র্থ শ্রেণির মোট ৫৯জন কর্মচারীর মাসিক বেতন বিল প্রদান এবং ৩জন দৈনিক হাজিরা কর্মচারীর বেতন বিল তৈরি ও প্রদান করা হয় এবং ১১টি দৈনিক পত্রিকায় বিশ্ববিদ্যালয়ের মোট ৭৮টি বিজ্ঞাপন ছাপানো হয়েছিল সেগুলোর বিল তৈরি করা হয়। এছাড়া বিভিন্ন আগাম বিলের সমন্বয়, কন্টিনজেন্সি বিল, ৩৯জন কর্মচারীর গ্রীষ্মকালীন ও ৭জন কর্মচারীর শীতকালীন পোষাক-এর বিল তৈরি, প্রদান ও সমন্বয় ও ১৫জন কর্মচারীর ওভারটাইম বিল তৈরি ও প্রদান করা হয়।

আন্তঃ বিশ্ববিদ্যালয় ও জাতীয় পর্যায়ে সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ

এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আন্তঃবিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতা ও জাতীয় পর্যায়ে সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের ব্যবস্থা এ শাখা থেকে করা হয়। এ বিষয়ে শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্রের সুপারিশের প্রেক্ষিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে।

লেখা আহবান সংক্রান্ত পত্র প্রচার

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের জার্নাল বা পুস্তক প্রকাশের জন্য সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও গবেষকদের নিকট থেকে লেখা আহবান করা হয়। এ শাখা থেকে এ সংক্রান্ত পত্র প্রচার ও সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। এ বছর এ সংক্রান্ত ২৭টি পত্র প্রচার করা হয়েছে। এছাড়া চাকুরির নিয়োগ, সেমিনারে অংশগ্রহণ, বিভিন্ন

প্রতিযোগিতায় অংশগ্রহণ ও প্রশিক্ষণে অংশগ্রহণ সংক্রান্ত যেসব বিজ্ঞপ্তি বা পোস্টার বিভিন্ন প্রতিষ্ঠান পাঠিয়ে থাকে তা এ শাখার মাধ্যমে নোটিশ বোর্ডে টাঙিয়ে দেওয়া হয়।

সুরক্ষা সামগ্রী বিতরণ

করোনা ভাইরাস থেকে সুরক্ষার জন্য শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মাঝে মোট ৫,৫০০ টি কাপড়ের মাস্ক দেয়া হয়েছে।

Complaint Committee-এর কার্যক্রম

মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী এ বিশ্ববিদ্যালয়ে গঠিত Complaint Committee এর যাবতীয় কার্যক্রম এ শাখা থেকে করা হয়ে থাকে। ডেপুটি রেজিস্ট্রার (সাধারণ প্রশাসন) এই কমিটির সচিবের দায়িত্ব পালন করেন। এ বছর এই কমিটিতে ৭টি অভিযোগ এসেছে।

উপরোক্ত কার্যক্রম ছাড়াও সাধারণ প্রশাসন শাখার মাধ্যমে ২০২১-২০২২ সালে নিম্নোক্ত কার্যক্রম সম্পন্ন করা হয়েছে :

ক) বিশ্ববিদ্যালয়ের গবেষণা প্রকল্প মঞ্জুরী কমিশনের গবেষণা প্রকল্প এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রাণালয়ের গবেষণা প্রকল্প সংক্রান্ত কার্যক্রম গ্রহণ;

খ) কেন্দ্রীয় ডেসপাসের মাধ্যমে এই বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার চিঠি গ্রহণ ও বিতরণ সংক্রান্ত কাজ;

গ) কেন্দ্রীয় জামে মসজিদ ও বিশমাইল জামে মসজিদ, কমিউনিটি মসজিদ সংক্রান্ত প্রশাসনিক কার্যক্রম;

ঘ) বিশ্ববিদ্যালয়ের রাঙ্গামাটি ও কলাবাগান এলাকায় বসবাসরত ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের বিভিন্ন অভিযোগ সর্ম্পকে ব্যবস্থা গ্রহণ ও কমিটি গঠন;

ঙ) শিক্ষক সমিতির নির্বাচন সংক্রান্ত কাজ;

চ) অফিস বন্ধকালীন সময়ে অফিস খোলা রাখার জন্য কর্মকর্তা ও কর্মচারীদের ডিউটি রোস্টার তৈরি;

ছ) প্রশাসনিক বিভিন্ন সভা আয়োজন করা;

জ) বিভিন্ন ব্যাংকের সাথে যোগাযোগ ও তাদের প্রেরিত পত্র উপস্থাপন;

ঝ) বিভিন্ন প্রতিষ্ঠান থেকে চাহিত আর্থিক অনুদানের আবেদন উপস্থাপন;

ঞ) বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, অফিস ও বাসায় এয়ারকুলার স্থাপনের অনুমতি প্রদান;

ট) জাবি স্কুল ও কলেজের শিক্ষার্থীদের শিক্ষা সফরে যাবার অনুমতি প্রদান;

ঠ) অফিস আদেশের মাধ্যমে গঠিত বিভিন্ন তদন্ত কমিটির মেয়াদ বৃদ্ধি, কমিটিতে সদস্য অন্তর্ভুক্তি এবং কমিটির সদস্য পদ হতে অব্যহতির আবেদন উপস্থাপন।

এছাড়াও সাধারণ প্রশাসন শাখা বিশ্ববিদ্যালয়ের জরুরী প্রয়োজনে যে কোনো বিষয়ে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করে থাকে।

রেজিস্ট্রার মহোদয়ের সরাসরি তত্ত্বাবধানে সাধারণ প্রশাসন শাখার অধীনে একজন ডেপুটি রেজিস্ট্রার (আইন) বিশ্ববিদ্যালয়ের পক্ষে বিশ্ববিদ্যালয়ের যাবতীয় মামলা মোকদ্দমা পরিচালনায় বিশ্ববিদ্যালয়কে সহযোগিতা করে থাকেন। রেজিস্ট্রার মহোদয় বিশ্ববিদ্যালয়ের মুখপাত্র হিসেবে এই সকল মামলায় প্রতিনিধিত্ব করে থাকেন এবং তাঁর নির্দেশে রেজিস্ট্রার অফিসের ডেপুটি রেজিস্ট্রার (আইন) মামলাসমূহ দেখাশোনা করেন। বিশ্ববিদ্যালয়ে সংঘটিত কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে রেজিস্ট্রার অফিস মামলা দায়ের ও তা পরিচালনা করে। ফৌজদারী ধরনের মামলায় রেজিস্ট্রার অফিস থানায় জিডি/এফআইআর দাখিল করে থাকে। রাষ্ট্রীয় আদালতে বিশ্ববিদ্যালয়ের পক্ষে বিভিন্ন আদালতে মামলা পরিচালনার করার জন্য সিন্ডিকেট কর্তৃক অভিজ্ঞ আইনজীবীগণের সমন্বয়ে আইন উপদেষ্টাগণের "প্যানেল" নির্ধারণ করা আছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/ছাত্র/কর্মকর্তা/কর্মচারি রাষ্ট্রীয় বিভিন্ন আদালতে মামলা দায়ের করলে সিন্ডিকেট কর্তৃক নির্ধারিত প্যানেলভুক্ত আইনজীবীগণ বিশ্ববিদ্যালয়ের পক্ষে তা পরিচালনা করেন। রেজিস্ট্রার অফিসের ডেপুটি রেজিস্ট্রার (আইন) মামলা পরিচালনার ক্ষেত্রে প্যানেলভুক্ত আইনজীবীর সাথে বিশ্ববিদ্যালয়ের লিয়াঁজো করেন। এছাড়াও বিশ্ববিদ্যালয় প্রশাসনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আইনগত জটিলতা সৃষ্টি হলে প্যানেলভুক্ত বিজ্ঞ আইন উপদেষ্টাগণ বিস্তারিত বিশ্লেষণ করে আইনগত মতামত প্রদান করে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করেন।

২০২১-২০২২ বৎসরে বিশ্ববিদ্যালয়ের পক্ষে বিপক্ষে বাংলাদেশ সুপ্রীমকোর্টের আপীল বিভাগে ০২ (দুই) টি মামলা, হাইকোর্ট বিভাগে ১৮ (আঠার) টি মামলা এবং ঢাকা এবং চাঁদপুর জজকোর্টে ০২ (দুই) টি মামলা দায়ের হয়েছে। এছাড়াও বাংলাদেশ সুপ্রীমকোর্টের দুইটি বিভাগসহ বিভিন্ন আদালতে ইতোপূর্বে দায়েরকৃত মামলাসমূহ চলমান ছিল। ২০২১-২০২২ বৎসরে দায়েরকৃত মামলাসহ চলমান মামলাসমূহ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগকৃত বিজ্ঞ আইন উপদেষ্টাগণ কর্তৃক পরিচালিত হয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আইনগত জটিলতা নিরসনে বিজ্ঞ আইন উপদেষ্টাগণ বিভিন্ন সময় বিভিন্ন বিষয়ে আইনগত মতামত প্রদান করেছেন। মামলার বিষয়ের গুরুত্ব বিবেচনা করে এবং রাষ্ট্রপক্ষভুক্ত থাকায় বিশ্ববিদ্যালয়ের বিপক্ষে দায়েরকৃত কয়েকটি মামলা রাষ্ট্রীয় প্রধান আইনজীবী মাননীয় এ্যাটর্নী জেনারেল এবং তাঁর অফিস কর্তৃক পরিচালিত হয়েছে।

জনপ্রশাসন শাখা (প্রশাসন- ২)

রেজিস্ট্রার মহোদয়ের সার্বিক নিয়ন্ত্রণে ও একজন ডেপুটি রেজিস্ট্রারের তত্ত্বাবধানে রেজিস্ট্রার অফিসের প্রশাসন-২ শাখা পরিচালিত হয়ে থাকে। সিন্ডিকেট কর্তৃক দায়িত্বপ্রাপ্ত হয়ে রেজিস্ট্রার মহোদয় প্রশাসন-২ শাখার মাধ্যমে চলতি শিক্ষাবর্ষে যে সকল কার্য সম্পাদন করেছেন তা নিম্নরূপ :

১. **বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের নিয়োগ, পদোন্নতি, বিভিন্ন ধরনের ছুটি, স্থায়িকরণ, বিদেশ গমন, প্রশিক্ষণ, অবসর প্রদান ও শৃঙ্খলা সংক্রান্ত কার্যক্রম গ্রহণ :** বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস, বিভাগ, ইনস্টিটিউট ও হলে শূন্য পদ থাকা সাপেক্ষে পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে কর্মকর্তা নিয়োগ করা হয়। এই লক্ষ্যে প্রথমে সংশ্লিষ্ট অফিস থেকে প্রস্তাব আসার পর তা' অনুমোদনের জন্য উপাচার্য মহোদয়ের নিকট প্রেরণ করা হয়। অতঃপর দু'টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হয়। তাছাড়া বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটেও বিজ্ঞপ্তি প্রচার করা হয় এবং বিশ্ববিদ্যালয়ের ভিতরেও অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি প্রচার করা হয়। অতঃপর আবেদনকারীদের বিস্তারিত বিবরণী সংক্রান্ত স্টেটমেন্ট তৈরি করে সংশ্লিষ্ট অফিসে প্রাথমিক বাছাইয়ের জন্য প্রেরণ করা হয় এবং প্রাথমিক বাছাই শেষে সংশ্লিষ্ট কমিটির সভাপতির নিকট সভার তারিখ ও সময় নির্ধারণের জন্য নথি উপস্থাপন করা হয়। ডেপুটি রেজিস্ট্রার সমমান পদ থেকে শুরু করে ঊর্ধ্বতন অন্য সকল অফিসারের নিয়োগ কমিটির সভাপতি উপাচার্য মহোদয়। প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয় প্রশাসনিক অফিসার সমমান পদ থেকে সহকারী রেজিস্ট্রার সমমান পদ পর্যন্ত অফিসারদের নিয়োগ কমিটির সভাপতি। সভাপতি মহোদয় কর্তৃক নির্বাচন কমিটির সভার তারিখ ও সময় নির্ধারণের পর প্রার্থীদের নামে ইন্টারভিউ কার্ড ইস্যু করা হয় এবং একই সাথে যোগ্য সকল প্রার্থীকে ফোন/মেসেজের মাধ্যমে পরীক্ষার তারিখ সম্পর্কে অবহিত করা হয়। কমিটির সদস্যদের নিকট সভার তারিখ ও সময় জানিয়ে পত্র ও প্রার্থীদের বিস্তারিত বিবরণী সম্বলিত স্টেটমেন্ট প্রেরণ করা হয়। এছাড়া কমিটির সদস্যদেরকে ফোনের মাধ্যমেও সভার তারিখ ও সময় জানানো হয় এবং যানবাহনের মাধ্যমে আনার ব্যবস্থা করা হয়। অতঃপর উপযুক্ত প্রার্থী নির্বাচন শেষে কমিটির সুপারিশ নোটিংয়ের মাধ্যমে সিলগালা খামে করে সিন্ডিকেট সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হয় এবং পরিশেষে সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে সুপারিশকৃত ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হয়। আর এই সকল কার্যক্রম প্রশাসন-২ শাখার মাধ্যমে সম্পন্ন করা হয়। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে এ ধরনের অফিসারদের নিয়োগের জন্য এবং কর্মরত অফিসারদের আপগ্রেডিংয়ের মাধ্যমে পদোন্নতির জন্য বেশ কয়েকটি সভা অনুষ্ঠিত হয়েছে।

   কর্মকর্তাদের আপগ্রেডিংয়ের মাধ্যমে পদোন্নতির ক্ষেত্রে আবেদনকারী অফিসারদের আবেদনপত্র যাচাই-বাছাইপূর্বক শর্তপূরণকারী অফিসারদের পদ পুনর্বিন্যাসপূর্বক তাঁদের পদোন্নতির কার্যক্রম শুরু করার অনুমতি প্রদানের জন্য তাঁদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিস্তারিত বিবরণী সম্বলিত স্টেটমেন্ট তৈরি করে পদোন্নতির প্রক্রিয়া শুরু করার অনুমতি গ্রহণের জন্য নথি উপাচার্য মহোদয়ের নিকট উপস্থাপন করা হয়। অতঃপর নির্বাচন কমিটির সুপারিশ সিন্ডিকেটে উপস্থাপন করা হয় এবং সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে সুপারিশকৃত অফিসারদের নামে নিয়োগপত্র ইস্যু করা হয়। পরবর্তীতে তার যোগদানের সম্মতিপত্র গ্রহণেরও পদক্ষেপ গ্রহণ করা হয়। এই সকল কার্যক্রম সম্পাদিত হয় প্রশাসন-২ শাখার মাধ্যমে।

   কর্মকর্তাদের স্থায়ীকরণের জন্য নির্ধারিত একটি কমিটি রয়েছে। নতুন নিয়োগপ্রাপ্ত অফিসারদের প্রবেশন পিরিয়ড দুই বছর এবং আপগ্রেডিংয়ের মাধ্যমে পদোন্নতিপ্রাপ্ত অফিসারদের প্রবেশন পিরিয়ড এক বছর। সংশ্লিষ্ট অফিস প্রধানদের নিকট থেকে গোপনীয় মতামত সংগ্রহপূর্বক অফিসারদের তালিকা গোপনীয় মতামতসহ সংশ্লিষ্ট কমিটিতে প্রেরণ করা হয়। অতঃপর কমিটির সুপারিশ অনুমোদনের জন্য তা' সিন্ডিকেটে উপস্থাপন করা

হয় এবং সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে তাঁদের স্ব-স্ব পদে স্থায়ী করা হয় এবং বিষয়টি তাঁদের পত্রের মাধ্যমে জানানো হয়। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে এ ধরনের বেশ কয়েকটি সভা অনুষ্ঠিত হয়েছে।

কর্মকর্তাদের ৬২ বছর বয়স পূর্তিসাপেক্ষে সেশন বেনিফিটসহ হিসাবাধ্যক্ষ অফিসের দেয়া তালিকা অনুযায়ী যিনি এলপিআর-এ যেতে ইচ্ছুক ছুটি পাওনা সাপেক্ষে উপাচার্যের অনুমোদন গ্রহণপূর্বক তাঁদেরকে এলপিআর প্রদান করা হয়। অতঃপর সর্বোচ্চ এক বছরের এলপিআর ভোগ শেষে দায়-দেনা পরিশোধ সাপেক্ষে তাঁদেরকে প্রচলিত নিয়মে অবসর প্রদান করা হয়। এই সকল কর্মকাণ্ড প্রশাসন-২ শাখার মাধ্যমে সম্পন্ন করা হয়।

ক) নিয়োগ : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস ও বিভাগের জন্য ০৩ জন কর্মকর্তা নিয়োগ করা হয়েছে।

খ) পদোন্নতি : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বিভিন্ন পর্যায়ে ৬০ জন কর্মকর্তা আপগ্রেডিংয়ের মাধ্যমে পদোন্নতি পেয়েছেন।

গ) স্থায়িকরণ : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ৫০ জন কর্মকর্তার স্ব-পদে স্থায়ী করা হয়েছে।

ঘ) এলপিআর : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১৬ জন কর্মকর্তা এলপিআর-এ গমন করেছেন।

ঙ) অবসরগ্রহণ : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ০৬ জন কর্মকর্তা অবসরগ্রহণ করেছেন।

চ) মৃত্যুবরণ : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ০৫ জন কর্মকর্তা মৃত্যুবরণ করেছেন।

২. **বিশ্ববিদ্যালয়ের সকল ৩য় শ্রেণির কর্মচারি নিয়োগ, পদোন্নতি, বিভিন্ন ধরনের ছুটি, স্থায়িকরণ, বিদেশ গমন, প্রশিক্ষণ, অবসর প্রদান এবং শৃঙ্খলা সংক্রান্ত কার্যক্রম গ্রহণ :** এ বছর ৩য় শ্রেণির কর্মচারি নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হয়। তাছাড়া পদোন্নতির জন্য ২ বার অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি প্রচার করা হয়। অতঃপর নির্বাচন কমিটির সুপারিশের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে চূড়ান্ত নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা হয়।

ক) নিয়োগ : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস ও বিভাগের জন্য তৃতীয় শ্রেণির ০৯ জন কর্মচারি নিয়োগ করা হয়েছে।

খ) পদোন্নতি : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বিভিন্ন পর্যায়ে ১৪৩ জন তৃতীয় শ্রেণির কর্মচারি আপগ্রেডিংয়ের মাধ্যমে পদোন্নতি পেয়েছেন।

গ) স্থায়িকরণ : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ৩৬৭ জন তৃতীয় শ্রেণির কর্মচারির স্থায়িকরণ করা হয়েছে।

ঘ) এলপিআর : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১২ জন তৃতীয় শ্রেণির কর্মচারি এলপিআর-এ গমন করেছেন।

ঙ) অবসরগ্রহণ : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে তৃতীয় শ্রেণির ১১ জন কর্মচারি অবসরগ্রহণ করেছেন।

চ) মৃত্যুবরণ : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ০৫ জন তৃতীয় শ্রেণির কর্মচারি মৃত্যুবরণ করেছেন।

৩. **বিশ্ববিদ্যালয়ের ৪র্থ শ্রেণির কর্মচারি নিয়োগ, পদোন্নতি, বিভিন্ন ধরনের ছুটি, স্থায়িকরণ, অবসরপ্রদান ও শৃঙ্খলা সংক্রান্ত কার্যক্রম গ্রহণ :** এ বছর ৪র্থ শ্রেণির কর্মচারি নিয়োগের জন বিভাগ/অফিস/হলের চাহিদা মোতাবেক শূন্য পদে অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি জারি করা হয়। অতঃপর প্রাপ্ত আবেদনপত্রসমূহের স্টেটমেন্ট তৈরি করে প্রাথমিকভাবে বাছাইয়ের জন্য সংশ্লিষ্ট অফিসে প্রেরণ করা হয়। পরিশেষে প্রাথমিক বাছাই শেষে নির্বাচন কমিটির সুপারিশের মাধ্যমে প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের অনুমোদনক্রমে চূড়ান্ত নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা হয়।

ক) নিয়োগ : বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস ও বিভাগের জন্য ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মোট ৩৫ জন চতুর্থ শ্রেণির কর্মচারি নিয়োগ করা হয়েছে।

খ) পদোন্নতি : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে সর্টার পদে ৩৭ জন এবং সিনিয়র সর্টার পদে ২৫ জন চতুর্থ শ্রেণির কর্মচারি পদোন্নতি পেয়েছেন।

গ) অবসরগ্রহণ : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে চতুর্থ শ্রেণির কোনো কর্মচারি অবসরগ্রহণ করে নাই।

ঘ) মৃত্যুবরণ : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে চতুর্থ শ্রেণির ০২ জন কর্মচারি মৃত্যুবরণ করেছেন।

৪. **জাবি স্কুল ও কলেজের শিক্ষক নিয়োগ, পদোন্নতি, প্রশিক্ষণ, বিভিন্ন ধরনের ছুটি, বিদেশ গমন, অবসর প্রদান ও শৃঙ্খলা সংক্রান্ত কার্যক্রম গ্রহণ :** এ বছর জাবি স্কুল ও কলেজের শিক্ষক পদে নিয়োগের জন্য পত্রিকায় একবার বিজ্ঞপ্তি প্রচার করা হয় এবং শিক্ষকদের পদোন্নতির জন্য ২ বার অভ্যন্তরীণ বিজ্ঞাপন

প্রচার করা হয়। অতঃপর আবেদনকারী প্রার্থী/শিক্ষকদের আবেদনপত্র যাচাই-বাছাইপূর্বক উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে শর্তপূরণকারী শিক্ষকদের নির্বাচন কমিটির সুপারিশের আলোকে সিন্ডিকেটের মাধ্যমে পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়।

ক) নিয়োগ : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে জাবি স্কুল ও কলেজে নতুন কোনো শিক্ষক নিয়োগ করা হয়নি।
খ) পদোন্নতি : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে জাবি স্কুল ও কলেজের ০৯ জন শিক্ষককে আপগ্রেডিংয়ের মাধ্যমে পদোন্নতি দেয়া হয়।
গ) এলপিআর : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে জাবি স্কুল ও কলেজের কোনো শিক্ষক এলপিআর-এ গমন করেননি।
ঘ) অবসরগ্রহণ : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে জাবি স্কুল ও কলেজের ০১ জন শিক্ষক অবসরগ্রহণ করেন।
ঙ) মৃত্যুবরণ : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে জাবি স্কুল ও কলেজের কোনো শিক্ষক মৃত্যুবরণ করেননি।

৫. প্রশাসন-২ শাখার মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারিদের শৃঙ্খলা সংক্রান্ত কাজও সম্পাদন করা হয়ে থাকে।

৬. প্রশাসন-২ শাখার মাধ্যমে ইউজিসিতে কর্মকর্তা ও কর্মচারি পদের অনুমোদন চেয়ে পত্র প্রেরণ করা হয়। এ বছর কয়েকবার এই ধরনের পত্র প্রেরণ করা হয়েছে।

৭. প্রশাসন-২ শাখার মাধ্যমে সকল শ্রেণির কর্মকর্তা ও কর্মচারির বিদেশ গমনের অনুমতির জন্য নথি উপস্থাপন ও পত্র তৈরিসহ সকল ধরনের কার্যক্রম সম্পাদন করা হয়। এ বছর বেশ কয়েকজন কর্মকর্তা/কর্মচারি ভ্রমণ ও চিকিৎসার উদ্দেশ্যে বিদেশ গমন করেছেন।

৮. এই শাখার মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারিদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণে অংশগ্রহণের অনুমতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়। এই বছর কোনো কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেননি।

৯. এই শাখার দায়িত্বপ্রাপ্ত ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-২) রেজিস্ট্রার অফিসের বিভিন্ন প্রকার মালামাল ক্রয়, মুদ্রণ ও অন্যান্য কাজের জন্য গঠিত TEC কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। তাছাড়া তিনি TOC কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। এই দু'টি কমিটির মাধ্যমে এ বছর কেন্দ্রীয় ভর্তি পরীক্ষার ক্রয় সংক্রান্ত টেন্ডারসমূহ ওপেনিং এবং মূল্যায়নের সকল কাজ সম্পাদন করা হয়। এ বছর এই দু'টি কমিটির বেশ কয়েকটি সভা অনুষ্ঠিত হয়েছে।

১০. ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ডেপুটি রেজিস্ট্রার প্রশাসন-২ কেন্দ্রীয় মুদ্রণ কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন।

১১. ২০২১-২০২২ শিক্ষাবর্ষে এই শাখার মাধ্যমে ইউজিসি'র চাহিদা মোতাবেক বিভিন্ন ধরনের তথ্য প্রদান করা হয়েছে।

১২. ডেপুটি রেজিস্ট্রার প্রশাসন-২ কর্মচারি দক্ষতা ও শৃঙ্খলা অধ্যাদেশের আলোকে তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারিদের শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ডের জন্য তদন্তের লক্ষ্যে গঠিত বিভিন্ন তদন্ত কমিটিতে সদস্য/সদস্য-সচিবের দায়িত্ব পালন করেন।

১৩. ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-২) প্রতিবন্ধী কোটায় শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে যাচাই-বাছাই কমিটিতে সদস্য-সচিবের দায়িত্ব পালন করেন। এই বছর উক্ত কমিটির দু'টি সভা অনুষ্ঠিত হয় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারী প্রতিবন্ধী প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ ও যাচাই-বাছাইপূর্বক মোট ১৫ জন প্রার্থীকে বিভিন্ন বিষয়ে ভর্তির জন্য সুপারিশ করা হয়।

১৪. এই শাখার মাধ্যমে মৃত্যুবরণকারী কর্মকর্তা/কর্মচারিদের প্রত্যয়নপত্র প্রদানসহ তাঁদের দায়-দেনা পরিশোধের ব্যবস্থা গ্রহণের জন্য ব্যক্তিগত নথি উপস্থাপন করা হয় এবং চূড়ান্ত দায়-দেনা পরিশোধ সাপেক্ষে পেনশনের সুবিধাদি প্রদানের জন্য নথি হিসাব অফিসের মাধ্যমে অর্থ কমিটি ও সিন্ডিকেট সভায় উপস্থাপন করা হয়।

কেন্দ্রীয় স্টেশনারি স্টোর

কেন্দ্রীয় স্টেশনারি স্টোরের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/অফিসের জন্য সকল প্রকার পেপার ও স্টেশনারি মালামাল ক্রয় ও সরবরাহ করা হয়। বিশ্ববিদ্যালয়ের সকল ৪র্থ শ্রেণির এবং কিছু কিছু ৩য় শ্রেণির

কর্মচারীদের জন্য গ্রীষ্মকালীন ও শীতকালীন মৌসুমের পোষাক, ছাতা, রেইন কোর্ট ও গামবুট কেন্দ্রীয় স্টোরের মাধ্যমে ক্রয়ের ব্যবস্থা নেয়া হয় এবং বিতরণ করা হয়। এ ছাড়া অফিস যন্ত্রপাতি (যথা- সাইকেল, দেয়াল ঘড়ি, ফটোকপিয়ার, কম্পিউটার মেশিন ও প্রিন্টার ইত্যাদি) ক্রয়ের ব্যবস্থা নেয়া হয় এবং বিভিন্ন বিভাগ/অফিসে সরবরাহ করা হয়। তাছাড়া বিশ্ববিদ্যালয়ের দেয়াল ক্যালেন্ডার ও পকেট ডায়েরি স্টোরের মাধ্যমে বিতরণের ব্যবস্থা করা হয়। সমাবর্তনের জন্য স্টোর থেকে গাউন, হুড ও স্যাশ সরবরাহ ও বিতরণের ব্যবস্থা করা হয় এবং কেন্দ্রীয় স্টোরে তা যথাযথভাবে সংরক্ষণ করা হয়।

১। ২০২১-২০২২ সনে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/অফিসের প্রয়োজনীয় পেপার ও পেপার জাতীয়, স্টেশনারী জাতীয় ও ফরম জাতীয় মালামাল ক্রয় করা হয়। মালামাল ক্রয়ের বিবরণ নিম্নরূপ :

ক) ২০২১-২০২২ অর্থ বৎসরে টাকার স্টেশনারী জাতীয় মালামাল ক্রয় করা হয়	২,৮১,০৭০/-
খ) ২০২১-২০২২ অর্থ বৎসরে টাকার পেপার জাতীয় মালামাল ক্রয় করা হয়	২,৯৪,৭৫৯/-
গ) ২০২১-২০২২ অর্থ বৎসরে ফরম জাতীয় মালামাল ক্রয় করা হয়	২,১২,৮২০/-
সর্বমোট =	৭,৮৮,৬৪৯/-

২। ২০২১-২০২২ সনে ১,২২০ জন কর্মচারীকে গ্রীষ্মকালীন পোষাক এর জন্য (১,২২০ × ৩,৩৫২/-) = ৪০,৮৯,৪৪০/- টাকা, ৪০৩ জনকে শীতকালীন পোশাক এর জন্য (৪০৩ × ৪,৫০০/-) = ১৮,৪৯,৫০০/- টাকা, ৫৬৮ জন কর্মচারীকে ছাতা প্রদানের জন্য (৫৬৮ × ২২৮/-) = ১,২৯,৫০৪/- টাকা, ৪৫ জন গার্ডকে গামবুট প্রদানের জন্য (৪৫ × ৪৩৮.৫৩) = ১৯,৭৩৪/- টাকা এবং ৫১ জন গার্ডকে রেইন কোট ক্রয় করে দেয়ার জন্য (৫১ × ১০২০/-) = ৫২,০২০/- টাকা খরচ করা হয়। এতে সর্বমোট ব্যয় হয়েছে ৬১,৪০,১৯৮/- টাকা।

৩। ২০২১-২০২২ সনের ভর্তি পরীক্ষার ক্রয়কৃত মালামাল ও অন্যান্য খরচের হিসেব নিম্নরূপ :

(ক) ২,০০০ রিম কম্পিউটার পেপার ক্রয় বাবদ খরচ হয় (২০০০ রিম ×৩৮২.৫০)	৭,৬৫,০০০/-
(খ) ৯০০ রিম রঙ্গিণ অফসেট পেপার (A3) ক্রয় বাবদ খরচ হয় (৯০০ রিম × ১২৫০/-)	১,২৫,০০০/-
(গ) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্টেশনারী ও পেপার জাতীয় মালামাল ক্রয় করা হয়	৯,৪৫,৪২৫/-
(ঘ) ১২টি ডিজিটাল ডুপ্লিকেটর মেশিনের যন্ত্রাংশ ক্রয়	১,৪৬,২০২/-
(ঙ) ১২টি ডিজিটাল ডুপ্লিকেটর মেশিনের টোনার ও মাস্টার রোল ক্রয়	৯৮,৬৬০/-
(চ) ১২টি ডিজিটাল ডুপ্লিকেটর মেশিনের রক্ষণাবেক্ষণ খরচ	৯০,০০০/-
(ছ) ২টি স্টিলের আলমারি ক্রয়	৩৮,৮০০/-
(জ) স্টোরের কর্মকর্তা/কর্মচারীদের আপ্যায়ন খরচ	২০,০০০/-
(ঝ) ভর্তি পরীক্ষার মালামাল ক্রয়ের জন্য গঠিত কমিটির সদস্যদের আপ্যায়ন বাবদ খরচ	১৫,০০০/-
সর্বমোট =	৩২,৪৪,০৮৭/-

শিক্ষা শাখা

প্রশাসনিক কার্যক্রম

শিক্ষা শাখা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের অন্তর্গত একটি গুরুত্বপূর্ণ শাখা। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম এই শাখার মাধ্যমেই পরিচালিত হয়। স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির সমুদয় প্রক্রিয়া সম্পন্ন করা হয় এই শাখার মাধ্যমে। এছাড়া নিয়মিত অন্যান্য উল্লেখযোগ্য কার্যক্রমের মধ্যে রয়েছে স্নাতকোত্তর শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি এবং বিভিন্ন ভাষা কোর্সে ভর্তির কার্যক্রম পরিচালনা ও প্রাসঙ্গিক আনুষ্ঠানিকতা সম্পাদন। শিক্ষা শাখার আরেকটি উল্লেখযোগ্য কার্যক্রম হচ্ছে সমাবর্তন আয়োজন ও সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচন।

শিক্ষার্থী ভর্তি

১. শিক্ষা শাখার গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণিসহ বিভিন্ন ল্যাংগুয়েজ কোর্সে ভর্তি কার্যক্রম পরিচালনা করা। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে এ ধরনের যে সকল কার্যক্রম সম্পাদন করা হয় তার মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি কাজ হচ্ছে :

ক) ভর্তি বিজ্ঞপ্তির প্রস্তাব অনুমোদিত হবার পর অভ্যন্তরীণ ও সংবাদপত্রে বিজ্ঞপ্তি জারির আনুষ্ঠানিকতা সম্পাদন;

খ) ভর্তি পরীক্ষার সময়সূচি তৈরিসহ যাবতীয় মুদ্রণ কাজ সম্পাদন;

গ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা ৩১-০৭-২০২২ হতে ০৪-০৮-২০২২ তারিখ পর্যন্ত গ্রহণের বিজ্ঞপ্তি জারি।

২. ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ৩৪টি বিভাগে ও ৩টি ইনস্টিটিউটে ভর্তি পরীক্ষা গ্রহণের প্রক্রিয়া চলমান। বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটি ও কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটির তত্ত্বাবধানে মেধাক্রম অনুযায়ী ভর্তি কার্যক্রম শিক্ষার শাখার মাধ্যমে সম্পন্ন হবে। ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) উক্ত কমিটি দু'টির সচিবের দায়িত্ব পালন করেন।

৩. ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস-এর স্নাতকোত্তর শ্রেণিতে (নিয়মিত) ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। ১ম ব্যাচে ২০ জন (১০ জন ছাত্র এবং ১০ জন ছাত্রী) শিক্ষার্থী এবং ২য় ব্যাচ অর্থাৎ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ৩০ জন (১৫ জন ছাত্র এবং ১৫ ছাত্রী) শিক্ষার্থী ভর্তি করা হয়েছে।

রেজিস্টার্ড গ্রাজুয়েট তালিকাভূক্তি, নবায়ন ও সিনেট নির্বাচন

রেজিস্টার্ড গ্রাজুয়েট সেল-এর উল্লেখযোগ্য কাজ হলো রেজিস্টার্ড গ্রাজুয়েট তালিকাভুক্তি, নবায়ন ও নির্বাচন। অনলাইন বছরব্যাপি রেজিস্টার্ড গ্রাজুয়েট হিসেবে তালিকাভুক্তি ও সদস্যপদ নবায়নের যাবতীয় কার্যাদি সম্পন্ন করে থাকে রেজিস্টার্ড গ্রাজুয়েট সেল।

প্রকাশনা

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সম্পর্কিত বিভিন্ন ধরনের মুদ্রণ ও প্রকাশনার দায়িত্ব পালন করে শিক্ষা শাখা। এসব প্রকাশনার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, সিলেবাস, ভর্তি নির্দেশিকা, ভর্তি বিবরণীপত্র, প্রসপেক্টাস। ভর্তির যাবতীয় কার্যাদি সম্পাদনের জন্য মাননীয় উপাচার্যের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটি, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি ও প্রভোস্ট কমিটি, শিক্ষার্থী ভর্তি এবং ভর্তি বিষয়ক সকল প্রকার প্রকাশনার যাবতীয় কার্যাদি তত্ত্বাবধান করে থাকে। ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) এই কমিটির সদস্য-সচিবের দায়িত্ব পালন করেন। তাঁর তত্ত্বাবধানে কমিটির নির্দেশনা অনুযায়ী শিক্ষা শাখার কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এ সংক্রান্ত সমুদয় কাজ সম্পাদন করেন।

শিক্ষা শাখার অন্যান্য প্রাসঙ্গিক কার্যাবলি নিম্নরূপ :

১. শিক্ষার্থীদের ভর্তির পর তাদের রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর এবং হল বণ্টনের ব্যবস্থা;
২. সকল শিক্ষার্থীর রেকর্ড সংরক্ষণ;
৩. রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হিসেবে নিবন্ধনের প্রক্রিয়া পরিচালনা;
৪. রিপিটার ভর্তি কার্যক্রম পরিচালনা;
৫. ভর্তি বাতিল কার্যক্রম সম্পাদন;
৬. মাইগ্রেশন সনদ প্রদান;
৭. বিভিন্ন ধরনের প্রত্যয়নপত্র প্রদান;
৮. শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড প্রদান;
৯. শৃঙ্খলা ভঙ্গকারী শিক্ষার্থীদের বিরুদ্ধে কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত বাস্তবায়ন;
১০. সাবেক শিক্ষার্থীদের চাকরি ও বিদেশ গমনের প্রয়োজনে পুলিশী তদন্ত প্রতিবেদনের জন্য তথ্য যাচাই ও সরবরাহ।

অন্যান্য প্রাসঙ্গিক তথ্য :

১. দেশী-বিদেশী বিভিন্ন সংস্থা, সংগঠন ও প্রতিষ্ঠানের নানা ধরনের প্রতিযোগিতায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণের বিষয়টি নিশ্চিতকরণ। কাজগুলি বেশিরভাগ ক্ষেত্রে ছাত্র-শিক্ষক কেন্দ্র বাস্তবায়ন করলেও শিক্ষা শাখাকে যাবতীয় প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করতে হয়।

২. বিশ্ববিদ্যালয় দিবস উদযাপনের সমুদয় কর্মকাণ্ডের গুরুত্বপূর্ণ অনেকগুলিই শিক্ষা শাখার কর্মকর্তা-কর্মচারীবৃন্দ সম্পাদন করেন।

৩. বিশ্ববিদ্যালয়ের বিভাগসমূহ থেকে দেশের অভ্যন্তরে ও বিদেশে শিক্ষা সফরে যাওয়ার বিষয়ে শিক্ষা শাখার মাধ্যমে কর্তৃপক্ষের অনুমোদন নেয়া হয় এবং বর্তমান নীতিমালা অনুযায়ী শিক্ষা সফরে গমনকারী দলের ট্যুর প্রোগ্রাম অনুযায়ী দেশ-বিদেশে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার দায়িত্বও এই শাখা পালন করে থাকে।

৪. বিএনসিসি, রোভার স্কাউট, স্কাউট ইত্যাদির কার্যক্রম শিক্ষা শাখার মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে।

৫. দেশের বাইরে ও দেশের অভ্যন্তরে শিক্ষার্থীদের বিতর্ক, সেমিনার, সিম্পোজিয়াম, বিভিন্ন ওয়ার্কশপে অংশগ্রহণের অনুমোদনের কার্যক্রম শিক্ষা শাখার মাধ্যমে হয়ে থাকে।

৬. শিক্ষা মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং অন্যান্য সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদির যোগাযোগ এবং পত্রাদি তৈরি করে শিক্ষা শাখার মাধ্যমে প্রেরণ করা হয়ে থাকে।

৭. এছাড়া শিক্ষা শাখার মাধ্যমে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধীনে (EMIR), ইংরেজি বিভাগের অধীনে (MAPW), সিএসই বিভাগের অধীনে (PMSCS), গণিত বিভাগের অধীনে (PMSM), পদার্থবিজ্ঞান বিভাগের অধীনে (Master of Science in Physics), পরিবেশ বিজ্ঞান বিভাগের অধীনে (WMES), পরিসংখ্যান বিভাগের অধীনে (PM-ASDS), রসায়ন বিভাগের অধীনে (WMSC), অর্থনীতি বিভাগের অধীনে (MSSDS), ভূগোল ও পরিবেশ বিভাগের অধীনে (MSGED), সরকার ও রাজনীতি বিভাগের অধীনে (WMGDS), লোক প্রশাসন বিভাগের অধীনে (WMHRDIR), ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের অধীনে (EMBA), মার্কেটিং বিভাগের অধীনে (EMBA), একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের অধীনে (EMBA), ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধীনে (EMBA), আইবিএ-জেইউর অধীনে (WMBA), আইআইটির অধীনে (PMIT) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের হল সংযুক্তি ও রেজিস্ট্রেশন নম্বর প্রদান করা হয়।

৮. ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন তদন্ত কমিটির আহবায়ক/সদস্য/সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করে থাকেন। এছাড়াও এ শাখায় কর্মরত অন্যান্য কর্মকর্তাগণও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন তদন্ত কমিটির সদস্য/সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করে থাকেন।

উচ্চশিক্ষা ও বৃত্তি শাখা

প্রশাসনিক কার্যক্রম

উচ্চশিক্ষা ও বৃত্তি শাখা এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের অন্তর্গত অত্যন্ত গুরুত্বপূর্ণ আরও একটি শাখা। স্নাতক (সম্মান) শ্রেণির সকল পর্বের বৃত্তি/ট্রাস্ট ফান্ড বৃত্তি/ এমফিল ও পিএইচডি বৃত্তি/ এমফিল ও পিএইচডি গবেষণা কোর্সে গবেষক ভর্তির কার্যক্রম পরিচালনা ও প্রাসঙ্গিক আনুষ্ঠানিকতা সম্পাদন করা হয় এই শাখা থেকে।

উচ্চশিক্ষা ও গবেষণা

বিশ্ববিদ্যালয়ের প্রায় প্রতিটি বিভাগেই এমফিল এবং পিএইচডি গবেষণা কোর্স চালু রয়েছে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ২৯টি বিভাগে এমফিল ও পিএইচডি ভর্তি প্রক্রিয়াধীন। এসব গবেষক নিয়মানুযায়ী সংশ্লিষ্ট বিভাগে আবেদন দাখিলের পর বিভাগীয় উচ্চশিক্ষা কমিটি কর্তৃক সুপারিশকৃত হয়ে কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদনের জন্য উচ্চশিক্ষা ও বৃত্তি শাখায় আসে। উচ্চশিক্ষা ও বৃত্তি শাখায় সকল বিভাগের আবেদনকৃত এমফিল ও পিএইচডি গবেষকদের তালিকা তৈরি করে নিয়মানুযায়ী বিভাগীয় সুপারিশসমূহ পরীক্ষা-নিরীক্ষা করে অনুমোদনের জন্য একাডেমিক কাউন্সিলের সুপারিশে সিন্ডিকেট কর্তৃক গঠিত যাচাই-বাছাই কমিটিতে উপস্থাপন করা হয়। কমিটির সুপারিশ মাননীয় উপাচার্য অনুমোদন করলে উচ্চশিক্ষা ও বৃত্তি শাখা ভর্তির কার্যক্রম সম্পন্ন করে এবং ভর্তিকৃতদের তালিকা শিক্ষা পর্ষদকে অবহিত করে। চলতি শিক্ষাবর্ষেও উচ্চশিক্ষা ও বৃত্তি শাখায় এ ধরনের কাজের ব্যতিক্রম ঘটেনি।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ২৯টি বিভাগে এমফিল এবং ২৭টি বিভাগে পিএইচডি গবেষণা কোর্সে গবেষক ভর্তির জন্য আবেদন করেন। এমফিল এবং পিএইচডি ভর্তি ফরম বিক্রয় বাবদ বিশ্ববিদ্যালয়ের মোট আয় হয় ২,৯৭,৫০০/- টাকা। উক্ত শিক্ষাবর্ষে এমফিল ও পিএইচডি ভর্তি খাতে আয় প্রক্রিয়াধীন। এছাড়াও পুনঃভর্তি, বার্ষিক বেতন, সেশন ফি ইত্যাদি খাতে নিয়মিত প্রাপ্য বিশ্ববিদ্যালয়ের তহবিলে জমা হয়েছে।

শিক্ষা-গবেষণা সংক্রান্ত তথ্য আদান-প্রদান কমনওয়েলথ ইউনিভার্সিটিজ এসোসিয়েশনের সদস্য হওয়ার সুবাদে বিভিন্ন ধরনের জাতীয় ও আন্তর্জাতিক শিক্ষা এবং উচ্চশিক্ষা সংগঠন ও প্রতিষ্ঠান প্রায় প্রতিদিন ই-মেইল, ফ্যাক্স ও ডাকযোগে ভর্তির তথ্যাদি, বৃত্তির সুবিধা এবং শিক্ষা ও গবেষণা সংক্রান্ত বিভিন্ন প্রকার তথ্যাদি চেয়ে থাকে। উচ্চশিক্ষা ও বৃত্তি শাখার উদ্যোগে নিয়মিত এসব অনুসন্ধানী চিঠিপত্রের জবাব দেয়া হয়।

বৃত্তি

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্য হতে বিভাগের প্রতি পর্বে শতকরা ৫০ ভাগ শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের 'সম্পূরক আর্থিক সাহায্য বিধি' অনুযায়ী নিম্নরূপ আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে :

ক) ভর্তি পরীক্ষার মেধা অনুযায়ী বিভাগওয়ারী মোট ভর্তিকৃত শতকরা ৫০ ভাগ শিক্ষার্থীকে ক্লাস শুরুর মাস হতে উক্ত শিক্ষাবর্ষের জুন মাস পর্যন্ত বিশ্ববিদ্যালয় সম্পূরক আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে।

খ) দ্বিতীয় পর্ব স্নাতক (সম্মান) শ্রেণির অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে প্রথম বর্ষ পরীক্ষার (নিয়মিত) ফলাফলের ভিত্তিতে বিশ্ববিদ্যালয় সম্পূরক আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে।

গ) তৃতীয় পর্ব স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে ২য় পর্ব পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিশ্ববিদ্যালয় সম্পূরক আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে।

ঘ) তৃতীয় পর্ব স্নাতক (সম্মান) শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের দ্বিতীয় পর্ব পরীক্ষা ফলাফলের ভিত্তিতে ভর্তি পরীক্ষার মেধার ভিত্তিতে প্রদেয় অবশিষ্ট সময়ের জন্য বিশ্ববিদ্যালয় সম্পূরক আর্থিক সাহায্য মঞ্জুর করা হয়েছে।

ঙ) ৪র্থ পর্ব স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে ৩য় পর্ব পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিশ্ববিদ্যালয় সম্পূরক আর্থিক সাহায্য মঞ্জুর করা হয়েছে।

চ) সরকারের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের ১৬টি মেধা বৃত্তি (৫০% ছাত্র ও ৫০% ছাত্রী) এবং ২৮১টি সাধারণ বৃত্তি (৫০% ছাত্র ও ৫০% ছাত্রী) মঞ্জুর করা হয়েছে।

ছ) এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বোর্ড বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের সকল বোর্ডের কলেজ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক বৃত্তি প্রদানের ব্যবস্থা গৃহীত হয়েছে।

জ) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিমক) মেধাবৃত্তি প্রতি অনুষদের মধ্যে স্নাতক (সম্মান) চূড়ান্ত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীকে মেধা বৃত্তি প্রদানের ব্যবস্থা গৃহীত হয়েছে।

ঝ) ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে এই বিশ্ববিদ্যালয়ে পিএইচডি কোর্সে ভর্তিকৃত নিয়মিত গবেষকদের জন্য বিভাগওয়ারী বৃত্তি প্রদানের ব্যবস্থা গৃহীত হয়েছে।

ঞ) ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে এই বিশ্ববিদ্যালয়ে এমফিল কোর্সে ভর্তিকৃত নিয়মিত গবেষকদের জন্য বিভাগওয়ারী বৃত্তি প্রদানের ব্যবস্থা গৃহীত হয়েছে।

চ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে নিম্নলিখিত ট্রাস্ট ফান্ডসমূহের বৃত্তি প্রদান করা হয়েছে :

১. আব্দুল হক-আফজালুন্নেসা ট্রাস্ট ফান্ড বৃত্তি
২. ড. এনায়েত হোসেন রাজনা হোসেন শিক্ষাবৃত্তি
৩. রহিমা-হাকিম ট্রাস্ট ফান্ড বৃত্তি
৪. হাবীবুর রহমান কবীর স্মৃতি বৃত্তি
৫. আকলিমা আনোয়ার ট্রাস্ট ফান্ড বৃত্তি
৬. মোফাজ্জল হোসেন পোস্ট গ্রাজুয়েট বৃত্তি
৭. আসগর আশরাফুন্নেসা ট্রাস্ট ফান্ড বৃত্তি
৮. বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল্স সোসাইটি বৃত্তি।

উল্লিখিত বৃত্তি ছাড়াও প্রধানমন্ত্রী স্বর্ণপদক, সেনাকল্যাণ সংস্থা বৃত্তি, বিভিন্ন জেলা পরিষদ বৃত্তি, হিন্দু/বৌদ্ধ/খৃস্টান/উপজাতীয়/সমর উপবৃত্তি, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, প্রধানমন্ত্রী গবেষণা ও উচ্চশিক্ষা তহবিল হতে এমফিল ও পিএইচডি গবেষকদের জন্য বৃত্তি প্রদানের ব্যবস্থা গৃহীত হয়েছে।

অন্যান্য

১. এমফিল ও পিএইচডি গবেষকদের বিভিন্ন ধরনের প্রত্যয়নপত্র প্রদান।

২. প্রত্যেক এমফিল ও পিএইচডি গবেষকের জন্য রেজিস্ট্রেশন কার্ড তৈরি।

৩. এমফিল/পিএইচডি গবেষকদের গবেষণার কার্যকাল পূর্ণকালীন থেকে খন্ডকালীন এবং খন্ডকালীন থেকে পূর্ণকালীন করাসহ সময় বৃদ্ধি, শিরোনাম পরিবর্তন, তত্ত্বাবধায়ক পরিবর্তন ইত্যাদি যাবতীয় কার্যক্রমের স্টেটমেন্ট তৈরি পূর্বক অ্যাডভান্সড স্টাডিজ কমিটি, একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটের অনুমোদন গ্রহণ সাপেক্ষে বাস্তবায়ন।

দাপ্তরিক এবং প্রশাসনিক কাজের বাইরে উচ্চশিক্ষা ও বৃত্তি শাখার ডেপুটি রেজিস্ট্রার-১ ড. আবুল কালাম আজাদ (আবুল আজাদ) বিভিন্ন বিষয়ে দীর্ঘ সময় ধরে গবেষণা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের সঙ্গে জড়িত রয়েছেন। তিনি একজন কথাশিল্পী, কবি, মুক্তিযুদ্ধের ইতিহাস গবেষক এবং বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক। ইতোমধ্যে তাঁর অর্ধশতাধিক গ্রন্থ প্রকাশিত হয়েছে। এছাড়াও তিনি নিয়মিত সংবাদপত্রে কলাম লিখে থাকেন।

ড. আবুল কালাম আজাদ সেবামূলক অলাভজনক গবেষণাধর্মী ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান মুক্তিযুদ্ধ একাডেমি ট্রাস্টের চেয়ারম্যান, রাইটার্স ফাউন্ডেশন বাংলাদেশের সভাপতি, সাউথ এশিয়ান মিউজিক ইন্সটিটিউটের জেনারেল সেক্রেটারী, বাংলাদেশ-রাশিয়া মৈত্রী সমিতির প্রেসিডিয়াম সদস্য, শওকত ওসমান পরিষদের সদস্য-সচিবসহ আরো বেশ কিছু সামাজিক-সাংস্কৃতিক সংস্থার সঙ্গে জড়িত থাকার মাধ্যমে দেশে ও বিদেশে মুক্তিযুদ্ধের চেতনা বিকাশ ও জনমত গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।

দাপ্তরিক ও প্রশাসনিক কাজের পাশাপাশি উচ্চশিক্ষা ও বৃত্তি শাখার ডেপুটি রেজিস্ট্রার-২ জনাব এ বি এম আজিজুর রহমান বিশ্ববিদ্যালয়ের ভাষা শিক্ষা কেন্দ্রে খন্ডকালীন শিক্ষক হিসেবে জাপানী ভাষা পাঠদান করেন। তিনি ইতোমধ্যে বিভিন্ন মেয়াদে ৩ বার জাপান সরকারের বৃত্তি নিয়ে সাইতমা জাপানী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র থেকে উচ্চতরো প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

টিচিং শাখা

প্রশাসনিক কার্যক্রম

রেজিস্ট্রার মহোদয়ের সার্বিক নিয়ন্ত্রণে একজন ডেপুটি রেজিস্ট্রারের তত্ত্বাবধানে টিচিং শাখায় নিম্নোক্ত কার্যাবলি সম্পাদিত হয়ে থাকে :

ক) বিশ্ববিদ্যালয়ের ৩৪টি বিভাগ ও ০৪টি ইনস্টিটিউটের (ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি, ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, বঙ্গবন্ধু তুলামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট এবং ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস) বিভিন্ন পদে শিক্ষক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রচার ও নিয়োগ, বিভিন্ন পদে পদোন্নতি ও স্থায়িকরণ সংক্রান্ত কাজ।

খ) ৩৪ টি বিভাগের সভাপতি নিয়োগ।

গ) ১৬টি আবাসিক হলে প্রভোস্ট, ওয়ার্ডেন, আবাসিক শিক্ষক ও সহকারী আবাসিক শিক্ষক নিয়োগ ও নিয়োগের মেয়াদ বর্ধিতকরণ।

ঘ) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন।

ঙ) বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বিভিন্ন তদন্ত সংক্রান্ত কাজ সম্পাদন এবং তদন্ত সংক্রান্ত কাজে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা প্রদান।

চ) এক বিভাগের শিক্ষক কর্তৃক অন্য বিভাগের সমন্বিত কোর্স পড়ানোর জন্য ভাতা মঞ্জুরী, বিভিন্ন বিভাগে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণকে খন্ডকালীন শিক্ষক হিসেবে নিয়োগদান।

ছ) শিক্ষকগণের বিদেশ গমনের অনুমতিসহ শিক্ষাছুটি ও এতৎসংক্রান্ত চুক্তিপত্র সম্পাদন, বিনা বেতনে এক্সট্রাঅর্ডিনারী, কর্তব্যরত, অর্জিত, অর্ধগড় বেতনে, প্রসূতি, বিনাবেতনে লিয়েন ছুটি, সঙ্গ নিরোধ ও স্যাবাটিক্যাল ছুটি মঞ্জুর এবং এতৎসংক্রান্ত যাবতীয় কাজ।

জ) শিক্ষকদের শিক্ষাছুটি ও রিভলভিং লোন সংক্রান্ত চুক্তিপত্র সম্পাদন ও প্রেরণ সংক্রান্ত যাবতীয় কাজ।

ঝ) বিভিন্ন ধরনের ফেলোশিপ ও স্কলারশিপসহ (কমনওয়েলথ একাডেমিক স্টাফ স্কলারশিপ/ফেলোশিপ, কমনওয়েলথ একাডেমিক স্কলারশিপ (ইনটেক), ড্যাড স্কলারশিপ, ফুলব্রাইট স্কলারশিপ, ফোর্ড ফাউন্ডেশন স্কলারশিপ, ক্যামব্রিজ কমনওয়েলথ ট্রাস্ট স্কলারশিপ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রদত্ত ফেলোশিপ/স্কলারশিপ, জে. এস. পি. এস-এর রনপাকু স্কলারশিপ, ভারতীয়/বাংলাদেশ ইউ.জি.সি স্কলারশিপ/ ফেলোশিপ/বঙ্গবন্ধু আইসিটি স্কলারশিপ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত উচ্চশিক্ষা/প্রশিক্ষণ স্কীমের বৃত্তিসহ যাবতীয় বৃত্তিসংক্রান্ত কার্যক্রম (চুক্তিপত্র সম্পাদন)।

ঞ) সিনেটে শিক্ষক প্রতিনিধি, সিন্ডিকেটে ৬ ক্যাটেগরির শিক্ষক সদস্য, অর্থ কমিটি, শিক্ষা পর্ষদের সদস্য এবং অনুষদের ডিন নির্বাচন সংক্রান্ত কাজ।

ট) দেশ/বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ/ কনফারেন্স ইত্যাদি সম্পর্কিত বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা করা ও এতৎসংক্রান্ত কাজে অংশ গ্রহণের অনুমতিসহ আনুষঙ্গিক কার্যক্রম।

ঠ) বিভিন্ন পর্যায়ের বৃত্তি নিয়ে উচ্চশিক্ষা গ্রহণের জন্য শিক্ষাছুটিতে গিয়ে বিদেশ থেকে প্রত্যাবর্তন না করায় সংশ্লিষ্ট শিক্ষকদের বিরুদ্ধে প্রশাসনিক/ আইনগত ব্যবস্থা গ্রহণের কার্যক্রম।

ড) বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের অধ্যাপকগণের গবেষণার জন্য শিক্ষাছুটি/ লিয়েন মঞ্জুরীর ব্যাপারে সরকারী অনুমতির জন্য শিক্ষা মন্ত্রণালয়ে যোগাযোগ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার সাথে বিভিন্ন কার্যক্রম সম্পর্কে যোগাযোগ।

ঢ) এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের উচ্চশিক্ষার জন্য অর্থ মঞ্জুরী/বেতনের বিপরীতে আগাম প্রদান এবং সেমিনার/ সিম্পোজিয়াম/ওয়ার্কশপ/কনফারেন্স ইত্যাদিতে অংশগ্রহণের জন্য আর্থিক অনুদান মঞ্জুরী সম্পর্কিত কার্যক্রম।

ণ) বিভিন্ন বিশ্ববিদ্যালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয় (আপন বিভাগ), শিক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, পরিসংখ্যান ব্যুরো, কমনওয়েলথ, বিশ্ববিদ্যালয় অ্যাসোসিয়েশন, হিসাবাধ্যক্ষ অফিস (বাজেট প্রণয়নের জন্য, পদ সৃষ্টি, শূন্য পদ, নিয়োজিত শিক্ষক সংখ্যার তথ্যাবলি) ও অন্যান্য সরকারি ও আধা সরকারি সংস্থায় বিভিন্নভাবে শিক্ষকদের তালিকা প্রেরণ।

ত) শিক্ষকগণের এলপিআর মঞ্জুর, দায়-দেনা সম্পর্কিত তথ্য সংগ্রহ এবং অবসর প্রদান সংক্রান্ত কার্যক্রম।

থ) শিক্ষকদের বাসা বরাদ্দের ব্যাপারে অভিজ্ঞতার তথ্যাবলি এস্টেট অফিসে প্রদান।

দ) ৩৪টি বিভাগের সিন্ডিকেট কর্তৃক বিভিন্ন শিক্ষক পদে নির্বাচন পর্ষদের বিশেষজ্ঞ সদস্য (প্রতি বিভাগে অধ্যাপক/ সহযোগী অধ্যাপক পদে ৪ জন এবং সহকারী অধ্যাপক/প্রভাষক পদে ২ জন) মনোনয়নদান করার পর উক্ত সম্মানিত সদস্যগণকে অভিনন্দনপত্র প্রেরণ এবং বিদায়ী সদস্যগণকে ধন্যবাদ পত্র প্রদান।

ধ) ৩৪টি বিভাগের শিক্ষক পদ সৃষ্টির ব্যাপারে কার্যক্রম। বিভিন্ন পদে নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রদান, আপগ্রেডিং-এর মাধ্যমে পদোন্নতির প্রক্রিয়াকরণ, নির্বাচন পর্ষদের সম্মানিত সদস্যগণকে সভায় অংশগ্রহণের জন্য চিঠি প্রেরণ এবং প্রার্থীদের সাক্ষাৎকারপত্র প্রেরণ সংক্রান্ত কার্যক্রম।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে শিক্ষক নিয়োগ সংক্রান্ত তথ্যাবলি

বিশ্ববিদ্যালয়ে মোট শিক্ষকসংখ্যা	:	প্রভাষক	-	৬৮জন
		সহকারী অধ্যাপক	-	২৮৯জন
		সহযোগী অধ্যাপক	-	১৮১জন
		অধ্যাপক	-	২৬৯জন
		সর্বমোট	-	৭০৭জন

নিয়োগ-পদোন্নতি

অধ্যাপক : ২৩ জন সহযোগী অধ্যাপক আপগ্রেডিং-এর মাধ্যমে অধ্যাপক পদে নিয়োগপ্রাপ্ত হয়েছেন।

সহযোগী অধ্যাপক : ৩৫ জন সহকারী অধ্যাপক আপগ্রেডিং-এর মাধ্যমে সহযোগী অধ্যাপক পদে নিয়োগপ্রাপ্ত হয়েছেন।

সহকারী অধ্যাপক : ২৯ জন প্রভাষক আপগ্রেডিং-এর মাধ্যমে সহকারী অধ্যাপক পদে নিয়োগপ্রাপ্ত হয়েছেন।

প্রভাষক : বিজ্ঞাপিত পদে ০১ জন সহকারী অধ্যাপক এবং ১৪ জন প্রভাষক জন প্রভাষক নিয়োগ করা হয়েছে।

এক নজরে নিয়োগ পদোন্নতি

পদের নাম	আপগ্রেডিং-এর মাধ্যমে পদোন্নতি	নতুন নিয়োগ
অধ্যাপক	২৩	-
সহযোগী অধ্যাপক	৩৫	-
সহকারী অধ্যাপক	২৯	০১
প্রভাষক	-	১৪
মোট =	৮৭	১৪

একনজরে ছুটিভোগরত শিক্ষক সংখ্যা

ছুটির প্রকৃতি	সংখ্যা
শিক্ষাছুটি	৮১ জন
বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারি ছুটি	১৩ জন
লিয়েন ডেপুটেশন	০৭ জন
স্যাবাটিক্যাল ছুটি	-
মোট =	১০১ জন

উচ্চশিক্ষা/প্রশিক্ষণে দেশে/বিদেশে অবস্থানরত শিক্ষকদের নামের তালিকা (জুলাই ২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত)

ক্র.নং	নাম, পদবী/বিভাগ	দেশের নাম	ছুটির প্রকৃতি	ছুটি গ্রহণের তারিখ	ছুটি শেষ হওয়ার তারিখ	প্রোগ্রামের নাম
১.	মোহাম্মদ লুৎফর রহমান সহযোগী অধ্যাপক অর্থনীতি বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষা/ বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	২০-০৮-১৭	১৭-১১-২০	পিএইচডি
২.	নাহিদ সুলতানা সহযোগী অধ্যাপক অর্থনীতি বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	২৮-০১-২০	২৭-০১-২২	পিএইচডি
৩.	মোঃ শাহজাহান সহযোগী অধ্যাপক অর্থনীতি বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	০২-০৮-১৮	০১-০৮-২০	পিএইচডি
৪.	নাবিলা নুজহাত সহকারী অধ্যাপক অর্থনীতি বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষা/ বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	৩১-০৭-১৬	৩০-০৭-১৮	পিএইচডি
৫.	মোঃ সাইফুজ্জামান সহযোগী অধ্যাপক ভূগোল ও পরিবেশ বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	১৭-০২-২১	১৬-০৫-২১	পোস্ট ডক্টরাল
৬.	এবাদুল্লাহ খান সহকারী অধ্যাপক ভূগোল ও পরিবেশ বিভাগ	নেদারল্যান্ডস	শিক্ষাছুটি	২৪-০৮-২১	২৩-০৮-২২	মাস্টার্স

ক্র.নং	নাম, পদবী/বিভাগ	দেশের নাম	ছুটির প্রকৃতি	ছুটি গ্রহণের তারিখ	ছুটি শেষ হওয়ার তারিখ	প্রোগ্রামের নাম
৭.	আনারুল হক মন্ডল সহকারী অধ্যাপক ভূগোল ও পরিবেশ বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	৩০-১১-১৮	২৯-১১-২০	পিএইচডি
৮.	আলমগীর হোসেন ভূঁইয়া সহকারী অধ্যাপক ভূগোল ও পরিবেশ বিভাগ	জাপান	শিক্ষাছুটি	০১-১০-২১	৩০-০৯-২২	পিএইচডি
৯.	মোহাম্মদ রেজাউল রকিব সহকারী অধ্যাপক ভূগোল ও পরিবেশ বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	২১-১০-২১	২০-১০-২২	মাস্টার্স
১০.	মোঃ ফরিদ হোসেন সহকারী অধ্যাপক সরকার ও রাজনীতি বিভাগ	হংকং	শিক্ষাছুটি	১১-০৮-১৮	১০-০৮-২০	পিএইচডি
১১.	কামরুল হাসান সহকারী অধ্যাপক সরকার ও রাজনীতি বিভাগ	জাপান	শিক্ষাছুটি	০৩-১০-২১	০২-১০-২২	মাস্টার্স
১২.	নাসরিন খন্দকার সহযোগী অধ্যাপক নৃবিজ্ঞান বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষা/ বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	৩১-০৮-১৩	২৭-০৭-১৮	পিএইচডি
১৩.	অধ্যাপক মোঃ জহির উদ্দিন আহমেদ নৃবিজ্ঞান বিভাগ	যুক্তরাষ্ট্র-মেক্সিকো	শিক্ষাছুটি	২৫-১১-২১		পোস্ট ডক্টরাল
১৪.	মোঃ ইব্রাহিম খালেদ সহযোগী অধ্যাপক নৃবিজ্ঞান বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	২৪-০৫-২০	২৩-০৫-২২	পিএইচডি
১৫.	আকলিমা আক্তার সহকারী অধ্যাপক নৃবিজ্ঞান বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	০৭-০৩-২১	০৬-০৩-২২	মাস্টার্স
১৬.	ফাহিমা আল ফারাবী সহকারী অধ্যাপক নৃবিজ্ঞান বিভাগ	নেদারল্যান্ডস	শিক্ষাছুটি	১৬-০৮-২১	১৫-০৮-২২	মাস্টার্স
১৭.	জান্নাতুল ফেরদাউস সহকারী অধ্যাপক নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	১১-০৭-১৭	০৭-১০-১৮	পিএইচডি
১৮.	মোহাম্মদ মিজানুর রহমান সহকারী অধ্যাপক নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	নেদারল্যান্ডস	শিক্ষাছুটি	২২-০৯-২১	২১-০৯-২২	মাস্টার্স
১৯.	মুহাম্মদ মুঈনুল ইসলাম সহযোগী অধ্যাপক লোক প্রশাসন বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষা/ বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	১২-০১-১৬	১০-০৪-১৭	পিএইচডি

ক্র.নং	নাম, পদবী/বিভাগ	দেশের নাম	ছুটির প্রকৃতি	ছুটি গ্রহণের তারিখ	ছুটি শেষ হওয়ার তারিখ	প্রোগ্রামের নাম
২০.	হালিমা হক সহকারী অধ্যাপক লোক প্রশাসন বিভাগ	জার্মানি	শিক্ষাছুটি	০৭-১০-১৯	০৬-১০-২২	পিএইচডি
২১.	আহসান আব্দুল্লাহ সহকারী অধ্যাপক লোক প্রশাসন বিভাগ	থাইল্যান্ড	শিক্ষাছুটি	০৭-০১-২২	-	মার্স্টাস
২২.	অধ্যাপক রুবীনা রহমান পদার্থবিজ্ঞান বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	৩০-০১-২২	২৮-০৪-২২	পোস্ট ডক্টরাল
২৩.	মোঃ হুমায়ুন কবির সহযোগী অধ্যাপক পদার্থবিজ্ঞান বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	২৪-০২-১৯	২৪-০৫-২১	পিএইচডি
২৪.	মোঃ আলমগীর কবীর সহযোগী অধ্যাপক পদার্থবিজ্ঞান বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	২৩-০৭-১৭	১৭-১০-২১	পিএইচডি
২৫.	মোঃ কামাল হোসেন সহযোগী অধ্যাপক পদার্থবিজ্ঞান বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	০৮-০৮-১৯	০৭-০৮-২১	পিএইচডি
২৬.	মোঃ শাহাদাত আলম সহকারী অধ্যাপক পদার্থবিজ্ঞান বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	০৮-০৮-১৯	০৭-০৮-২১	পিএইচডি
২৭.	শামীমা খানম সহকারী অধ্যাপক পদার্থবিজ্ঞান বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	১২-০১-২২	১৮-০৪-২২	পিএইচডি
২৮.	সুজন কুমার দাস সহকারী অধ্যাপক পদার্থবিজ্ঞান বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	২২-০১-২০	২১-০১-২২	পিএইচডি
২৯.	ড. মোহাম্মদ মাকসুদুর রহমান সহকারী অধ্যাপক পদার্থবিজ্ঞান বিভাগ	জাপান	শিক্ষাছুটি	২৮-১২-২০	২৭-১২-২১	পোস্ট ডক্টরাল
৩০.	ড. মোঃ মীর তামজীদ রহমান সহযোগী অধ্যাপক রসায়ন বিভাগ	জাপান	শিক্ষাছুটি	২৬-০৫-২২	২৫-০৫-২৩	পোস্ট ডক্টরাল
৩১.	ড. মোঃ আব্দুস সবুর সহযোগী অধ্যাপক রসায়ন বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	০৭-০২-২২		পোস্ট ডক্টরাল
৩২.	আনন্দ কুমার ঘোষ প্রভাষক, রসায়ন বিভাগ	যুক্তরাষ্ট্র	বিনাবেতনে এক্সট্রা অর্ডিনারী ছুটি	২৪-০৭-১২	২০-১০-১৬	পিএইচডি

ক্র.নং	নাম, পদবী/বিভাগ	দেশের নাম	ছুটির প্রকৃতি	ছুটি গ্রহণের তারিখ	ছুটি শেষ হওয়ার তারিখ	প্রোগ্রামের নাম
৩৩.	মন্দিরা সমাদ্দার সহকারী অধ্যাপক গণিত বিভাগ	ভারত	শিক্ষাছুটি	২৮-০৭-১৯	২৭-০৭-২১	পিএইচডি
৩৪.	মোঃ আল-আমিন খান সহকারী অধ্যাপক গণিত বিভাগ	মেক্সিকো	শিক্ষাছুটি	০৮-০২-২২	০৭-০৫-২২	পিএইচডি
৩৫.	আব্দুল কাদের ইবনে কামাল সহযোগী অধ্যাপক পরিবেশ বিজ্ঞান বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	১৮-০৭-১৮	১৫-০৭-২১	পিএইচডি
৩৬.	শারমিন ইউসুফ রিক্তা সহকারী অধ্যাপক পরিবেশ বিজ্ঞান বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	১৬-০৮-২১	১৫-০৮-২২	পিএইচডি
৩৭.	মোয়াজ্জেম হোসেন সহযোগী অধ্যাপক পরিসংখ্যান বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	১৫-১০-১৯	১৪-১০-২১	পিএইচডি
৩৮.	মোঃ তারেক ফেরদৌস খান সহকারী অধ্যাপক পরিসংখ্যান বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	০৮-১০-১৭	০১-০১-১৯	পিএইচডি
৩৯.	আজিজুর রহমান সহযোগী অধ্যাপক পরিসংখ্যান বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	৩০-০৮-১৮	২৯-০৮-২০	পিএইচডি
৪০.	মোরশেদ আলম সহকারী অধ্যাপক পরিসংখ্যান বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষা/ বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	১১-০৮-১৩	০৭-১১-১৮	পিএইচডি
৪১.	মনজুর রহমান ফরাজী সহকারী অধ্যাপক পরিসংখ্যান বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষা/ বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	২৯-১২-১৩	২৭-০৩-১৮	পিএইচডি
৪২.	মাজেদা ইসলাম সহযোগী অধ্যাপক ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ	বেলজিয়াম	শিক্ষাছুটি	১০-০৯-১৭	২৫-১১-১৮	পিএইচডি
৪৩.	মিজানুর রহমান সরকার সহযোগী অধ্যাপক ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ	বেলজিয়াম	শিক্ষাছুটি	১০-০৯-১৭	২৫-১১-১৮	পিএইচডি
৪৪.	সনজিৎ কুমার সাহা সহযোগী অধ্যাপক সিএসই বিভাগ	জার্মানী	শিক্ষাছুটি	২৫-০১-১৯	২৩-০১-২১	পিএইচডি
৪৫.	তাহসিনা হাশেম সহকারী অধ্যাপক সিএসই বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	০২-০২-২২	৩১-০৩-২২	পিএইচডি

ক্র.নং	নাম, পদবী/বিভাগ	দেশের নাম	ছুটির প্রকৃতি	ছুটি গ্রহণের তারিখ	ছুটি শেষ হওয়ার তারিখ	প্রোগ্রামের নাম
৪৬.	রাফসান জানি সহকারী অধ্যাপক সিএসই বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	০২-০২-২২	৩১-০৩-২২	পিএইচডি
৪৭.	তানজিলা রহমান সহকারী অধ্যাপক সিএসই বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	০৪-০৯-১৬	০৩-০৯-২০	পিএইচডি
৪৮.	হাফসা মুনতারী আলী সহকারী অধ্যাপক সিএসই বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	২৩-০৮-১৯	২২-০৮-২০	মাস্টার্স
৪৯.	অধ্যাপক নুসরাত জাহান আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	৩০-০৮-১৮	২৯-০৮-২০	পিএইচডি
৫০.	মন্ময় জাফর সহযোগী অধ্যাপক ইংরেজি বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	০১-১২-২০	৩০-১১-২১	পিএইচডি
৫১.	কাজী আশরাফ উদ্দিন সহযোগী অধ্যাপক ইংরেজি বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	০১-০৯-২১	৩১-০৮-২২	পিএইচডি
৫২.	স্বাগতা সাঈদ সহকারী অধ্যাপক ইংরেজি বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	২৮-০৩-১৪	২৪-০৬-১৮	পিএইচডি
৫৩.	গোলাম রব্বানী সহকারী অধ্যাপক ইংরেজি বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	২৯-০৮-১৬	২৪-১১-১৮	পিএইচডি
৫৪.	মেহনাজ মোস্তফা ইকবাল সহকারী অধ্যাপক ইংরেজি বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	২৬-০৯-১৯	২৫-০৯-২০	মাস্টার্স
৫৫.	ঊর্মিলা পালিত সহকারী অধ্যাপক নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	৩০-০৮-১৬	২৯-০৮-২০	মাস্টার্স
৫৬.	ফরিদ আহমেদ সহযোগী অধ্যাপক, দর্শন বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	২১-০৩-২১	২০-০৩-২২	এমফিল
৫৭.	নাসরিন সুলতানা সহযোগী অধ্যাপক, দর্শন বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	২৪-০২-২২		পিএইচডি
৫৮.	সৈয়দ মঈনুল আলম নিজার সহকারী অধ্যাপক, দর্শন বিভাগ	নিউজিল্যান্ড	শিক্ষা/ বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	১৪-০২-১৬	১৩-০২-২১	পিএইচডি
৫৯.	সৈয়দ আবু তোয়াব শাকির সহযোগী অধ্যাপক ইতিহাস বিভাগ	বাংলাদেশ	শিক্ষাছুটি	২৫-১১-২১	১৩-০২-২১	পিএইচডি

ক্র.নং	নাম, পদবী/বিভাগ	দেশের নাম	ছুটির প্রকৃতি	ছুটি গ্রহণের তারিখ	ছুটি শেষ হওয়ার তারিখ	প্রোগ্রামের নাম
৬০.	মোঃ মিজানুর রহমান সহযোগী অধ্যাপক প্রত্নতত্ত্ব বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	২৯-১০-১৯	১৭-১০-২১	পিএইচডি
৬১.	হাসান মাহমুদ ফয়সাল সহকারী অধ্যাপক, জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	০৭-০১-২১	০৫-০৪-২১	মাস্টার্স
৬২.	মীর মোঃ ফজলে রাব্বী সহকারী অধ্যাপক, জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	০৩-০৭-২১	০২-০৭-২২	মাস্টার্স
৬৩.	নাজমা আকতার সহকারী অধ্যাপক, জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	১০-০৮-১৮	০৯-০৮-২১	পিএইচডি
৬৪.	মোঃ সাঈদ আল-জামান প্রভাষক, জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ	কানাডা	বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	১২-০৯-২১	১১-০৯-২২	মাস্টার্স
৬৫.	মোছাঃ ফাহিমা আহমেদ এ্যানি সহকারী অধ্যাপক উদ্ভিদবিজ্ঞান বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	১৯-১০-১৬	১৮-১০-২০	পিএইচডি
৬৬.	মোঃ ফখরুল ইসলাম সহযোগী অধ্যাপক ফার্মেসী বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	০৬-০৭-২১	০৫-০৭-২২	পিএইচডি
৬৭.	শরীফ মোঃ আনিসুজ্জামান সহকারী অধ্যাপক ফার্মেসী বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষা/ বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	১৫-০৭-১২	১২-১১-২০	পিএইচডি
৬৮.	ড. তারেক হোসেন সহযোগী অধ্যাপক, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	০৪-১০-২০	০৩-১০-২১	পিএইচডি
৬৯.	মাহমুদুল হাসান সহকারী অধ্যাপক, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	১০-০৯-১৭	০৯-০৯-১৮	পিএইচডি
৭০.	কাজী সাইফুল ইসলাম সহকারী অধ্যাপক, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	০১-০৮-১৬	৩১-০৭-২১	পিএইচডি
৭১.	সুদ্বীপ পাল সহকারী অধ্যাপক, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	১১-০৫-১৬	১০-০৫-২১	পিএইচডি
৭২.	আফরোজা পারভীন সহকারী অধ্যাপক, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	১০-০৯-১৭	০৯-০৯-১৮	মাস্টার্স

ক্র.নং	নাম, পদবী/বিভাগ	দেশের নাম	ছুটির প্রকৃতি	ছুটি গ্রহণের তারিখ	ছুটি শেষ হওয়ার তারিখ	প্রোগ্রামের নাম
৭৩.	রাবেয়া বিলকিস সহকারী অধ্যাপক মাইক্রোবায়োলজি বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	০১-০৫-১৭	২৮-০৭-১৮	পিএইচডি
৭৪.	মাহফুজা মারজান সহকারী অধ্যাপক মাইক্রোবায়োলজি বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	১৮-০৭-২১	১৪-১০-২১	পিএইচডি
৭৫.	ফারাহ শাম্মা সহযোগী অধ্যাপক, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	১৩-০৮-১৬	০৯-১১-২১	পিএইচডি
৭৬.	শবনম নাহার সহকারী অধ্যাপক, পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	০১-০১-২১	২১-০৩-২১	পিএইচডি
৭৭.	ডা. মোঃ মাহফুজ হোসেন সহকারী অধ্যাপক, পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগ	থাইল্যান্ড	শিক্ষাছুটি	০১-০৪-২১	৩১-০৩-২২	পিএইচডি
৭৮.	সাহাদাত হোসেন প্রভাষক, পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগ	যুক্তরাজ্য	বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারি ছুটি	০৩-১০-২১	০২-১০-২২	পিএইচডি
৭৯.	প্রবাল দত্ত সহযোগী অধ্যাপক, একাউন্টিং এন্ড ইনফরমেটিক্স সিস্টেমস	ফিনল্যান্ড	শিক্ষাছুটি	১২-০১-১৮	১০-০৪-১৯	পিএইচডি
৮০.	মেহনাজ রওশন লরা সহকারী অধ্যাপক, একাউন্টিং এন্ড ইনফরমেটিক্স সিস্টেমস	নিউজিল্যান্ড	শিক্ষাছুটি	০৭-০৩-১৮	০৩-০৬-১৮	পিএইচডি
৮১.	মোহসিনা আক্তার সহকারী অধ্যাপক, একাউন্টিং এন্ড ইনফরমেটিক্স সিস্টেমস	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	০১-১০-২০	৩০-০৯-২১	মাস্টার্স
৮২.	জাহিদুল করিম সহযোগী অধ্যাপক মানেজমেন্ট স্টাডিজ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	০৭-০৮-২১	০৩-১১-২১	পিএইচডি
৮৩.	বারতা চক্রবর্তী সহযোগী অধ্যাপক মার্কেটিং বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	০১-০৮-২১	৩১-০৭-২২	মাস্টার্স
৮৪.	ফারহানা সেহরীন সহযোগী অধ্যাপক মার্কেটিং বিভাগ	মালয়েশিয়া	শিক্ষাছুটি	১০-০৯-১৭	০৯-০৯-১৮	পিএইচডি
৮৫.	নাঈমা আহমেদ সহকারী অধ্যাপক মার্কেটিং বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	০৯-০৮-২০	০৮-০৯-২১	পিএইচডি

ক্র.নং	নাম, পদবী/বিভাগ	দেশের নাম	ছুটির প্রকৃতি	ছুটি গ্রহণের তারিখ	ছুটি শেষ হওয়ার তারিখ	প্রোগ্রামের নাম
৮৬.	মোঃ রবিউল ইসলাম সহযোগী, অধ্যাপক আইন ও বিচার বিভাগ	হংকং	শিক্ষাছুটি	০৯-০৮-২০	০৮-০৯-২১	পিএইচডি
৮৭.	মোঃ আবু সাঈদ সহকারী অধ্যাপক আইন ও বিচার বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	১৪-০৯-২০	১৩-০৯-২১	পিএইচডি
৮৮.	সুপ্রভাত পাল সহকারী অধ্যাপক আইন ও বিচার বিভাগ	নেদারল্যান্ড/ জার্মানী	শিক্ষাছুটি	১০-০২-২০	০৯-০২-২১	মাস্টার্স
৮৯.	ফেরদৌস রহমান সহকারী অধ্যাপক আইন ও বিচার বিভাগ	হাঙ্গেরী	শিক্ষাছুটি	২৬-০৮-১৯	২৫-০৮-২০	পিএইচডি
৯০.	আরাফাত রহমান সহযোগী অধ্যাপক আইবিএ-জেইউ	ফিনল্যান্ড	বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারি ছুটি	২৬-০১-১৬	০৪-০১-২১	পিএইচডি
৯১.	ড. শেখ ফিরোজ রেহান সহযোগী অধ্যাপক আইবিএ-জেইউ	ফিনল্যান্ড	শিক্ষাছুটি	১৫-০২-২১	১৪-০২-২২	পোস্ট ডক্টরাল
৯২.	ড. মোঃ ওয়াহিদুজ্জামান সহযোগী অধ্যাপক, আইআইটি	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	০২-০২-২০	০৬-১১-২১	পোস্ট ডক্টরাল
৯৩.	জামশেদ ইকবাল চৌধুরী সহকারী অধ্যাপক, আইআইটি	যুক্তরাষ্ট্র	বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারি ছুটি	০২-০২-২০	০১-০২-২২	পোস্ট ডক্টরাল
৯৪.	নূসরাত জেরিন জিনিয়া প্রভাষক, আইআইটি	কানাডা	বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারি ছুটি	২৬-০১-২১	২৫-০১-২২	পিএইচডি

২০২১-২০২২ শিক্ষাবর্ষে দেশ/বিদেশে ছুটিতে গমনকারী শিক্ষকদের তালিকা (জুলাই ২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত)

ক্র.নং	নাম, পদবী/বিভাগ	দেশের নাম	ছুটির প্রকৃতি	ছুটি গ্রহণের তারিখ	প্রোগ্রামের নাম
১.	এবাদুল্লাহ খান সহকারী অধ্যাপক ভূগোল ও পরিবেশ বিভাগ	নেদারল্যান্ডস	শিক্ষাছুটি	২৪-০৮-২১	মাস্টার্স
২.	আলমগীর হোসেন ভূঁইয়া সহকারী অধ্যাপক ভূগোল ও পরিবেশ বিভাগ	জাপান	শিক্ষাছুটি	০১-১০-২১	পিএইচডি
৩.	মোহাম্মদ রেজাউল রকিব সহকারী অধ্যাপক ভূগোল ও পরিবেশ বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	২১-১০-২১	মাস্টার্স

ক্র.নং	নাম, পদবী/বিভাগ	দেশের নাম	ছুটির প্রকৃতি	ছুটি গ্রহণের তারিখ	প্রোগ্রামের নাম
৪.	কামরুল হাসান সহকারী অধ্যাপক সরকার ও রাজনীতি বিভাগ	জাপান	শিক্ষাছুটি	০৩-১০-২১	মাস্টার্স
৫.	অধ্যাপক মোঃ জহির উদ্দিন আহমেদ নৃবিজ্ঞান বিভাগ	যুক্তরাষ্ট্র-মেক্সিকো	শিক্ষাছুটি	২৫-১১-২১	পোস্ট ডক্টরাল
৬.	মোঃ ইব্রাহিম খালেদ সহযোগী অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	২৪-০৫-২০	পিএইচডি
৭.	আকলিমা আক্তার সহকারী অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	০৭-০৩-২১	মাস্টার্স
৮.	ফাহিমা আল ফারাবী সহকারী অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ	নেদারল্যান্ডস	শিক্ষাছুটি	১৬-০৮-২১	মাস্টার্স
৯.	মোহাম্মদ মিজানুর রহমান সহকারী অধ্যাপক নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	নেদারল্যান্ডস	শিক্ষাছুটি	২২-০৯-২১	মাস্টার্স
১০.	আহসান আব্দুল্লাহ সহকারী অধ্যাপক, লোক প্রশাসন বিভাগ	থাইল্যান্ড	শিক্ষাছুটি	০৭-০১-২২	মার্স্টাস
১১.	অধ্যাপক রুবীনা রহমান পদার্থবিজ্ঞান বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	৩০-০১-২২	পোস্ট ডক্টরাল
১২.	শামীমা খানম সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	১২-০১-২২	পিএইচডি
১৩.	ড. মোঃ মীর তামজীদ রহমান সহযোগী অধ্যাপক রসায়ন বিভাগ	জাপান	শিক্ষাছুটি	২৬-০৫-২২	পোস্ট ডক্টরাল
১৪.	ড. মোঃ আব্দুস সবুর সহযোগী অধ্যাপক, রসায়ন বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	০৭-০২-২২	পোস্টডক্টরাল
১৫.	মোঃ আল-আামিন খান সহকারী অধ্যাপক, গণিত বিভাগ	মেক্সিকো	শিক্ষাছুটি	০৮-০২-২২	পিএইচডি
১৬.	শারমিন ইউসুফ রিক্তা সহকারী অধ্যাপক পরিবেশ বিজ্ঞান বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	১৬-০৮-২১	পিএইচডি
১৭.	তাহসিনা হাশেম সহকারী অধ্যাপক, সিএসই বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	০২-০২-২২	পিএইচডি
১৮.	কাজী আশরাফ উদ্দিন সহযোগী অধ্যাপক, ইংরেজি বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	০১-০৯-২১	পিএইচডি
১৯.	ফরিদ আহমেদ সহযোগী অধ্যাপক, দর্শন বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	২১-০৩-২১	এম. ফিল.
২০.	নাসরিন সুলতানা সহযোগী অধ্যাপক, দর্শন বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	২৪-০২-২২	পিএইচডি

ক্র.নং	নাম, পদবী/বিভাগ	দেশের নাম	ছুটির প্রকৃতি	ছুটি গ্রহণের তারিখ	প্রোগ্রামের নাম
২১.	মীর মোঃ ফজলে রাব্বী সহকারী অধ্যাপক জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	০৩-০৭-২১	মাস্টার্স
২২.	মো. সাঈদ আল-জামান প্রভাষক জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ	কানাডা	বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	১২-০৯-২১	মাস্টার্স
২৩.	মোঃ ফখরুল ইসলাম সহযোগী অধ্যাপক, ফার্মেসী বিভাগ	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	০৬-০৭-২১	পিএইচডি
২৪.	মাহফুজা মারজান সহকারী অধ্যাপক মাইক্রোবায়োলজি বিভাগ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	১৮-০৭-২১	পিএইচডি
২৫.	সাহাদাত হোসেন প্রভাষক, পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগ	যুক্তরাজ্য	বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারি ছুটি	০৩-১০-২১	পিএইচডি
২৬.	জাহিদুল করিম সহযোগী অধ্যাপক, মানেজমেন্ট স্টাডিজ	যুক্তরাষ্ট্র	শিক্ষাছুটি	০৭-০৮-২১	পিএইচডি
২৭.	অধ্যাপক মোঃ ওয়াহিদুজ্জামান আইআইটি	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	১২-০৬-২২	পোস্ট ডক্টরাল

২০২১-২০২২ শিক্ষাবর্ষে দেশ/বিদেশ থেকে প্রত্যাবর্তনকারী শিক্ষকদের তালিকা (জুলাই ২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত)

ক্র.নং	নাম, পদবী/বিভাগ	দেশের নাম	ছুটির প্রকৃতি	ছুটি শেষে বিভাগে পুনঃযোগদানের তারিখ
১.	মোঃ নূরুল হক সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ	যুক্তরাস্ট্র	শিক্ষাছুটি	১৭-১০-২০২১
২.	উবাইদুর রহমান সিদ্দিকী সহযোগী অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষা/ বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	২৭-০১-২০২২
৩.	রেজওয়ানা করিম স্নিগ্ধা সহকারী অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ	নিউজিল্যান্ড	শিক্ষা/ বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	২৮-০৩-২০২২
৪.	মোছাঃ শাহীনা পারভীন সহকারী অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ	কানাডা	শিক্ষা/ বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	১৬-০৫-২০২২
৫.	মোঃ লুৎফর রহমান সহযোগী অধ্যাপক, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	নিউজিল্যান্ড	শিক্ষাছুটি	২৩-০৩-২০২২
৬.	মোঃ মেহেদী হাসান সহকারী অধ্যাপক, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	নিউজিল্যান্ড	শিক্ষা/ বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	০৩-০৪-২০২২
৭.	হরে কৃষ্ণ কুন্ড সহযোগী অধ্যাপক, লোক প্রশাসন বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	১০-০৪-২০২২
৮.	ড. মোঃ কামাল হোসেন সহযোগী অধ্যাপক রসায়ন বিভাগ	সুইডেন	শিক্ষাছুটি	০৩-১০-২০২১

ক্র.নং	নাম, পদবী/বিভাগ	দেশের নাম	ছুটির প্রকৃতি	ছুটি শেষে বিভাগে পুনঃযোগদানের তারিখ
৯.	অধ্যাপক এস. এম. মাহবুবুল আমীন ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ	অস্ট্রেলিয়া	শিক্ষাছুটি	১৩-০৩-২০২২
১০.	অধ্যাপক নুসরাত জাহান আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	০৭-০৩-২০২২
১১.	মুহাম্মদ মঈনুল হাসনাত সহকারী অধ্যাপক, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ	কানাডা	শিক্ষাছুটি	১১-১০-২০২১
১২.	মোঃ ফয়সাল জামাল সহযোগী অধ্যাপক, দর্শন বিভাগ	যুক্তরাস্ট্র	শিক্ষা/ বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	১৯-০৬-২০২২
১৩.	বিপ্লব কুমার হালদার সহকারী অধ্যাপক, দর্শন বিভাগ	কানাডা	শিক্ষা/ বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	৩০-১১-২০২১
১৪.	ঊর্মিলা পালিত সহযোগী অধ্যাপক, নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ	কানাডা	শিক্ষা/ বিনাবেতনে এক্সট্রাঅর্ডিনারী ছুটি	১৭-০৫-২০২২
১৫.	অধ্যাপক সত্য রঞ্জন সরকার বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ	জাপান	শিক্ষাছুটি	২৫-১০-২০২১
১৬.	মোঃ সাখাওয়াত হোসেন সহকারী অধ্যাপক, পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগ	হংকং	শিক্ষাছুটি	০৮-০৯-২০২১
১৭.	মোঃ আতিকুর রহমান, সহকারী অধ্যাপক, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস	যুক্তরাজ্য	শিক্ষাছুটি	০২-০৯-২০২১
১৮.	মোঃ আসাদুল্লাহ সহকারী অধ্যাপক, মানেজমেন্ট স্টাডিজ বিভাগ	জাপান	শিক্ষাছুটি	০৭-১০-২০২১

স্যাবাটিক্যাল/ডেপুটেশন/বিনা বেতনে লিয়েন ছুটিতে অবস্থানরত শিক্ষকবৃন্দের নামের তালিকা (জুন ২০২২ পর্যন্ত)

ক্র.নং	শিক্ষকের নাম, পদবী ও বিভাগ	দেশের নাম	ছুটির প্রকৃতি	ছুটি গ্রহণের তারিখ	ছুটি শেষ হওয়ার তারিখ	মন্তব্য
১.	অধ্যাপক মোঃ নূরুল আলম পদার্থবিজ্ঞান বিভাগ	বাংলাদেশ	ডেপুটেশন	০৩-০৩-২২	০২-০৩-২২	চাকরির জন্য
২.	অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক ভূগোল ও পরিবেশ বিভাগ	বাংলাদেশ	ডেপুটেশন	১০-০৭-১৭	০৯-০৭-২১	ঐ
৩.	অধ্যাপক রাশেদা আখতার নৃবিজ্ঞান বিভাগ	বাংলাদেশ	ডেপুটেশন	১১-০৮-২১	১০-০৮-২৫	ঐ
৪.	অধ্যাপক আকতার মাহমুদ নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	বাংলাদেশ	লিয়েন	০১-০১-২২২	৩০-০৯-২২	ঐ
৫.	অধ্যাপক মোঃ শরিফ উদ্দিন গণিত বিভাগ	সৌদি আরব	লিয়েন	০৯-০৩-২০	৩০-০৬-২২৩	ঐ
৬.	অধ্যাপক মোহাম্মদ নাজমুল হক পরিসংখ্যান বিভাগ	বাংলাদেশ	লিয়েন	০১-০৪-২১	০১-০৯-২২	ঐ

ক্র.নং	শিক্ষকের নাম, পদবী ও বিভাগ	দেশের নাম	ছুটির প্রকৃতি	ছুটি গ্রহণের তারিখ	ছুটি শেষ হওয়ার তারিখ	মন্তব্য
৭.	অধ্যাপক এস. এম. মাহবুবুল আমীন ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ	অস্ট্রেলিয়া	লিয়েন	১২-০৪-২২	১১-০৪-২৩	ঐ

২০২১-২০২২ শিক্ষাবর্ষে এলপিআর-এ গমনকারী শিক্ষকগণের তালিকা

১. অধ্যাপক মোঃ আনিসুর রহমান, অর্থনীতি বিভাগ
২. অধ্যাপক মোহাঃ শামসুল আলম, ভূগোল ও পরিবেশ বিভাগ
৩. অধ্যাপক মুহম্মদ হানিফ আলী, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ
৪. অধ্যাপক আবদুল জব্বার হাওলাদার, প্রাণিবিদ্যা বিভাগ
৫. অধ্যাপক আব্দুল্লাহেল বাকী, প্রাণিবিদ্যা বিভাগ
৬. অধ্যাপক সাদিয়া আহমেদ, প্রাণিবিদ্যা বিভাগ
৭. অধ্যাপক এ. কে. এম. আবুল কালাম, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ
৮. অধ্যাপক তাহমিনা আফরোজ, প্রাণিবিদ্যা বিভাগ

২০২০-২০২১ শিক্ষাবর্ষে অবসর গ্রহণকারী শিক্ষকগণের তালিকা

১. অধ্যাপক মোঃ আবুল কাসেম, পদার্থবিজ্ঞান বিভাগ
২. অধ্যাপক আল-মাসুদ হাসান উজ্জামান, সরকার ও রাজনীতি বিভাগ
৩. অধ্যাপক রওশন জাহান, পরিসংখ্যান বিভাগ
৪. অধ্যাপক মোঃ ইলিয়াস মোল্লা, রসায়ন বিভাগ
৫. অধ্যাপক মোঃ আব্দুল মান্নান চৌধুরী, পদার্থবিজ্ঞান বিভাগ
৬. অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, ভূগোল ও পরিবেশ বিভাগ
৭. অধ্যাপক মোঃ নূরুল আলম, পদার্থবিজ্ঞান বিভাগ

২০২১-২০২২ শিক্ষাবর্ষে পদত্যাগকারী শিক্ষকগণের তালিকা

১. ড. মোঃ তরিকুল ইসলাম, সহযোগী অধ্যাপক, ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ
২. জনাব মুহাম্মদ মঈনুল হাসনাত, সহকারী অধ্যাপক, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ

কাউন্সিল শাখা

প্রশাসনিক কার্যক্রম

রেজিস্ট্রারের সার্বিক নিয়ন্ত্রণে একজন ডেপুটি রেজিস্ট্রারের তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা, স্বাভাবিকভাবে উদ্ভুত সমস্যাদি নিরসনকল্পে বিশ্লেষণ ও সিদ্ধান্ত গ্রহণের জন্য অধ্যাদেশ অনুযায়ী বিভিন্ন বডির নিয়মিত/জরুরি/বিশেষ সভা কাউন্সিল শাখার মাধ্যমে অনুষ্ঠিত হয়। এই শাখার দায়িত্বে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে সিনেটের ৩৯তম বার্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া সিন্ডিকেটের ০১টি নিয়মিত, ১০টি বিশেষ ও ০২টি জরুরি সভা; অর্থ কমিটির ০১টি নিয়মিত ও ০৮টি বিশেষ সভা; শিক্ষা পর্ষদের ০২টি বিশেষ ও ০১টি জরুরি সভা এবং বোর্ড অব অ্যাডভান্সড স্টাডিজের ০২টি বিশেষ সভা অনুষ্ঠিত হয়। উল্লিখিত সভাসমূহ সুষ্ঠুভাবে সম্পন্ন করার সকল কার্যাদি, অর্থাৎ সভার বিজ্ঞপ্তি, আলোচ্যসূচি, কর্মপত্র, কার্যবিবরণী লেখা ও অনুমোদন করানো, প্রচার, সংরক্ষণ এবং প্রয়োজনীয় উদ্ধৃতাংশ সংশ্লিষ্ট অফিসে পাঠানোর দায়িত্ব কাউন্সিল শাখা পালন করে। সিনেট সভার ধারা বিবরণী রেকর্ড করা, ডিটেপিং করা এবং ভার্বেটিম রিপোর্ট লেখা, মুদ্রণ ও প্রচার এই শাখা হতে করা হয়।

নিরাপত্তা শাখা

প্রশাসনিক কার্যক্রম

রেজিস্ট্রার মহোদয়ের সার্বিক তত্ত্বাবধানে এবং ডেপুটি রেজিস্ট্রার-১ (নিরাপত্তা) এর নিয়ন্ত্রণে ১ জন ডেপুটি রেজিস্ট্রার-২ (নিরাপত্তা), ১ জন সহকারী রেজিস্ট্রার (নিরাপত্তা), ২ জন নিরাপত্তা কর্মকর্তা, ২ জন প্রশাসনিক কর্মকর্তা, ১ জন হিসাব সহকারী ও ১ জন সিনিয়র সর্টার গ্রেড-১ এর সহযোগিতায় এ শাখার যাবতীয় কার্যক্রম পরিচালিত হয়।

নিরাপত্তামূলক কার্যক্রম

আংশিক সীমানা প্রাচীর বিহীন এ বিশ্ববিদ্যালয়ের বিস্তীর্ণ অঞ্চলকে সর্বমোট ৫৭টি পয়েন্টে সুবিন্যস্ত করে দিবা-নিশি সার্বক্ষণিকভাবে ৩ শিফটে এ শাখার দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে পরিচালিত হয়। ডেপুটি রেজিস্ট্রার-১ (নিরাপত্তা)-এর তত্ত্বাবধানে ১জন ডেপুটি রেজিস্ট্রার-২ (নিরাপত্তা), ১ জন সহকারী রেজিস্ট্রার (নিরাপত্তা), ২ জন নিরাপত্তা কর্মকর্তা, ১ জন পরিদর্শক ও ২ জন সহকারী পরিদর্শকের সহযোগিতায় প্রতি পয়েন্টে দায়িত্ব বণ্টন এবং কর্মরত গার্ডের দায়িত্ব পালন যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে কিনা তা সরেজমিনে পরিদর্শন ও আনুষঙ্গিক নিরাপত্তামূলক কার্যক্রম সমাধা করেন।

প্রাসঙ্গিক তথ্য

১। সিনিয়র গার্ড গ্রেড-১ জনাব মোঃ আঃ কুদ্দুস গত ২৯-০৬-২০২২ তারিখে অবসর প্রস্তুতিমূলক (এলপিআর) ছুটিতে গেছেন।

২। এ শাখার প্রত্যক্ষ নিয়ন্ত্রণে ১টি খোয়াড় পরিচালিত হয়। খোয়াড় হতে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে কোন টাকা আয় হয়নি।

টেলিফোন শাখা

রেজিস্ট্রার অফিসের টেলিফোন শাখা বিশ্ববিদ্যালয়ের টেলিফোন সংক্রান্ত জরুরি সেবা প্রদানকারী একটি শাখা। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক, প্রশাসনিক ও সকল প্রকার কর্মকাণ্ডকে সচল রাখার ক্ষেত্রে এ শাখার গুরুত্ব অপরিসীম। রেজিস্ট্রারের তত্ত্বাবধানে টেলিফোন শাখার সকল কার্যক্রম পরিচালিত হয়।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/অফিস এবং শিক্ষক/কর্মকর্তাবৃন্দের অফিস/বাসায় টেলিফোন সংযোগ স্থাপন, স্থানান্তর এবং টেলিফোন মেরামতের কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদন করা এই শাখার অন্যতম কাজ। বিশ্ববিদ্যালয়ের PABX-এর মাসিক বিল BTCL-কে পরিশোধ, ভিসি, প্রো-ভিসি, ট্রেজারার, রেজিস্ট্রার, কম্পট্রোলার, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), পরীক্ষা নিয়ন্ত্রক, প্রধান মেডিক্যাল অফিসার তথা VIP কর্মকর্তাগণের অফিস ও বাসায় স্থাপিত সরাসরি টেলিফোনের মাসিক বিল এবং তাঁদের ব্যবহৃত মোবাইল ফোনের মাসিক বিল পরিশোধ সংক্রান্ত কাজ এই শাখার মাধ্যমে সম্পাদন করা হয়। তাছাড়া বিশ্ববিদ্যালয়ের টেলিফোন নীতিমালা এবং প্রাপ্যতার বিধি অনুযায়ী শিক্ষক/কর্মকর্তা/ অফিস প্রধানগণের অফিস/বাসায় টেলিফোন লাইন সংযোগ/বিচ্ছিন্নের কাজ এই শাখার মাধ্যমে সম্পাদিত হয়। বিশ্ববিদ্যালয়ের টেলিফোন নীতিমালা অনুযায়ী সকল পিএবিএক্স গ্রাহকের অফিস এবং বাসার মোবাইল, আই এস ডি/ই আই এস ডি কলের বিল কর্তনের মাধ্যমে আদায় করা হয়। বিশ্ববিদ্যালয়ে মোবাইল কোম্পানীর বিটিএস স্থাপন এবং ভাড়া আদায়, বিশমাইলে বিটিসিএল-এর স্থাপিত টেলিফোন এক্সচেঞ্জের ভাড়া আদায়সহ টেলিফোন সংক্রান্ত যাবতীয় প্রশাসনিক ও কারিগরি কার্যক্রম এই শাখার মাধ্যমে পরিচালিত হয়।

এস্টেট শাখা

প্রশাসনিক কার্যক্রম

রেজিস্ট্রার মহোদয়ের সরাসরি তত্ত্বাবধানে এবং ডেপুটি রেজিস্ট্রার- ১ (এস্টেট)-এর মাধ্যমে এই শাখা কর্তৃক নিম্নেবর্ণিত কার্যাবলি সম্পাদন করা হয়ে থাকে :

আবাসিক/অনাবাসিক ভবন বন্টন/রক্ষণাবেক্ষণ

এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের জন্য মোট ৫২০ টি বাসভবনের বরাদ্দ ও তত্ত্বাবধান এ শাখা হতে করা হয়ে থাকে।

ভূমি সম্পত্তি

এ বিশ্ববিদ্যালয়ে মোট ৬৯৭.৫৬ একর ভূমি, দোকান পরিচালনা, দেখাশুনা ও অন্যান্য সম্পদ পাহারার (গাছপালা, জলাশয়, ধানি জমি) দায়িত্ব পালন করে থাকে।

ক্যাম্পাসের সৌন্দর্য্যবর্ধন

এ বিশ্ববিদ্যালয়ের শুরু হতেই ক্যাম্পাসের নান্দনিক সৌন্দর্য্যবৃদ্ধির জন্য বিভিন্ন উম্মুক্ত জায়গায় ও অফিস প্রাঙ্গণে এ শাখা হতে বিভিন্ন ল্যান্ডস্কেপসহ বাগান তৈরির কাজ করা হয়। এ জন্য উপাচার্য বাসভবন, প্রো-উপাচার্য (প্রশাসন/শিক্ষা) বাসভবন, বিভিন্ন বিভাগ এবং অফিসের সামনে মোট ১১ টি ফুলের বাগান তৈরিসহ রক্ষণাবেক্ষণ করা হয়ে থাকে। এ সকল বাগানে বছরে ২ বার মৌসুমী ফুলসহ বর্ষজীবি ও বহু বর্ষজীবি ফুলের চারা/কলম রোপণের মাধ্যমে সৌন্দর্য্যবর্ধন করা হয়।

পরিস্কার পরিচ্ছন্নতা

হলগুলো ছাড়া ক্যাম্পাসের সম্পূর্ণ এলাকায় সুইপারদের সহায়তায় পরিস্কার-পরিচ্ছন্নতা রাখার দায়িত্ব এ শাখা পালন করে থাকে। নিয়মিতভাবে সকল ভবনের ভিতর/বাইরে ঝাড়ু দেয়াসহ টয়লেট/বাথরুম ও বিভিন্ন এলাকার ড্রেন পরিস্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত যাবতীয় কাজের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। এছাড়া প্রতিদিন সকালে ক্যাম্পাসে পরিত্যক্ত কাগজ কুড়ানো ও ময়লা আবর্জনা পরিস্কারের ব্যবস্থা করা হয়ে থাকে।

বিভিন্ন জাতীয় দিবস ও কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত সকল কর্মসূচিতে ভূমিকা

বিভিন্ন জাতীয় দিবসের কর্মসূচিতে মঞ্চসজ্জা ও ফুল সরবরাহ করে ফুলের ডালা তৈরি করার কাজ এই শাখার মাধ্যমে করা হয়ে থাকে। এছাড়া সমাবর্তন অনুষ্ঠান ও বিশ্ববিদ্যালয় দিবসসহ কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত সকল অনুষ্ঠানের সৌন্দর্য্যবর্ধন ও পরিস্কার পরিচ্ছন্নতার কাজও এস্টেট শাখা করে থাকে।

অভ্যন্তরীণ সম্পদ ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও মাননীয় ট্রেজারার-এর সুদক্ষ নেতৃত্বে এবং সরাসরি তত্ত্বাবধানে এ শাখা কর্তৃক নিম্নেবর্ণিত কার্যাবলী সম্পাদন করা হয়ে থাকে :

ভূমির ব্যবহার সংক্রান্ত

অভ্যন্তরীণ সম্পদ ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত এবং অভ্যন্তরীণ সম্পদ ব্যবস্থাপনা কমিটির সভাপতি মাননীয় ট্রেজারারের দিক নির্দেশনায় ২০২১-২০২২ অর্থ বছরে ৪টি নার্সারি লীজ দেয়া হয়, যা থেকে ১,৬৫,০০০/- টাকা আয় হয়েছে।

জলাশয় সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণ

জলাশয় নীতিমালা কমিটি এবং অভ্যন্তরীণ সম্পদ ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক মাননীয় ট্রেজারারের তত্ত্বাবধানে জীববৈচিত্র সংরক্ষণ ও প্রজননের স্বার্থে, অতিথি পাখির অবাধ বিচরণ অক্ষুণ্ন রাখতে এবং পাড় ভাঙ্গন রোধকল্পে ৭ টি জলাশয় লীজমুক্ত রাখা হয়েছে। এছাড়া ছোট-বড় ১৬টি জলাশয় লীজ দেয়া হতে ২০২১-২০২২ অর্থ বছরে ৭,৮৩,৩৩৩.৩৪ টাকা আয় হয়েছে।

বৃক্ষ সংক্রান্ত বিবরণ

২০২১-২০২২ সনে মাননীয় উপাচার্যের আগ্রহে মাননীয় ট্রেজারারের সহযোগিতায় বৃক্ষ রোপণ কমিটির মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে চলতি বৃক্ষরোপণ মৌসুমে বিভিন্ন জাতের (ফলজ, বনজ, ঔষধি ও সৌন্দর্য্য বর্ধক) প্রায় ২০০ টি বৃক্ষের চারা রোপণ করা হয়। এ নিয়ে এ পর্যন্ত মোট প্রায় ১,৫৬,২০০টি বিভিন্ন জাতের ফলজ, বনজ, ঔষধি ও সৌন্দর্য্যবর্ধক বৃক্ষের চারা রোপণ করা হয়েছে। বিভিন্ন বিভাগ/অফিসের আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দালান-কোঠা সংরক্ষণে, রাস্তা-ঘাট নির্মাণ কাজে মৃত/অর্ধমৃত, পরিপক্ব এবং ঝড়ে পড়া গাছ বিক্রি বাবদ মোট ৩৫,৯০০/- টাকা আয় হয়েছে।

দোকান সংক্রান্ত বিবরণ

অভ্যন্তরীণ সম্পদ ব্যবস্থাপনা কমিটির সুপারিশ/প্রশাসনিক অনুমোদনক্রমে শিক্ষার্থী/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনে ক্যাম্পাসের বিভিন্ন গেটে/স্থানে ভিটি দোকান বরাদ্দ দেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত বিজ্ঞপ্তি অনুযায়ী বর্ধিত হারে ভিটি ভাড়া ও টং দোকান ভাড়া বাবদ ২০২১-২০২২ অর্থবছরে আয় হয়েছে ৩১,৪৮,৩৯৪/- টাকা।

প্রাসঙ্গিক তথ্য

এছাড়া বৃক্ষরোপণ কর্মসূচি, মৎস্য সপ্তাহ উদ্‌যাপন এবং ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা চলাকালিন সময়ে বিশ্ববিদ্যালয় পরিষ্কার-পরিচ্ছন্নতা, শিক্ষার্থী এবং অভিভাবকের সুবিধার্থে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বরাদ্দকৃত দোকান পরিচালনার কাজ এ শাখার মাধ্যমে করা হয়ে থাকে। ২০২১-২০২২ অর্থ বছরে এসব অস্থায়ী দোকান হতে ১,২৯,৫০০/- টাকা আয় হয়েছে।

নতুন প্রশাসনিক ভবন

শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র

অফিস প্রধান : **অধ্যাপক সৈয়দা ফাহ্‌লিজা বেগম**, পিএইচডি
পরিচালক

অতিরিক্ত পরিচালক : অধ্যাপক মুহাম্মদ ছায়েদুর রহমান, পিএইচডি

কর্মকর্তাবৃন্দ

১. ফাহমিদা মল্লিক, উপ-পরিচালক (কালচারাল)
২. ইফরাত জাহান, উপ-পরিচালক (মনোবিজ্ঞান)
৩. শুভাশীষ কুমার চ্যাটার্জী, উপ-পরিচালক (মনোবিজ্ঞান)
৪. মোহাম্মদ আলী হোসেন, উপ-পরিচালক
৫. তাসলিমা খন্দকার, সহকারী পরিচালক (ক্যারিয়ার গাইডেন্স)
৬. রিফাত জেরিন, সহকারী পরিচালক (কাউন্সিলিং)

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	০১ জন
চতুর্থ শ্রেণি	:	০১ জন

প্রশাসনিক কার্যক্রম

শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র শিক্ষার্থীদের কল্যাণে দীর্ঘদিন যাবৎ বহুমুখী কার্য সম্পাদনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০২১-২০২২ শিক্ষাবর্ষেও এ কেন্দ্র বিভিন্ন কর্ম সম্পাদন করেছে এবং বেশকিছু কাজ প্রক্রিয়াধীন আছে। নিম্নে এর একটি সংক্ষিপ্ত বিবরণী তুলে ধরা হলো :

১. সমাপনী অনুষ্ঠানের কার্যক্রম সম্পাদন;
২. কাউন্সেলিং ও সাইকোথেরাপি;
৩. সাংস্কৃতিক কার্যক্রম;
৪. শিক্ষার্থীদের গৃহ-শিক্ষকতার সুযোগ সৃষ্টি;
৫. আন্তর্জাতিক নারী দিবস পালন;
৬. শেখ হাসিনা যুব উন্নয়ন কেন্দ্রে কর্মশালায় শিক্ষার্থী প্রেরণ;
৭. স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন;
৮. শিক্ষার্থী কল্যাণ সমায়িকী প্রকাশ।

১. **সমাপনী অনুষ্ঠানের কার্যক্রম সম্পাদন :** এ কেন্দ্রের প্রধানতম কাজ হলো সমাপনী অনুষ্ঠানে প্রশাসনকে সর্বাত্মক সহায়তা করা। এরই ধারাবাহিকতায় ২০২১-২০২২ শিক্ষাবর্ষে গত ১২-০৩-২০২২ তারিখে ৪২তম ব্যাচের শিক্ষার্থীদের সমাপনী অনুষ্ঠানের প্রীতিভোজের আয়োজন করা হয়।

২. **কাউন্সিলিং ও সাইকোথেরাপী :** এই কেন্দ্রের অন্যতম প্রধান ও নিয়মিত কাজ হলো বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পাশাপাশি তাদের পরিবারের সদস্যদের কাউন্সেলিং ও সাইকোথেরাপীর মাধ্যমে মানসিক স্বাস্থ্যসেবা প্রদান করা। করোনা অতিমারি শুরু হবার পর মানসিক স্বাস্থ্যসেবা অনলাইনে প্রদান করা হচ্ছে। বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উপলক্ষ্যে ১০ অক্টোবর, ২০২১ শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মানসিক স্বাস্থ্য সচেনতার বিষয়ে সারাদিন ব্যাপী বিভিন্ন কর্মসূচি পালিত হয়। এই কর্মসূচির মধ্যে ছিল মানসিক স্বাস্থ্য বিষয়ক মুক্ত আলোচনা, ব্যানার, পোস্টারিং ও বিষয় ভিত্তিক মতবিনিময় সভা। শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্রের সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটে মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন মোটিভেশনাল ক্লাশ ও কর্মশালার আয়োজন চলমান রয়েছে। ইতোপূর্বে এই কর্মসূচীর ধারবাহিকতায় উদ্ভিদবিজ্ঞান বিভাগ, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ, ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ, ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি ও বিশ্ববিদ্যালয়ের একটি স্বেচ্ছাসেবী ছাত্র সংগঠনকে নিয়ে মানসিক স্বাস্থ্য বিষয়ক কর্মশালা আয়োজন করা হয়েছে।

৩. **সাংস্কৃতিক কার্যক্রম :** মহান বিজয় দিবস ১৬ ডিসেম্বর ২০২১ উপলক্ষে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মহুয়া তলায় এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ১২ জানুয়ারি, ২০২২ তারিখে বিশ্ববিদ্যালয় দিবসে

শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র ও ছাত্র-শিক্ষক কেন্দ্র যৌথ উদ্যোগে ভার্চুয়াল সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শিক্ষা মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পত্রের পরিপ্রেক্ষিতে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে ২৬ মার্চ ২০২২ তারিখে বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলা নববর্ষ ১৪২৯ উপলক্ষে জহির রায়হান মিলনায়তনে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

৪. **শিক্ষার্থীদের গৃহ-শিক্ষকতার সুযোগ সৃষ্টি :** বিশ্ববিদ্যালয়ের অনেক শিক্ষার্থী আর্থিক সংকট মেটাতে গৃহ-শিক্ষক হিসেবে দায়িত্ব পালনে আগ্রহী। গৃহ-শিক্ষকের চাহিদার একটি তালিকা প্রস্তুত করে সেই তালিকার ভিত্তিতে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হয়।

৫. **আন্তর্জাতিক নারী দিবস পালন :** শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র ৮ মার্চ ২০২১ তারিখে আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপনের অংশ হিসেবে এক র‍্যালির আয়োজন করে। র‍্যালি শেষে বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে আলোচনা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

৬. **শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন কেন্দ্রে কর্মশালায় শিক্ষার্থী প্রেরণ :** শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র গত ২৬-১২-২০২১ তারিখে 'যুব বিনিময় ২০২১' কর্মসূচিতে ৫ দিনের কর্মশালায় ৩ জন ছাত্র ও ৩ জন ছাত্রীকে প্রেরণ করে।

৭. **স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন :** বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শিক্ষা মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পত্রের পরিপ্রেক্ষিতে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের (জীবনী ভিত্তিক) উপর রচনা প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র সফলভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে।

৮. **শিক্ষার্থী কল্যাণ সাময়িকী প্রকাশ :** 'শিক্ষার্থী কল্যাণ সাময়িকী- ২০২১' প্রকাশের কার্যক্রম প্রক্রিয়াধীন।

শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শ দান কেন্দ্রের কেন্দ্রের সাংস্কৃতিক অনুষ্ঠানের একটি দৃশ্য

আবাসিক হলসমূহ
আল-বেরুনী হল

অফিস প্রধান	:	**মোঃ আশরাফুল আলম** প্রভোস্ট (ভারপ্রাপ্ত)
আবাসিক শিক্ষক	:	মিরাজ রহমান খান মহিবুর রৌফ মোঃ রাকিবুল হাসান (১৬-০৫-২০২২ হতে) মোঃ আল-মামুন (২৩-০৫-২০২২ হতে) মেহেদী হাসান (২৩-০৫-২০২২ হতে)
সহকারী আবাসিক শিক্ষক	:	অনুপ মজুমদার শহিদুল ইসলাম

কর্মকর্তাবৃন্দ

১. মোহাম্মদ হোসেন, প্রশাসনিক অফিসার

২. শরীফুল ইসলাম, প্রশাসনিক অফিসার

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	২৬ জন
চতুর্থ শ্রেণি	:	২০ জন

প্রশাসনিক কার্যক্রম

আলোচ্য শিক্ষাবর্ষে হলের পক্ষ থেকে ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মৃত্যুবার্ষিকী উপলক্ষে জাতীয় শোক দিবস, ১৬ ডিসেম্বর বিজয় দিবস, ২১ ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং ২৬ মার্চ স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদার সঙ্গে উদ্‌যাপন করা হয়। বিজয় দিবস এবং স্বাধীনতা দিবস উপলক্ষে ডাইনিং হলে ছাত্রদের মধ্যে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়। এছাড়া উল্লিখিত দিবসগুলোতে হল প্রশাসনের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারে ও জাতীয় স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

হলের সিট সংখ্যা : ২৫৬টি

নতুন ভর্তিকৃত শিক্ষার্থী সংখ্যা :

সাধারণ	:	৬৩ জন
মুক্তিযোদ্ধা	:	১০ জন
খেলোয়াড়	:	০১ জন
প্রতিবন্ধী	:	০২ জন
পোষ্য কোটা	:	০২ জন

ধর্মীয় অনুষ্ঠান

হলের মসজিদে শব-ই-বরাত, শব-ই-ক্বদর এবং ঈদ-ই-মিলাদুন্নবী (স.) যথাযোগ্য মর্যাদার সাথে পালিত হয়। শব-ই-বরাত এর রাতে বাদ এশা মিলাদ উপলক্ষে মুসল্লীদের জন্য তবারকের আয়োজন করা হয়।

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, ২০২১ অত্যন্ত উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। প্রতিযোগিতায় একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের ৩য় বর্ষের ছাত্র মোঃ সোহেল রানা এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ২য়

বর্ষের ছাত্র নূর মোহাম্মদ সমান ২০ পয়েন্ট পেয়ে যৌথভাবে চ্যাম্পিয়ন হয়। এছাড়াও বাংলা বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র মোঃ আরিফুল ইসলাম ১৩ পয়েন্ট পেয়ে রানার আপ হওয়ার গৌরব অর্জন করেন।

কর্মচারীদের অন্যান্য তথ্য

১। জনাব ইমরান সিকদার ২২-০৫-২০২২ তারিখে আপগ্রেডিং এর মাধ্যমে উচ্চমান সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে পদোন্নতি লাভ করেন।

২। জনাব মোঃ আরিফ মাহমুদ ২২-০৫-২০২২ তারিখে আপগ্রেডিং এর মাধ্যমে সিনিয়র মেস স্টুয়ার্ড গ্রেড-২ পদে পদোন্নতি লাভ করেন।

৩। জনাব মোঃ আলম খান ২২-০৫-২০২২ তারিখে আপগ্রেডিং এর মাধ্যমে সিনিয়র গার্ড গ্রেড-১ পদে পদোন্নতি লাভ করেন।

৪। জনাব রাজু আহম্মেদ ২২-০৫-২০২২ তারিখে আপগ্রেডিং এর মাধ্যমে সিনিয়র গার্ড গ্রেড-১ পদে পদোন্নতি লাভ করেন।

৫। শ্রী প্রদীপ কুমার ১৯-০৫-২০২২ তারিখে আপগ্রেডিং এর মাধ্যমে সিনিয়র সুইপার গ্রেড-২ পদে পদোন্নতি লাভ করেন।

৬। জনাব মোঃ খোরশেদ আলম ১৮-০৫-২০২২ তারিখে আপগ্রেডিং এর মাধ্যমে গার্ড গ্রেড-১ পদে পদোন্নতি লাভ করেন।

৭। শ্রী সজল বাবু ১৮-০৫-২০২২ তারিখে আপগ্রেডিং এর মাধ্যমে সুইপার গ্রেড-১ পদে পদোন্নতি লাভ করেন।

আল-বেরুনী হল নগর বিশ্ববিদ্যালয়ের সূচনা লগ্ন থেকে এ হলটির ঐতিহ্য

মীর মশাররফ হোসেন হল

অফিস প্রধান	:	**অধ্যাপক মোঃ ওবায়দুর রহমান**, পিএইচডি প্রভোস্ট
ওয়ার্ডেন	:	মোঃ সাব্বির আলম, পিএইচডি
আবাসিক শিক্ষক	:	মোঃ বদরুল আলম মোঃ বশিরুজ্জামান খোকন মোঃ মোস্তাফিজুর রহমান, পিএইচডি মোঃ মাহবুবুর রহমান ভুইয়া মোঃ মিজানুর রহমান সরকার, পিএইচডি
সহকারী আবাসিক শিক্ষক	:	মোঃ শামীম হোসেন খন্দকার মোঃ ইউশা-বিন-হাফিজ

কর্মকর্তাবৃন্দ

১. শামসুল আলম, ডেপুটি রেজিস্ট্রার

২. মোঃ জহিরুল ইসলাম খান, প্রশাসনিক অফিসার (হিসাব)

৩. মোঃ লিয়াকত হোসেন, প্রশাসনিক অফিসার

৪. মোঃ আবু সাঈদ, পেশ ইমাম গ্রেড-১

৫. আসাদুজ্জামান, প্রশাসনিক অফিসার

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	৩৩ জন
চতুর্থ শ্রেণি	:	১৮ জন
ডাইনিং কর্মচারী	:	০৪ জন (অস্থায়ী)

হলে আবাসিক শিক্ষার্থী সংখ্যা

আসন সংখ্যা	:	৭০৬ টি
অবস্থানরত ছাত্র	:	১৩০০ জন (এমফিল ও পিএইচডি ছাত্রসহ)

প্রশাসনিক কার্যক্রম

মীর মশাররফ হোসেন হলের প্রাধ্যক্ষ দক্ষ ব্যবস্থাপনা, আন্তরিক প্রচেষ্টা ও সার্বিক সহযোগিতায় এবং আবাসিক ছাত্রদের সাথে যোগাযোগের মাধ্যমে অত্যন্ত দক্ষতার সাথে প্রশাসনিক কার্যক্রম সম্পন্ন করেছেন। হলের প্রশাসনিক ও আবাসিক বিভিন্ন সমস্যা সমাধান ও উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করেছেন। প্রাধ্যক্ষের তত্ত্বাবধানে মহান স্বাধীনতা দিবস, বিজয় দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও ১৫ আগস্ট জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপন করা হয়। এছাড়াও হলের বার্ষিক ক্রীড়া ও অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা ইত্যাদি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হয়।

বর্তমানে এ হলে স্নাতক (সম্মান) শ্রেণির ৬টি শিক্ষাবর্ষের, স্নাতকোত্তর, এমফিল ও পিএইচডিসহ মোট ছাত্রসংখ্যা ১৩০০ জন বসবাস করছে। হল প্রাধ্যক্ষের সার্বিক তত্ত্বাবধানে সংশ্লিষ্ট ওয়ার্ডেন/আবাসিক/সহকারি আবাসিক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অক্লান্ত প্রচেষ্টায় প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হয়।

ধর্মীয় কার্যক্রম

পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী, শব-ই-বরাত, শব-ই-ক্বদর এবং ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে হল মসজিদে সামাজিক দূরত্ব বজায় রেখে দোয়া ও মিলাদের আয়োজন করা হয়।

প্রাসঙ্গিক তথ্য

অধিকতর উন্নয়ন প্রকল্পে মীর মশাররফ হোসেন হলে নিম্নোক্ত কাজগুলো করানো হয় :

১। এ ও বি-ব্লকে ৮৪টি টয়লেট ও গোসলখানা সম্পুর্ণরূপে টাইলস্, জানালার গ্রিল ও দরজা মেরামত করানো হয়েছে;
২। ছাত্র কক্ষের গ্রীল, লকার, দরজা তৈরি ও মেরামত করা হয়েছে;
৩। ছাত্রদের জন্য চেয়ার, টেবিল ও খাট তৈরি করা হয়েছে;
৪। এ ও বি-ব্লকে নতুন বেসিন, আয়না ও অন্যান্য সরঞ্জাম লাগানো হয়েছে;
৫। মসজিদে এসি লাগানো হয়েছে;
৬। কমনরুম ও মসজিদের ছাদ মেরামত করা হয়েছে;
৭। M D B S D B বোর্ডসহ নতুন সুইচ লাগানো হয়েছে;
৮। নতুন করে বৈদ্যুতিক তারসহ খুঁটি স্থাপন করা হয়েছে।

কেভিড-১৯ চলাকালীন সময়ে হলের ভিতর ও বাহিরে হলের সংশ্লিষ্ট কর্মচারী দ্বারা সামাজিক দূরত্ব বজায় রেখে হল পরিস্কার-পরিচ্ছন্ন রাখা হয়।

মীর মশাররফ হোসেন হলটি ছাত্রসংখ্যা ও আয়তনের দিক দিয়ে বিশ্ববিদ্যালয়ের অন্যতম বৃহত্তম হল। হলটির গঠন প্রণালী, আকার ও আকৃতি এ যেন স্থাপত্য শিল্পের এক অনন্য নিদর্শন। প্রজাপতির আকৃতিতে হলটি 'এ' ও 'বি'-ব্লকে দুই ভাগে বিভক্ত। হলের ভিতরে ত্রিভূজ আকারের দুটি বাগান আছে। হল অফিস ভবনটির সামনে মনোরম ফুলের বাগানসহ পার্শ্ববর্তী এলাকা খুবই মনোমুগ্ধকর। পুরাতন আবাসিক হল ও সম্পদের স্বল্পতা সত্ত্বেও প্রশাসনিক দক্ষতা ও সংশ্লিষ্ট সকল ওয়ার্ডেন, আবাসিক/সহকারী আবাসিক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সার্বিক সহযোগিতা, সৌহার্দ্য ও আন্তরিকতায় হলটি সুষ্ঠুভাবে পরিচালিত হয়।

মীর মশাররফ হোসেন হল (ড্রোন ছবি, সৌজন্য - IRS)

নওয়াব ফয়জুন্নেসা হল

অফিস প্রধান	:	**অধ্যাপক নাহিদ হক**, পিএইচডি প্রভোস্ট (ভারপ্রাপ্ত)
ওয়ার্ডেন	:	সুলতানা আক্তার, পিএইচডি (০৭-১০-২০২১ তারিখ হতে) মোঃ হাবিবুর রহমান (১০-১০-২০২১ তারিখ হতে)
আবাসিক শিক্ষক	:	আসমা আহমেদ
সহকারী আবাসিক শিক্ষক	:	মোঃ কামরুল হক, পিএইচডি রাশেদা খাতুন (২১-১০-২০২১ তারিখ হতে) তৃপ্তি সরকার, পিএইচডি (২৩-০৫-২০২২ তারিখ হতে) জামশেদা ফেরদৌস তুলি (১৫-০৬-২০২২ তারিখ হতে)

কর্মকর্তাবৃন্দ

১. মোঃ ইয়ার হোসেন, ডেপুটি রেজিস্ট্রার
২. আমিনা লায়লা কাউকাব, সহকারী রেজিস্ট্রার
৩. মোঃ জয়নাল আবেদীন, প্রশাসনিক অফিসার (মেস)
৪. শাহনাজ আক্তার, হল সুপারিনটেনডেন্ট
৫. ইয়াসমিন আক্তার, প্রশাসনিক অফিসার
৬. নাদিয়া সুলতানা, হল সুপারিনটেনডেন্ট

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	১৭ জন
চতুর্থ শ্রেণি	:	২৪ জন
দৈনিক হাজিরা কর্মচারি	:	০৩ জন
ডাইনিং কর্মচারি	:	০৩ জন (অস্থায়ী)

হলের আসন সংখ্যা : ৩৪০; তন্মধ্যে ১০টি ৪ আসন বিশিষ্ট এবং অবশিষ্ট ২ আসন বিশিষ্ট। এছাড়াও ৪টি গণরুম, ১টি গণরুম/কমনরুম এবং ১টি নামাজ রুম/রিডিং রুম আছে।

প্রশাসনিক কার্যক্রম

২০২১-২০২২ শিক্ষাবছরে হল প্রভোস্টের সার্বিক তত্ত্বাবধানে হলের ওয়ার্ডেন, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সহযোগিতায় হলের প্রশাসনিক কার্যক্রম পরিচালিত হয়। এ বছর হল প্রশাসন সর্বমোট ১২টি সভায় মিলিত হয়ে হলের বিভিন্ন সমস্যা পর্যালোচনা ও সমাধান এবং উন্নয়নসহ বিভিন্ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করেছে। এবছর হলের ডাইনিং হল, প্রভোস্টের অফিস কক্ষ, গেস্টরুমের টাইলস ও মেরামত/সংস্কার কাজ করা হয়। প্রধান ফটকে ডিজিটাল নামফলক লাগানো হয়েছে। প্রধান ফটক সংলগ্ন ১টি গার্ড শেড নির্মাণ করা হয়েছে। এছাড়াও মূলভবন ও বর্ধিত ভবনের মেরামত ও চুনকাম করা হয়েছে। হলের গণরুম ও ডাইনিং রুমের জন্য ১৫টি সিলিং ফ্যান লাগানো হয়েছে এবং হলের পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা হয়েছে। হলের বাথরুম ও টয়লেটের মেরামত সংস্কার কাজ করা হয়েছে। মেয়েদের আলাদা করে স্বল্প পরিসরে নামাজঘরের ব্যবস্থা করা হয়েছে। গণরুমসহ বেশকিছু রুমের মেরামত কাজ সম্পন্ন হয়েছে।

আলোচ্য বছরে হলের পক্ষ থেকে ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম-শতবার্ষিকী, ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৬তম শাহাদৎ বার্ষিকী, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবসসহ বিভিন্ন ধর্মীয় পবিত্র দিবসগুলো যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যপূর্ণ পরিবেশে উদযাপন করা হয়েছে।

শহীদ সালাম-বরকত হল

অফিস প্রধান	:	অধ্যাপক আলী আজম তালুকদার, পিএইচডি প্রভোস্ট (১৫-০৫-২০২২ তারিখ পর্যন্ত) অধ্যাপক সুকল্যাণ কুমার কুন্ডু, পিএইচডি প্রভোস্ট (১৬-০৫-২০২২ তারিখ হতে)
ওয়ার্ডেন	:	উজ্জ্বল কুমার মণ্ডল (১০-০৩-২০২২ তারিখ পর্যন্ত) মোঃ মাহবুবুল মোর্শেদ, পিএইচডি (০৬-০৬-২০২২ তারিখ হতে) সুব্রত বণিক, পিএইচডি (০৬-০৬-২০২২ তারিখ হতে)
আবাসিক শিক্ষক	:	মোঃ মাহবুবুল মোর্শেদ, পিএইচডি (০৫-০৬-২০২২ তারিখ পর্যন্ত) এস এম এ মওদুদ আহমেদ মোঃ রনি হোসাইন (২৮-০৬-২০২২ তারিখ হতে)
সহকারী আবাসিক শিক্ষক	:	মোঃ রনি হোসাইন (২৭-০৬-২০২২ তারিখ পর্যন্ত) ইসতিয়াক রায়হান (১২-১২-২০২১ তারিখ হতে) নাদিম শরীফ (১২-১২-২০২১ তারিখ হতে)

কর্মকর্তাবৃন্দ

১. হাফেজ মাওলানা আব্দুল কাদের, সিনিয়র পেশ ইমাম গ্রেড-২

২. মোঃ নূরুল ইসলাম, সহকারী রেজিস্ট্রার

৩. মোঃ রেজাউল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা (মেস)

৪. মোঃ ইসমাইল হোসেন, প্রধান মুয়াজ্জিন-কাম-খাদেম

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	২৬ জন
চতুর্থ শ্রেণি	:	১৪ জন
ডাইনিং কর্মচারী	:	০৯ জন (অস্থায়ী)

প্রশাসনিক কার্যক্রম

প্রভোস্ট মহোদয়ের দক্ষ ব্যবস্থাপনা ও সার্বিক নিয়ন্ত্রণে ওয়ার্ডেন, আবাসিক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের আন্তরিক ও সক্রিয় প্রচেষ্টায় এবং ছাত্রদের সহযোগিতায় হলের প্রশাসনিক কার্যক্রম অত্যন্ত সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। এ বছরে,

১. ১৫-১২-২০২১ তারিখে মুজিব জন্ম শতবার্ষিকী স্মরণে আন্তঃহল ফুটবল প্রতিযোগিতা ২০২১ অনুষ্ঠিত হয়।

২. হলের 'এ' ও 'বি' ব্লকের ওয়াশরুমের ভিতর ও গোসলখানায় টিউবলাইট লাগানো হয়।

৩. হলের সৌন্দর্য বৃদ্ধির জন্য হলের বাহিরে ১০টি দোকান বরাদ্দ দেয়া হয়।

৪. জনাব বিশ্বজিৎ সরকার ৩০-১২-২০২১ তারিখে হিসাবরক্ষক পদে পদোন্নতি লাভ করেছেন।

৫. জনাব মোঃ ফরিদ উদ্দিন ৩০-১২-২০২১ তারিখে সিনিয়র সর্টার গ্রেড-৩ পদে পদোন্নতি লাভ করেছেন।

৬. ৩০-০৬-২০২২ তারিখে সিনিয়র সর্টার জনাব মোঃ ফরিদ উদ্দিন, সিনিয়র ক্লিনার জনাব মোঃ আলী হোসেন, সিনিয়র মালী জনাব মোঃ রফিকুল ইসলাম এবং সিনিয়র সুইপার শ্রী সুধীর লাল চাকরি হতে অবসর গ্রহণ করেছেন।

৭. ২৮-০৫-২০২২ তারিখে সিনিয়র ক্লিনার জনাব মোঃ নজরুল ইসলাম খান ইন্তেকাল করেছেন।

প্রাসঙ্গিক তথ্য

ক. ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষ্যে হল প্রশাসনের পক্ষ থেকে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

খ. ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে হল প্রশাসনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

গ. হলের সৌন্দর্য বৃদ্ধির জন্য হলের বাগানে বিভিন্ন জাতের ফুলের চারা রোপন করা হয়।

ঘ. ২৬ মার্চ মহান জাতীয় ও স্বাধীনতা দিবস উপলক্ষে হল প্রশাসনের পক্ষ থেকে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয় এবং ছাত্রদের উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।

ঙ. পবিত্র শব-ই-বরাত ও শব-ই-ক্বদর উপলক্ষে হল সংলগ্ন মসজিদে মিলাদ ও দোয়ার আয়োজন করা হয়।

চ. ১৯-০৫-২০২২ তারিখে হলের নবনিযুক্ত প্রাধ্যক্ষ অধ্যাডক ড. সুকল্যাণ কুমার কুন্ডুকে হলের কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষ থেকে ফুল দিয়ে বরণ নেয়া হয় এবং সাবেক প্রাধ্যক্ষ অধ্যাপক ড. আলী আজম তালুকদারকে ফুল দিয়ে বিদায় জানানো হয়।

ছ. ২২-০৫-২০২২ তারিখে ছাত্রদের সাথে হলের কমনরুমে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়।

জ. ১৪, ১৫, ১৬ ও ২০ মার্চ ২০২ তারিখে কেন্দ্রীয় খেলার মাঠে হিটের মাধ্যমে হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার খেলাসমূহ চূড়ান্ত করা হয়। যার ফলাফল নিম্নরূপ :

চ্যাম্পিয়ন : ১। জনাব ইলিয়াস বিন সামস, ইতিহাস বিভাগ (৪৫ ব্যাচ), স্নাতকোত্তর শ্রেণি
২। জনাব কায়সার আহমেদ, উদ্ভিদবিজ্ঞান বিভাগ (৪৫ ব্যাচ), স্নাতকোত্তর শ্রেণি

রানার আপ : ১। জনাব মোঃ রিয়াজুল ইসলাম রিয়াদ, দর্শন বিভাগ (৪৫ ব্যাচ), স্নাতকোত্তর শ্রেণি
২। জনাব মোঃ রাসেল মাহমুদ, পদার্থ বিজ্ঞান বিভাগ (৪৮ ব্যাচ), স্নাতক শ্রেণি।

বিশ্ববিদ্যালয়ের পুরনো হল গুলোর একটি হচ্ছে নওয়াব ফয়জুন্নেসা হল (ছবি: এএইচ)

আ ফ ম কামালউদ্দিন হল

অফিস প্রধান	:	**আ স ম ফিরোজ-উল-হাসান** প্রভোস্ট (ভারপ্রাপ্ত)
ওয়ার্ডেন	:	মোঃ মোজাম্মেল হোসেন (১৭-১০-২০২১ তারিখ হতে) মোঃ ইখতিয়ার উদ্দিন ভূঁইয়া (৩০-০১-২০২২ তারিখ হতে)
আবাসিক শিক্ষক	:	মোঃ মোজাম্মেল হোসেন (১৬-১০-২০২১ তারিখ পর্যন্ত) মোঃ ইখতিয়ার উদ্দিন ভূঁইয়া (২৯-০১-২০২২ তারিখ পর্যন্ত) মৃধা মোঃ শিবলী নোমান (১৮-০১-২০২২ তারিখ হতে) মোঃ আদনান আল নাহিয়ান (২৪-০৫-২০২২ তারিখ হতে)
সহকারী আবাসিক শিক্ষক	:	চৌধুরী রুবাইয়াৎ আহমেদ, পিএইচডি (২১-০৫-২০২১ তারিখ পর্যন্ত) মৃধা মোঃ শিবলী নোমান (১৭-০১-২০২২ তারিখ পর্যন্ত) মোঃ আদনান আল নাহিয়ান (২৩-০৫-২০২২ তারিখ পর্যন্ত)

কর্মকর্তাবৃন্দ

১. মোঃ তোফাজ্জল হোসেন তালুকদার, সহকারী রেজিস্ট্রার

২. মুহাঃ সুমন হাসান, প্রশাসনিক অফিসার (হিসাব)

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	৩১ জন
চতুর্থ শ্রেণি	:	০৪ জন

প্রশাসনিক কার্যক্রম

আ ফ ম কামালউদ্দিন হল এই শিক্ষাবর্ষে ৩৪তম বর্ষ অতিক্রম করেছে। হল প্রশাসনের সাথে সংশ্লিষ্ট সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ঐকান্তিক সহযোগিতায় প্রভোস্ট মহোদয় সুষ্ঠুভাবে হল পরিচালনা করছেন।

প্রাসঙ্গিক তথ্য

কোভিড- ১৯ করোনা মাহমারির সময়ে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকা এবং আর্থিক ও প্রশাসনিক নানা সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও হল কর্তৃপক্ষ এ বছরে হলের আবাসিক ছাত্রদের জন্য সর্বোচ্চ শিক্ষা সুবিধা নিশ্চিতকরণের প্রয়াস অব্যাহত রেখেছে। হলের শৃঙ্খলা পরিস্থিতি, ভৌত পরিবেশের উন্নয়নসহ সার্বিক শিক্ষা পরিবেশের উন্নয়নে হল প্রশাসন যথারীতি সচেষ্ট ছিল। এবছর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় আ ফ ম কামালউদ্দিন হল রানার-আপ হওয়ার গৌরব অর্জন করেছে। এছাড়া হলের বেশ কিছু উন্নয়ন ও সংস্কারমূলক কাজ করা হয়েছে, যা নিম্নরূপ :

১. ডাইনিং ও ক্যান্টিনের পেছনের অংশের দেয়াল প্লাস্টার এবং জরাজীর্ণ ছাদ ভেঙ্গে পুনরায় সংস্কার করা হয়েছে।

২. হলের ব্লকের বিভিন্ন স্থানের বারান্দার ড্যাম প্লাস্টার ভেঙ্গে সম্পূর্ণ নতুন প্লাস্টার করা হয়েছে এবং প্লাস্টার পরবর্তী ব্লকের সকল বারান্দায় চুনকামের কাজ সম্পন্ন করা হয়েছে।

৩. কমনরুম, ডাইনিং, ক্যান্টিন ও গেস্টরুমের সংস্কার কাজ করা হয়েছে। সংস্কার পরবর্তী ডিসটেম্পার করা হয়েছে।

৪. ডাইনিং ও ক্যান্টিনের পেছনের অংশে যেখানে ছাত্ররা মেস করে খাবার গ্রহণ করেন, সেই স্থানের ব্যাপক সংস্কার এবং রঙের কাজ করানো হয়েছে। পাশের ২টি ফাঁকা স্থানের গ্রিল সম্পূর্ণ পরিবর্তন ও রঙ করা হয়েছে।

৫. হলের ডাইনিং ও ক্যান্টিনসহ দোকান সংলগ্ন বারান্দার গ্রিলের কিছু অংশের সংস্কার কাজ ও রঙ করানো হয়েছে।

৬. ছাত্র ব্লকের ৩টি সিঁড়ির গ্রিল ও হাতলে রঙের কাজ করানো হয়েছে।

৭. হলের ডাইনিং ও ক্যান্টিনের কেঁচিগেইট ২টি সংস্কার এবং রঙ করা হয়েছে। এছাড়া হলের ২টি প্রবেশদ্বারের ২টি কেঁচিগেইট ও কমনরুমের কেঁচিগেইটে রঙের কাজ করানো হয়েছে।

৮. ছাত্র ব্লকের বাথরুম ও টয়লেট সংলগ্ন সকল বৈদ্যুতিক বোর্ড ও সুইচ পরিবর্তন করা হয়েছে। এছাড়া ব্লকের সমস্ত ভাঙ্গা সুইচ বোর্ড পরিবর্তন এবং অকেজো বৈদ্যুতিক সুইচ পরিবর্তন করা হয়েছে।

৯. হলের সম্মুখপানের অসমতল খেলার মাঠের পার্শ্ববর্তী গর্ত ভরাট করে সমতলকরণের কাজ সম্পন্ন করে পরিবেশের উন্নয়ন ও মাঠটি ছাত্রদের খেলার উপযোগী করা হয়েছে।

১০. হলের ছাত্রদের কোভিড- ১৯ মহামারি থেকে মুক্ত রাখতে ও সচেতন করতে ২টি মেইন প্রবেশদ্বারে মোট ৫টি বেসিন স্থাপন করা হয়েছে এবং বেসিনের পাশেই লিকুইড সোপ রাখা হয়েছে। যাতে করে ছাত্ররা নিয়মিত হাত ধৌত করতে পারে।

১১. এ অর্থবছরে ডাইনিংয়ে ছাত্রদের বসার সমস্যা সমাধানকল্পে ৩টি টেবিল, ৮টি বেঞ্চ, পড়ার জন্য ২০টি টেবিল, ১০টি চেয়ার ও হল অফিসের জন্য ৩টি টেবিল এবং ফাইলপত্র সংরক্ষণের জন্য ১টি র‍্যাক তৈরি করা হয়েছে।

১২. কমনরুমে ছাত্রদের খেলাধূলার জন্য একটি কেরাম বোর্ড ক্রয় করা হয়েছে। ডাইনিং ও ক্যান্টিনে রান্নাঘরের গ্যাসের চুলার জন্য বার্নার ক্রয় করে তা স্থাপন করা হয়েছে। এছাড়া ছাত্র ব্লকে, কমনরুম, ডাইনিং ও ক্যান্টিনের করিডোরে পর্যাপ্ত আলো নিশ্চিত করার লক্ষ্যে ৬০টি নতুন টিউবলাইট সেটসহ ক্রয় করে স্থাপন করা হয়েছে।

১৩. কমনরুম, ডাইনিং-ক্যান্টিনসহ পেছনের অংশের ছাত্রদের মেসে নতুন ২৫টি বৈদ্যুতিক পাখা স্থাপন করা হয়েছে।

১৪. হল অফিসের সামনের বাগানের সৌন্দর্যবর্ধনে কাজ করানো হয়েছে।

১৫. হলের বাথরুম-টয়লেটের ১৬টি প্লাস্টিকের দরজা পরিবর্তন এবং বেশকিছু স্টিলের দরজার মেরামত কাজ ও রঙ করানো হয়েছে।

১৬. হলের সকল পানির ট্যাংকিগুলো ব্যবহার উপযোগী করার জন্য ঠিকাদারি প্রতিষ্ঠান কর্তৃক সেগুলো পরিষ্কার করানো হয়েছে।

১৭. হলের বাগানসহ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজের জন্য একটি ট্রলি এবং বৈদ্যুতিক কাজের জন্য একটি এ্যালুমনিয়ামের মই ক্রয় করা হয়েছে।

১৮. কোভিড- ১৯ পরবর্তী সময়ে হলের সকল ছাত্রকে ৩টি করে মাস্ক ও ১টি করে হ্যান্ড স্যানিটাইজার প্রদান করা হয়েছে।

১৯. হলের পূর্বপাশের খেলার মাঠ ও দোকান সংলগ্ন ছাত্রদের বসার স্থানটির সংস্কার কাজ সম্পন্ন করে বসার উপযোগী করা হয়েছে।

২০. হলের ছাত্রদের বিশুদ্ধ পানি সরবরাহ করার লক্ষ্যে মেইন গেইট, ডাইনিং-ক্যান্টিন ও হল অফিসে ৪টি পানি বিশুদ্ধকরণ মেশিন স্থাপন করা হয়েছে।

২১. কোভিড- ১৯ করোনাকালীন হলের একটি আবাসিক কক্ষকে আইসোলেশন কক্ষ হিসেবে ঘোষণা করা হয়েছে। জরুরি প্রয়োজনে ছাত্রদের অক্সিজেন সেবা দেয়ার জন্য একটি অক্সিজেন ফিল্টার মেশিন ক্রয় করা হয়েছে।

ফজিলাতুন্নেসা হল

অফিস প্রধান	:	**অধ্যাপক এ টি এম আতিকুর রহমান**, পিএইচডি প্রভোস্ট
ওয়ার্ডেন	:	অধ্যাপক শারমীন সুলতানা (১৮-০১-২০২২ তারিখ হতে)
আবাসিক শিক্ষক	:	মনির উদ্দিন শিকদার (১৯-০৩-২০২২ তারিখ হতে)
সহকারী আবাসিক শিক্ষক	:	প্রীতিকণা শিকদার রোমানা ইসলাম রূপা
হল ক্রীড়া শিক্ষক	:	সাবিহা কবীর, সহকারী পরিচালক, শারীরিক শিক্ষা বিভাগ

কর্মকর্তা

১. ফাতেম বেগম, হল সুপারিনটেনডেন্ট

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	১০ জন
চতুর্থ শ্রেণি	:	১৫ জন
দৈনিক মজুরী	:	০১ জন
ডাইনিং বয়/গার্ল	:	০২ জন (অস্থায়ী)

হলের আবাসিক শিক্ষার্থী সংখ্যা

আসন সংখ্যা	:	২০৪ টি
অবস্থানরত ছাত্রী সংখ্যা	:	৪৫২ জন
নতুন ভর্তিকৃত ছাত্রী সংখ্যা	:	৭৮ জন

প্রশাসনিক কার্যক্রম

ফজিলাতুন্নেসা হলের ওয়ার্ডেন, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক ও কর্মকর্তাদের মধ্যে সুষ্ঠু দায়িত্ব বণ্টনের মাধ্যমে হল প্রশাসনের যাবতীয় কার্যক্রম অত্যন্ত সুন্দরভাবে এগিয়ে চলছে। হল প্রশাসনের সাথে ছাত্রীদের বিভিন্ন কার্যক্রমে সৌহার্দ্যপূর্ণ সহযোগিতার কারণে হলটি একটি একান্নভুক্ত পরিবারের মত। প্রশাসনিক দায়িত্ব ছাড়া ফজিলাতুন্নেসা হলের কর্মকর্তাবৃন্দ হলের সৌন্দর্য, পরিচ্ছন্নতা তথা সার্বিক উন্নয়নে নিজেদের ব্যস্ত রাখেন এবং হলে প্রীতিভোজ, খেলাধূলাসহ যাবতীয় অনুষ্ঠান সুষ্ঠু ও সূচারুরূপে সম্পন্ন করার বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করে থাকেন। হলটির তিনপাশে পুকুর ও একদিকে সুপারি বাগান, দক্ষিণে একটি মনোরম লেক, প্রতিবছরই লেকটিতে শীত মৌসুমে অতিথি পাখীর সমাগম থাকে। এ কারণে বিশ্ববিদ্যালয়ের হলসমূহের মধ্যে ফজিলাতুন্নেসা হল স্বকীয় বৈশিষ্ট্যে উজ্জ্বল।

খেলাধূলা ও সাংস্কৃতিক কার্যক্রম

লেখাপড়ার পাশাপাশি অত্র হলের ছাত্রীরা বিভিন্ন খেলাধূলায় অংশগ্রহণ করে থাকে। বিভিন্ন শিক্ষাবর্ষের ছাত্রীরা বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ভাল ফলাফল অর্জন করেছে। এবছর মার্কেটিং বিভাগের ছাত্রী মৌসুমী আক্তার (৪৫তম ব্যাচ) চ্যাম্পিয়ন, অর্থনীতি বিভাগের ছাত্রী পারিজাত আজাদ (৪৬তম ব্যাচ) চ্যাম্পিয়ন এবং একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের ছাত্রী ফারজানা আক্তার (৪৯তম ব্যাচ) রানার আপ হয়েছে। সাংস্কৃতিক অঙ্গনেও ছাত্রীদের সাফল্য প্রশংসার দাবী রাখে।

শিক্ষা কার্যক্রম

ফজিলাতুন্নেসা হলের জন্মলগ্ন থেকেই শিক্ষাক্ষেত্রে ছাত্রীরা সর্বদা অত্যন্ত ভাল ফলাফলের গৌরব অর্জন করে এসেছে। এ হলের বেশকিছু মেধাবী ছাত্র আজ এ বিশ্ববিদ্যালয়েরই শিক্ষকতা পেশাসহ দেশের বিভিন্ন মর্যাদাপূর্ণ পদে নিয়োজিত আছেন। অদ্যাবধি ছাত্রীদের এই ভাল ফলাফলের ধারাবাহিকতা অব্যাহত রয়েছে।

কর্মচারীদের অন্যান্য তথ্য

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ২জন তৃতীয় শ্রেণির কর্মচারি এবং ২জন চতুর্থ শ্রেণির কর্মচারি আপগ্রেডিং-এর মাধ্যমে পদোন্নতি পেয়েছেন। তারা হলেন :

ক) জনাব মোঃ আবদুল আউয়াল, ঊর্ধ্বতন সহকারী

খ) জনাব তপন চন্দ্র সরকার, উচ্চমান সহকারী-কাম-কম্পিউটার অপারেটর

গ) জনাব মোঃ আজিজুল হক, সিনিয়র মালী গ্রেড-১

ঘ) জনাব মাহফুজা আক্তার, ক্লিনার গ্রেড-১

প্রাসঙ্গিক তথ্য

হলের কথা বলতে গেলে প্রসঙ্গক্রমেই চলে আসে সমস্যার কথা। ফজিলাতুন্নেসা হলটি কাঠামোগত সমস্যা নিয়েই জন্ম হয়েছিল। ছাত্রীদের রুম স্যাঁতসেঁতে, চুন খসে পড়া, প্লাস্টার খসে পড়াসহ নানারকম সমস্যা এ হলে বিদ্যমান। প্রভোস্ট মহোদয়ের কক্ষটিও বসার উপযোগী নয়। এখনও চুন খসে পড়ে এবং বারান্দার প্লাস্টার মাঝেমধ্যে খসে পড়ে। এরূপ নানাবিধ অসুবিধার মধ্যেই হল প্রশাসনকে সার্বিক কার্যক্রম পরিচালনা করে চলেছে।

মওলানা ভাসানী হল

অফিস প্রধান	:	**অধ্যাপক মোঃ কামরুল হাসান**, পিএইচডি প্রভোস্ট (ভারপ্রাপ্ত)
ওয়ার্ডেন	:	মোঃ আশরাফুল আলম হুসাইন মোঃ সায়েম, পিএইচডি
আবাসিক শিক্ষক	:	মোহাম্মদ তারিকুল ইসলাম, পিএইচডি মোঃ আলমগীর হোসেন ভূঁইয়া (২০-০৯-২০২১ তারিখ পর্যন্ত) মোহাম্মদ কামরুজ্জামান মোঃ হাসান ইমাম, পিএইচডি কাজী মোঃ মহসিন
সহকারী আবাসিক শিক্ষক	:	মোঃ মাহবুব আলম রোকনুজ্জামান সাহাদাত হোসেন (২০-০৯-২০২১ তারিখ পর্যন্ত) মোঃ সাব্বির আহমেদ

কর্মকর্তাবৃন্দ

১. মোঃ বসির উদ্দিন, ডেপুটি রেজিস্ট্রার

২. মোঃ মোবাশ্বের আলী খান, সহকারী রেজিস্ট্রার (এলপিআর)

৩. মোঃ নজরুল ইসলাম, সহকারী রেজিস্ট্রার

৪. মোঃ মোবারক উল্যাহ, প্রধান মুয়াজ্জিন-কাম-খাদেম

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	২৮ জন
চতুর্থ শ্রেণি	:	০৯ জন
ডাইনিং কর্মচারী	:	১৪ জন (অনিয়মিত)

প্রশাসনিক কার্যক্রম

প্রাধ্যক্ষের দক্ষ ব্যবস্থাপনায় ও সার্বিক নিয়ন্ত্রণে ওয়ার্ডেন, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিক ও সক্রিয় প্রচেষ্টা এবং ছাত্রদের সহযোগিতায় প্রতি বছরের ন্যায় এ বছরও হলের প্রশাসনিক কার্যক্রম অত্যন্ত সুষ্ঠুভাবে পরিচালিত হয়।

হলের প্রশাসনিক, আবাসিকসহ বিভিন্ন ক্ষেত্রে উদ্ভূত সমস্যা পর্যালোচনা ও সমাধান, উন্নয়ন পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নের লক্ষ্যে হল প্রশাসন এককভাবে এ বছর মোট ৬টি সভায় মিলিত হন এবং সকল বিষয় সন্তোষজনকভাবে সম্পন্ন করা হয়।

এ বছর চূড়ান্ত পর্ব মাস্টার্স পরীক্ষা সম্পন্ন করে ১৯৪ জন ছাত্র হল ত্যাগ করেছে। শিক্ষাবছরের শেষদিন অর্থাৎ ৩০ জুন, ২০২২ তারিখে এমফিল ও পিএইচডি গবেষকসহ সংযুক্ত হলে ছাত্র সংখ্যা ছিল ১,০৪৯ জন।

প্রাসঙ্গিক তথ্য

কোভিড- ১৯ এর মহামারীর কারণে দীর্ঘ ১৮ মাস বিশ্ববিদ্যালয় বন্ধ থাকার পর হল খোলার সময় এই হলের ছাত্রদের মাঝে ফুলেল শুভেচ্ছাসহ নাস্তা, হ্যান্ড স্যানেটাইজার ও মাস্ক দিয়ে বরণ করা হয়। ছাত্রদের হাত ধোয়ার জন্য ৪টি বেসিন ও বিশুদ্ধ পানি পানের জন্য ৩টি ওয়াটার পিউরিফিকেশন মেশিন বসানো হয়।

এ বছর হলের পক্ষ থেকে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২১ ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যপূর্ণ পরিবেশে উদযাপন করা হয়।

২০২২-এর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী ছাত্রদের মধ্যে পুরষ্কার বিতরণ করা হয়। এ বছরের ক্রীড়া প্রতিযোগিতায় ৩জন চ্যাম্পিয়ন ও ১জন রানার আপ হয়। এ বছর হলের প্রাক্তন ছাত্রদের পুনর্মিলনী অনুষ্ঠান উপলক্ষে ছাত্র মিলনায়তনে হল প্রশাসন ও ছাত্রদের যৌথ উদ্যোগে ২টি সভা অনুষ্ঠিত হয়। হলের উত্তর ও পশ্চিম দিকে নিরাপত্তার জন্য কাঁটাতারের বেড়া নির্মাণ করা হয়েছে। এছাড়াও ক্যান্টিনের একাংশে হলের ছাত্রদের পড়াশোনার জন্য বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে ১টি রিডিং রুম তৈরি করা হয়েছে।

মওলানা ভাসানী হল সংলগ্ন প্রকৃতির নয়নাভিরাম দৃশ্য (ছবি: ফারহা মতিন জুলিয়ানা)

জাহানারা ইমাম হল

অফিস প্রধান	:	**অধ্যাপক যুগল কৃষ্ণ দাস**, পিএইচডি প্রভোস্ট
ওয়ার্ডেন	:	আসমা আহমেদ ওয়ারেছী, পিএইচডি মুরশেদা বেগম
আবাসিক শিক্ষক	:	ফারহানা আক্তার তাসলিন জাহান মৌ
সহকারী আবাসিক শিক্ষক	:	নাছরিন খাতুন মোহাম্মদ আশরাফুল ইসলাম প্রকৃতি বিশ্বাস বুলবুল আহম্মেদ নিশাত পারভেজ রওশন আরা আক্তার আঁখি
হল ক্রীড়া প্রশিক্ষক	:	সাবিহা কবীর, সহকারী পরিচালক, শারিরীক শিক্ষা অফিস

কর্মকর্তাবৃন্দ

১. মমতাজ সুলতানা, প্রিন্সিপাল হল সুপারিনটেনডেন্ট

২. শাহনাজ পারভীন, প্রিন্সিপাল হল সুপারিনটেনডেন্ট

৩. মোঃ খায়ের উদ্দিন, ডেপুটি কম্পট্রোলার

৪. মোঃ মজিবর রহমান, প্রশাসনিক কর্মকর্তা

৫. হাজী মোঃ ইব্রাহিম খন্দকার, প্রশাসনিক কর্মকর্তা (মেস)

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	২৯ জন
চতুর্থ শ্রেণি	:	০৫ জন (১ জন দৈনিক মজুরী ও ১ জন মাস্টাররোল সহ)
ডাইনিং গার্ল/বয়	:	০৮ জন (অস্থায়ী)

প্রশাসনিক কার্যক্রম

প্রভোস্ট অধ্যাপক ড. যুগল কৃষ্ণ দাস-এর সুচিন্তিত নির্দেশনায় হল সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্রীদের সক্রিয় ও আন্তরিক সহযোগিতায় হলের প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হয়।

প্রাসঙ্গিক তথ্য

মহান বিজয় দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস, স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদার সাথে পালন করা হয়। হলে ছাত্রীদের বসবাস উপযোগী করে তোলার জন্য হলের নিজস্ব অর্থায়নে ছাত্রীদের জন্য চেয়ার-টেবিল তৈরি ও মেরামত করা হয়।

প্রীতিলতা হল

অফিস প্রধান	:	**আয়শা সিদ্দিকা**
		প্রভোস্ট
ওয়ার্ডেন	:	অধ্যাপক জহিরুল ইসলাম খন্দকার, পিএইচডি
		সুবাস রাজবংশী, পিএইচডি
আবাসিক শিক্ষক	:	মোঃ সাহিদুল ইসলাম
		শাশ্বতী মজুমদার
		নাহিদ সালমা
		ফারহানা আফরিন দ্যূতি
		মোছাঃ নাছিমা হামিদ
সহকারী আবাসিক শিক্ষক	:	মালা রানী দাস
		নূসরাত জাহান
		মোস্তাকিম বিন মোতাহার
		জান্নাতুল ফেরদৌস

কর্মকর্তাবৃন্দ

১. রোকেয়া বেগম, বিএসসি (অনার্স), এমএসসি (পরিসংখ্যান), জাবি, প্রিন্সিপাল হল সুপারিনটেনডেন্ট
২. মোঃ আবদুর রহিম মিয়াজি, বিকম (অনার্স), এমকম (ব্যবস্থাপনা), ঢাবি, ডেপুটি কম্পট্রোলার
৩. আসমা আখতার, বিএসসি (অনার্স), এমএসসি (অর্থনীতি), জাবি, সিনিয়র হল সুপারিনটেনডেন্ট
৪. ছরোয়ারুল আজিম, বিএসএস (জাতীয় বিশ্ববিদ্যালয়), প্রশাসনিক অফিসার
৫. মোঃ মাসুদুল ইসলাম, প্রশাসনিক অফিসার (মেস)

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	২৫ জন
চতুর্থ শ্রেণি	:	০৭ জন
ডাইনিং গার্ল	:	০৬ জন (অস্থায়ী)

প্রশাসনিক কার্যক্রম

১. প্রভোস্ট হিসেবে জনাব আয়শা সিদ্দিকার দায়িত্ব গ্রহণের পর থেকে তাঁর নেতৃত্বে হলের ওয়ার্ডেন, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক ও কর্মকর্তা/কর্মচারীদের সক্রিয় প্রচেষ্টা এবং ছাত্রীদের সহযোগীতায় আলোচ্য বছরে প্রশাসনিক কার্যক্রম অত্যন্ত সুষ্ঠুভাবে পরিচালিত হয়।
২. হলের প্রশাসনিক কর্মকাণ্ড সুচারুরূপে সম্পন্ন করার লক্ষ্যে হল প্রশাসন এবছর মোট ১০টি সভায় মিলিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ আন্তরিকতার সঙ্গে বাস্তবায়ন করা হয়।
৩. এ অর্থ বছরে হল ফান্ড থেকে নিম্নোক্ত কাজগুলো সম্পন্ন করা হয় :
   ক) ছাত্রী গেস্টরুমের ২ সেট সোফার বার্নিশ ও পলিশ কাজ করানো হয়।
   খ) ৫টি ছাত্রীরুম মেরামত ও চুনকাম করা হয়।
   গ) ছাত্রীদের ইন্টারনেট সুবিধার জন্য উচ্চশক্তির ২টি রাউটার লাগানো হয়।
   ঘ) ছাত্রী গেস্টরুমের ২ সেট সোফার ফোম ও কাপড়ের কভার লাগানো হয়।

প্রাসঙ্গিক তথ্য

জাতীয় শোক দিবস, শহীদ বুদ্ধিজীবী দিবস, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, প্রীতিলতা ওয়াদ্দেদারের জন্মদিবস ও আত্মাহুতি দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। অভ্যন্তরীণ ক্রীড়া এবং সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা যথারীতি অনুষ্ঠিত হয়। ১৬ ডিসেম্বর বিজয় দিবস এবং ২৬ মার্চ স্বাধীনতা দিবস উপলক্ষে রাতে ছাত্রীদের উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল

অফিস প্রধান	:	**মাহবুবুল কবির হিমেল** প্রভোস্ট (১৩-০৬-২০২২ তারিখ পর্যন্ত) **অধ্যাপক ইস্রাফিল আহমেদ, পিএইচডি** প্রভোস্ট (১৪-০৬-২০২২ তারিখ হতে)
ওয়ার্ডেন	:	অধ্যাপক মোঃ এজহারুল ইসলাম, পিএইচডি
আবাসিক শিক্ষক	:	পলাশ সাহা তরুন কুমার সরকার
সহকারী আবাসিক শিক্ষক	:	ধীমান সরকার মোঃ বিপ্লব হোসেন প্রদীপ চন্দ্র বিশ্বাস

কর্মকর্তাবৃন্দ

১. মোখলেছুর রহমান, প্রশাসনিক অফিসার (হিসাব) (১৩-০১-২০২২ তারিখে মৃত্যুবরণ করেছেন)

২. মোঃ জালাল উদ্দিন প্রাং, প্রশাসনিক অফিসার

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	১২ জন
চতুর্থ শ্রেণি	:	২৯ জন
ডাইনিং বয়	:	০৮ জন (অস্থায়ী)

প্রশাসনিক কার্যক্রম

২০২১-২০২২ শিক্ষাবর্ষে হল প্রভোস্ট মহোদয়ের দক্ষ ব্যবস্থাপনায় এবং সার্বিক তত্ত্বাবধানে হলের কর্মকর্তা ও কর্মচারীদের অক্লান্ত সহযোগিতায় হলের প্রশাসনিক কার্যক্রম সুচারুভাবে পরিচালিত হয়। হলের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য প্রতিমাসেই অন্তত একবার হল কর্তৃপক্ষ মিটিং করে সমস্যা সমাধান ও হলের উন্নয়নসহ বিভিন্ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করার চেষ্টা করেন।

প্রাসঙ্গিক তথ্য

১। এবছর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২১-এ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে।

২। বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন প্রকল্পের বাজে হতে প্রাপ্ত টাকা দিয়ে প্রতিটা টয়লেট ও গোসলখানা টাইলস, নতুন ফিটিংস এবং বেসিন বসানো হয় এবং হলের উভয় ব্লকের নীচতলা রং করানো হয়।

৩। যথাযথ মর্যাদার সাথে ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকী এবং ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্ম দিবস পালন করা হয়।

বেগম খালেদা জিয়া হল

অফিস প্রধান	:	**তাহমিনা আক্তার** প্রভোস্ট
ওয়ার্ডেন	:	অধ্যাপক মোঃ আওলাদ হোসেন, পিএইচডি সজীব বালা, পিএইচডি
আবাসিক শিক্ষক	:	সৈয়দা মরিয়ম লিজা আসমা-উল-হুসনা আফসানা হক, পিএইচডি
সহকারী আবাসিক শিক্ষক	:	তানভীর আহমেদ শারমিন সুমি সাথী আক্তার

কর্মকর্তাবৃন্দ

১। এস এম শুকুর উজ-জামান, প্রশাসনিক অফিসার (কম্পিউটার)

২। মোঃ মহাসীন আলম, প্রশাসনিক অফিসার (মেস)

৩। নুরজাহান মুনমুন, হল সুপারিনটেনডেন্ট

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	০৭ জন
চতুর্থ শ্রেণি	:	৩৩ জন
ডাইনিং কর্মচারী	:	০৭ জন (অস্থায়ী)

হলের মোট ছাত্রী সংখ্যা ঃ আসন ভিত্তিক ৫১২ জন। কিন্তু মোট বরাদ্দ রয়েছে ১১৮৬ জন শিক্ষার্থী। আসন সংখ্যার দ্বিগুণ শিক্ষার্থী বরাদ্দ থাকায় অতিরিক্ত শিক্ষার্থীদের জন্য নামাজ রুম, টিভিরুম ও শিক্ষক কোয়ার্টারকে গণরুমে রূপান্তর করা হয়েছে। এই গণরুমগুলোতে অতিরিক্ত শিক্ষার্থী অবস্থান করছে। এছাড়া অনেক শিক্ষার্থীকে এখনো কোনো ধরনের আবাসনের ব্যবস্থা করা যায়নি।

প্রশাসনিক কার্যক্রম

হল প্রাধ্যক্ষের দক্ষ ব্যবস্থাপনা ও আন্তরিক প্রচেষ্টা এবং হলের ওয়ার্ডেন, আবাসিক শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের সার্বিক সহযোগিতায় অত্যন্ত দক্ষতার সাথে সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহার করে প্রশাসনিক কার্যক্রম সম্পন্ন হয়েছে। এ হলে বসবাসরত ছাত্রীদের সাথে প্রত্যক্ষ যোগাযোগ রেখে হলের কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালিত হয়েছে। প্রতিষ্ঠার বছর থেকে এ হলে বিভিন্ন ধর্মীয় ও জাতীয় পর্যায়ের অনুষ্ঠানাদি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপিত হয়ে আসছে। নিয়মিত প্রশাসনিক দায়িত্বের পাশাপাশি হলের কর্মকর্তাবৃন্দ হলটির সৌন্দর্য, পরিচ্ছন্নতা, ছাত্রীদের সাংস্কৃতিক কর্মকাণ্ড, খেলাধুলা ও বিবিধ সুযোগ-সুবিধার সার্বিক উন্নয়নে আন্তরিকভাবে সচেষ্ট আছেন। এর ফলে ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে এ হল উল্লেখ করার মত বেশ কিছু সাফল্য অর্জন করেছে যা এর সাফল্যমণ্ডিত ভবিষ্যতেরই ইঙ্গিত বহন করে। শিক্ষার সামগ্রিক পরিবেশ বজায় থাকায় এ হলের ছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে মেধা তালিকার শীর্ষে স্থান করে নিয়ে কৃতিত্বের স্বাক্ষর রাখছে।

প্রাসঙ্গিক তথ্য

নানাবিধ প্রতিকূলতা থাকা সত্ত্বেও হলের আবাসিক ছাত্রীদের জন্য সর্বোচ্চ স্বাস্থ্যসেবা এবং শিক্ষা সুবিধা নিশ্চিতকরণে হল প্রশাসন যথারীতি সচেষ্ট ছিল।

করোনাকালীন সরকারি নির্দেশ অনুযায়ী বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করায় হলও সম্পূর্ণভাবে বন্ধ থাকে। তবে এসময় হলের বিভিন্ন সংস্কারমূলক কাজ করা হয়েছে। যেমন- ডাইনিং, ক্যান্টিন, গেস্টরুম, গণরুম, অফিস রুমের সংস্কারমূলক কাজ করা হয়েছে। কিচেন, টয়লেটের পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ করা হয়েছে। হলের চারপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়েছে। হলে পর্যাপ্ত আলোর জন্য লাইট ও বৈদ্যুতিক সমস্যার সমাধান করা

হয়েছে। করোনাকালীন সতর্কতার জন্য গেটের বাহিরে সাবান পানিতে হাত ধোয়ার ব্যবস্থা করা হয়েছে। এ ছাড়া প্রশাসনের সাথে বিভিন্ন জাতীয় দিবসগুলোতে হলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ছিল।

১। ১৫ আগস্ট, ২০২১ তারিখ যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালন করা হয়।

২। ১৭ মার্চ ২০২২ তারিখ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে হলের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে মিষ্টি ও মাস্ক বিতরণ করা হয়।

হলের বয়স প্রায় ১৬ বছর অতিবাহিত হওয়ায় অনেক কিছুই ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ায় বেশকিছু সংস্কার কাজ করা হয়েছে এবং তা অব্যাহত আছে। হলের নিরাপত্তা প্রাচীর উঁচুকরণ, ছাত্রীদের ব্যবহারের পেপার রিডিং টেবিল সংস্কার, সিসি ক্যামেরা সংস্কারসহ ক্যামেরার সংখ্যা বাড়ানো হয়েছে। হলের ডাইনিংয়ের জন্য একটি ডিপ ফ্রিজ ক্রয় করা হয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক হলের সংস্কার কাজও চলছে।

শহীদ রফিক-জব্বার হল

অফিস প্রধান	:	**অধ্যাপক সোহেল আহমেদ**, পিএইচডি প্রভোস্ট
ওয়ার্ডেন	:	মোঃ ইনামুল হক, পিএইচডি মোঃ আফাজ উদ্দিন
আবাসিক শিক্ষক	:	মোঃ জাহিদুল ইসলাম, পিএইচডি মোঃ সাজ্জাদ হোসেন
সহকারী আবাসিক শিক্ষক	:	মাহফুজুর রহমান কাউসার হোসেন

কর্মকর্তা

১. মোহাম্মদ জহিরুল ইসলাম, প্রশাসনিক অফিসার

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	০৬ জন
চতুর্থ শ্রেণি	:	৩২ জন

প্রশাসনিক কার্যক্রম

প্রভোস্ট মহোদয়ের দক্ষ ব্যবস্থাপনা ও সার্বিক নিয়ন্ত্রণে ওয়ার্ডেন, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিক ও সক্রিয় প্রচেষ্টা এবং ছাত্রদের সহযোগিতায় হলের প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হয়। হলের প্রশাসনিক, আবাসিকসহ বিভিন্ন উদ্ভূত সমস্যা পর্যালোচনা ও সমাধান, উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন এবং বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা, বিজয় দিবস, মহান স্বাধীনতা দিবস, প্রীতিভোজ, নবীনবরণ ও পুরস্কার বিতরণী ইত্যাদি অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে হল প্রশাসন একক ও যৌথভাবে সভায় মিলিত হয়ে সন্তোষজনকভাবে সম্পন্ন করা হয়।

প্রাসঙ্গিক তথ্য

বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে এ বছর আন্তঃহল বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২১ কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। পূর্বের মত এ বছরও হলের পক্ষ থেকে ২১ ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস এবং শব-ই-বরাত, ঈদ-ই-মিলাদুন্নবীসহ সকল ধর্মীয় পবিত্র দিনগুলো যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যপূর্ণ পরিবেশে উদ্‌যাপন করা হয়।

শেখ হাসিনা হল

অফিস প্রধান	:	**অধ্যাপক বশির আহমেদ** প্রভোস্ট (২৮-০৪-২০২২ তারিখ পর্যন্ত) **হোসনে আরা** প্রভোস্ট (২৮-০৪-২০২২ তারিখ অপরাহ্ন হতে)
ওয়ার্ডেন	:	অধ্যাপক কে এম আককাছ আলী (২৮-০৪-২০২২ তারিখ পর্যন্ত) নাছরিন জুয়েনা, পিএইচডি (২৮-০৬-২০২২ তারিখ হতে)
আবাসিক শিক্ষক	:	সানিয়া সিফাত মিতি রনি বসাক তাসনুমা জামান
সহকারী আবাসিক শিক্ষক	:	মাহমুদা খাতুন মোছাঃ শামীমা খানম সাজেদা বেগম রায়হান শরীফ

কর্মকর্তাবৃন্দ

১. সুরাইয়া আকতার, হল সুপারিনটেনডেন্ট

২. মোসাঃ মরিয়ম খানম, হল সুপারিনটেনডেন্ট

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	০৪ জন
চতুর্থ শ্রেণি	:	২৮ জন
দৈনিক হাজিরা ভিত্তিক	:	১১ জন
অস্থায়ী ডাইনিং কর্মচারী	:	০৭ জন

প্রাসঙ্গিক তথ্য

শেখ হাসিনা হল সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা'র নামে প্রতিষ্ঠিত। ১২ জুন, ২০১৪ তারিখে যাত্রা শুরু করে শেখ হাসিনা হল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষা বিস্তারে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

মোট আসন ও ছাত্রী সংক্রান্ত তথ্য

শেখ হাসিনা হল ৬৪৮ আসন বিশিষ্ট ছাত্রী হল হলেও বর্তমানে ৯৪২ জন আবাসিক ছাত্রী বসবাস করছে। অর্থাৎ হলের মোট আসনের চেয়ে ২৯৪ জন ছাত্রী বেশি অবস্থান করছে। অতিরিক্ত ছাত্রীদের ডাইনিং, কমনরুম, সাইবার রুমে সাময়িকভাবে থাকার ব্যবস্থা করা হয়েছে।

প্রশাসনিক কার্যক্রম

হলের প্রভোস্ট অধ্যাপক বশির আহমেদ এবং পরবর্তীতে জনাব হোসনে আরার দিকনির্দেশনায় ওয়ার্ডেন, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, কর্মকর্তা/কর্মচারীদের সহযোগিতায় হলের প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হয়ে আসছে।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে হলের কার্যক্রম পরিচালনা ও নীতি নির্ধারণের লক্ষে হল প্রশাসন ৩টি সভায় মিলিত হয়। এছাড়াও ১টি জরুরি সভা ও ছাত্রীদের সাথে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। এই শিক্ষাবর্ষে এবং অনুষ্ঠিত সভাসমূহের সিদ্ধান্তের আলোকে যে সকল কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করা হয় তা নিম্নরূপ :

১। বৈশ্বিক মহামারী করোনার প্রাদুর্ভাব কমে যাওয়ায় এসময় বিশ্ববিদ্যালয় ও হল খুলে দেয়া হয়। করোনাকালে দীর্ঘসময় হল বন্ধ থাকায় ছাত্রীদের বসবাস উপযোগী করার জন্য যে মেরামত কাজ চলছিল তা এসময় সম্পন্ন হয় এবং ছাত্রীদের উপস্থিতিতে হল প্রাঙ্গণ আবার মুখরিত হয়ে ওঠে;

২। ২০১৯ সালের অভ্যন্তরীণ ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমের পুরষ্কার বিতরণী অনুষ্ঠান করোনা মহামারীর কারণে সম্পন্ন করা সম্ভব হয়নি। আড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে উক্ত ক্রীড়া প্রতিযোগিতার পুরষ্কার ও সনদপত্র বিতরণ করা হয় এবং এ উপলক্ষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়;

৩। এ শিক্ষাবর্ষে ছাত্রীদের খাদ্য দ্রব্য সংরক্ষণের জন্য ২টি বড় ডিপ ফ্রিজ ক্রয় করা হয়। ডাইনিংয়ের তৈজসপত্র ক্রয় করা হয় এবং হল গ্রন্থাগারে নতুন গল্প ও উপন্যাসের বই সংযোজন করা হয়;

৪। করোনা মহামারীর প্রাদুর্ভাব কমে যাওয়ায় স্বাস্থ্যবিধি মেনে বিশ্ববিদ্যালয় প্রশাসনের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মদিন উদযাপন করা হয়। জন্মদিন উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও মিলাদের আয়োজন করা হয়;

৫। ১৭ মার্চ ২০২২ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবসে হল প্রশাসনের পক্ষ থেকে বঙ্গবন্ধু হলে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানোর মধ্য দিয়ে দিবসটি পালন করা হয়;

৬। এ শিক্ষাবর্ষের শেষের দিকে প্রভোস্ট অধ্যাপক বশির আহমেদ এর মেয়াদ শেষ হয়ে যাওয়ায় নতুন প্রভোস্ট হিসেবে জনাব হোসনে আরা ২৮-০৪-২০২২ তারিখে যোগদান করেন;

৭। এছাড়াও ২০২১-২০২২ শিক্ষাবর্ষে শেখ হাসিনা হলের পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়। তন্মধ্যে হল প্রাঙ্গণ-ডাইনিং-ক্যান্টিনের পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদারকরণ, করোনা প্রতিরোধে সচেতনতামূলক প্রচারণা, র‍্যাগিং প্রতিরোধে সচেতনতামূলক কর্মসূচী, ২৬ মার্চ স্বাধীনতা দিবসে প্রীতিভোজ অনুষ্ঠান ও জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ এবং বিশ্ববিদ্যালয়ের ও জাতীয় বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবস পালন করা হয়।

বেগম সুফিয়া কামাল হল

অফিস প্রধান	:	**অধ্যাপক মোঃ মোতাহার হোসেন**, পিএইচডি প্রভোস্ট
ওয়ার্ডেন	:	মোঃ তাজউদ্দিন সিকদার, পিএইচডি অধ্যাপক মোহাম্মদ মাহবুবুর রহমান, পিএইচডি
আবাসিক শিক্ষক	:	মোঃ মোসাব্বের হোসেন মোঃ সাজ্জাদুল আলম
সহকারী আবাসিক শিক্ষক	:	আমিনা খাতুন, পিএইচডি ইশিতা আখতার মুনির মাহমুদ মোঃ কাউসার হোসেন

কর্মকর্তাবৃন্দ

১. জাহানারা খান, হল সুপারিনটেনডেন্ট
২. মিনারা হোসেন, হল সুপারিনটেনডেন্ট

কর্মচারী সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	০৩ জন
চতুর্থ শ্রেণি	:	১৮ জন
অস্থায়ী কর্মচারী	:	২৪ জন

প্রশাসনিক কার্যক্রম

হল প্রাধ্যক্ষের দক্ষ ব্যবস্থাপনা, আন্তরিক প্রচেষ্টা ও সার্বিক সহযোগিতায় এবং আবাসিক ছাত্রীদের সাথে যোগাযোগের মাধ্যমে অন্তত দক্ষতার সাথে সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহার করে প্রশাসনিক কার্যক্রম সম্পন্ন হচ্ছে। হলের প্রশাসনিক ও আবাসিক বিভিন্ন সমস্যা সমাধান ও উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে। মহান স্বাধীনতা দিবস, বিজয় দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপন করা হয়। এছাড়াও হলে বার্ষিক ক্রীড়া ও অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা ইত্যাদি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হয়। হল প্রাধ্যক্ষের সার্বিক তত্ত্বাবধানে সংশ্লিষ্ট ওয়ার্ডেন, আবাসিক ও সহকারী আবাসিক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অক্লান্ত পরিশ্রমে হলের সার্বিক প্রশাসনিক কর্মকাণ্ড অত্যন্ত সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। এছাড়াও ওয়ার্ডেন এবং আবাসিক শিক্ষকগণ সপ্তাহে দুইদিন হল পরিদর্শন ও হাজিরা সংরক্ষণ করে থাকেন।

খেলাধুলা কার্যক্রম

২০২১-২০২২ শিক্ষাবর্ষে উপাচার্য কাপ হ্যান্ডবল প্রতিযোগিতায় বেগম সুফিয়া কামাল হল প্রথমবারের মত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন।

প্রাসঙ্গিক তথ্য

আর্থিক ও প্রশাসনিক নানা সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও এ শিক্ষা বছরে হলের আবাসিক ছাত্রীদের জন্য সর্বোচ্চ শিক্ষা সুবিধা নিশ্চিতকরণে হল প্রশাসন যথারীতি সচেষ্ট ছিল। এছাড়া চলতি অর্থবছরে,

১। কোভিড-১৯ মাহামারির প্রাদুর্ভাব কমে যাওয়ার পর প্রশাসনের সিদ্ধান্ত মোতাবেক হল প্রশাসন ছাত্রীদের যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে হলে উঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে;
২। হলে প্রবেশের পূর্বে হাত ধোয়ার জন্য ৬টি বেসিন বসানো হয়েছে;
৩। সকল ছাত্রীদের টিকা সনদ যাচাই করে হলে প্রবেশ করানো হয়েছিল। যাদের টিকা নেয়া হয়নি, তাদের টিকা নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়;
৪। হল অভ্যন্তরে নিরাপদ পানি সরবরাহ করার জন্য ৬টি Water purifying machine বসানো হয়েছে;
৫। অসুস্থ ছাত্রীদের চিকিৎসা সুবিধা দেয়ার জন্য সংশ্লিষ্ট কর্মচারীদের পিপিই সরবরাহ করা হয়েছে;
৬। হলের নিজস্ব ফান্ড থেকে হল অফিসে ব্যবহারের জন্য একটি নতুন কম্পিউটার ক্রয় করা হয়।

বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল

অফিস প্রধান	:	**অধ্যাপক মোহাঃ মুজিবুর রহমান**, পিএইচডি প্রভোস্ট
ওয়ার্ডেন	:	জাহিদুল বারী (১২-০৩-২০২২ তারিখ পর্যন্ত) মোঃ ইউসুফ হারুন (০২-০৬-২০২২ তারিখ হতে)
আবাসিক শিক্ষক	:	রাবেয়া খাতুন তানিয়া সোলনারা আকতার সুমাইয়া শিফাত (২৭-০২-২০২২ তারিখ হতে) রওশন আরা আক্তার আঁখি (২০-১১-২০২১ তারিখ পর্যন্ত)
সহকারী আবাসিক শিক্ষক	:	জান্নাতুল ফেরদৌস সানজিদা তানজিম (১৯-১০-২০২১ তারিখ হতে) তাহমিনা আক্তার (১৯-১০-২০২১ তারিখ হতে) রাব্বির রাশেদীন তীর্ণ (০২-০৬-২০২২ তারিখ হতে) শবনম ফেরদৌসী (০২-০৬-২০২২ তারিখ হতে)

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	০৫ জন
চতুর্থ শ্রেণি	:	৪২ জন (১৫ জন স্থায়ী, ০৩ জন অস্থায়ী ও ২৪ জন দৈনিক মজুরিতে)

প্রশাসনিক কার্যক্রম

বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল ২০১৭ সালে নির্মিত হয়। প্রভোস্ট হিসাবে অধ্যাপক ড. মোহাঃ মুজিবুর রহমান ১২-০৪-২০১৮ তারিখে দায়িত্বভার গ্রহণ করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণীর নামে নির্মিত বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলটি বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের আবাসিক সমস্যা সমাধানের জন্য নির্মিত হয় এবং প্রশাসনের অনুমতিক্রমে গত ০৭ মার্চ ২০১৭ তারিখ থেকে হলে ছাত্রীদের আবাসনের ব্যবস্থা করা হয়েছে। বর্তমানে হলটিতে ৬ষ্ঠ তলা উলম্ব বর্ধিকরণ নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। ৭৭২ সীটের বিপরীতে বিভিন্ন শিক্ষাবর্ষের প্রায় ১২০০ জন ছাত্রী অবস্থান করছে। রুম সংকটের কারণে ছাত্রীদের ডাইনিং রুমে, কমনরুমে অস্থায়ীভাবে রাখা হয়েছে। প্রভোস্ট, বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল এ বছর ২০২১-২০২২ সালের জন্য প্রভোস্ট কমিটির সভাপতির দায়িত্ব পালন করেন। হলের সাথে সংশ্লিষ্ট ওয়ার্ডেন, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক ও কর্মচারীদের সক্রিয় প্রচেষ্টায় ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রশাসনিক কার্যক্রম অত্যন্ত সুষ্ঠু ও সাবলীলভাবে পরিচালিত হয়েছে। এ বছর হল প্রশাসন সর্বমোট ৪টি সভায়, ১টি সাধারণ সভায় ও প্রভোস্ট কমিটির যৌথ ভার্চুয়াল সভায় মিলিত হয়ে হলের বিভিন্ন সমস্যা নিরূপণ, পর্যালোচনা ও সমাধানের পদক্ষেপসহ বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করেছেন। কোভিড-১৯ সংক্রমনের কারণে ছাত্রীদের হল খোলার পূর্বে হলের পরিষ্কার-পরিচ্ছন্ন ও সংরক্ষণ কাজ সম্পাদন, ক্যান্টিন শেড, গেস্ট শেড তৈরি করা হয়েছে।

প্রাসঙ্গিক তথ্য

সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহারের মধ্যে দিয়ে হলের প্রশাসনিক কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে। বর্তমানে হলে গ্যাস সংযোগ দেয়া হয়েছে। কিন্তু হলে বরাদ্দকৃত সীটের তুলনায় অধিক ছাত্রী বরাদ্দ দেওয়ায় কমনরুম, টিভিরুম ও ডাইনিং রুমে ছাত্রীদের থাকার ব্যবস্থা করা হয়েছে। ছাত্রীদের স্থায়ীভাবে রুম বরাদ্দ দেওয়ার পর এবং ডাইনিং এর জনবল নিয়োগ দেওয়ার পর ডাইনিং চালু করা হবে। ৮ আগস্ট, ২০২১ বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব এর ৯১তম জন্মবার্ষিকী উদযাপন করা হয়েছে। ১৫ আগস্ট, ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাৎ বার্ষিকী পালন করা এবং হলের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয়। ২১শে ফেব্রুয়ারি ২০২২ জাতীয় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে অত্র হলের পক্ষ থেকে শোক র‍্যালী ও বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়েছে। ১৭ মার্চ, ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুজিববর্ষ উদযাপন করা হয় এবং হলের পক্ষ থেকে ফুলের ডালি দিয়ে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয়। হলে ছাত্রীদের আবাসন সমস্যা নিরসনের লক্ষ্যে বর্তমানে বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের ৬ষ্ঠ তলা উলম্ব বর্ধিতকরণ নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর হল

অফিস প্রধান	:	**অধ্যাপক মোঃ আব্দুল্লাহ হেল কাফী**, পিএইচডি প্রভোস্ট
ওয়ার্ডেন	:	অধ্যাপক মীর ফেরদৌস হোসেন, পিএইচডি আলী আকবর
আবাসিক শিক্ষক	:	আবু সাইফ মোঃ তৌহিদুল আনাম শরিফুল ইসলাম মাহফুজুর রহমান
সহকারী আবাসিক শিক্ষক	:	রাতুল কুমার সাহা

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	০৬ জন
চতুর্থ শ্রেণি	:	১৬ জন
দৈনিক হাজিরা ভিত্তিক	:	৩০ জন
অস্থায়ী ডাইনিং কর্মচারী	:	০৮ জন

প্রশাসনিক কার্যক্রম

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর হল গত আগস্ট ২০১৭ থেকে প্রশাসনিক কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে। হল প্রাধ্যক্ষের দক্ষ ব্যবস্থাপনা, আন্তরিক প্রচেষ্টা ও সার্বিক সহযোগিতায় এবং আবাসিক ছাত্রীদের সাথে যোগাযোগের মাধ্যমে অত্যন্ত দক্ষতার সাথে সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহার করে প্রশাসনিক কার্যক্রম সম্পন্ন হচ্ছে। হলের প্রশাসনিক ও আবাসিক বিভিন্ন সমস্যা সমাধান ও উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে। মহান স্বাধীনতা দিবস, বিজয় দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপন করা হয়। এছাড়াও হলের বার্ষিক ক্রীড়া ও অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হয়। হল প্রাধ্যক্ষের সার্বিক তত্ত্বাবধানে সংশ্লিষ্ট ওয়ার্ডেন, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক এবং কর্মচারীদের অক্লান্ত পরিশ্রমে হলের সার্বিক কর্মকাণ্ড অত্যন্ত সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। এছাড়াও হল সংশ্লিষ্ট শিক্ষকগণ সপ্তাহে দুইদিন হল পরিদর্শন করে থাকেন।

প্রাসঙ্গিক তথ্য

আর্থিক ও প্রশাসনিক নানা সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও এ বছর হলের আবাসিক ছাত্রদের জন্য সর্বোচ্চ শিক্ষা সুবিধা নিশ্চিতকরণে হল প্রশাসন যথারীতি সচেষ্ট ছিল। এ বছরে হলের যে সকল কাজ সম্পন্ন করা হয়েছে তার বিবরণ :

১। ১৭ মার্চ ২০২২ তারিখে বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকীতে হলের নিজস্ব তহবিল থেকে আলোকসজ্জা করা হয়;
২। হলের নিজস্ব অর্থায়নে ছাত্রদের বাথরুমসমূহের মেরামত কাজ করা হয়েছে;
৩। হলের নিজস্ব অর্থায়নে অফিস কক্ষের কাঠের তৈরি সেল্‌ফ লাগানো হয়েছে;
৪। হলের ভিতর, বাহির ও অফিস চত্বরের সামনের বাগানে সৌন্দর্যবর্ধনের জন্য প্রয়োজনীয় ফুল ও ফলের চারা রোপণ করা হয়েছে;
৫। হলের মসজিদটি আকারে ছোট হওয়ায় ছাত্রদের আবেদনের পরিপ্রেক্ষিতে হল সংলগ্ন একটি দোতলা মসজিদ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকৌশল অফিসকে পত্র প্রেরণ করা হয়েছে। তবে এ ব্যাপারে এখনো উল্লেখযোগ্য কোনো অগ্রগতি হয়নি;
৬। হল সংলগ্ন এলাকায় ১টি খেলার মাঠ তৈরির জন্য প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে;
৭। হলের নিজস্ব অর্থায়নে ছাত্রদের সকল ব্লকে ও অফিস সংলগ্ন এলাকায় ইন্টারনেট সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
৮। হলের নিজস্ব অর্থায়নে ও বিশ্ববিদ্যালয়ের তহবিল হতে ৬টি সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে।

অন্যান্য অফিসসমূহ
প্রক্টর অফিস

অফিস প্রধান	:	আ. স. ম. ফিরোজ-উল-হাসান প্রক্টর
সহকারী প্রক্টরবৃন্দ	:	মোঃ মোসাব্বের হোসেন মনির উদ্দিন সিকদার মিরাজ রহমান খান এস এম এ মওদুদ আহমেদ মোঃ রুবেল সোলনারা আক্তার মোঃ তাজউদ্দিন সিকদার, পিএইচডি মহিবুর রৌফ সাজেদা বেগম মোঃ রনি হোসাইন মোঃ ইখতিয়ার উদ্দিন ভূঁইয়া তাসলিন জাহান মৌ কাজী গোলাম মর্তুজা মাহমুদুর রহমান শহিদুল ইসলাম

কর্মকর্তাবৃন্দ

১. গৌতম কুমার বিশ্বাস, বিএসসি (অনার্স), এমএসসি (জাবি), ডেপুটি রেজিস্ট্রার

২. মোঃ সোহেল রানা, বিএ (অনার্স), এমএ (জাবি), সহকারী রেজিস্ট্রার

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	০২ জন
চতুর্থ শ্রেণি	:	০১ জন

প্রশাসনিক কার্যক্রম

১. শিক্ষার্থীদের শৃঙ্খলা সম্পর্কিত যাবতীয় কর্মকাণ্ড এ অফিস পরিচালনা করে থাকে। যদি কোনো শিক্ষার্থী নিয়ম-শৃঙ্খলা বহির্ভূত কোনো কাজ করে থাকে তাহলে ঐ শিক্ষার্থীকে কারণ দর্শানো নোটিশ প্রদান এবং পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য ডিসিপ্লিন বোর্ডের সভায় উপস্থাপন করা হয়।

২. বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্র সংগঠনের দৈনন্দিন কার্যকলাপ যেমন- মিটিং, মিছিল, রাজনৈতিক কর্মকাণ্ড ইত্যাদির উপর প্রক্টর অফিস সজাগ দৃষ্টি রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এবং যাবতীয় তথ্য কর্তৃপক্ষকে অবহিত করে থাকে।

৩. বিভিন্ন বিভাগের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণির পরীক্ষায় আইন-শৃঙ্খলার বিষয় দেখাশোনা ও পরীক্ষায় অসদুপায় অবলম্বনকারী শিক্ষার্থীদের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের যাবতীয় কাজ এই অফিস করে থাকে।

৪. ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার সময় শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে প্রক্টরিয়াল বডি ও প্রক্টর অফিস প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে।

৫. ক্যাম্পাসে বিভিন্ন ধরনের অনুষ্ঠান করার সময় শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে অত্র অফিস প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে।

৬. কখনো কখনো শিক্ষার্থীদের মধ্যে কোনো কারণে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হলে প্রক্টর অফিস তাৎক্ষণিক উত্তেজনা প্রশমনের ব্যবস্থা গ্রহণ করে থাকে।

৭. বিভিন্ন সময় ঢাকা-আরিচা মহাসড়কের পাবলিক বাসের কর্মচারীদের সাথে শিক্ষার্থীদের অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটে এবং উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হলে প্রক্টর অফিস তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করে।

৮. ক্যাম্পাসে সাংবাদিক সমিতি ও প্রেসক্লাবের নির্বাচনকালীন সময়ে প্রক্টর অফিস শৃঙ্খলা রক্ষার বিষয়গুলো তত্ত্বাবধান করে।

৯. বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতাসহ অন্যান্য সময় কেন্দ্রীয় খেলার মাঠে বিভিন্ন খেলাধূলার সময় প্রক্টর অফিস শৃঙ্খলা রক্ষার বিষয়গুলো তত্ত্বাবধান করে।

১০. বিভিন্ন শিক্ষাবর্ষের শিক্ষা সমাপনী অনুষ্ঠান (র‍্যাগ) সহ পুণর্মিলনী/বর্ষপূর্তি অনুষ্ঠানের সময় প্রক্টর অফিস শৃঙ্খলা রক্ষার বিষয়গুলো তত্ত্বাবধান করে।

১১. ক্যাম্পাসে শীতকালীন পাখি পরিদর্শনের জন্য দেশের বিভিন্ন ভিআইপিসহ অন্যান্য সাধারণ জনসমাগমের সময় প্রক্টর অফিস শৃঙ্খলা রক্ষার বিষয়গুলো তত্ত্বাবধান করে।

১২. এছাড়াও ক্যাম্পাসের সার্বিক অবস্থার উপর প্রক্টর অফিস সর্বদা সজাগ দৃষ্টি রাখে এবং কর্তৃপক্ষকে সে ব্যাপারে অবহিত করে থাকে।

প্রাসঙ্গিক তথ্য

এ অফিস বিশ্ববিদ্যালয়ের সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন সরকারি সংস্থা ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী প্রতিষ্ঠানের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করে।

পরীক্ষা কেন্দ্রে প্রবেশের অপেক্ষারত ভর্তিচ্ছু শিক্ষার্থিবৃন্দ

প্রকৌশল অফিস

অফিস প্রধান : **আব্দুস সালাম মোহাম্মদ শরীফ**
প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত)

কর্মকর্তাবৃন্দ

১. আব্দুস সালাম মোহাম্মদ শরীফ, বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল), বিআইটি, খুলনা, প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত)
২. বিলকিস বেগম, বিএসসি (অনার্স), এমএসসি (অর্থনীতি) জাবি, ডেপুটি রেজিস্ট্রার
৩. মোঃ আব্দুল মতিন, ডিপ-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং (পাবনা), উপ-প্রধান প্রকৌশলী (সিভিল) (এলপিআর)
৪. মোঃ শামসুল হক মৃধা, উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ)
ডিপ-ইন-ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ফরিদপুর), বিএসএস (জাতীয় বিশ্ব.)
৫. মোঃ আহসান হাবিব, বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল), কুয়েট, উপ-প্রধান প্রকৌশলী (সিভিল)
৬. মোঃ শরীফুল ইসলাম ভূইয়া, বিএসসি ইঞ্জিনিয়ারিং (ইলেক.), চুয়েট, এমবিএ (ইষ্ট ওয়েষ্ট)
উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ)
৭. আসাদুজ্জামান, বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল), কুয়েট, উপ-প্রধান প্রকৌশলী (সিভিল)
৮. মোঃ আশিকুর রহমান, বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল), কুয়েট, উপ-প্রধান প্রকৌশলী (সিভিল)
৯. এ কে এম ফরিদুল আলম, বিএসএস (জাতীয় বিশ্ব.), সহকারী রেজিস্ট্রার
১০. প্রদীপ কুমার সরকার, ডিপ্লোমা-ইন-সিভিল ইঞ্জি. (ঢাকা), সিনিয়র টেকনিক্যাল অফিসার (ওয়ার্কস্)
১১. আবদুল আজিজ, বিকম (অনার্স), এমকম (হিবি) (জাতীয় বিশ্ব.), সহকারী কম্পট্রোলার
১২. মুহাম্মদ আবু হানিফ, বিএসসি (অনার্স), এমএসসি (ভূগোল), বিএড, এমএড, এলএলবি (জাতীয় বিশ্বঃ), প্রশাসনিক অফিসার
১৩. আনোয়ারা বেগম, ডিপ-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং (ঢাকা), বিএসসি ইঞ্জিনিয়ারিং (WUB)
সহকারী প্রকৌশলী (সিভিল)
১৪. মোঃ আবুল কালাম আজাদ, টেকনিক্যাল অফিসার
১৫. মোঃ আমজাদ হোসেন, বিএ (অনার্স), এমএ (জাবি), স্টোর অফিসার
১৬. মোহাম্মদ আব্দুল হান্নান, টেকনিক্যাল অফিসার (ওয়ার্কস্)
১৭. মোহাম্মদ হাসিবুল ইসলাম, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)
বিএসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং, আইইউটি, ঢাকা

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	৫৪ জন (৩ জন এলপিআরসহ)
চতুর্থ শ্রেণি	:	৩৯ জন
দৈনিক হাজিরা ভিত্তিক	:	০২ জন

প্রশাসনিক তথ্য

একক ইউনিট হিসেবে প্রকৌশল অফিস জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অন্যতম বৃহৎ অফিস। বর্তমানে ১৭ জন কর্মকর্তা ও ৯৫ জন কর্মচারীর (দৈনিক হাজিরাসহ) সমন্বয়ে প্রকৌশল অফিস সকল প্রকার প্রশাসনিক ও সেবাকর্ম পরিচালনা করা হচ্ছে। পানি, বিদ্যুৎ ও গ্যাস সরবরাহের ন্যায় জরুরী সেবা ছাড়াও বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার অবকাঠামো রক্ষনাবেক্ষণ, মেরামত ও নতুন স্থাপনা নির্মাণ করে থাকে প্রকৌশল অফিস। প্রকৌশল অফিস এই বৃহৎ কার্যক্রম কয়েকটি শাখার মাধ্যমে পরিচালনা করে থাকেন। শাখাসমূহের কার্যক্রম নিম্নরূপ :

সাধারণ শাখা

প্রকৌশল অফিসের অন্যতম একটি গুরুত্বপূর্ণ শাখার নাম সাধারণ শাখা। সাধারণ শাখার সার্বিক নিয়ন্ত্রণ প্রধান প্রকৌশলীর হাতে ন্যস্ত। প্রধান প্রকৌশলী এ শাখার মাধ্যমে সকল প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করে থাকেন। প্রধান প্রকৌশলী ছাড়াও ০১ জন ডেপুটি রেজিস্ট্রার, ০১ জন সহকারী রেজিস্ট্রার, ০১ জন সহকারী কম্পট্রোলার, ০১ জন প্রশাসনিক অফিসার এবং ১৭ জন কর্মচারীর সমন্বয়ে এ শাখার কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। অত্র অফিসের বিভিন্ন পদ্ধতির দরপত্র আহবান, পত্রিকায় বিজ্ঞাপন, কার্যাদেশ, সময় বর্ধিতকরণ পত্র ও দরপত্রের যাবতীয় কার্যক্রম এ শাখার মাধ্যমে হয়ে থাকে।

বার্ষিক আপ্তঃ বিবরণী (ACR) তৈরি ও রেজিস্ট্রার অফিসে প্রেরণ

প্রতি বছর যখন রেজিস্ট্রার অফিস বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস ও বিভাগ থেকে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের বার্ষিক আপ্তঃবিবরণী প্রেরণের বিজ্ঞপ্তি প্রচার করে তখন নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকৌশল অফিস থেকে ৯৩ জন কর্মচারী বার্ষিক আপ্তঃবিবরণী তৈরি করে রেজিস্ট্রার অফিসে প্রেরণ করে থাকে।

শিক্ষা সহায়ক ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিদ্ধান্ত অনুযায়ী প্রতি বছর প্রকৌশল অফিস চাকুরিরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য শিক্ষা সহায়ক ভাতার আবেদনপত্র প্রস্তুত করে রেজিস্ট্রার অফিসে পাঠানো হয়। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রকৌশল অফিসের ১০জন কর্মকর্তা ও ৬১জন কর্মচারীদের সন্তানরা শিক্ষা ভাতা পেয়েছে।

কর্মচারীদের বেতন বিল পরীক্ষাকরণ, উর্দ্দি বিল তৈরি ও প্রদান, মাস্টাররোল কর্মচারীদের বেতন বিল প্রস্তুত ও প্রদান

২০২১-২০২২ অর্থবছরে প্রকৌশল অফিসের তৃতীয় ও চতুর্থ শ্রেণী ৯৩ জন কর্মচারীর মাসিক বেতন বিল পরীক্ষাকরণ, ০২ জন কর্মচারীর দৈনিক হাজিরা বিল তৈরি ও প্রদান করার ও পত্রিকার টেন্ডারের বিজ্ঞাপন বিল তৈরি ও হিসাবাধ্যক্ষ অফিসে প্রেরণ এবং বন্ধের সময় পানি সরবরাহ শাখার রোস্টার ডিউটিতে কর্মরত কর্মচারীদের বিল তৈরি এবং ঈদের বন্ধের সময় গ্যাস ও প্লাম্বার শাখায় কর্মরত কর্মচারীদের বিল তৈরি ও বণ্টন করা হয়। এছাড়া প্রকৌশল অফিসের মাধ্যমে ঠিকাদরী সংস্থা কর্তৃক সম্পাদিত OTM, LTM, RFQ ও DPM টেন্ডারসমূহের কাজের বিল পরিশোধ করা হয়। প্রকৌশল অফিস ২০২১-২০২২ অর্থবছরে ঠিকাদারী সংস্থার বিভিন্ন কাজের জন্য মোট ৩,২২,৮৯,৮২৩.২১ টাকার বিল তৈরি করে হিসাবধ্যক্ষ অফিসে প্রেরণ করে।

কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি, স্থায়ীকরণ, প্রশিক্ষণ ও অবসর গ্রহণের পত্রাদি উপস্থাপন

প্রকৌশল অফিসে কর্মকর্তাদের পদোন্নতির ক্ষেত্রে আবেদনকারী প্রকৌশলী, কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্য থেকে যাদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা শর্তাবলি পূরণ হওয়া সাপেক্ষে তাঁদের পদোন্নতির জন্য আবেদন পত্র পূরণ করে প্রয়োজনীয় ডকুমেন্টসহ রেজিস্ট্রার অফিসে প্রেরণ করা হয়। নিয়মানুসারে রেজিস্ট্রার অফিস তাঁদের পদোন্নতি জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করে থাকেন। প্রকৌশল অফিসে ২০২১-২০২২ শিক্ষা বর্ষে ০৫ জন কর্মকর্তা ও ১৯ জন কর্মচারী পদোন্নতি লাভ করেন।

আপগ্রেডিং প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের প্রবেশন পিরিয়ড শেষ হলে তাঁদের গোপনীয় মতামতসহ স্থায়ীকরণের জন্য রেজিস্ট্রার অফিসে প্রেরণ করা হয়।

প্রকৌশল স্টোর

বিশ্ববিদ্যালয়ের অফিস, বিভাগ, হল, আবাসিক ভবনাদিতে ব্যবহারের জন্য স্যানেটারি, হার্ডওয়ার, বৈদ্যুতিক, ওয়েল্ডিং, গ্যাস ও রাজমিস্ত্রীরা যে সকল মালামাল ব্যবহার করে থাকেন তা প্রকৌশল স্টোর থেকে সরবরাহ করা হয়। প্রকৌশল স্টোরের দায়িত্বে রয়েছেন ১ জন উপ-প্রধান প্রকৌশলী, ১ জন স্টোর অফিসার ও ৩ জন কর্মচারী। প্রতি অর্থবছরে প্রকৌশল ভাণ্ডার যে সকল মালামাল গ্রহণ করে ও বণ্টন করে তার স্বচ্ছতা যাচাইয়ের জন্য স্টোর ভেরিফিকেশন কমিটি রিপোর্ট প্রদান করে। উক্ত কমিটি নিম্নরূপ :

১.	জনাব আব্দুল মতিন উপ-প্রধান প্রকৌশলী (সিভিল), জাবি	আহবায়ক
২.	জনাব মোঃ শামসুল হক মৃধা উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ), জাবি	সদস্য
৩.	জনাব আসাদুজ্জামান উপ-প্রধান প্রকৌশলী (সিভিল), জাবি	সদস্য

এছাড়া বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার পুরাতন ও অকেজো মালামাল প্রকৌশল স্টোরে মজুদ করা হয়। সেখান থেকে নিলামের মাধ্যমে বিক্রি করা হয়।

কাঠ, গ্যাস ও হার্ডওয়ার শাখা

বিশ্ববিদ্যালয়ের হল, অফিস, বিভাগ, আবাসিক ও প্রশাসনিক ভবনাদির দরজা জানালা, জানালার গ্লাস মেরামত ও পুনঃস্থাপনের কাজ করে থাকে প্রকৌশল অফিসের কাঠ শাখা। এ শাখার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন

আসবাবপত্র মেরামত ও সংস্কার করা হয়। এ শাখা ১ জন উপ-প্রধান প্রকৌশলী, ১ জন সিনিয়র টেকনিক্যাল অফিসার ও ১১ জন কর্মচারী নিয়ে গঠিত। তারা বিশ্ববিদ্যালয়ের সকল রকমের কাঠের কাজ করে থাকে।

এছাড়া এ শাখার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সকল হল, আবাসিক ভবন ও বিভাগে (প্রয়োজন অনুযায়ী) সার্বক্ষণিক গ্যাস সঞ্চালন করা হয়ে থাকে। বিশ্ববিদ্যালয়ের কোথাও গ্যাস সরবরাহ ব্যাহত হলে এ শাখার মাধ্যমে তাৎক্ষণিক তা সঞ্চালনের জন্য জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করে থাকে।

স্যানেটারি শাখা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালযের বিভাগ, অফিস, হল ও আবাসিক ভবনাদির বিভিন্ন স্যানেটারি মালামাল যেমন- পানির কল, কমোড, বেসিন ও স্যানেটারি ফিটিং, ফিক্সিং ইত্যাদি নতুন স্থাপন, মেরামত ও সংস্কারের কাজ করে থাকে প্রকৌশল অফিসের স্যানেটারি শাখা। ১ জন উপ-প্রধান প্রকৌশলী, ১ জন টেকনিক্যাল অফিসার ও ১৩ জন টেনিক্যাল কর্মচারী দ্বারা এ শাখা পরিচালিত হয়ে থাকে। এ শাখার কর্মচারীগণ বন্ধের সময় রোস্টার ডিউটির মাধ্যমে দায়িত্ব পালন করে থাকেন। এছাড়া এ শাখা বিশ্ববিদ্যালয়ের পানি সরবরাহ লাইন স্থাপন, মেরামত ও সংস্কার করে থাকে। বিশ্ববিদ্যালয়ের সংরক্ষণ কাজের জন্য প্রতি অর্থ বছরে যে পরিমাণ স্যানেটারি মালামাল ক্রয় করা হয় তা একটি কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করে নেয়া হয়। কমিটি নিম্নরূপ :

১.	সভাপতি প্রভোস্ট কমিটি, জাবি	সভাপতি
২.	জনাব আব্দুস সালাম মোঃ শরীফ প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত) , জাবি	সদস্য
৩.	জনাব তপন কুমার কর্মকার ডেপুটি কম্পট্রোলার, জাবি	সদস্য
৪.	জনাব আসাদুজ্জামান উপ-প্রধান প্রকৌশলী (সিভিল), জাবি	সদস্য-সচিব

ওয়েল্ডিং ও রাজমিস্ত্রী শাখা

বিশ্ববিদ্যালয়ের হল, অফিস, বিভাগ, আবাসিক ও প্রশাসনিক ভবনাদির প্লাস্টার, ইটের গাঁথুনী, ফ্লোর, দরজা, জানালার ওয়েল্ডিং মেরামত ও পুনঃস্থাপনের কাজ করে থাকে প্রকৌশল অফিসের রাজমিস্ত্রী ও ওয়েল্ডিং শাখা। এ শাখা ১ জন সহকারী প্রকৌশলী ও ০৮ জন কর্মচারী নিয়ে গঠিত। তারা বিশ্ববিদ্যালয়ের সব ধরনের রাজমিস্ত্রী ও ওয়েল্ডিং-এর কাজ করে থাকে। এ শাখার ৩ জন কর্মচারী এবছর এলপিআর-এর আছেন।

বৈদ্যুতিক শাখা

এ শাখায় ২ জন উপ-প্রধান প্রকৌশলী, ১ জন সহকারী প্রকৌশলী, ২২ জন কর্মচারীর সমন্বয়ে গঠিত। এ শাখার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের অনুষদ, বিভাগ, হল, অফিস, বাসা বাড়ীর বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ কাজ করা হয়। বৈদ্যুতিক মালামালের চাহিদা নিরূপণ, ক্রয়, যাচাই ও বিতরণ কমিটির মাধ্যমে মালামাল সরবরাহ ও বিতরণ করা হয়। ৪৪০ ভোল্ট এলটি ওভারহেড লাইনের পোল, ফিটিংস প্রভৃতি সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ। রাস্তার বাতি লাগানো ও সংরক্ষণ। ক্যাম্পাসে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের আবাসিক বিদ্যুৎ বিল তৈরি। ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সাথে সমন্বিতভাবে ১১ কেভি বৈদ্যুতিক লাইন সচল ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার স্বার্থে বিভিন্ন সময়ে শাট ডাউন গ্রহণ করে রক্ষণাবেক্ষণ কাজ করা হয়। বৈদ্যুতিক শাখার সর্বপ্রকার বৈদ্যুতিক মালামাল নিম্নেবর্ণিত কমিটির মাধ্যমে ক্রয় করা হয় :

১.	অধ্যাপক মোঃ আব্দুল মান্নান চৌধুরী, পিএইচডি পদার্থ বিজ্ঞান বিভাগ, জাবি	সভাপতি
২.	অধ্যাপক মোঃ শামছুল আলম, পিএইচডি সরকার ও রজনীতি বিভাগ, জাবি	সদস্য
৩.	অধ্যাপক আলী আজম তালুকদার, পিএইচডি মাইক্রোবায়োলজী বিভাগ, জাবি	সদস্য
৪.	জনাব মাহফুজ মিয়া	সদস্য

ডেপুটি কম্পট্রোলার, কম্পট্রোলার অফিস, জাবি

৫. জনাব মোঃ শরীফুল ইসলাম ভূঁইয়া — সদস্য-সচিব
উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ), প্রকৌশল অফিস, জাবি।

পাম্প সেকশন

বিশ্ববিদ্যালয়ের সকল হল, অফিস, বিভাগ, আবাসিক ভবনে ৬টি পাম্পের মাধ্যমে পানি সরবরাহ করা হয়। ১ জন উপ-প্রধান প্রকৌশলী, ১ জন টেকনিক্যাল অফিসার এবং ২৩ জন কর্মচারীর সমন্বয়ে এ সেকশন গঠিত। তন্মধ্যে ২ জন দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত আছেন। ২৩ জন কর্মচারী দুই শিফটে বিভক্ত হয়ে সার্বক্ষণিক পানি সরবরাহ করে। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার ছুটির সময় উপরোক্ত কর্মচারীগণ রোস্টার ডিউটি ও ওভার টাইম কাজের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে সার্বক্ষণিক পানি সরবরাহ নিশ্চিত করে থাকেন। পাম্প নষ্ট হলে সে ক্ষেত্রে নতুন পাম্প স্থাপন কিংবা মেরামতের জন্য বিশ্ববিদ্যালয়ের গঠিত নিম্নেবর্ণিত কমিটি কাজ করে :

১. অধ্যাপক খায়রুল বসর, পিএইচডি — সভাপতি
ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ, জাবি

২. মোঃ তাজউদ্দিন সিকদার, পিএইচডি — সদস্য
সহযোগী অধ্যাপক,
পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগ, জাবি

৩. জনাব মোঃ মোসানুল কবীর — সদস্য
কম্পট্রোলার (ভারপ্রাপ্ত), জাবি

৪. জনাব আবদুস সালাম মোঃ শরীফ — সদস্য
প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), জাবি

৫. জনাব আসাদুজ্জামান — সদস্য-সচিব
নির্বাহী প্রকৌশলী (সিভিল-১), প্রকৌশল অফিস, জাবি।

প্রকৌশল অফিসের আয়

২০২১-২০২২ অর্থ বছরে প্রকৌশল অফিস বিভিন্ন উপ-খাত থেকে নিম্নলিখিত টাকা আয় করে, যা সিডি-৬৮ এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তহবিলে জমা করা হয়েছে। আয়ের বিস্তারিত বিবরণ নিম্নরূপ :

ক্র. নং	আয়ের খাতসমূহ	টাকার পরিমাণ
১.	সীমিত দরপত্র পদ্ধতির (LTM) টেন্ডার সিডিউল বই বিক্রি করে আয়	২১,৫০০/-
২.	উন্মুক্ত দরপত্র পদ্ধতির (OTM) টেন্ডার সিডিউল বই বিক্রি করে আয়	৩২,৫০০/-
৩.	সীমিত দরপত্র পদ্ধতির (LTM) পুরাতন তালিকাভুক্ত সংস্থার বিভিন্ন সংস্থার নিকট থেকে নবায়ন ফি বাবদ আয়	৬৮,০০০/-
	মোট আয়-	১,২২,০০০/-

টেন্ডার কার্যক্রম

বিশ্ববিদ্যালয়ে উন্নয়ন, মেরামত ও সংরক্ষণ কার্যক্রম প্রকৌশল অফিসের মাধ্যমে হয়ে থাকে। এই সকল কার্যক্রম বিভিন্ন পদ্ধতির টেন্ডারের মাধ্যমে সংঘটিত হয়। যেমন-

ক) উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) ও সীমিত দরপত্র পদ্ধতি (LTM) টেন্ডার

আলোচ্য শিক্ষাবর্ষে প্রকৌশল অফিস উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) ও সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) সর্বমোট ৪৫টি টেন্ডার উন্মুক্ত করে। টেন্ডার উন্মুক্ত করণ কমিটি (TOC) নিম্নরূপ :

১। জনাব আব্দুস সালাম মোঃ শরীফ — সভাপতি
প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), প্রকৌশল অফিস, জাবি

২। জনাব মোঃ মোসানুল কবীর — সদস্য
কম্পট্রোলার (ভারপ্রাপ্ত), জাবি

৩। জনাব মোঃ আব্দুল মতিন — সদস্য সচিব
উপ-প্রধান প্রকৌশলী (সিভিল), প্রকৌশল অফিস, জাবি।

উক্ত কমিটি ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রকৌশল অফিসের জন্য যে সকল উন্মুক্ত দরপত্র পদ্ধতির (OTM) ও সীমিত দরপত্র পদ্ধতি (LTM) টেন্ডার উন্মুক্ত করেন তার বিবরণ নিম্নে তুলে ধরা হলো :

ক্র. নং	কাজের বিস্তারিত বিবরণ	কার্যাদেশে টাকার পরিমাণ
১.	জাবি স্কুল ও কলেজ ভবনের দ্বিতীয় তলার দক্ষিণ পাশের ছাদ পুনঃনির্মাণ	১৪,৯৪,৯৮৯.৬৪
২.	জাবি স্কুল ও কলেজ ভবনের পশ্চিমাংশের ইন্সপেকশন পিট, সেপটিক ট্যাংক, সোক ওয়েল নির্মাণ কাজ	৪,৫২,৪৩৩.০০
৩.	জাবি কেন্দ্রীয় জামে মসজিদ মেরামত, সংস্কার, স্টোর ও হুজুরাখানা নির্মাণ এবং মসজিদের সামনের ফ্লোর ঢালাই কাজ	৯,২২,৬৯০.৬২
৪.	মীর মশাররফ হোসেন হল হতে বিজ্ঞান কারখানার সামনে দিয়ে টিএসসি পর্যন্ত রাস্তা এবং বেগম সুফিয়া কামাল হল হতে সমাজ বিজ্ঞান ভবনের প্রধান সড়ক পর্যন্ত রাস্তা মেরামত কাজ	১৯,৯৪,৬৬৭.১৭
৫.	জাবি স্কুল ও কলেজের চুনকাম ও সিলিকন পেইন্ট কাজ	৬,৩০,৯৭২.৩৪
৬.	নওয়াব ফয়জুন্নেসা হলের অভ্যন্তরে ঝুঁকিপূর্ণ বৈদ্যুতিক খুঁটি ও ওভারহেড লাইন পরিবর্তন করে নতুন এসপিসি পোল স্থাপন ও ওভারহেড লাইনের তার পরিবর্তন কাজ	৭,৯৩,২৩৩.৭৭
৭.	পাবলিক হেলথ্ এন্ড ইনফরমেটিক্স বিভাগের একাডেমিক ভবনের উপর টিনশেড ভবন নির্মাণ, ৩টি টয়লেট নির্মাণ ও নীচতলার ছাত্রদের জন্য টয়লেট নির্মাণ কাজ	১,৪৭,০৩৫০.১৪
৮.	৩নং পাম্পের যান্ত্রিক ত্রুটি মেরামত কাজ	২,৩৪,৮২০.০০
৯.	বি-৩০ নং বাসার সংরক্ষণ কাজ	৩,৫৩,০৩৮.৬৫
১০.	সংরক্ষণ কাজের জন্য স্যানেটারি মালামাল সরবরাহ	১৮,৩০,৮৩৫.০০
১১.	ডি-৫৭ হতে ডি-৬৪ নং বাসার টয়লেট ও রান্নাঘর আংশিক সংরক্ষণ কাজ	২,৩৯,১৪১.১৪
১২.	ডি-৮৯ হতে ডি-৯৬ নং বাসার টয়লেট ও রান্নাঘর আংশিক সংরক্ষণ কাজ	১,৯৫,৯৬১.০০
১৩.	সমাজবিজ্ঞান অনুষদ ভবনের ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগের উত্তর ও দক্ষিণ দিকের রুফ ট্রিটমেন্ট কাজ	১৭,৭৭,৪৪৭.৪৪
১৪.	ডি-৩৩ হতে ডি-৪০ নং বাসার বাথরুম ও রান্নাঘর আংশিক সংরক্ষণ কাজ	৮,৩৩,৫৯৩.৯৬
১৫.	ডি-৭৩ হতে ডি-৮০ নং বাসার বাথরুম ও রান্নাঘর আংশিক সংরক্ষণ কাজ	৩,৪২,৯৪১.২৫
১৬.	ডি-২, ৩, ৪, ৬ ও ৭ নং (৫টি বাসা) বাসার বাথরুম ও রান্নাঘর আংশিক সংরক্ষণ কাজ	৫,০৫,৫০০.৫০
১৭.	ডি-৬৫ হতে ডি-৭২ নং বাসার বাথরুম ও রান্নাঘর আংশিক সংরক্ষণ কাজ	২,৩৯,৪০৬.০০
১৮.	ডি-৪৯ হতে ডি-৫৬ নং বাসার বাথরুম ও রান্নাঘর আংশিক সংরক্ষণ কাজ	২,৩৯,৩৫২.৫৬
১৯.	ডি-৮১ হতে ডি-৮৮ নং বাসার বাথরুম ও রান্নাঘর আংশিক সংরক্ষণ কাজ	৮,৮৫,৪৫৮.০০
২০.	ডি-৯, ১০, ১৩, ১৪ ও ১৫ নং (৫টি বাসার) বাসার বাথরুম ও রান্নাঘর আংশিক সংরক্ষণ কাজ	৪,০৪,১৯৭.০০
২১.	ডি-২৫ হতে ডি-৩২ নং বাসার বাথরুম ও রান্নাঘর আংশিক সংরক্ষণ কাজ	৬,০৬,৯৪৭.০০
২২.	যুব রেড ক্রিসেন্ট-এর অফিসরুম সংরক্ষণ কাজ	৪,৮২,১৫৮.০০
২৩.	সংরক্ষণ কাজের জন্য স্যানেটারি মালামাল সরবরাহ	১৭২০,০৮২.০০
২৪.	ব্যাচেলর কোয়াটারের আংশিক সংরক্ষণ কাজ	১৩,২৫,৪৫৫.০০
২৫.	ব্যাচেলর কোয়াটারের বাহিরের সাইড সংরক্ষণ কাজ	৯,৮৬,৯৯০.৬৫
	মোট	২০,০৩৯,৯৭১.২১

খ) অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (RFQ) ও সরাসরি ক্রয় পদ্ধতি (DPM)

আলোচ্য শিক্ষাবর্ষে প্রকৌশল অফিস অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (RFQ) ও সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) যে সকল কাজ হাতে নেয় তা মূল্যায়ণের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি (TOC) কাজ করে থাকে। উক্ত কমিটি নিম্নরূপ :

১.	জনাব আব্দুস সালাম মোঃ শরীফ প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), প্রকৌশল অফিস, জাবি	সভাপতি
২.	জনাব এ বি এম আজিজুর রহমান ডেপুটি রেজিস্ট্রার (উচ্চ শিক্ষা ও বৃত্তি-২), রেজিস্ট্রার অফিস, জাবি	সদস্য
৩.	জনাব মুহাঃ আশরাফুল আলম ডেপুটি কম্পট্রোলার, হিসাবাধ্যক্ষ অফিস, জাবি	সদস্য
৪.	জনাব মোঃ শামসুল হক মৃধা উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ), প্রকৌশল অফিস, জাবি	সদস্য
৫.	জনাব আব্দুল মতিন উপ-প্রধান প্রকৌশলী (সিভিল), প্রকৌশল অফিস, জাবি।	সদস্য-সচিব

উক্ত কমিটি ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রকৌশল অফিসের জন্য নিম্নলিখিত অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (RFQ) ও সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) টেন্ডারসমূহ মূল্যায়ণ করেছেন :

ক্র. নং	কাজের বিস্তারিত বিবরণ	কার্যাদেশে টাকার পরিমাণ
১.	ই-১ নং বাসার সংরক্ষণ কাজ	১৪,৯০২.০০
২.	১৫ নং গ্যারেজের স্লাইডিং শাটার মেরামত কাজ	৯,১৩০.০০
৩.	ব্যাচেলর কোয়ার্টার- ২১ নং এর প্লাস্টার মেরামতসহ চুনকাম দরজা, জানালা ও গ্রীল রং এর কাজ	১২,৪৯৯.০০
৪.	এ-৭ নং বাসার গ্যারেজের রোলিং শাটার মেরামত কাজ	৮,১৯০.০০
৫.	ই-৫৬ নং বাসার সংরক্ষণ কাজ	১৯,৬৪৪.০০
৬.	ডি-২১ নং বাসার সংরক্ষণ কাজ	২৪,৩০১.০০
৭.	ব্যাচেলর কোয়ার্টার- ৯ এর চুনকাম, প্লাস্টার, দরজা জানালা ও গ্রীল রং এর কাজ	১৩,০৯৩.০০
৮.	বি-২৭ নং বাসার কমোড ও লোডাউন নতুন স্থাপন কাজ	১৫,৮৫০.০০
৯.	শহীদ সালাম বরকত হলের ১০টি পানির টাংকি পরিষ্কার কাজ	২৩,০০০.০০
১০.	এফ-৩৫ নং বাসার কলাপসিবল গেট পরিবর্তন করে নতুন গেট স্থাপন কাজ	১৪,৬৫৭.০০
১১.	বেগম সুফিয় কামাল হলে লোডাউন সরবরাহসহ আনুষাঙ্গিক কাজ	২৪,৮৬০.০০
১২.	ই-৫৭ নং বাসার সংরক্ষণ কাজ	২৪,৪৮৯.০০
১৩.	ডি-৬৮ নং বাসার প্লাস্টার মেরামতসহ চুনকাম ডিস্টেমপার কাজ	২৩,৮৬০.০০
১৪.	এফ-৩৬ নং বাসার প্লাস্টার মেরামতসহ চুনকাম, দরজা-জানালা গ্রীল এবং কলাপসিবল গেট রং এর কাজ	১৫,৬৪৬.০০
১৫.	ই-৯৮ নং বাসার চুনকাম, প্লাস্টার ও অন্যান্য কাজ	২০,২০৯.০০
১৬.	বিশমাইল স্বপ্ননগর এলাকায় সেপটিক ট্যাংকের জন্য ওভার ফ্লো লাইন স্থাপন কাজ	৩০৮,৮১০.০০
১৭.	এফ-৪৮ নং বাসার সংরক্ষণ কাজ	২০,৯৫৯.০০
১৮.	ডি-৯২ নং বাসার প্লাস্টার মেরামতসহ চুনকাম ও বাথরুমের টাইলস লাগানো কাজ	১৪৬,৪৯৮.০০
১৯.	সি-৭ নং বাসার সংস্কার কাজসহ দরজা জানালা মেরামত কাজ	৭১,৮৫২.০০
২০.	সি-৩৭ নং বাসার প্লাস্টার মেরামতসহ চুনকাম, ডিস্টেম্পার, দরজা রং ও রান্নাঘরের টাইলস স্থাপন কাজ	৭২,৫৭১.০০
২১.	বি-৩৫ নং বাসার সংরক্ষণ কাজ	৫৯,৪৭৭.০০
২২.	বি-৮ নং বাসার সংরক্ষণ কাজ	৪৩,৯৬১.০০
২৩.	বি-৬১ নং বাসার প্লাস্টার মেরামতসহ চুনকাম, ডিস্টেমপার, দরজা, জানালা ও গ্রীল রং এবং জানালার ভাঙ্গা কাচঁ পরিবর্তন কাজ	৫৫,৯৯৩.০০
২৪.	সি-৬২ নং বাসার প্লাস্টার মেরামতসহ চুনকাম, ডিস্টেম্পার, দরজা রং ও রান্নাঘরের টাইলস স্থাপন কাজ	৬৯,১৯৯.০০

ক্র. নং	কাজের বিস্তারিত বিবরণ	কার্যাদেশে টাকার পরিমাণ
২৫.	এ-১২ নং বাসার সুয়্যারেজ লাইন পরিবর্তনসহ আনুষাঙ্গিক কাজ	২১৭,০১৫.০০
২৬.	ডি-৯৫ নং বাসার সংরক্ষণ কাজ	১৭১,১৪৬.০০
২৭.	ডি-৩৭ নং বাসার সংরক্ষণ কাজ	২৮,৭৪৩.০০
২৮.	ডি-৫১ নং বাসার রান্নাঘর ও বাথরুমের টাইলস লাগানো কাজ	১১৬,৬২১.০০
২৯.	ডি-৩৫ নং বাসার সংরক্ষণ কাজ	
৩০.	আ ফ ম কামাল উদ্দিন হলের প্রাধ্যক্ষ ভবন (এ-২১) আংশিক সংরক্ষণ কাজ	৯৩,৯৮৭.০০
৩১.	বেগম সুফিয়া কামাল হলের চুরি হওয়া স্যানেটারি মালামাল পুনঃস্থাপন কাজ	১৭১,৫৩০.০০
৩২.	ডি-৩৫ নং বাসার সংরক্ষণ কাজ	৮৪,৪৩৯.০০
৩৩.	প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের বাসভবনে গাড়ি রাখার গ্যারেজ নির্মাণ কাজ	৬৮,৭৭৭.০০
৩৪.	এ-১১ নং বাসার সারফেজ ড্রেন মেরামত, কলাপসিবল গেট, গ্যারেজের ছাদ মেরামত, প্লাস্টার রং এবং বাউন্ডারি ওয়ালের কাজ	১৮১,০৭২.০০
৩৫.	সি-৩ নং বাসার সংরক্ষণ কাজ	২১৮,৭৯৯.০০
৩৬.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের অফিস রুমের টয়লেটের কমোড পরিবর্তন করে প্যান স্থাপন কাজ	১৪,৫০৮.০০
৩৭.	এ-১৫ নং বাসার গাড়ি রাখার গ্যারেজের নতুন রোলিং শাটার স্থাপন কাজ	২৯,৬৬৫.০০
৩৮.	এ-৩ নং বাসার গাড়ি রাখার গ্যারেজের নতুন রোলিং শাটার স্থাপন কাজ	৩০,১৭৫.০০
৩৯.	এ-৫ নং বাসার গাড়ি রাখার গ্যারেজের নতুন রোলিং শাটার স্থাপন কাজ	২৯,৫৮০.০০
৪০.	এফ-৩৫ নং বাসার সংরক্ষণ কাজ	২৩,৬৩৫.০০
৪১.	শহীদ রফিক-জব্বার হলের ২টি নতুন প্যান স্থাপন ও আনুষাঙ্গিক কাজ	১৪,৬৫০.০০
৪২.	সি-২৭ নং বাসার সংরক্ষণ কাজ	১১৬,০১৪.০০
৪৩.	ডি-১ হতে ডি-৮ নং বাসার ছাদ সংরক্ষণ কাজ	৩৬০,৩১৮.০০
৪৪.	ডি-৯ হতে ডি-১৬ নং বাসার ছাদ সংরক্ষণ কাজ	৩৬০,৩১৮.০০
৪৫.	এ-১৬ নং বাসার রান্নাঘরের এমএস দরজা মেরামত কাজ	৭,০৮৬.০০
৪৬.	ডি-১৭ হতে ডি-২৪ নং বাসার ছাদ সংরক্ষণ কাজ	৩৬০,৪৭৩.০০
৪৭.	ডি-২৫ হতে ডি-৩২ নং বাসার ছাদ সংরক্ষণ কাজ	৩৬০,৪৭৩.০০
৪৮.	আ ফ ম কামাল উদ্দিন হলের ছাত্রদের কক্ষের জন্য ৭টি নতুন দরজা স্থাপন কাজ	৭৩,২০৬.০০
৪৯.	এ-১১ নং বাসার সুয়্যারেজ লাইন পরিবর্তনসহ আনুষাঙ্গিক কাজ	২৪,৯৫০.০০
৫০.	ডি-২২ নং বাসার সংরক্ষণ কাজ	১৩৯,৫২০.০০
৫১.	ই-৪ নং বাসার চুনকাম ও প্লাস্টার কাজ	৩০,৩৭৩.০০
৫২.	এফ-২৯ নং বাসার চুনকাম ও প্লাস্টার কাজ	১৩,০৩০.০০
৫৩.	ডি-৫৭ ও ডি-৬২ নং বাসার সংরক্ষণ কাজ	১২৬,৮৬২.০০
৫৪.	এ-১৩ নং বাসার গ্যারেজের রোলিং শাটার পরিবর্তন কাজ	২৯,৮২০.০০
৫৫.	শহীদ সালাম-বরকত হলের এ ও বি ব্লকের ৪র্থ তলা হতে ১ম তলা পর্যন্ত প্রস্রাবখানায় ১ ইঞ্চি জিআই পাইপ পরিবর্তনসহ আনুষাঙ্গিক কাজ	৫৯,৫৬০.০০
৫৬.	ডি-১ নং বাসার চুনকাম, ডিস্টেম্পার, দরজা জানালা করণ, বাথরুম ও রান্নাঘরের টাইলস স্থাপন কাজ	১৪৯,৮৫৮.০০
৫৭.	বি-৫৪ নং বাসার সংরক্ষণ কাজ	৪৬,৩৯০.০০
৫৮.	ডি-১১ নং বাসার বাথরুম, রান্নাঘরের টাইলস স্থাপন, স্যানেটারি মালামাল পরিবর্তন, প্লাস্টার মেরামতসহ ডিস্টেম্পার কাজ	১০১,২৭১.০০
৫৯.	বি-৫১ নং বাসার প্লাস্টার মেরামত, চুনকাম ডিস্টেম্পার, দরজা-জানালা গ্রীল রং ও টাইলস স্থাপন কাজ	৫৬,৩০৯.০০

ক্র. নং	কাজের বিস্তারিত বিবরণ	কার্যাদেশে টাকার পরিমাণ
৬০.	ডি-২৫ হতে ডি-৩২ নং বাসার ১টি নতুন কলাপসিবল গেট স্থাপন কাজ	১৬,৭৫০.০০
৬১.	ডি-১ হতে ডি-৮ নং আবাসিক ভবনের (বাহিরের অংশের) সংরক্ষণ কাজ	৯৬,০১৩.০০
৬২.	প্রকৌশল অফিসের ১জন টেকনিক্যাল অফিসার (ওর্য়াকস্) এর ১ সেট আসবাবপত্র সরবরাহ	২৫,০০০.০০
৬৩.	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ভূ-তাত্ত্বিক বিজ্ঞান বিভাগ ও প্রীতিলতা হলের পানির সেকশন লাইন মেরামত কাজ	২০,৩৫০.০০
৬৪.	শহীদ সালাম-বরকত হলের পূর্ব পাশের ৬ ইঞ্চি পানির সরবরাহ লাইন ছিদ্র হওয়ায় লাইনটি পরিবর্তনসহ আনুষাঙ্গিক কাজ	১৬,৯০০.০০
৬৫.	এমএমএইচ হলের পশ্চিম পাশে ১নং পাম্পের ৬ইঞ্চি সেকশন লাইন মেরামত কাজ	২১,৫০০.০০
৬৬.	এ-১ নং বাসার পশ্চিম পার্শ্বে ২ ইঞ্চি পাইপ লাইন, বি-৪২ নং বাসার পিছনের ২ ইঞ্চি সেকশন লাইন, ই ৭-ই ২৪ নং বাসার ২ ইঞ্চি সেকশন রাইন এবং সামজ বিজ্ঞান ভবনের ২ ইঞ্চি সেকশন লাইন মেরামত কাজ	২২,৩৮০.০০
৬৭.	ফজিলাতুন্নেসা হলের পশ্চিম পার্শ্বে এবং ডি টাইপ কোয়ার্টার পশ্চিমে পুকুরের ঢালে ৬ ইঞ্চি জি আই পাইপ লাইন, আফম কামাল উদ্দিন হলের পূর্ব পার্শ্বে ৪ ইঞ্চি সেকশন লাইন ও সমাজবিজ্ঞান ভবনের দক্ষিন পাশে ৪ ইঞ্চি সেকশন লাইন মেরামত কাজ	২৩,৬০০.০০
৬৮.	রাঙ্গমাটি হরিজন কলোনীতে ১টি নতুন ২ ঘোড়া সাবমারসিবল পাম্প স্থপন কাজ	২৪,৮০০.০০
৬৯.	প্রকৌশল অফিসে ১জন কর্মকর্তার অফিসে আসবাবপত্র সরবরাহ কাজ	২৫,০০০.০০
৭০.	পানি সরবরাহ ও সংরক্ষণ কাজে জরুরী মালামাল সরবরাহ কাজ	২৭৯,১০০.০০
৭১.	জাবি স্কুল ও কলেজের ছাদের ময়লা পরিষ্কার ও পরিবর্তন কাজের জন্য স্টীলের ফ্রেমের উপর কাঠের সিঁড়ি তৈরি কাজ	২৭৩,৬০০.০০
৭২.	প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের বাসভবন (এ-১৩) এর সামনে হাফ ইঞ্চি জিআই পাইপ পুরাতন রাইন পরিবর্তন করে নতুন লাইন স্থাপন কাজ	৪০,৭৩৫.০০
৭৩.	জাবি স্কুল ও কলেজের জানালায় কাঁচ লাগানোর জানালা নতুনভাবে পুনঃস্থাপন ও চৌকাঠ পরিবর্তন কাজ	১২৩,৬৮৯.০০
৭৪.	বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ রাস্তার স্পিড ব্রেকার রং করণ কাজ	৯৫,৯৫৬.০০
৭৫.	ভর্তি পরীক্ষা ২০২০-২০২১ উপলক্ষে শিক্ষার্থীদের ব্যবহারের জন্য অস্থায়ী টয়লেটের নির্মাণ কাজ	১৬৬,১৩৩.০০
৭৬.	জাবি স্কুল ও কলেজের কলেজ ভবনের জন্য ১০টি নতুন প্লাস্টিক দরজা সরবরাহ ও স্থাপন কাজ	৪৯,৮০০.০০
৭৭.	বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব হলের ৬ষ্ঠ তলা উলম্ব বর্ধিতকরণ অংশে গ্যাস সংযোগ কাজ	২৪,৯৬০.০০
৭৮.	মীর মশাররফ হোসেন হল সংলগ্ন ১ নং পাম্প মেরামত কাজ	৬৬,৮০০.০০
৭৯.	বিশমাইলস্থ ৩ নং পাম্প হাইজের পাইপ লাইন ও মটরের বিদ্যুৎ সংযোগ কাজ	২৭২,২০০.০০
৮০.	জাবি স্কুল ও কলেজের ১০টি নতুন দরজা সরবরাহ ও স্থাপন কাজ	৬৪,৫০০.০০
৮১.	জাবি ৭টি ছাত্র হলের ডাইনিং ও ক্যান্টিনের গ্যাস লাইন মেরামত গ্যাস লাইন সংরক্ষণ কাজ	১৯৭,১৪৫.০০
৮২.	বিভিন্ন বিভাগ অফিসের স্টীল ও কাঠের আসবাবপত্র মেরামত কাজ	১৩৯,৪৮০.০০
৮৩.	জাবি ৬টি ছাত্রী হলের ডাইনিং ও ক্যান্টিন ও মিনি রান্নাঘরের গ্যাসের চুলা মেরামত গ্যাস লাইন সংরক্ষণ কাজ	২৩৯,৬২৯.০০
৮৪.	ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের জিও ইঞ্জিনিয়ারিং গবেষণাগারের পানির সংযোগ লাইন, ২টি ল্যাবরেটরী সিংক স্থাপন ও ২০টি বৈদ্যুতিক পয়েন্ট বৈদ্যুতিক লাইটসহ এডজাস্ট ফ্যান স্থপান কাজ	৬৯,৭৯০.০০

ক্র. নং	কাজের বিস্তারিত বিবরণ	কার্যাদেশে টাকার পরিমাণ
৮৫.	নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের ৩য় তলার ছাদের এস এস দরজার পাল্লা ও নীচ তলার কলাপসিবল গেটের আংশিক মেরামত ও রং কাজ	১৭,৭৫৭.০০
৮৬.	রাঙ্গামাটি কদমতলা হতে হরিজন কলোনীর পূজামন্ডপ পর্যন্ত রাস্তা মেরামত কাজ	১৯,৩০০.০০
৮৭.	বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল হতে বেগম সুফিয়া কামাল হল পর্যন্ত পানি সরানোর জন্য রাস্তার নীচে পাইপ স্থাপন কাজ	২০,৪৪০.০০
৮৮.	প্রত্নতত্ত্ব বিভাগের ২জন শিক্ষকের অফিস কক্ষ সংরক্ষণ কাজ	২০,৩৩০.০০
৮৯.	দর্শন বিভাগের ২ জন শিক্ষকের কক্ষ সংরক্ষণ কাজ	১৯,৯৪৫.০০
৯০.	সাংবাদিক সমিতি অফিস কক্ষ সংরক্ষণ কাজ	১৯,২৬১.০০
৯১.	জাকসু ভবন ডিস্টেম্পার দরজা-জানালা রংকরণ কাজ	২৪,৭২৩.০০
৯২.	বাঁধন অফিস ডিস্টেম্পার কাজ	৭,৪৫০.০০
৯৩.	কর্মচারী ক্যান্টিনের চুনকাম কাজ	৩,৬০০.০০
৯৪.	সমাজ বিজ্ঞান অনুষদ ভবন সংলগ্ন সুইচগিয়ার কক্ষের ভিতরে ও বাইরের প্লাস্টার ও চুনকাম কাজ	২০,২২১.০০
৯৫.	মেইন গেট হইতে মীর মশাররফ হল গেইট পর্যন্ত বাউন্ডারীর ৪টি গ্রীল স্থাপন কাজ	২৪,৪৪৭.০০
৯৬.	পরিসংখ্যান বিভাগের শিক্ষকের ২টি রুমের জানালার এবং গ্রন্থাগারের উত্তর দিকের জানালার ২টি ফ্রেম সহ ২টি নতুন পাল্লা স্থাপন কাজ	২৪,৫০০.০০
৯৭.	কলা ও মানবিকী অনুষদ ভবনের ৪র্থ তলার ছাদের স্টিলের দরজা নতুন করে তৈরি ও স্থাপন কাজ	১৩,৫০০.০০
৯৮.	ছাত্র-শিক্ষক কেন্দ্রের অডিটোরিয়াম ভবনের মূল মঞ্চ মেরামত কাজ	২১,৫৭০.০০
৯৯.	রোভার স্কাউট অফিসে প্লাস্টার মেরামতসহ ডিস্টেম্পার দরজা-জানালা ও গ্রীল রং করণ কাজ।	১৫,৯৫৩.০০
১০০.	উদ্ভিদবিজ্ঞান বিভাগের একজন শিক্ষকের অফিস কক্ষ প্লাস্টার মেরামত ডিস্টেম্পার দরজা জানালা গ্রীল রংকরণ কাজ	৮,২০৭.০০
১০১.	বিশ্ববিদ্যালয় জিমনেসিয়াম ভবনের বডি বিল্ডিং কক্ষ ও অফিসের ৩টি কক্ষের ছাদ মেরামত কাজ	৩৯৭,৩০২.০০
১০২.	শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শ দান কেন্দ্রের পরিচালকের কক্ষ প্লাস্টার মেরামতসহ ডিস্টেম্পার দরজা জানালা গ্রীল রংকরণ কাজ	৩৩,৪৫০.০০
১০৩.	দর্শন বিভাগের ৬ জন শিক্ষকের কক্ষে রংকরণ কাজ	৫৯,৬১৪.০০
১০৪.	দর্শন বিভাগের সংরক্ষণ পরিবর্তন পরিবর্ধন কাজ	৪৮,৭৭৬.০০
১০৫.	ফার্মেসী বিভাগের কয়েকজন শিক্ষক ও ক্লাসরুমের দেয়াল ড্যামের রোধ কল্পে কনসিল লাইন পরিবর্তন করে সারফেজ লাইন স্থাপনসহ আনুষাঙ্গিক কাজ।	৪০,০০০.০০
১০৬.	ডেপুটি রেজিস্ট্রার (স্টোর) এর অফিসে ব্যবহৃত টয়লেটের টাইলস লাগানোসহ আনুষঙ্গিক কাজ	৫৫,৮৩১.০০
১০৭.	বিভিন্ন স্থানে সুইচ ভাল্ব ও গেট ভাল্বের ভিতরে জমানো পানি অপসারণের জন্য ৪টি পিট তৈরি ও পাইপ স্থাপন কাজ	৩০,৮০০.০০
১০৮.	অভ্যন্তরীণ অডিট অফিসের মধ্যে ৫ মিমি থাই গ্লাস দ্বারা পার্টিশন ও ১টি জানালা থাই রূপান্তর কাজ	৭৫,০৭৩.০০
১০৯.	প্রকৌশল অফিস সংলগ্ন নামাজের ঘর সংরক্ষণ কাজ	১৭৮,০০৫.০০
১১০.	উপাচার্য অফিসের সচিবের কক্ষের জানালা তৈরিসহ আনুষাঙ্গিক কাজ	৩৩,৩০০.০০
১১১.	পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগের ৩য় তলার সম্প্রসারিত অংশে মিরর পলিশ ও টাইলস স্থাপন কাজ	২৮০,৭৫৯.০০

ক্র. নং	কাজের বিস্তারিত বিবরণ	কার্যাদেশে টাকার পরিমাণ
১১২.	নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের (পুরাতন কলাভবন) ২য় তলার সিঁড়ির কলাপসিবল গেট নির্মাণ কাজ	২৭,৯৪০.০০
১১৩.	বি-৩২ নং বাসার সেপটি ট্যাংকি পরিষ্কার কাজ	২০,০০০.০০
১১৪.	হরিজন কলোনীর চারতলা ভবনের সেপটি ট্যাংকি পরিষ্কার কাজ	৭,০০০.০০
১১৫.	IQAC অফিসের প্লাস্টার মেরামতসহ ডিস্টেম্পার,দরজা-জানালার গ্রীল এবং কলাপসিবল গেট রংকরণ কাজ	৪২,৩৩১.০০
১১৬.	ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস ভবন-এর সংস্কার ও মেরামত	১৯৮,৫৭৩.০০
১১৭.	বায়োটেকনোলজী এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের পুরাতন ভবনের ১০″ দেয়াল নির্মাণ কাজ	১৯,৩৮১.০০
১১৮.	নতুন কলা ও মানবিকী অনুষদ ভবনের নীচতলায় ছাত্রদের টয়লেটের টাইলস স্থাপনসহ আনুষাঙ্গিক কাজ	৪২১,৮৬৯.০০
১১৯.	মওলানা ভাসানী হলের ৭টি দরজা লাগানো কাজ	৮২,৮৫৭.০০
১২০.	বেগম সুফিয়া কামাল হলের মূল ফটকের সামনের রাস্তার পূর্বপাশের একটি পিট মেরামত কাজ	২৪,৯৬২.০০
১২১.	বিশমাইলস্থ তৃতীয় শ্রেণীর কর্মচারী ক্লাবের ডিস্টেম্পার কাজ	৪৮,৭৭৪.০০
১২২.	বিভিন্ন বাসভবন ও হলের জন্য (৪″×2.5″×7″) সাইজের ৩০ ঘনফুট কাঠ ক্রয়	৮৮,৮০১.০০
১২৩.	পুরাতন পরিকল্পনা ও উন্নয়ন অফিস, পরিবহণ অফিস, এস্টেট অফিস ও পোস্ট অফিসের টয়লেটসমূহ ব্যবহার উপযোগী ও আধুনিকায়ন কাজ	২৫০,৮৩০.০০
১২৪.	কেন্দ্রীয় স্টোরের বাথরুমের টাইলস স্থপন কাজ	৭৫,৫৯৩.০০
১২৫.	দর্শন বিভাগের শিক্ষকদের টয়লেটে ১টি কমোডের পরিবর্তে প্যান স্থাপনসহ আনুষঙ্গিক কাজ	১০,০২৫.০০
১২৬.	এমএমএইচ হল সংলগ্ন ট্রান্সফরমার নিরাপত্তার জন্য চারদিকে কাঁটাতারের বেড়া স্থাপনসহ আনুষাঙ্গিক কাজ	৪৫,৬৮০.০০
১২৭.	সিনেট হলের আংশিক ক্ষতিগ্রস্ত অংশ মেরামতসহ চুনকাম ডিস্টেম্পার কাজ	৩৮,৩২৮.০০
১২৮.	জাবি বিভিন্ন ভবনের ভাঙ্গা কাঁচ পরিবর্তনের জন্য কাঁচ ও পুটিং এর মালামাল ক্রয়	১৭২,২০০.০০
১২৯.	বিশ্ববিদ্যালয়ের বাসা, হল, বিভাগ, অফিস ও বিভিন্ন ভবনসমূহের সংরক্ষণ ও সংস্কার কাজের জন্য হার্ডওয়ার মালামাল সরবরাহ কাজ	১৮৮,৬১০.০০
১৩০.	নতুন কলাভবনের ৪ ইঞ্চি ইউপিভিসি পাইপসহ পিট মেরামত ও বাহিরের শেওলা পরিষ্কার কাজ	১৯,৮০০.০০
১৩১.	অভ্যন্তরীণ অডিট অফিস প্রধানের কক্ষের জানালার থাই গ্লাস পরিবর্তন কাজ	১২,৯২৮.০০
১৩২.	রসায়ন বিভাগের ৩টি ল্যাবের ওয়েস্ট ওয়াটার পানির লাইন জিআই এর পরিবর্তে পিভিসি লাইন স্থাপন কাজ	৪২৭,৬৭০.০০
১৩৩.	সমাজবিজ্ঞান অনুষদ ভবনের ডিন অফিসের দোতলার পশ্চিম পাশে ও নীচতলার ২টি টয়লেট নির্মাণ কাজ	২৯৫,০২৩.০০
১৩৪.	বেগম খালেদা জিয়া হলের পূর্ব পাশের (ঢাকা-আরিচা মহাসড়ক সংলগ্ন অংশ) বাউন্ডারি ওয়াল বর্ধিতকরণসহ আনুষঙ্গিক কাজ	৩৪৫,৫৮৫.০০
১৩৫.	বিএনসিসি অফিস ভবন সংরক্ষণ কাজ	১৫৩,৯৪২.০০
১৩৬.	জাবি বিভিন্ন ভবনের কাঠের দরজা চৌকাঠ ও জানালা পরিবর্তনের জন্য কাঠের পাল্লা ও কাঠ ক্রয়	২৯৭,৪০৬.০০
	সর্বমোট =	**১২২৪৯,৮৫৫.০০**

পরিকল্পনা ও উন্নয়ন অফিস

অফিস প্রধান : **প্রকৌশলী মোঃ নাসির উদ্দিন**
পরিচালক (ভারপ্রাপ্ত)

কর্মকর্তাবৃন্দ

১. প্রকৌশলী মোঃ নাসির উদ্দিন, বিএসসি ইঞ্জিনিয়ারিং (এমএমই, বুয়েট), এমবিএ, পরিচালক (ভারপ্রাপ্ত)
২. ফাহমিদা মাছউদ, বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল), চুয়েট, উপ-পরিচালক
৩. মোঃ মেহেদী হাসান, এমএ (এশিয়ান ইউনিভার্সিটি), প্রশাসনিক অফিসার
৪. মোঃ ইলিয়াস হায়দার, এমএসএস (জাতীয় বিশ্ববিদ্যালয়), প্রশাসনিক অফিসার

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	০২ জন
চতুর্থ শ্রেণি	:	০১ জন

প্রাসঙ্গিক তথ্য

১৪৪৫৩৬.০০ লক্ষ টাকা ব্যয় সংবলিত **"জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন"** শীর্ষক একটি প্রকল্প প্রস্তাব গত ২৩-১০-২০১৮ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়।

এই প্রকল্পের আওতায় প্রশাসনিক ভবন নির্মাণ (১০ তলা ভিতে ১০তলা), ১০০০ জন ছাত্র ও ১০০০ জন ছাত্রীর জন্য ৩টি করে ১০তলা বিশিষ্ট হল নির্মাণ, হলগুলোর হাউজ টিউটরদের জন্য ১০তলা বিশিষ্ট ১টি বাসভবন নির্মাণ, শহীদ রফিক-জব্বার হল সমাপ্তকরণ (৪র্থ ও ৫ম তলা), ১০তলা বিশিষ্ট একটি প্রভোস্ট কমপ্লেক্স নির্মাণ, শিক্ষক ও অফিসারদের জন্য ১টি করে আলাদাভাবে ১১তলা বিশিষ্ট আবাসিক টাওয়ার নির্মাণ, তৃতীয় শ্রেণি, চতুর্থ শ্রেণি ও পরিচ্ছন্ন কর্মচারীদের ১টি করে আলাদাভাবে ১১তলা বিশিষ্ট আবাসিক টাওয়ার নির্মাণ, ১০তলা বিশিষ্ট ১টি গেস্ট হাউজ কাম-পোস্ট গ্রাজুয়েট রিসার্চার হাউজ নির্মাণ, জীববিজ্ঞান অনুষদ ভবন আনুভূমিক সম্প্রসারণ (৬তলা বিশিষ্ট ১টি ভবন), সমাজবিজ্ঞান অনুষদ ভবনের আনুভূমিক সম্প্রসারণ (৬তলা বিশিষ্ট ১টি নতুন অংশ), কলা ও মানবিকী অনুষদ ভবনের আনুভূমিক সম্প্রসারণ (৬তলা বিশিষ্ট ১টি নতুন অংশ), গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ ভবনের আনুভূমিক সম্প্রসারণ (৬তলা বিশিষ্ট ১টি নতুন অংশ), ৬তলা বিশিষ্ট ১টি লেকচার থিয়েটার ও পরীক্ষা হল নির্মাণ, ১টি লাইব্রেরি ভবন নির্মাণ (৬তলা ভিতে ৬তলা) এবং একটি স্পোর্টর্স কমপ্লেক্স (৩তলা ভিতে ৩তলা) নির্মাণ প্রস্তাব করা হয়। এছাড়াও রয়েছে জহির রায়হান মিলনায়তনের মডিফিকেশন, সেলিম আলদীন মুক্ত মঞ্চের উন্নয়ন, ছাত্রীদের জন্য একটি খেলার মাঠ প্রস্তুতকরণ, আল-বেরুনী হলের খেলার মাঠ উন্নয়নের প্রস্তাব।

এছাড়াও প্রকল্পটিতে ১টি মিনিবাস ক্রয়, ১টি ডাবল কেবিন পিক-আপ, ২টি এ্যাম্বুলেন্স ক্রয়, গ্যাস লাইন সম্প্রসারণ, অফিস স্টেশনারী, অফিস যন্ত্রপাতি, আসবাবপত্র ক্রয় বৈদ্যুতিক লাইন সম্প্রসারণ এবং ২২টি ট্রান্সফরমার স্থাপন, পানির লাইন সম্প্রসারণ ও ১০টি গভীর নলকূপ স্থাপন, অভ্যন্তরীণ রাস্তা নির্মাণের প্রস্তাব করা হয়েছে।

২০২১-২০২১ অর্থ বছরে ১৯,৮৯৮.৭৫ লক্ষ টাকা পাওয়া গেছে এবং এই টাকায় ১০০০ আসন বিশিষ্ট ছাত্রের জন্য ৩টি ও ১০০০ আসন বিশিষ্ট ছাত্রীর জন্য ৩টি ১০তলা হল নির্মাণ কাজ প্রায় সমাপ্তির পথে। এছাড়া স্পোর্টস কমপ্লেক্স, গেস্ট হাউজ কাম-পোস্ট গ্র্যাজুয়েট রিসার্চার হাউজ, শিক্ষকদের আবাসিক টাওয়ার, অফিসারদের আবাসিক টাওয়ার, তৃতীয় শ্রেণি কর্মচারীদের আবাসিক টাওয়ার, চতুর্থ শ্রেণি কর্মচারীদের আবাসিক টাওয়ার, সমাজবিজ্ঞান অনুষদ ভবনের আনুভূমিক সম্প্রসারণ, প্রভোস্ট কমপ্লেক্স, হাউজ টিউটরদের বাসভবন, শহীদ রফিক-জব্বার হল সমাপ্তকরণ স্থাপনাসমূহের নির্মাণ কাজ চলমান আছে। এছাড়াও ২০২১-২০২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনার আওতায় ২টি এ্যাম্বুলেন্স ক্রয় করা হয়েছে এবং ১টি মিনিবাস ক্রয়ের কার্যাদেশ প্রদান করা হয়েছে। নতুন ৩টি ছাত্র হল এবং ৩টি ছাত্রী হলের আসবাবপত্র সরবরাহ, সাব-স্টেশন জেনারেটর ও গভীর নলকূপ স্থাপনের কার্যাদেশ দেয়া হয়।

প্রকল্পটি বাস্তবায়িত হলে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম অধিকতর সুসংহত হবে। ফলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সুযোগ সুবিধাদি উন্নত হবে ।

হিসাবাধ্যক্ষ অফিস

অফিস প্রধান : মোঃ মোসানুল কবীর
কম্পট্রোলার (ভারপ্রাপ্ত)

কর্মকর্তাবৃন্দ

১. মোঃ মোসানুল কবীর, বিকম (সম্মান), এমকম (ঢাবি), এমবিএ, পিজিডিএফএম, কম্পট্রোলার (ভারপ্রাপ্ত)
২. মোঃ মাহফুজ মিয়া, এমকম (ঢাবি), ডেপুটি কম্পট্রোলার
৩. তপন কুমার কর্মকার, বিকম (সম্মান), এমকম (ঢাবি), ডেপুটি কম্পট্রোলার
৪. মুহাম্মদ আশরাফুল আলম, বিকম (সম্মান), এমকম (জাতীয় বিশ্ব.), সিএ (সিসি), ডেপুটি কম্পট্রোলার
৫. মোঃ সাইফুল আলম, এমকম (ঢাবি), ডেপুটি কম্পট্রোলার
৬. মোঃ আনোয়ার হোসেন, বিকম (সম্মান), ডাবল এমকম (ঢাবি), ডেপুটি কম্পট্রোলার
৭. বলাই চন্দ্র পাল, এমকম (ঢাবি), ডেপুটি কম্পট্রোলার
৮. এ কে এম জসিম উদ্দিন, এমকম (ঢাবি), ডেপুটি কম্পট্রোলার
৯. আবু মোহাম্মদ কাওছার, এমকম (ঢাবি), ডেপুটি কম্পট্রোলার
১০. মোঃ শাহ আলম খান, এমকম (ঢাবি), ডেপুটি কম্পট্রোলার
১১. বশির আলম, এমকম (জাতীয় বিশ্ব.), এমবিএ (ফিন্যান্স, বিএবিটি), ডেপুটি কম্পট্রোলার
১২. মোঃ আব্দুল মোতালেব, বিএ (জাতীয় বিশ্ব.), সহকারী কম্পট্রোলার
১৩. সৈয়দ আবু নাছের মোঃ শাহজালাল, বিকম (চবি), সহকারী কম্পট্রোলার
১৪. নন্দ গোপাল গোস্বামী, এমকম (জাতীয় বিশ্ব.), সহকারী কম্পট্রোলার
১৫. মোঃ আব্দুস সাত্তার, এমকম (চবি), সহকারী কম্পট্রোলার
১৬. মোঃ মমিনুল হক, এমএ (ঢাবি), সহকারী কম্পট্রোলার
১৭. মোঃ ফজলুল হক মিয়া, প্রশাসনিক অফিসার (হিসাব)
১৮. মোঃ নিজাম উদ্দিন, বিকম (ঢাবি), প্রশাসনিক অফিসার (হিসাব)
১৯. মোঃ মজিবুর রহমান, বিএসএস (বাউবি), প্রশাসনিক অফিসার (হিসাব)
২০. নিলুফা খাতুন, বিএসএস (বাউবি), প্রশাসনিক অফিসার (হিসাব)
২১. কাজী রাজিব উদ্দিন, এমকম (জাতীয় বিশ্ব.), প্রশাসনিক অফিসার (হিসাব)
২২. ফিরোজ আহমদ, এমকম (জাতীয় বিশ্ব.), এমবিএ, প্রশাসনিক অফিসার (হিসাব)
২৩. সুবিহি মমতাজ, এমকম (ব্যবস্থাপনা) (জাতীয় বিশ্ব.), প্রশাসনিক অফিসার (হিসাব)
২৪. হোসেন আহম্মদ, এমকম (জাতীয় বিশ্ব.), প্রশাসনিক অফিসার (হিসাব)
২৫. সোনিয়া ইসলাম, এমকম (জাতীয় বিশ্ব.), প্রশাসনিক অফিসার (হিসাব)
২৬. আবুল হাশেম, এমবিএস (জাতীয় বিশ্ব.), প্রশাসনিক অফিসার (হিসাব)
২৭. মোঃ ফখরুল ইসলাম, এমকম (হি.বি.)(জগন্নাথ বিশ্ব.), প্রশাসনিক অফিসার (হিসাব)
২৮. মোঃ কামরুল ইসলাম, এমএ (এইউবি), প্রশাসনিক অফিসার (হিসাব)
২৯. এম. এম. মহিদুর রহমান, এমএ (এইউবি), প্রশাসনিক অফিসার (হিসাব)
৩০. মোঃ হেলাল উদ্দিন, এমকম (ব্যবস্থাপনা), প্রশাসনিক অফিসার (হিসাব)
৩১. মোঃ মঞ্জুরুল ইসলাম, এমবিএ (ফিন্যান্স), যাদবপুর বিশ্ববিদ্যালয়, ভারত, প্রশাসনিক অফিসার (হিসাব)
৩২. মুহাঃ বিলাল হোসেন, এমকম (ব্যবস্থাপনা), ঢাবি, প্রশাসনিক অফিসার (হিসাব)
৩৩. সাইফুল ইসলাম, বিকম (অনার্স), এমকম (জাতীয় বিশ্ববিদ্যালয়), প্রশাসনিক অফিসার (হিসাব)

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	১৯ জন
চতুর্থ শ্রেণি	:	০৩ জন

প্রশাসনিক কার্যক্রম

কম্পট্রোলার অফিসের হিসাব সম্পর্কিত যাবতীয় কার্যক্রম মূলতঃ কয়েকটি শাখায় বিভক্ত করে কম্পট্রোলার মহোদয়ের সার্বিক তত্ত্বাবধানে কর্মকর্তা-কর্মচারীদের দ্বারা নিম্নরূপভাবে পরিচালিত হচ্ছে :

শিক্ষার্থীদের ফিস ও বৃত্তি শাখা

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সম্পূরক সাহায্য, সরকারি বৃত্তি, বিভিন্ন ট্রাস্টফান্ড হতে বৃত্তি পরিশোধ, শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত যাবতীয় ফিস, ছাত্র বেতন, সিট ভাড়াসহ বিভিন্ন ধরনের বার্ষিক ফিস-এর লেজার ও রেকর্ড সংরক্ষণ ও শিক্ষার্থী সম্পর্কিত যাবতীয় কাজ এ শাখায় নিয়োজিত ৩ জন অফিসার ও ১ জন কর্মচারী দ্বারা সম্পন্ন করা হয়ে থাকে।

বেতন-ভাতা, ছুটি ও সার্ভিস রেকর্ড শাখা

শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন নির্ধারণ, বেতন বিল পরিশোধ, বেতনের বিপরীতে বিভিন্ন প্রকার আগাম প্রদান ও আদায়, বার্ষিক ইনক্রিমেন্ট প্রদান, বিভিন্ন ছুটির হিসাব সংরক্ষণ ও প্রাপ্যতা রিপোর্ট, বার্ষিক বেতনের উপর আয়কর নির্ধারণ, শিক্ষা ছুটিতে যাওয়ার চুক্তি সম্পাদন, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সার্ভিস রেকর্ড সংরক্ষণ ইত্যাদি সম্পর্কিত যাবতীয় কাজ এ শাখায় নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারী দ্বারা পরিচালনা করা হচ্ছে।

পেনশন, বীমা ও ভ্রমণ ভাতা শাখা

অবসর গ্রহণকারী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন নির্ধারণ ও পেনশন প্রদানের অনুমোদনসহ পেনশন পরিশোধের ব্যবস্থা করা। পেনশনের ক্ষেত্রে পূর্বতন চাকরিকাল বর্তমান চাকরিকালের সাথে গণনার ব্যবস্থা করা, ছুটি নগদীকরণের টাকা পরিশোধ করা এ শাখার কাজ। তাছাড়া এ শাখা হতে জীবনবীমা ও স্বাস্থ্যবীমা সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করা এবং ভ্রমণ ভাতার বিল পরিশোধ, দেশে-বিদেশে অনুষ্ঠিত কনফারেন্স সেমিনার-সিম্পোজিয়াম ও ওয়ার্কশপে যোগদানের জন্য শিক্ষকদেরকে অনুদান মঞ্জুরির অনুমোদন নেয়াসহ অর্থ পরিশোধ এ শাখা হতে সম্পন্ন করা হয়।

ট্রাস্টফান্ড শাখা

বেনিভোলেন্ট ফান্ড হতে মৃত ব্যক্তিদের পরিবারকে আর্থিক সাহায্য প্রদান, অবসর গ্রহণকারীদের আর্থিক সুবিধা প্রদান, স্টাফ ওয়েলফেয়ার ফান্ড হতে কর্মচারীদের আর্থিক সাহায্য প্রদান, আর্থিক সহায়তা তহবিল হতে কর্মচারীদের আর্থিক সাহায্য ও ধার প্রদান, কর্মচারীদের আর্থিক সহায়তা তহবিল হতে আর্থিক সহায়তা প্রদান, ছাত্র কল্যাণ তহবিল হতে শিক্ষার্থীদের আর্থিক সাহায্য প্রদান, ডাইনিং হল কর্মচারীদের আর্থিক সহায়তা তহবিল হতে আর্থিক সহায়তা ও ধার প্রদান ইত্যাদি কাজ সম্পন্ন করা হয়ে থাকে। তাছাড়া শিক্ষক/কর্মকর্তা/স্কুল ও কলেজের শিক্ষকদের ও কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণ প্রদান ও ঋণের হিসাব সংরক্ষণএবং বিভিন্ন ট্রাস্টফান্ডের টাকা বিনিয়োগ করা ও এসব ফান্ডের ক্যাশ বই লিখা ও হিসাব সংরক্ষণ এ শাখা হতে সম্পন্ন করা হয়।

প্রভিডেন্ট ফান্ড শাখা

শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের চাঁদা পোস্টিং করা, ধার প্রদান করাসহ প্রভিডেন্ট ফান্ডের যাবতীয় হিসাব রক্ষণ এ শাখা হতে সম্পন্ন করা হয়।

কন্টিনজেন্সি বিল শাখা

ভর্তি পরীক্ষার পারিশ্রমিকের বিল, বিভিন্ন বর্ষের নিয়মিত পরীক্ষা সংক্রান্ত শিক্ষকদের বিল, পরিবহণের সকল খরচের বিল ও বিভিন্ন গাড়ির মেরামত বিল, তেলের বিল, ভাড়া করা বাসের বিল, বিভিন্ন বিভাগ/অফিসের স্থায়ী আগাম, আপ্যায়ন বিল, বিদ্যুৎ বিল, গ্যাস বিল, বিভিন্ন অনুদান, গবেষণা প্রকল্পের বিল, টেলিফোন বিল, উর্দির বিল, সংবাদপত্রের বিল, মুদ্রণ ও মনিহারী বিল, শিক্ষা সরঞ্জাম বিল, ওভার টাইম বিল, বিজ্ঞাপন বিল, কম্পিউটার ও অফিস যন্ত্রপাতি ক্রয় ও মেরামত বিল, অস্থায়ী ডাইনিং কর্মচারীদের বেতন বিল, ঔষধের বিল, শিক্ষকদের উচ্চতর গবেষণা ও প্রশিক্ষক বৃত্তি, আইন খরচ সংক্রান্ত বিল, প্রকাশনা ও জার্নাল, সি এন্ড এফ এজেন্ট বিল, সেমিনার অনুষ্ঠান, সেমিনার লাইব্রেরি সংক্রান্ত বিল, অফিস সরঞ্জাম ইত্যাদি সংক্রান্ত যাবতীয় কাজ এ শাখা হতে সম্পন্ন করা হচ্ছে।

উন্নয়ন শাখা

বিশ্ববিদ্যালয়ের যাবতীয় উন্নয়ন প্রকল্প সরবরাহ ও সংরক্ষণ কাজের চুক্তিপত্র ও বিল পরীক্ষা-নিরীক্ষা ও পরিশোধ, আমানত-জামানতের হিসাব সংরক্ষণ ও টাকা ফেরত প্রদান, আয়কর ও ভ্যাট কর্তন করে সরকারের সংশ্লিষ্ট খাতে জমা প্রদান, ঠিকাদার ও সরবরাহকারীদের পরিশোধের সার্টিফিকেট প্রদান এবং উন্নয়ন প্রকল্পের টাকা বিনিয়োগ সংক্রান্ত যাবতীয় কাজ এ শাখা হতে সম্পন্ন করা হচ্ছে।

কম্পাইলেশন শাখা

বিশ্ববিদ্যালয়ের আয়-ব্যয়ের যাবতীয় হিসাবের ক্যাশবই লিখা সংরক্ষণ, লেজার পোস্টিং, ব্যাংক রিকনসিলিয়েশন, বার্ষিক আয়-ব্যয়ের হিসাব ও ব্যালেন্স শীট প্রস্তুত করা, আয়-ব্যয়ের মাসিক রিপোর্ট তৈরি করে মঞ্জুরী কমিশনে প্রেরণ ইত্যাদি সম্পর্কিত যাবতীয় কার্যাবলি এ শাখা হতে সম্পন্ন করা হয়ে থাকে।

বাজেট শাখা

বিশ্ববিদ্যালয়ের রেকারিং বাজেট তৈরি করে অর্থ কমিটি, সিন্ডিকেট ও সিনেট কর্তৃক অনুমোদনের ব্যবস্থা করা, বাজেট নিয়ন্ত্রণ করা এবং বরাদ্দকৃত বাজেটের টাকা মঞ্জুরী কমিশন হতে ছাড় করানোসহ এতদসংক্রান্ত বিষয়ে মঞ্জুরী কমিশনের চাহিদা অনুযায়ী যাবতীয় তথ্যাদি সরবরাহ করা এ শাখার দায়িত্ব।

ক্যাশ শাখা

এ শাখা হতে বিশ্ববিদ্যালয়ের রেকারিং, উন্নয়ন, বিশেষ উন্নয়ন, পেনশন, প্রভিডেন্ট ফান্ড, বিভিন্ন কল্যাণ তহবিল, বিভিন্ন ট্রাস্ট ফান্ড ও অন্যান্য যাবতীয় ৪২টি ফান্ডের প্রাপ্য টাকা জমা গ্রহণ ও ঐ সব ফান্ডের চেক প্রস্তুত করা, চেকে স্বাক্ষর সংগ্রহ ও সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে চেক ডেলিভারি দেয়া এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রকার আয় বাবদ যে সব চেক/ড্রাফট পাওয়া যায় তা সংশ্লিষ্ট বিভিন্ন ফান্ডের ব্যাংক এ্যাকাউন্টে জমা প্রদান এ শাখার প্রধান কাজ। তাছাড়া চেক প্রস্তুত হওয়ার পর বিশ্ববিদ্যালয়ের বাইরে বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের পাওনা চেক সংশ্লিষ্টদের নিকট যথা সময়ে প্রেরণের ব্যবস্থা করা এ শাখার দায়িত্ব।

অডিট শাখা

বিশ্ববিদ্যালয়ের আর্থিক হিসাব ও প্রশাসনিক কাজকর্মের উপর সরকারী পোস্ট অডিট ও বিশেষ অডিট কর্তৃক উত্থাপিত প্রাথমিক কুয়েরি নিরসনের জন্য প্রয়োজনীয় উত্তর প্রদান এবং চূড়ান্ত অডিট প্রতিবেদনের ব্রডশিট উত্তর প্রস্তুত করে সংশ্লিষ্ট অডিট কমিটির সভায় উপস্থাপন ও সিন্ডিকেটের অনুমোদন গ্রহণ করে তা মঞ্জুরী কমিশনের মাধ্যমে মহা হিসাব নিরীক্ষকের দপ্তরে প্রেরণ, প্রি-অডিটের আপত্তির উত্তর দেয়া ইত্যাদি সম্পর্কিত কাজ এ শাখা হতে পরিচালিত হয়ে থাকে।

প্রাসঙ্গিক তথ্য

কয়েকটি নতুন বিভাগ খোলায় বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন যেমন, নতুন ভবন নির্মাণ এবং নতুন নতুন হল নির্মিত হওয়ায় বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী, শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা বৃদ্ধি এবং পেনশন গ্রহীতার সংখ্যা বৃদ্ধি পাওয়ায়, বেতন ভাতা, উন্নয়ন, পেনশন, বাজেট এবং অডিটের বিভিন্ন ক্ষেত্রে প্রচুর পরিমাণ কাজ বৃদ্ধি পেয়েছে। প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিঃ-এর সাথে শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্যবীমা চুক্তি হওয়ায় কাজের পরিধি বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। তাছাড়াও অগ্রণী ব্যাংক লিঃ হতে রিভলভিং লোন এর আওতায় মঞ্জুর হওয়ায় ঋণ প্রদান ও আদায় এবং ঋণ বিষয়ক প্রত্যয়ন পত্র দেয়ার ফলে কাজের পরিধি অনেক বৃদ্ধি পেয়েছে। কিন্তু আনুপাতিক হারে জনবল বৃদ্ধি পায়নি। পূর্বের তুলনায় কাজের পরিধি বৃদ্ধি সত্ত্বেও প্রয়োজনের তুলনায় অনেক কম জনবল দিয়ে হিসাব অফিসের যথাযথভাবে কাজ চালানো কঠিন হয়ে পড়েছে। এ প্রেক্ষিতে নতুন জনবল নিয়োগের জন্য প্রশাসনের নিকট প্রস্তাব উত্থাপিত হয়েছে। নতুন জনবল নিয়োগ করা সম্ভব হলে এ অফিসে কাজের গতিশীলতা আরও বৃদ্ধি পাবে।

এছাড়াও কর্পোরেট গ্যারান্টির বিপরীতে অগ্রণী ব্যাংক লিঃ হতে হোলসেল গৃহ নির্মাণ ঋণ-এর কার্যক্রম অত্র অফিস কর্তৃক নিয়ন্ত্রিত হওয়ায় পূর্বের তুলনায় কাজের পরিধি অনেক বেড়েছে।

বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার

অফিস প্রধান : **অধ্যাপক মুহম্মদ হানিফ আলী**, পিএইচডি
ভারপ্রাপ্ত শিক্ষক

অতিরিক্ত ভারপ্রাপ্ত শিক্ষক : অধ্যাপক এম শামীম কায়সার, পিএইচডি

কর্মকর্তাবৃন্দ

১. মোঃ রেজাউল হক শুভ, এমএ (ঢাবি), উপ-গ্রন্থাগারিক
২. মোঃ বদরুল আলম, বিএসসি (সম্মান), এমএসসি (জাবি), পিজিডি (পিএম), সিইএমবিএ, ডেপুটি রেজিস্ট্রার
৩. মোঃ তৌহিদুল ইসলাম, এমএ (তথ্য বিজ্ঞান ও গ্র. বিজ্ঞান), ঢাবি, সহকারী গ্রন্থাগারিক
৪. মোঃ হাবিবে কিবরিয়া চৌধুরী, বিএ (অনার্স), এমএ (তথ্য বি. ও গ্র.), ঢাবি, ডিপ্লোমা-ইন-ইঞ্জি., বাকাশিব, সহকারী গ্রন্থাগারিক
৫. মোঃ ওমর আলী, বিএসএস (বাউবি), সহকারী রেজিস্ট্রার
৬. নাজমা বেগম, বিএসএস (সম্মান), এমএসএস (জাবি), সহকারী রেজিস্ট্রার
৭. মোঃ বদিউল আলম, বিএ (পাশ), ঢাবি, স্নাতকোত্তর (গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান), উপ-সহকারী গ্রন্থগারিক
৮. জেসমিন পারভিন, এমএ (ইসলামিক স্টাডিজ), জাতীয় বিশ্ব., এমএ (তথ্য বি. ও গ্র.), উপ-সহকারী গ্রন্থাগারিক
৯. মোঃ মোকলেছুর রহমান, এমএ (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান), ডিআইইউ, উপ-সহকারী গ্রন্থাগারিক
১০. মোঃ আব্দুর রহমান, বিএসসি (অনার্স), এমএসসি (সিএসই), জাবি, সহকারী প্রোগ্রামার
১১. শিমুল কুমার বড়ুয়া, বিএসএস (বাউবি), এমএ (গ্র. ও তথ্য বি.), জাতীয় বিশ্ব., টেকনিক্যাল অফিসার (লাইব্রেরি)
১২. মোঃ ফারুক হোসেন, বিএ, ডিপ্লোমা-ইন-লাইব্রেরি সায়েন্স (জাতীয় বিশ্ব.), টেকনিক্যাল অফিসার (লাইব্রেরি)

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	১৬ জন
চতুর্থ শ্রেণি	:	১২ জন
মাস্টাররোল	:	০১ জন

প্রশাসনিক কার্যক্রম

শিক্ষার্থীদের চাহিদার ভিত্তিতে বিশেষ বিবেচনায় গত কয়েক বৎসর যাবত সপ্তাহের সাতদিনই নিয়মিতভাবে দুই শিফ্‌টে গ্রন্থাগার পরিচালিত হয়ে আসছে। বর্তমানে রবিবার হতে বৃহস্পতিবার প্রতিদিন সকাল ৭:৩০ ঘটিকা থেকে রাত ৯:৩০ ঘটিকা পর্যন্ত, শুক্রবার বিকেল ২:৩০ঘটিকা থেকে রাত ৯:৩০ ঘটিকা পর্যন্ত এবং শনিবার সকাল ৯:০০ ঘটিকা থেকে রাত ৯:৩০ ঘটিকা পর্যন্ত গ্রন্থাগার তথা পাঠকক্ষ খোলা রাখা হচ্ছে।

প্রাসঙ্গিক তথ্য

গ্রন্থাগারের সাধারণ তথ্য: জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের পাঠক সেবা ও প্রশাসনিক কর্মকাণ্ডসমূহ একটি তিনতলা ভবনে পরিচালিত হয়ে আসছে। বর্তমান সময়ে ভবনের ২য় ও ৩য় তলাতে ২০০ জন শিক্ষার্থীদের পড়াশোনা করার সু-ব্যবস্থা করা হয়েছে। মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রকাশনার একটি অসামান্য সংগ্রহ নিয়ে গ্রন্থাগারের নীচ তলায় মুক্তিযুদ্ধ কর্ণার গড়ে তোলা হয়েছে। প্রশাসন, ক্রয়, ক্যাটালগিং, বাঁধাই, পাঠকদের দাপ্তরিক যোগাযোগ, কর্মী ব্যবস্থাপনা ইত্যাদি কর্মকাণ্ড ও সার্কুলেশন সংক্রান্ত সেবাসমূহ ভবনের নীচতলা থেকে নির্বাহ করা হয় এবং ৩য় তলায় ছাড়পত্র প্রদান করা হয়। বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের ভারপ্রাপ্ত শিক্ষকের কার্যালয় ভবনের দ্বিতীয় তলায় অবস্থিত। ভারপ্রাপ্ত শিক্ষক ও অতিরিক্ত ভারপ্রাপ্ত শিক্ষকের সার্বিক তত্ত্বাবধানে গ্রন্থাগারের সকল কর্মকাণ্ড পরিচালিত হয়।

গ্রন্থাগার অটোমেশন প্রক্রিয়া: অটোমেশনের উদ্দেশ্যকে সামনে রেখে কর্মকর্তা-কর্মচারীদের লাইব্রেরির সকল কাজে কম্পিউটার ব্যবহারে অভ্যস্ত করার জন্য ভারপ্রাপ্ত শিক্ষক সকলের মধ্যে কম্পিউটার ব্যবহার উন্মুক্ত করেছেন এবং উৎসাহ যুগিয়েছেন। লাইব্রেরি অটোমেশন সফ্‌টওয়্যার-এর উপর ১১জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ উদ্দেশ্যে প্রয়োজনীয় সার্ভার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় এবং সফ্‌টওয়্যার ইনস্টল করা হয়েছে।

ইলেকট্রনিক নিরাপত্তা ব্যবস্থা: বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের সংগ্রহ, পাঠক, কর্মী ব্যবস্থাপনা এবং অটোমেশন প্রক্রিয়ার কর্মকাণ্ড সার্বক্ষণিক নজরদারীতে রাখার জন্য IP Camera, NVR Device, LED Monitor, Server ইত্যাদির মাধ্যমে গ্রন্থাগারের সকল কর্মকাণ্ড পর্যবেক্ষণ করা হচ্ছে।

গ্রন্থাগার সংগ্রহ: বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার বিভিন্ন উৎস থেকে পাঠ্য-সামগ্রী সংগ্রহ করে থাকে। তন্মধ্যে ক্রয়কৃত বই ৩৪৯টি, দানকৃত বই ৪৪টি বইয়ের সাথে অধ্যাপক খন্দকার মুজাম্মিল হকের ব্যক্তিগত সংগ্রহের ১২২টি বই যুক্ত হয়েছে ও স্মারক সংগ্রহ হিসাবে প্রাপ্ত পুস্তকাদি এবং বার্ষিক চাঁদার ভিত্তিতে প্রাপ্ত ইলেকট্রনিক পাঠ্য-সামগ্রী বিশেষভাবে উল্লেখযোগ্য। বিভিন্ন প্রকার সংগ্রহের বর্ণনা নিম্নে উপস্থাপিত হলো।

ক) **বই-সাময়িকী:** ২০২১-২০২২ শিক্ষাবর্ষ পর্যন্ত ক্রয়কৃত বইয়ের সংখ্যা ৩৪৯টি, দান/উপহারে প্রাপ্ত বইয়ের সংখ্যা ১৬৬টি ও ৮৭৪টি বাই বাঁধাই, আনুমানিক ৬০০টি বই মেরামতকৃত বই। বাঁধাইকৃত জার্নালের ভলিউম সংখ্যা প্রায় ১৩,৯০৫টি।

খ) **স্মারক সংগ্রহ:** এছাড়াও ১৩ জন প্রয়াত গুণী ব্যক্তিদের ব্যক্তিগত সংগ্রহ বিভিন্ন সময়ে বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের সংগ্রহকে সমৃদ্ধ করেছে। আলোচ্য শিক্ষাবর্ষে গ্রন্থাগারে নতুন কোন স্মারক সংগ্রহ যুক্ত হয়নি। গুণী ব্যক্তিদের নিকট থেকে প্রাপ্ত স্মারক সংগ্রহের সংখ্যা ১৩,৬৭৯টি। আলোচ্য শিক্ষাবর্ষ পর্যন্ত গ্রন্থাগারের সর্বমোট সংগ্রহ ১,১৫,৬২৯টি।

গ) **ID (আইডি কার্ড সেকশন):** বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীগণের RFID (Radio Frequency Identification) বেইজড স্মার্ট ID Card প্রদান করা হচ্ছে। ভবিষ্যতে গ্রন্থাগার সেবাসহ বিশ্ববিদ্যালয়ের সকল পর্যায়ে এই সেবা প্রদান করা হবে।

ঘ) **ইলেকট্রনিক রিসোর্চ:** Online জার্নালে প্রবেশাধিকার পাওয়ার জন্য বাংলাদেশ একাডেমি অব সায়েন্সের মাধ্যমে নিয়মিত Subscription Free চাঁদা প্রদান করা হচ্ছে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষেও পূর্বের ন্যায় ৩১টি প্রকাশক সংস্থা থেকে প্রকাশিত আনুমানিক ২২ হাজার ই-জার্নালের Browsing ও Downloading সুবিধা ছিল এবং বর্তমানেও বিশ্ববিদ্যালয়ে অব্যাহত আছে। পাশাপাশি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার ইউজিসি ডিজিটাল লাইব্রেরি (ইউডিএল) এর সদস্য হিসাবে অন্তর্ভূক্ত। এতে ১২টি প্রকাশনা সংস্থার Online journal ব্যবহার করার সুবিধা আছে। উক্ত সদস্য পদের ধারাবাহিকতায় ১২টি খ্যাতনামা প্রকাশনা সংস্থার প্রায় ১৭০০০+ হাজার e-Books ব্যবহারের সুবিধা সৃষ্টি হয়েছে। শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকগণ বিশ্ববিদ্যালয়ের IP Address-এর আওতায় প্রতিনিয়তই Online journal এবং latest e-Books ব্যবহার করার সুযোগ পাচ্ছেন।

ঙ) **পান্ডুলিপি সংরক্ষণ:** বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের সংগ্রহে প্রাচীন ও মধ্যযুগের ২৮টি পান্ডুলিপি রয়েছে। এসব দুষ্প্রাপ্য পান্ডুলিপি সঠিকভাবে সংরক্ষণের জন্য মাননীয় উপাচার্য মহোদয়ের সাথে আলোচনাক্রমে একটি বিশেষজ্ঞ কমিটি গঠনের প্রচেষ্টা অব্যাহত আছে।

প্রসেসিং শাখা

ক) **ক্যাটালগিং ও ক্লাসিফিকেশন:** ২০২১-২০২২ শিক্ষাবর্ষে গ্রন্থাগারের ক্যাটালগিং শাখায় ৪৯১টি নতুন বইয়ের ক্যাটালগ ও ক্লাসিফিকেশন করা হয়েছে। ডিজিটাল পদ্ধতিতে ক্যাটালগিং শাখার কর্মকাণ্ডকে আরো গতিশীল ও অধিকতর নির্ভরযোগ্য করা হয়েছে। তাছাড়া, পাঠকের ব্যবহারের ফলে নষ্ট হওয়া ক্যাটালগ কার্ড, বুক কার্ড পুণরায় টাইপ করে ৫৫০টি ব্যবহার উপযোগী করা, পুরাতন বইয়ের ক্যাটালগ সংশোধন করা হয়।

খ) **কারেন্ট এ্যাওয়ারনেস সার্ভিস (CAS):** এ শাখা থেকে কারেন্ট এ্যাওয়ারনেস সার্ভিস (CAS) প্রদান করা হয়। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে সংগৃহিত বইগুলোর ক্যাটালগিং সমাপ্ত হওয়ার পর CAS-এর আওতায় নতুন বইয়ের সকল তথ্য গ্রন্থাগারে প্রবেশদ্বারে নোটিশ বোর্ডে উপস্থাপন করা হয়েছে এবং ই-মেইলের মাধ্যমে শিক্ষকদের জানানো হয়েছে। নীচ তলার স্ট্যাক এরিয়ার সম্মুখ ভাগে বিশেষ শেল্‌ফে New Arrival হিসাবে আলাদা করে পাঠকদের দৃষ্টি আর্কষণের জন্য নতুন বইগুলো ডিস্‌প্লে করা হয়ে থাকে।

পাঠক সেবা

২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রতিদিন গড়ে প্রায় ৬৫০ জন শিক্ষক, শিক্ষার্থী, গবেষক ও কর্মকর্তার চাহিদা মিটিয়ে গ্রন্থাগারের বিভিন্ন শাখা থেকে সর্বোত্তম পাঠক সেবা প্রদান করা হয়েছে।

ক) **লেনদেন শাখা:** এ শাখা থেকে গ্রন্থাগার ব্যবহারকারীদের পাঠ্য-সামগ্রী ধার দেয়া, ফেরৎ নেয়া সংক্রান্ত যাবতীয় সেবা প্রদান করা হয়। সকাল-বিকেল দু'শিফ্‌টে লেন-দেন শাখার কর্মকাণ্ড নিরবচ্ছিন্নভাবে পরিচালিত হয়ে থাকে। বই-পত্র বিলম্বে ফেরৎ দেওয়ার কারণে শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাদের নিকট থেকে নিয়মানুযায়ী জরিমানা আদায় করা হয়। ইস্যুকৃত বইয়ের সংখ্যা ২৪২টি এবং আদায়কৃত জরিমানার টাকার পরিমাণ ৯,৭৩৯/- টাকা। যা বিশ্ববিদ্যালয়ের তহবিলে দেয়া হয়েছে।

খ) **রেফারেন্স শাখা:** গ্রন্থাগারের এ শাখা থেকে ব্যবহারকারীদের তাৎক্ষণিক সেবা প্রদান করার ব্যবস্থা রয়েছে। আলোচ্য শিক্ষাবর্ষে এ শাখা হতে শিক্ষার্থী ও শিক্ষকদের চাহিদা মোতাবেক জার্নাল, থিসিস, রিপোর্ট, বিভিন্ন প্রকার এনসাইক্লোপিডিয়া, অভিধান ও বাঁধাইকৃত পত্রিকা সহ যাবতীয় রেফারেন্স সামগ্রীর মাধ্যমে রেফারেন্স সেবা প্রদান করা হয়েছে। তাছাড়া, শিক্ষক ও গবেষকদের প্রয়োজনে বিশেষ সেবাও প্রদান করা হয়েছে। এই শাখার মাধ্যমে ডিজিটাল রেফারেন্স সার্ভিস দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং এ সংক্রান্ত কাজ চলছে। ডিজিটাল রেফারেন্স সার্ভিস-এর আওতায় গ্রন্থাগারে সংগৃহীত পিএইচডি ও এমফিল থিসিসের টাইটেলসমূহ অনলাইনে পাওয়া যাচ্ছে।

গ) **ফটোকপি সেবা:** গ্রন্থাগার ব্যবহারকারীদের লেখাপড়ার সুবিধার্থে গ্রন্থাগারের সামনের করিডোর সংলগ্ন একটি কক্ষে বাণিজ্যিক ভিত্তিতে স্বল্প ব্যয়ে ফটোকপিয়ার সার্ভিস চালু রাখা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকগণ নিজ খরচে প্রয়োজনীয় পাঠ্য-সামগ্রীর ফটোকপি এখান থেকে করাতে পারেন। বিশ্ববিদ্যালয়ের সাথে চুক্তিভিত্তিক একটি বেসরকারী বাণিজ্যিক সংস্থা এই সার্ভিস চালিয়ে যাচ্ছে। গ্রন্থাগার কর্তৃপক্ষ কর্তৃক এই সার্ভিস নিয়মিত তদারকি করা হয়।

পাঠকক্ষ ব্যবস্থাপনা: গ্রন্থাগারকে পাঠক-বান্ধব করার উদ্দেশ্যে ২০২১-২০২২ শিক্ষাবর্ষেও পরিপূর্ণভাবে তিনটি ফ্লোরে পাঠকক্ষের সকল সুবিধাদি পূর্বের ন্যায় চালু রয়েছে।

অডিও-ভিজ্যুয়াল শাখা চালু করা: উচ্চ শিক্ষার্থে বিদেশে গমনেচ্ছু শিক্ষার্থীদের ক্ষেত্রে English Language Test-এ নির্দিষ্ট মাত্রার স্কোর থাকা বাধ্যতামূলক। সিলেবাসভূক্ত পড়াশুনার পাশাপাশি শিক্ষার্থীরা যেন SAT, GMAT, GRE, TOEFEL, IELTS ইত্যাদি নিয়মিতভাবে অনুশীলন করতে পারে। তার জন্য ১টি অডিও ভিজ্যুয়াল শাখার কাজ প্রক্রিয়াধীন। এছাড়াও এই শাখা থেকে গবেষকদের প্রয়োজনীয় জার্নাল/আর্টিকেল পড়া ও ডাউনলোড করার সুযোগ রয়েছে।

জেনারেটর সেবা : Load Shading-এর সময় গ্রন্থাগারের নিরাপত্তা সংশ্লিষ্ট যন্ত্রপাতি সার্বক্ষণিক সচল রাখার জন্য এবং পাঠকক্ষসমূহে আলো-বাতাসের সুব্যবস্থা অব্যাহত রাখার জন্য সার্বক্ষণিক জেনারেটর ব্যবস্থা চালু রয়েছে।

চিকিৎসা কেন্দ্র

অফিস প্রধান : **ডাঃ মোঃ শামছুর রহমান**
প্রধান মেডিক্যাল অফিসার (ভারপ্রাপ্ত)

চিকিৎসকবৃন্দ

১. ডাঃ মোঃ শামছুর রহমান, এমবিবিএস (ময়মনসিংহ), প্রধান মেডিক্যাল অফিসার (ভারপ্রাপ্ত)
২. ডাঃ মমতা মল্লিকা, এমডি (ইউক্রেন), উপ-প্রধান মেডিক্যাল অফিসার
৩. ডাঃ মোঃ শামছুল আলম খান, এমবিবিএস (ময়মনসিংহ), উপ-প্রধান মেডিক্যাল অফিসার
৪. ডাঃ রিজওয়ানুর রহমান, এমবিবিএস (চট্টগ্রাম), উপ-প্রধান মেডিক্যাল অফিসার
৫. ডাঃ বীরেন্দ্র কুমার বিশ্বাস, এমবিবিএস (বরিশাল), উপ-প্রধান মেডিক্যাল অফিসার
৬. ডাঃ শ্যামল কুমার শীল, এমবিবিএস (বরিশাল), উপ-প্রধান মেডিক্যাল অফিসার
৭. ডাঃ মাহবুবা জান্নাত, এমবিবিএস (স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ), সিনিয়র মেডিক্যাল অফিসার
৮. ডাঃ তৌহিদ হাসান শাহ চৌধুরী, এমবিবিএস (সিলেট), সিনিয়র মেডিক্যাল অফিসার
৯. ডাঃ সানজিদা মৌরিন, এমবিবিএস (এএফএমসি, ঢাকা), মেডিক্যাল অফিসার

ফার্মাসিস্টবৃন্দ

১. মোঃ ওয়ালীউল্লাহ, ডিপ্লোমা-ইন-ফার্মেসী, বিএ (বাউবি), প্রধান টেকনিক্যাল অফিসার (ফার্মা)
২. এম. এম. ইলিয়াস, ডিপ্লোমা-ইন-ফার্মেসী, প্রধান টেকনিক্যাল অফিসার (ফার্মা)
৩. সুলতান আহাম্মদ, ডিপ্লোমা-ইন-ফার্মেসী, বিএ (বাউবি), সিনিয়র টেকনিক্যাল অফিসার (ফার্মা)
৪. মোঃ জাকারিয়া, ডিপ্লোমা-ইন-ফার্মেসী, বিএসএস (অনার্স), টেকনিক্যাল অফিসার (ফার্মা)

কর্মকর্তাবৃন্দ

১. মোঃ নূরে-এ-কামাল, বিএসএস (অনার্স), এমএসএস (জাবি), ডেপুটি রেজিস্ট্রার (স্টোর)
২. মোঃ মতিয়ার রহমান, সহকারী রেজিস্ট্রার
৩. খন্দকার জাহাঙ্গীর আলম, এমএসএস (রাষ্ট্রবিজ্ঞান), ঢাবি, প্রশাসনিক অফিসার

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	২২ জন
চতুর্থ শ্রেণি	:	১১ জন

প্রশাসনিক কার্যক্রম

২০২১-২০২২ শিক্ষাবর্ষের শুরুতে ৩,১০,০০০/- টাকার ঔষধ মজুদ ছিল। এই শিক্ষাবর্ষে ৩০,০০,০০০/- টাকা বাজেট বরাদ্দ ছিল এবং উক্ত টাকার ক্রয় করা হয়। শিক্ষার্থীদের মধ্যে ২৪,৭০,০০০/- টাকার ঔষধ বিনামূল্যে এবং শিক্ষক, অফিসার ও কর্মচারীদের মধ্যে ২,০০,০০০/- টাকার ঔষধ সরবরাহ করা হয়, যা বেতন হতে কর্তন করে বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা দেয়ার ব্যবস্থা করা হয়েছে। বছরান্তে ৩,৩০,০০০/- টাকার ঔষধ মজুদ আছে।

সেবা কার্যক্রম

এই শিক্ষাবর্ষে ৪০ জন শিক্ষক, অফিসার ও কর্মচারীকে স্বাস্থ্য সনদ দেয়া হয়। এছাড়া ২২৪৫ জন নতুন শিক্ষার্থীর মেডিক্যাল ফিটনেস দেয়া হয়। প্যাথলোজি ইউনিটে ১৮,২৯০ জনের রক্তের পরীক্ষা করার জন্য আসেন। এর মধ্যে CBC, Platelet Count test ১২,৯৮৬ জনের, Dengue Test ২,২২৩ জনের, রক্তের সুপার টেস্ট ১১,৩২০ জনের, HbA1c ৩,৬৩০ জনের, Lipid Profile ৪,৩৭৬ জনের, Liver Function Test ৬,৯৮৫ জনের, ৯৭৬ জনের ভিটামিন ডি টেস্ট করা হয়। ৫,৭৯০ জনের Urine R/M/E test, ৫,৩৯০ জনের সিরাম বিলিরুবিন ও ১,১৯০ জনের ASO Titer test, ১,৫৮৩ জনের R/A test, ৩,২৮৫ জনের CRP test, ৪,১৯০ জনের CEC পরীক্ষা করা হয়।

করোনাকালীন সময়ে অনলাইনে টেলিফোন, মেসেঞ্জার, হোয়াটস্ আপ ও ভিডিও কলের মাধ্যমে ৭,৪২৩ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। এই শিক্ষাবর্ষে ১,১০,০৩৭ জন শিক্ষার্থী ও ১০,৯০৫ জন শিক্ষক,

অফিসার ও কর্মচারীকে চিকিৎসা সেবা দেয়া হয়। তন্মধ্যে ড্রেসিং ৯,৫২০, এবসেস ড্রেন ৮৫০, ফরেন বডি রিমুভ ২,৩৯৩, নেবুলাইজিং ৪,৫৮০, অক্সিজেন প্রদান ২,৭৪০, ইনজেকশন প্রদান ৬,৭২০, বাসা ও হলে কল এ্যাটেন্ড ৬২০, স্টিচ রিমুভ ৩,২২৬, বাইরের রেজিস্টার্ড ডাক্তারের প্রেসক্রিপশন অনুযায়ী ইনজেকশন প্রদান ১৫,৩৫০, ইমারজেন্সি রোগীর সেবা প্রদান ১৫,৩৯০, অন্যান্য হাসপাতালে রেফার করা যোগী ১৬,৮৪০, Wound repair ১,৮২০, জ্বর মাপা ৪,৬৮০, জরুরি বিভাগে অবস্থানরত মুমূর্ষ রোগীর রক্তচাপ মাপ ১০১০ জন।

এছাড়া খেলার মাঠে প্রাথমিক চিকিৎসার জন্য ৯০টি মেডিক্যাল টিম প্রেরণ করা হয়। ফার্মেসী হতে ৪০,৬১১ জন শিক্ষার্থী এবং ৩,০২৫ জন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে ঔষধ প্রদান করা হয়। সারা বছর শিক্ষার্থীদের প্রতি বিভাগের প্রতি বর্ষের আন্তঃহল, আন্তঃবিভাগের বিভিন্ন প্রকারের খেলার জন্য মাঠে মেডিকেল টিমের সাথে ঔষধ, প্রাথমিক চিকিৎসার সরঞ্জামসহ ঔষধ সরবরাহ করা হয়। বিভিন্ন হলের ও কেন্দ্রীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় মেডিকেল টিমের সাথে ঔষধ সরবরাহ করা হয়। জাবি স্কুল ও কলেজের শিক্ষার্থী ও কর্মচারীদের বিভিন্ন রকমের টুর্নামেন্ট এবং বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় মেডিকেল টিম ও ঔষধ সরবরাহ করা হয়। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের শিক্ষা সফর, পিকনিক ও ফিল্ড ওয়ার্কের জন্য ঔষধ সরবরাহ করা হয়। চিকিৎসা কেন্দ্রের জরুরি টেলিফোন ও চিকিৎসা কেন্দ্রের মোবাইল ফোনটি ফার্মেসী হতে রিসিভ করে সার্বক্ষণিক এ্যাম্বুলেন্সসহ যাবতীয় তথ্য প্রদান করা হয়ে থাকে। প্রতি বিভাগের প্রতি বর্ষের শিক্ষার্থীদেরকে শিক্ষা সফরের জন্য ৪,০০০টি স্বাস্থ্য সনদ ও পিকনিকের প্রাথমিক চিকিৎসার ঔষধ সরবরাহ করা হয়। রোগীদের সুস্থ্যতার পর ফিটনেস সার্টিফিকেট, বিদেশে চিকিৎসার জন্য সার্টিফিকেট, মাতৃত্বকালীন ছুটির সার্টিফিকেট এবং বিদেশে উচ্চতর ডিগ্রির জন্য সার্টিফিকেট প্রদান করা হয় প্রায় ৩২০টি। এ বৎসর চিকিৎসা কেন্দ্র থেকে ২,১০০টি চিঠি বিভিন্ন অফিসে প্রেরণ করা হয়। সকল স্টাফদের নিয়ে ৬টি সাধারণ সভা, ডাক্তারদের নিয়ে ৬টি সভা, ফার্মাসিস্টদের নিয়ে ৬টি সভা, নার্সদের নিয়ে ৬টি সভা এবং ক্লিনারদের নিয়ে ৪টি সভা করা হয়েছে।

চিকিৎসা কেন্দ্রের উপদেষ্টা পরিষদ

চিকিৎসা কেন্দ্রের সার্বিক পরিচালনা ও উন্নয়ন কার্যে পরামর্শ দেয়ার উদ্দেশ্যে গঠিত উপদেষ্টা পর্ষদ নিয়মিত সভায় মিলিত হন এবং চিকিৎসা কেন্দ্রের সার্বিক উন্নয়নে কাজ করে থাকেন। উপদেষ্টা পর্ষদ নিম্নরূপ :

সভাপতি

১. অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক
প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), জাবি

সদস্যবৃন্দ

২. কোষাধ্যক্ষ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, শিক্ষার্থীকল্যাণ ও পরামর্শদান কেন্দ্র, জাবি
৪. সভাপতি, প্রভোস্ট কমিটি, জাবি
৫. প্রভোস্ট, প্রীতিলতা হল, জাবি
৬. প্রক্টর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
৭. সভাপতি, ফার্মেসী বিভাগ, জাবি
৮. উপ-প্রধান মেডিক্যাল অফিসার, জাবি
৯. সভাপতি/সম্পাদক, শিক্ষক সমিতি, জাবি
১০. সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার সমিতি, জাবি
১১. সভাপতি/সাধারণ সম্পাদক, কর্মচারী সমিতি, জাবি
১২. সভাপতি/সাধারণ সম্পাদক, কর্মচারী ইউনিয়ন, জাবি

সদস্য-সচিব

১৩. প্রধান মেডিক্যাল অফিসার (ভারপ্রাপ্ত), জাবি।

জনসংযোগ অফিস

অফিস প্রধান : মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

কর্মকর্তাবৃন্দ

১. মোঃ আবদুস সালাম মিঞা, বিএ (অনার্স), এমএ (জাবি), পরিচালক (এলপিআর)
২. মোহাম্মদ মহিউদ্দিন, বিএসএস (অনার্স), এমএসএস, পিএইচডি (জাবি), পরিচালক (ভারপ্রাপ্ত)
৩. মোঃ মোস্তফা কামাল, বিকম (চবি), ডেপুটি রেজিস্ট্রার
৪. মোঃ আনিছুর রহমান, ফটোগ্রাফার

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি : ০১ জন
চতুর্থ শ্রেণি : ০১ জন

প্রশাসনিক কার্যক্রম

২০২১-২০২২ শিক্ষাবর্ষে জনসংযোগ কার্যালয়ের ভারপ্রাপ্ত পরিচালকের সার্বিক তত্ত্বাবধানে ৩ জন কর্মকর্তা ও ২ জন কর্মচারী দ্বারা এ কার্যালয়ের কার্যক্রম পরিচালিত হয়।

প্রাসঙ্গিক তথ্য

১। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও প্রশাসনিক কার্যক্রম সম্পর্কে ছাত্র, শিক্ষক, অফিসার, কর্মচারী, অভিভাবক নির্বিশেষে দেশবাসীকে অবহিত করার লক্ষ্যে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বিভিন্ন মিডিয়া, সংবাদপত্র ও সংবাদ সংস্থায় প্রতিটি অফিসিয়াল অনুষ্ঠানের প্রেস বিজ্ঞপ্তি প্রেরণ ও প্রকাশের ব্যবস্থা করা হয়েছে। পত্র-পত্রিকায় প্রকাশিত সংবাদ ও চিত্রাদি প্রতিদিন উপাচার্য, প্রো-উপাচার্যদ্বয়, কোষাধ্যক্ষ ও রেজিস্ট্রারসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অবগতির জন্য পেশ করা হয়েছে। পূর্ববর্তী প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, বিশ্ববিদ্যালয়ের যাবতীয় প্রশাসনিক ও একাডেমিক সংবাদ তাৎক্ষণিকভাবে প্রকাশ করার জন্য 'জনসংযোগ কার্যালয় জা বি' নামে একটি ফেসবুক একাউন্ট এবং JU Public Relations Group নামে একটি ফেসবুক গ্রুপ, 'Jahangirnagar University PR News' নামে একটি ফেসবুক পেজ এবং Public Relations Office Jahahangirnagar University নামে একটি ইউটিউব চ্যানেল চালু করা হয়েছে। এ সব মিডিয়ার মাধ্যমে দেশ-বিদেশে অবস্থানকারী বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট সকলে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সংবাদ জানতে সক্ষম হচ্ছেন। এর বাইরে বিশ্ববিদ্যালয়ের www.juniv.edu ওয়েব সাইটে এবং শিক্ষকগণের ই-মেইলে বিশ্ববিদ্যালয়ের সংবাদ প্রচার করা হয়।

২। এ শিক্ষাবর্ষে বিভাগীয় সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ ও সম্মেলনের সংবাদ সম্পর্কে ১৭১টি প্রেস বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ ও বিভিন্ন গণমাধ্যমে প্রচারের জন্য প্রত্যক্ষভাবে এ কার্যালয় দায়িত্ব পালন করেছে।

৩। একাডেমিক কাউন্সিলসহ গুরুত্বপূর্ণ সভার বক্তব্য রেকর্ডিংয়ের দায়িত্ব এ কার্যালয় পালন করেছে।

৪। জনসংযোগ কার্যালয় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে অনুষ্ঠিত ২১শে ফেব্রুয়ারির অনুষ্ঠান পরিচালনা করেছে।

৫। এই অফিসের দায়িত্বের বাইরে বিভিন্ন মুদ্রণ, সম্মাননা স্মারক নির্মাণের দায়িত্ব পালন করে। এছাড়া তিনি রেজিস্ট্রার অফিস, পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস, শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র, জাবি স্কুল ও কলেজ এবং ছাত্র-শিক্ষক কেন্দ্রের TEC এবং ভর্তি পরীক্ষার নিরাপত্তা কমিটির দায়িত্ব পালন করে। এছাড়াও তিনি বিভিন্ন পত্র-পত্রিকায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত একাধিক সচিত্র প্রতিবেদন/নিবন্ধ প্রকাশ করে।

শারীরিক শিক্ষা অফিস

অফিস প্রধান : **বেগম নাছরীন**
পরিচালক (ভারপ্রাপ্ত)

কর্মকর্তাবৃন্দ

১. হাবিবা ইয়াসমীন, পরিচালক (এলপিআর)
বিএ (অনার্স), এমএ (জাবি), বিপিএড (রাজশাহী), এমপিএড (উত্তরা বিশ্ববিদ্যালয়)

২. বেগম নাছরীন, উপ-পরিচালক
বিএসএস (অনার্স), এমএসএস (চবি), বিপিএড (জাতীয় বিশ্ব.), এমপিএড (উত্তরা বিশ্ব.)

৩. মোঃ আজমল আমীন, উপ-পরিচালক
বিএসএস (অনার্স), এমএসএস (জাবি), বিপিএড (জাতীয় বিশ্ব.), এমপিএড (উত্তরা বিশ্ব.)

৪. দেবব্রত পাল, উপ-পরিচালক
বিএ (অনার্স), এমএ (জাবি),বিপিএড (জাতীয় বিশ্ব.), এমপিএড (উত্তরা বিশ্ববিদ্যালয়)

৫. সুজিত কুমার ব্যানার্জী, উপ-পরিচালক
বিএ (অনার্স), এমএ (জাবি), বিপিএড (জাতীয় বিশ্ব.), এমপিএড (উত্তরা বিশ্ববিদ্যালয়),
এমফিল (অধ্যয়নরত) জাবি, ফুটবল কোচিং (এএফসি লাইসেন্স)

৬. মোহাম্মদ সেলিম মিয়া, উপ-পরিচালক
বিএসএস (অনার্স), এমএসএস (জাবি), বিপিএড (জাতীয় বিশ্ব.), এমপিএড (উত্তরা বিশ্ব.)
ফুটবল কোচিং- এএফসি 'বি' লাইসেন্স ও এএফসি লেভেল-১ জিকে লাইসেন্স

৭. এস. এম. সাদাত হোসেন, উপ-পরিচালক
বিএ (অনার্স), এমএ (জাবি), বিপিএড (জাতীয় বিশ্ব.), এমপিএড (উত্তরা বিশ্ববিদ্যালয়),
ডিপ্লোমা-ইন-কোচিং (আই এ এফ, মনাকো), ডিপ-ইন-স্পোর্টস সায়েন্স (জার্মানী),
ফুটবল কোচিং (এএফসি লাইসেন্স), ফিফা রেফারী (এক্স)

৮. উথোয়াইচিং রোয়াজা, উপ-পরিচালক
বিএসএস (অনার্স), এমএসএস (জাবি), বিপিএড (জাতীয় বিশ্ব.), এমপিএড (উত্তরা বিশ্ব.)
ফুটবল কোচিং- এএফসি 'সি' লাইসেন্স ও সাবেক জাতীয় ফুটবল খেলোয়াড়

৯. মৌসুমী মজিদ, সহকারী পরিচালক
বিএসসি (অনার্স), এমএসসি (জাবি), বিপিএড (জাতীয় বিশ্ব.), এমপিএড (উত্তরা বিশ্ব.)

১০. মনোয়ারা খানম, সহকারী পরিচালক
বিএসএস (অনার্স), এমএসএস (জাবি), বিপিএড, এমপিএড (জাতীয় বিশ্ব), হ্যান্ডবল কোচেস কোর্স

১১. সাবিহা কবীর, সহকারী পরিচালক
বিএসএস (অনার্স), এমএসএস (জাবি), বিপিএড, এমপিএড (জাতীয় বিশ্ব.)

১২. এলিজা সুলতানা, সহকারী পরিচালক
বিএসএস (অনার্স), এমএসএস (জাবি), বিপিএড (জাতীয় বিশ্ব.), এমফিল (জাবি)

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	০৪ জন
চতুর্থ শ্রেণি	:	০৮ জন

প্রশাসনিক কার্যক্রম

মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) ও কেন্দ্রীয় স্পোর্টস কমিটির সভাপতির তত্ত্বাবধানে শারীরিক শিক্ষা অফিসের প্রশাসনিক ও ক্রীড়া শিক্ষা কার্যক্রম পরিচালকের নির্দেশনায় সম্পন্ন করা হয়। এই অফিসের তত্ত্বাবধানে এ বছর কোভিড- ১৯ পরিস্থিতিতে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি অক্ষুণ্ন রেখে প্রশাসনিক কার্যক্রম সক্রিয় ছিল এবং আন্তঃবিভাগ, আন্তঃহল পর্যায়ের প্রতিযোগিতার প্রস্তুতি গ্রহণ ও আয়োজন করা হয়। আন্তঃ

বিশ্ববিদ্যালয়, জাতীয় ও বিশেষ দিবস উদ্‌যাপনসহ বিভিন্ন পর্যায়ের প্রতিযোগিতার প্রস্তুতি গ্রহণ ও আয়োজন কোভিড- ১৯ পরিস্থিতির কারণে সম্ভব হয়নি।

প্রাসঙ্গিক তথ্য

শারীরিক শিক্ষা অফিসের এ বছরের ফলপ্রসূ কর্মকাণ্ডের প্রাসঙ্গিক তথ্যসমূহ নিম্নে উপস্থাপন করা হলো :

ক)	আন্তঃবিভাগ ক্রিকেট	:	চ্যাম্পিয়ন	-	সরকার ও রাজনীতি বিভাগ
			রানার-আপ	-	মার্কেটিং বিভাগ
খ)	আন্তঃবিভাগ হ্যান্ডবল (ছাত্র)	:			কোভিড- ১৯ পরিস্থিতিতে খেলা সম্ভব হয়নি
গ)	আন্তঃবিভাগ বাস্কেটবল	:	চ্যাম্পিয়ন	-	আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ
			রানার-আপ	-	দর্শন বিভাগ
ঘ)	আন্তঃবিভাগ ব্যাডমিন্টন (ছাত্র)	:			চলমান
ঙ)	আন্তঃবিভাগ ব্যাডমিন্টন (ছাত্রী)	:	চ্যাম্পিয়ন	-	পরিবেশ বিজ্ঞান বিভাগ
			রানার-আপ	-	পদার্থ বিজ্ঞান বিভাগ
চ)	আন্তঃবিভাগ টেবিল টেনিস (ছাত্র)	:	চ্যাম্পিয়ন	-	আইন ও বিচার বিভাগ
			রানার-আপ	-	গণিত বিভাগ
ছ)	আন্তঃবিভাগ টেবিল টেনিস (ছাত্রী)	:	চ্যাম্পিয়ন	-	পাবলিক হেল্‌থ এন্ড ইনফরমেটিকস বিভাগ
			রানার-আপ	-	আইন ও বিচার বিভাগ

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

বর্ণাঢ্য আয়োজনের মধ্যদিয়ে ৪৫-তম কেন্দ্রীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উদ্বোধনী এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. মোঃ নূরুল আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক এবং মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. রাশেদা আখতার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা পরিচালনা কমিটির সভাপতি ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট অধ্যাপক ড. মোহাঃ মুজিবুর রহমান। প্রতিযোগিতায় দ্রুততম মানব-মানবী হন যথাক্রমে শাহাদাত হোসেন এবং মোছাঃ ফাতেমাতুজ জহুরা। উল্লেখ্য, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ছাত্রীদের মধ্যে চ্যাম্পিয়ন হওয়ায় লাবনী সিনহাকে 'দিলারা বেগম স্মৃতি কাপ' প্রদান করা হয়।

হল চ্যাম্পিয়ন ও রানার-আপ

ছাত্র হল	:	চ্যাম্পিয়ন	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল
		রানার আপ	আ ফ ম কামালউদ্দিন হল
ছাত্রী হল	:	চ্যাম্পিয়ন	প্রীতিলতা হল
		রানার আপ	বেগম সুফিয়া কামাল হল

ব্যক্তিগত চ্যাম্পিয়ন ও রানার-আপ

ছাত্র	:	চ্যাম্পিয়ন	মোঃ রাসেল মাহমুদ
		রানার আপ	শাহাদাত হোসেন
ছাত্রী	:	চ্যাম্পিয়ন	লাবনী সিনহা
		রানার আপ	মোছাঃ ফাতেমাতুজ জহুরা

মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে সকল ছাত্র হলের সমন্বয়ে চ্যান্সেলর কাপ ফুটবল এবং সকল ছাত্রী হলের সমন্বয়ে উপাচার্য কাপ হ্যান্ডবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। চ্যান্সেলর কাপ ফুটবল প্রতিযোগিতায় আ ফ ম কামালউদ্দিন হল চ্যাম্পিয়ন ও শহীদ রফিক-জব্বার হল রানার আপ এবং হ্যান্ডবল চ্যাম্পিয়ন- বেগম খালেদা জিয়া হল, রানার আপ- শেখ হাসিনা হল।

মুজিব জন্ম শতবার্ষিকী আন্তঃহল ফুটবল (ছাত্র) ও আন্তঃহল হ্যান্ডবল (ছাত্রী) প্রতিযোগিতা

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মুজিব জন্ম শতবার্ষিকী আন্তঃহল ফুটবল (ছাত্র) এবং আন্তঃহল হ্যান্ডবল (ছাত্রী) প্রতিযোগিতা মহান বিজয় দিবস উপলক্ষ্যে আয়োজিত খেলা চলমান আছে।

আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতা

বিগত বছরগুলোতে আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় দল বিভিন্ন বিভাগে কৃতিত্বের সঙ্গে অংশগ্রহণ করে। তবে বর্তমান কোভিড- ১৯ পরিস্থিতিতে আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া সংস্থা কর্তৃক কোনো ইভেন্ট আয়োজন করা সম্ভব হয়নি।

এছাড়াও কোভিড- ১৯ পরিস্থিতির কারণে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় দল জাতীয় পর্যায়ের কোনো প্রতিযোগিতাতেও অংশগ্রহণ করেনি।

স্পোর্টস কমিটির ছবি

অভ্যন্তরীণ অডিট অফিস

অফিস প্রধান : **জাহিদুল হক**
ডেপুটি কম্পট্রোলার (অডিট)

কর্মকর্তাবৃন্দ

১. জাহিদুল হক, বিকম (অনার্স), এমকম (হিসাব বিজ্ঞান) (জাতীয় বিশ্ব.), ডেপুটি কম্পট্রোলার (অডিট)
২. মোঃ রবিউল্লাহ, বিকম (ঢাবি), ডেপুটি কম্পট্রোলার (অডিট)
৩. সুমন বর্দ্ধন, এমবিএস (একাউন্টিং), সহকারী কম্পট্রোলার (অডিট)
৪. মোঃ আবুল বাসার, প্রশাসনিক অফিসার
৫. মোহাম্মদ আনোয়ার হোসেন, এমকম (হিসাব বিজ্ঞান), পিজিডিএফএম, প্রশাসনিক অফিসার (অডিট)

কর্মচারীর সংখ্যা

চতুর্থ শ্রেণি : ০১ জন

প্রশাসনিক কার্যক্রম

অভ্যন্তরীণ অডিট অফিসের কার্যক্রম উপাচার্য মহোদয়ের সরাসরি নিয়ন্ত্রণাধীন। অফিস প্রধানের সার্বিক তত্ত্বাবধানে অভ্যন্তরীণ অডিট অফিসের সকল কার্যক্রম পরিচালিত হয়। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল, বিভাগ, অফিস এবং স্টোরের আর্থিক লেনদেনের ক্ষেত্রে হিসাবের ভুলত্রুটি, অনিয়ম, অসংগতি ও আর্থিক অস্বচ্ছতা ইত্যাদি উদ্ঘাটন করা, সরকারি বিধি-বিধান তথা বিশ্ববিদ্যালয়ের আর্থিক বিধি-বিধান প্রতিপালনপূর্বক সরকারি অর্থ ব্যয় এবং যথাযথভাবে হিসাব সংরক্ষণ নিশ্চিত করে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর করার ক্ষেত্রে অভ্যন্তরীণ অডিট উল্লেখযোগ্য ভূমিকা পালন করে থাকে।

অভ্যন্তরীণ অডিট অফিস বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হল, বিভাগ, অফিস এবং স্টোরের নিরীক্ষা কার্যক্রম নিয়মিতভাবে সম্পন্ন করে থাকে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে পরিচালিত সপ্তাহান্তিক ও সান্ধ্যকালীন কোর্সের নিরীক্ষা সম্পন্ন করা হয়। এছাড়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ কর্তৃক পরিচালিত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক মঞ্জুরীকৃত বিভিন্ন গবেষণা প্রকল্পের হিসাব নিরীক্ষা কার্যক্রমও অভ্যন্তরীণ অডিট অফিস সম্পন্ন করে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অভ্যন্তরীণ অডিট অফিসের ডেপুটি কম্পট্রোলার (অডিট)-এর সার্বিক তত্ত্বাবধানে ৪ জন কর্মকর্তা ও ১ জন কর্মচারীর দ্বারা অফিসের প্রশাসনিক ও নিরীক্ষা কার্যক্রম পরিচালিত হয়।

অভ্যন্তরীণ অডিট অফিস উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে বাৎসরিক নিরীক্ষা কর্মসূচি প্রণয়ন করে থাকে। এ নিরীক্ষা কর্মসূচির আলোকে নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করে নিরীক্ষা প্রতিবেদন তৈরিপূর্বক উপাচার্য মহোদয় কর্তৃক অনুমোদিত নিরীক্ষা প্রতিবেদন সংশ্লিষ্ট বিভাগ, হল ও অফিসে প্রেরণের মাধ্যমে নিরীক্ষা আপত্তির জবাব গ্রহণ, অভ্যন্তরীণ নিরীক্ষা পর্যালোচনা কমিটির সভাপতি ও কোষাধ্যক্ষ মহোদয়-এর অনুমতি সাপেক্ষে নিরীক্ষা পর্যালোচনা কমিটির সভা আহবান, সভার যাবতীয় কার্যাবলী সম্পন্ন করা ইত্যাদি অভ্যন্তরীণ অডিট অফিস পালন করে থাকে। এ অফিসের ডেপুটি কম্পট্রোলার (অডিট) অভ্যন্তরীণ নিরীক্ষা পর্যালোচনা কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্বপালন করেন।

প্রাসঙ্গিক তথ্য

অভ্যন্তরীণ অডিট অফিসের ডেপুটি কম্পট্রোলার (অডিট) এ শিক্ষাবর্ষে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের পুরাতন ও অব্যবহৃত যন্ত্রপাতি এবং অন্যান্য মালামাল অচল ঘোষণার জন্য গঠিত কমিটি এবং প্রকৌশল অফিসের ঠিকাদার তালিকাভুক্তকরণ কমিটি, কম্পট্রোলার অফিসের পুরাতন ও অপ্রয়োজনীয় রেকর্ডপত্র বিনষ্ট ও Destroy করার জন্য গঠিত কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি কর্তৃক আয়োজিত নিয়মিত প্রশিক্ষণ কর্মশালায় পাবলিক প্রকিউরমেন্ট, মূল্য সংযোজন কর ও আয়কর বিধিমালা এবং অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থাপনা বিষয়ের উপর রিসোর্স পারসন হিসেবে দায়িত্ব পালন করেন। তাছাড়া বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক গঠিত কয়েকটি তদন্ত কমিটিতে সভাপতি/সদস্য-সচিব/সদস্য হিসেবে তদন্তের কাজ সম্পন্ন করেন।

নিরীক্ষা কার্যক্রম

বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল, বিভাগ ও অফিসের পাশাপাশি শিক্ষকগণ কর্তৃক পরিচালিত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়ের নিম্নোক্ত প্রকল্পগুলোর ব্যয়ের হিসাব নিরীক্ষা কার্যক্রমও সম্পন্ন করা হয় :

১. রসায়ন বিভাগের অধ্যাপক ড. তপন কুমার সাহা কর্তৃক পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির আওতায় ২০২০-২০২১ অর্থ বৎসরে বরাদ্দকৃত "Solar Light-Assisted Oxidative Degradation of Ciprofloxacin in Aqeous solution by Iron (III) chelated Cross-Linked chitosan Immobilized on a Glan Plate" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

২. রসায়ন বিভাগের অধ্যাপক ড. সুবর্ণা কর্মকার কর্তৃক পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির আওতায় ২০২০-২০২১ অর্থ বৎসরে বরাদ্দকৃত "Vonjugation of Insulin- Mimetic [meso-Tetrakis (4-sulfonatophenyl) porphyrinato] oxovadate (IV)(40-)with chitosan in Aqueous Solution: Kinetics, Equilibrium and Thermodynamics" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

৩. রসায়ন বিভাগের অধ্যাপক ড. সুবাস রাজবংশী কর্তৃক পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির আওতায় ২০২০-২০২১ অর্থ বৎসরে বরাদ্দকৃত "Bimetallic nanoscale Catalyst based on rhenium Complexes of stibines and arsines: Synthesis, structure and Catalytic application" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

৪. পরিবেশবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. ফাহমিদা পারভীন কর্তৃক পরিচালিত Kurita Water and Environmental Foundation (KWEF) এর অর্থায়নে বরাদ্দকৃত "Investigating the impact of the pit latrine on groundwater quality of rural areas of Bangladesh using fluorescence Spectroscopy" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

৫. পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ তাজউদ্দিন সিকদার কর্তৃক পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২০২১ অর্থ বৎসরে বরাদ্দকৃত "Photosynthesis of Silver nanoparticles using Ipomoea aquatica leaf extract: Evaluation of antibacterial and anticancer potentially (extended or continued" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

৬. প্রাণিবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ বাকী বিল্লাহ কর্তৃক পরিচালিত "Effect- based tools and RT-PCR based approaches for the identification of hazardous factors and eco-toxicological risks of the river Halda, Chittagong: A Comprehensive evaluation of the sediment quality for the conservation of the natural spawning ground if carp fish in Bangladesh" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

৭. মাইক্রোবায়োলজি বিভাগের অধ্যাপক ড. আলী আজম তালুকদার কর্তৃক পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২০-২০২১ বরাদ্দকৃত "Renewable and environmental friendly biofuel production from potato by Starch fermenting microbes" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

৮. ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস-এর অধ্যাপক ড. শেখ তৌহিদুল ইসলাম কর্তৃক পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২০২১ অর্থ বৎসরে বরাদ্দকৃত "Citizen Science for Reduction of Flood Vulnerability in Selected Districts of Bangladesh: *Development of Geospatial Database Involving Local Youth and*

Performing Actions towards Flood Risk Management" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

৯. পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. শফি মুহাম্মদ তারেক কর্তৃক পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২০২১ অর্থ বৎসরে বরাদ্দকৃত "Human Impact on Carbon flux of the Ganges River, Bangladesh" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

১০. পর্দাথবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ মাহাবুবুর রহমান কর্তৃক পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২০২১ অর্থ বৎসরে বরাদ্দকৃত "Study on Structural, Optical, and Mechanical Characteristics of Organic Dyes, Tetramethylaniline, Metal Suphide and Metal Nitride Coatings and their Potential Applications" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

১১. রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোঃ এনামুল হক কর্তৃক পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২০২১ অর্থ বৎসরে বরাদ্দকৃত "Interaction of synthetic and bio-polymers with surfactants in different aqua-organic mixed at variable temperatures and analytic composition: Conductivity and theoretical approach" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

১২. রসায়ন বিভাগের অধ্যাপক ড. এইচ এম মামুন কর্তৃক পরিচালিত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচি খাত হতে অনুদান "Antibiotic mimics synthesis throughβ-lactams/ Polyphenolies avoiding chirality under microwave-assisted protocol and the screening of their antimicrobial activity" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

১৩. রসায়ন বিভাগের অধ্যাপক ড. এস এম তারেক আবেদীন কর্তৃক পরিচালিত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি খাতের "Computational Study of pyrrole and thiophene based tritopic dihydrazone liganeds" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

১৪. ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. মোঃ শাহেদুর রশিদ কর্তৃক পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২০২১ অর্থ বৎসরে বরাদ্দকৃত "Interpreting CORANA Satellite Electromagnetic 0.555μm Fich bands in Identifying DMDP Grid Based Existing Built-up Areas on Wetlands in the early 1960s of Dhaka City" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

১৫. রসায়ন বিভাগের অধ্যাপক ড. কৌশিক সাহা কর্তৃক পরিচালিত কর্তৃক পরিচালিত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি খাতের "Investigating the anti-bacterial Properties of N-Substituted ciprofloxacin and corresponding Schiff bases" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

১৬. রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক ড. শিশির ঘোষ কর্তৃক পরিচালিত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি খাতের "Square-/Grid-Like Compounds based on Octahedral building blocks for potential Nano-level electronic devices: Synthesis, Structure and electrochemical behavior" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

১৭. পর্দাথবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. জহিরুল ইসলাম খন্দকার কর্তৃক পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২০২১ অর্থ বৎসরে বরাদ্দকৃত "Synthsis Characterization of Metal-Oxide Nanoparticles Using Autoclave for Solar Cell Applications" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

১৮. রসায়ন বিভাগের অধ্যাপক ড. শাহেদ রানা কর্তৃক পরিচালিত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি খাতের "Facial synthesis and Characterization of Some Quaternary Ammonium

Compounds an Surfactants and Study their Micellar & thermodynamic Behavior in Solution" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

১৯. পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এ কে এম রাশিদুল আলম কর্তৃক পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ২০১৯-২০২০ অর্থ বৎসরে বরাদ্দকৃত "Impact of Marine Invasion on Community Dynamics in Intertidal Shore of Saintmartin Island" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

২০. পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এ এইচ এম সা'দৎ কর্তৃক পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থ বৎসরে বরাদ্দকৃত "Ecological Risk Assessment of Heavy Metal Pollution Due to Lead-Acid Battery Recycling Factory" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

২১. বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ রেজাউল করিম কর্তৃক পরিচালিত "Investigation of $_{p}$53 tumor suppressor gene mutations in hepatocellular Carcinoma (HCC) Patients in Bangladesh" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

২২. রসায়ন বিভাগের অধ্যাপক ড. মাহবুব কবির কর্তৃক পরিচালিত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি খাতের "Effect of salinity on the coupled cycling of iron and phosphorus in Coastal agricultural soil" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

২৩. ফার্মেসী বিভাগের অধ্যাপক ড. রুনা মাসুমা কর্তৃক পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ২০১৯-২০২০ অর্থ বৎসরে বরাদ্দকৃত "Evaluation of Endocrine Effect, Carcinogenicity and Hepatotoxicity of Synthetic Coloring Agent Used as Food Additive on Laboratory Animal" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

২৪. পরিবেশ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ মোস্তাফিজুর রহমান কর্তৃক পরিচালিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২০২১ অর্থ বৎসরে বরাদ্দকৃত "Assessment of Polycyclic Aromatic Hydrocarbons (PAH_S) in Urban Air and its Human Health Risk" শীর্ষক গবেষণা প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন।

এছাড়াও অভ্যন্তরীণ অডিট অফিস বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক মঞ্জুরীকৃত বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ কর্তৃক পরিচালিত ১৯টি নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করে।

ছাত্র-শিক্ষক কেন্দ্র

অফিস প্রধান : **অধ্যাপক আলমগীর কবীর**, পিএইচডি
পরিচালক

অতিরিক্ত পরিচালক : অধ্যাপক জেবউননেছা, পিএইচডি

কর্মকর্তাবৃন্দ

১. নাসরিন সুলতানা, বিএ (অনার্স), এমএ (জাবি), উপ-পরিচালক
২. মোঃ সারোয়ার হোসেন, বিএ (অনার্স), এমএ (জাবি), উপ-পরিচালক
৩. মোঃ আব্দুল মান্নান, বিএ (ঢাবি), সহকারী পরিচালক
৪. মোঃ মতিউর রহমান, বিএ (ঢাবি), প্রশাসনিক অফিসার
৫. পরিমল সরকার, প্রশাসনিক অফিসার

কর্মচারীর সংখ্যা

৩য় শ্রেণি	:	৩১ জন
৪র্থ শ্রেণি	:	০৩ জন
অস্থায়ী/দৈনিক মজুরি	:	০৩ জন

প্রশাসনিক কার্যক্রম

ছাত্র-শিক্ষক কেন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের মিলনকেন্দ্র। লেখাপড়ার পাশাপাশি বিনোদন ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের কেন্দ্রস্থল হিসেবে ব্যবহৃত হয়ে থাকে এই প্রতিষ্ঠান। সাংস্কৃতিক রাজধানী বলে খ্যাত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় মুক্তমঞ্চ, ছায়ামঞ্চ, অডিটোরিয়ামসহ ক্যাম্পাসের প্রতিটি অঙ্গন সারা বছর উৎসবে উৎসবে মুখরিত থাকে। শিক্ষার্থীদের সুকুমার বৃত্তি ও নৈতিক মানসিক মূল্যবোধ সৃষ্টির উদ্দেশ্যে ছাত্র-শিক্ষক কেন্দ্র অবিরাম কাজ করে চলেছে।

প্রাসঙ্গিক তথ্য

১. ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক সকল কর্মচারীর ব্যক্তিগত ও দাপ্তরিক সকল কাজের তত্ত্বাবধান ও নির্দেশনা দেন। তাকে সহযোগিতা করেন কেন্দ্রের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

২. এই ভবনে ১০টি অনুশীলন/মহড়া কক্ষ রয়েছে। এসব কক্ষে কেন্দ্রের তালিকাভুক্ত সংগঠনগুলো সভা ও মহড়া করে থাকে। দায়িত্বপ্রাপ্ত উপ-পরিচালক, বিভিন্ন সংগঠনকে তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে মহড়া কক্ষগুলি বিভিন্ন বাদ্যযন্ত্রসহ ব্যবহারের জন্য বরাদ্দ দিয়ে থাকেন।

৩. স্ব-স্ব দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ অডিটোরিয়াম, সেমিনার কক্ষ, ৪টি গেস্টরুম, মুক্তমঞ্চ ভাড়া প্রদান এবং ব্যবস্থাপনায় নিয়োজিত আছেন।

৪. ১৭৯টি তালিকাভুক্ত সংগঠনের সকল কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদান এবং নতুন সংগঠনকে তালিকাভুক্ত করা। কোন সংগঠনকে বিশেষ প্রয়োজনে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

৫. শিক্ষার্থীদের জন্য তাদের ক্লাসের ফাঁকে বিনোদনের জন্য পৃথক ১টি কমনরুম রয়েছে।

৬. অতিথি কক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের অতিথি অবস্থান করতে পারেন। প্রশাসনিক কাজে ও বিশ্ববিদ্যালয় পরিদর্শনের কাজে কোনো অতিথি এলে তাঁর থাকার ব্যবস্থা করা হয়।

৭. এছাড়া এই ভবনে শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র, ভাষাশিক্ষা কেন্দ্র, শিক্ষক সমিতি, প্রেস ক্লাব, সাংবাদিক সমিতির অফিস রয়েছে। এসব অফিসের রক্ষণাবেক্ষণে সহযোগিতা করা হয়ে থাকে।

বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নরত শিক্ষার্থীদের মেধা ও মনন বিকাশের সুদূরপ্রসারী লক্ষ্য নিয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ছাত্র-শিক্ষক কেন্দ্র নিম্নলিখিত অনুষ্ঠানের আয়োজন করে :

১. আর্ন্তজাতিক প্রতিবন্ধী দিবস উদ্‌যাপন উপলক্ষে ৯ই ডিসেম্বর ২০২১ তারিখ বিকাল ৫:০০টায় সিআরপি এবং ছাত্র-শিক্ষক কেন্দ্রের উদ্যোগে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

২. মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে ১৬-০২-২০২১ তারিখ ছাত্র-শিক্ষক কেন্দ্রের আয়োজনে সাংস্কৃতিক জোটের পরিবেশনায় সেলিম আল দীন মুক্তমঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

৩. বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপন উপলক্ষে ১২-০১-২০২২ তারিখ ছাত্র-শিক্ষক কেন্দ্র সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে।

৪. আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস উদ্‌যাপন উপলক্ষে ২১-০২-২০২২ ছাত্র-শিক্ষক কেন্দ্র সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে।

৫. ২২-০৩-২০২২ তারিখ আরবো ভাইরাস-এর পরিবেশনায় সেলিম আল দীন মুক্তমঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

৬. ১৪-০৪-২০২২ তারিখে ১লা বৈশাখ বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

৭. ছাত্র-শিক্ষক কেন্দ্র এবং চলচিচত্র বিষয়ক সংগঠনগুলোকে নিয়ে ১০জুন থেকে ১২জুন, ২০২২ ৩দিন ব্যাপী ফিল্‌ম ফেস্টিবেল-এর আয়োজন করা হয়।

৮. ছাত্র-শিক্ষক কেন্দ্রের সহযোগিতায় ২৩ জুন থেকে ৩০জুন, ২০২২ পর্যন্ত সিলেটের বন্যার্তদের সাহায্যার্থে এক চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়।

জহির রায়হান অডিটোরিয়ামে সেবা কার্যক্রম

জহির রায়হান অডিটোরিয়ামে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে চলচ্চিত্র প্রদর্শন ২টি, ৮টি নবীনবরণ, ১১টি সেমিনার, ৩টি চলচ্চিত্র প্রর্দশনীসহ মোট ৩৫টি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

সেলিম আল দীন মুক্তমঞ্চের সেবা কার্যক্রম

সেলিম আল দীন মুক্তমঞ্চে পরিসংখ্যান বিভাগ, ভূগোল ও পরিবেশ বিভাগ এবং গণিত বিভাগের ৫০বছর পূর্তি উৎসব, সাবেক শিক্ষার্থীদের পূণর্মিলনী, নাট্যোৎসব, র‌্যাগসহ প্রায় ৩০টির মত সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

কেন্দ্রীয় ক্যাফেটেরিয়ার সেবা কার্যক্রম

প্রতিদিন সকাল ও দুপুরের খাবার পরিবেশনসহ সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক আচার অনুষ্ঠানগুলো কেন্দ্রীয় ক্যাফেটেরিয়াতে অনুষ্ঠিত হয়। করোনাকালীন সময় দীর্ঘদিন বন্ধ থাকার পর বর্তমানে কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া আবার প্রাণ ফিরে পেয়েছে। এই প্রাণ ধরে রাখার জন্য এর কলেবর বৃদ্ধি করা প্রয়োজন। শিক্ষক, কর্মকর্তাদের তুলনায় স্থান খুবই অপর্যাপ্ত। অবকাঠামোগত সমস্যাগুলোর দ্রুত সমাধান করতে পারলে উন্নতমানের একটি ক্যাফেটেরিয়াতে রূপান্তর হবে বলে আমরা আশা রাখতে পারি।

ছায়ামঞ্চ সেবা কার্যক্রম

বিভিন্ন ব্যাচের পূণর্মিলনীসহ অনেকগুলো সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

গেস্টরুম

ছাত্র-শিক্ষক কেন্দ্রে চারটি সুসজ্জিত শীততাপ নিয়ন্ত্রিত অতিথি কক্ষ রয়েছে। এসকল অতিথি কক্ষে অনেক দেশি ও বিদেশি অতিথি গবেষণা এবং একাডেমিক কাজে বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে এসে অবস্থান করেন।

পরিবহণ অফিস

অফিস প্রধান	:	**অধ্যাপক আলী আজম তালুকদার**, পিএইচডি ভারপ্রাপ্ত শিক্ষক (১৬-০৫-২০২২ তারিখ পর্যন্ত)
		অধ্যাপক মুহাম্মদ ছায়েদুর রহমান, পিএইচডি ভারপ্রাপ্ত শিক্ষক (১৬-০৫-২০২২ তারিখ হতে)
অতিরিক্ত ভারপ্রাপ্ত শিক্ষক	:	খো. লুৎফুল এলাহী, পিএইচডি

কর্মকর্তাবৃন্দ

১. মোঃ ইব্রাহীম, উপ-রেজিস্ট্রার
২. মোহাম্মদ আবুল কাশেম, উপ-রেজিস্ট্রার
৩. মোঃ আব্দুল্লাহ সোহরাওয়ার্দী, নির্বাহী ফোরম্যান
৪. মোঃ জাফর আলী হাওলাদার, সহকারী রেজিস্ট্রার
৫. মোঃ আতাউর রহমান, টেকনিক্যাল অফিসার (হেভী)(এলপিআর)
৬. মোঃ সিরাজুল ইসলাম, টেকনিক্যাল অফিসার (লাইট)
৭. মোঃ মহসিন মাহমুদ, টেকনিক্যাল অফিসার (লাইট)
৯. মোঃ তারা মিয়া, টেকনিক্যাল অফিসার (লাইট)
১০. মোঃ ইসমাইল হোসেন, টেকনিক্যাল অফিসার (হেভী)
১১. আলী আহমেদ, টেকনিক্যাল অফিসার (লাইট)(এলপিআর)
১২. মোঃ কিতাব আলী, টেকনিক্যাল অফিসার (হেভী)

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	৬৭ জন (১জন দৈনিক হাজিরাসহ)
চতুর্থ শ্রেণি	:	১৬ জন (৩জন মাস্টাররোল/দৈনিক হাজিরাসহ)

প্রশাসনিক তথ্য

মাননীয় উপাচার্য কর্তৃক গঠিত নিম্নোক্ত পরিবহণ ব্যবস্থাপনা কমিটির প্রণীত নীতিমালা ও দিকনির্দেশনা অনুসারে ভারপ্রাপ্ত শিক্ষক, অতিরিক্ত ভারপ্রাপ্ত শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে পরিবহণ অফিসের বিশাল কর্মকাণ্ড পরিচালিত হয়েছে।

পরিবহণ ব্যবস্থাপনা কমিটি

১.	অধ্যাপক যুগল কৃষ্ণ দাস, পিএইচডি কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, জাবি	সভাপতি
২.	অধ্যাপক রাশেদা আখতার, পিএইচডি সভাপতি, শিক্ষক সমিতি, জাবি	সদস্য
৩.	অধ্যাপক আহমেদ রেজা ইংরেজি বিভাগ, জাবি	সদস্য
৪.	প্রক্টর, জাবি সদস্য	
৫.	ভারপ্রাপ্ত শিক্ষক পরিবহণ অফিস, জাবি	সদস্য
৬.	অতিরিক্ত ভারপ্রাপ্ত শিক্ষক পরিবহণ অফিস, জাবি	সদস্য
৭.	জনাব মোঃ ইব্রাহীম ডেপুটি রেজিস্ট্রার, পরিবহণ অফিস, জাবি	সদস্য-সচিব

আলোচ্য শিক্ষাবর্ষে পরিবহণ পুলের গাড়িসমূহ মেরামত, যন্ত্রাংশ ক্রয় ইত্যাদি কাজের দরপত্রসমূহ উন্মুক্তকরণ ও মূল্যায়নের কাজ করেছে নিম্নোক্ত দু'টি কমিটি।

দরপত্র উন্মুক্তকরণ কমিটি (TOC)

১.	অতিরিক্ত ভারপ্রাপ্ত শিক্ষক পরিবহণ অফিস, জাবি	সভাপতি
২.	জনাব আবু মোহাম্মদ কাওছার ডেপুটি কম্পট্রোলার, হিসাবাধ্যক্ষ অফিস, জাবি	সদস্য
৩.	জনাব মোহাম্মদ আবুল কাশেম ডেপুটি রেজিস্ট্রার, পরিবহণ অফিস, জাবি	সদস্য-সচিব

দরপত্র মূল্যায়ন কমিটি (TEC)

১.	ভারপ্রাপ্ত শিক্ষক পরিবহণ অফিস, জাবি	সভাপতি
২.	অতিরিক্ত ভারপ্রাপ্ত শিক্ষক পরিবহণ অফিস, জাবি	সদস্য
৩.	অধ্যাপক বশির আহমেদ সরকার ও রাজনীতি বিভাগ, জাবি	সদস্য
৪.	জনাব আবু মোহাম্মদ কাওছার ডেপুটি কম্পট্রোলার, হিসাবাধ্যক্ষ অফিস, জাবি	সদস্য
৫.	জনাব মোঃ ইব্রাহীম ডেপুটি রেজিস্ট্রার, পরিবহণ অফিস, জাবি	সদস্য-সচিব

আলোচ্য শিক্ষাবর্ষে চলাচলের অনুপযোগী ও মেরামতের অযোগ্য হওয়ায় প্রচলিত নিয়মে অচল ঘোষণা এবং নিলাম ডাকে বিক্রয় করার জন্য নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হয় :

১।	অধ্যাপক রাশেদা আক্তার, পিএইচডি নৃবিজ্ঞান বিভাগ, জাবি	সভাপতি
২।	অধ্যাপক মোঃ খালিদ কুদ্দুস, পিএইচডি আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, জাবি	সদস্য
৩।	ভারপ্রাপ্ত শিক্ষক পরিবহণ অফিস,জাবি	সদস্য
৪।	জনাব তপন কুমার কর্মকার ডেপুটি কম্পট্রোলার, কম্পট্রোলার অফিস, জাবি	সদস্য
৫।	জনাব মোঃ ইব্রাহীম ডেপুটি রেজিস্ট্রার, পরিবহণ অফিস, জাবি	সদস্য
৬।	জনাব মোঃ আব্দুল বাসেত ট্রান্সপোর্ট সুপারভাইজার, বিপিএটিসি, সাভার, ঢাকা	সদস্য (বহিরাগত)
৭।	জনাব মোঃ আব্দুল্লাহ সোহরাওয়ার্দী নির্বাহী ফোরম্যান, পরিবহণ অফিস, জাবি	সদস্য-সচিব

এছাড়াও পরিবহণ পুলের গাড়িসমূহের মেরামত কাজ সনাক্তকরণ, দর যাচাই, যন্ত্রাংশ ক্রয় এবং মেরামত শেষে গাড়িসমূহ বুঝে নেয়ার জন্য নিম্নোক্ত কমিটি দায়িত্ব পালন করেন :

১.	অতিরিক্ত ভারপ্রাপ্ত শিক্ষক পরিবহণ অফিস, জাবি	সভাপতি
২.	জনাব মোঃ ইব্রাহীম ডেপুটি রেজিস্ট্রার, পরিবহণ অফিস, জাবি	সদস্য
৩.	জনাব মোঃ আব্দুল্লাহ সোরওয়ার্দী নির্বাহী ফোরম্যান, পরিবহণ অফিস, জাবি	সদস্য
৪.	জনাব মোঃ জাফর আলী হাওলাদার	সদস্য-সচিব

সহকারী রেজিস্ট্রার, পরিবহণ অফিস, জাবি

২০২১-২০২২ অর্থবছরে গাড়ীর রক্ষণাবেক্ষণ ও মেরামত খাতে ২৬.৬৮ লক্ষ টাকা, গাড়ীর জ্বালানী ও লুব্রিক্যান্ট খাতে ২৫৪.০০ লক্ষ টাকা, বীমা খাতে ০.৮৪ লক্ষ টাকা; রেজিস্ট্রেশন/ফিটনেস/ট্যাক্স খাতে ৫.৫৮ লক্ষ টাকা এবং বাস ভাড়া খাতে ১৯২.০০ লক্ষ টাকা খরচ হয়েছে।

মোট গাড়ীর সংখ্যা ৬৯টি। তন্মধ্যে বাস ১৮টি - সচল ১০টি, মেরামত কাজ প্রক্রিয়াধীন ১টি, বিক্রয় প্রক্রিয়াধীন ৩টি, বিআরটিসির ভাড়া দাবীকৃত ৪টি, নন এসি মিনিবাস ৩টি - সচল ২টি, ১টি মেরামত যোগ্য, এসি মিনিবাস ১০টি - সচল ৯টি, ১টি মেরামতযোগ্য, ১৬ সিটের মাইক্রোবাস ৩টি - সবগুলো সচল, জীপ ৫টি - সচল ৩টি, মেরামতযোগ্য ২টি, মাইক্রোবাস ১৩টি - সচল ১২টি, বিক্রয় প্রক্রিয়াধীন ১টি, কার ৭টি - সচল ৬টি, বিক্রয় প্রক্রিয়াধীন ১টি, পিক-আপ ২টি - সবগুলো সচল এবং এ্যাম্বুলেন্স ৮টি - সচল ৬টি, বিক্রয় প্রক্রিয়াধীন ২টি।

প্রাসঙ্গিক তথ্য

এ বছর (২০২১-২০২২) বিশ্ববিদ্যালয়ের নিজস্ব বাস এবং চুক্তিভিত্তিক ভাড়া করা বাসের সমন্বয়ে ক্যাম্পাস-ঢাকা-ক্যাম্পাস নিয়মিত ট্রিপ চলাচল করেছে। তাছাড়াও অরুণাপল্লী, ভাটপাড়া, সাভার এবং কালামপুরে বসবাসকারী শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন স্কুল ও কলেজের পোষ্য শিক্ষার্থীদের জন্য নিয়মিত ট্রিপসহ হলট্রিপসমূহ চলেছে।

উল্লিখিত রুটিন ট্রিপ ছাড়াও পরিবহণ পুলের গাড়ীসমূহ সিনেট, সিন্ডিকেট, অর্থ কমিটি, একাডেমিক কাউন্সিল, ভর্তি পরীক্ষা, বিশ্ববিদ্যালয় দিবস ইত্যাদি গুরুত্বপূর্ণ প্রশাসনিক কাজসহ সরকারী ও ব্যক্তিগত রিকুইজশনের মাধ্যমে আলোচ্য শিক্ষাবর্ষে প্রয়োজনীয় সেবা দিয়েছে এবং সেবার মানোন্নয়নে পরিবহণ অফিস সদা সচেষ্ট থেকেছে।

উল্লেখ্য যে, প্রতিষ্ঠালগ্ন থেকেই পরিবহণ অফিস একটি গুরুত্বপূর্ণ সেবা খাত হিসেবে কাজ করে আসছে। ফলে এখাতে ব্যয়ের তুলনায় আয় খুবই কম। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে এ খাতে আয় হয়েছে ৪৫.৪২ লক্ষ টাকা।



পুরাতন পরিবহণ অফিস সংলগ্ন এলাকার চিত্রায়ন (ছবি: মিল্টন সরকার, ৪২ আবর্তন)

পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস

অফিস প্রধান : **অধ্যাপক ফরিদ আহমদ**, পিএইচডি
ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক

কর্মকর্তাবৃন্দ

১. মোঃ মাসুদুর রহমান, বিএসসি (অনার্স), এমএসসি (জাবি), উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
২. কানিজ সায়েমা, বিএসএস (অনার্স) (চবি), এমএসএস (জাতীয় বিশ্ব.), উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
৩. মোঃ আবদুস সালাম, বিএসএস (অনার্স), এমএসএস (জাবি), উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
৪. এ এফ এম নজরুল ইসলাম, বিএ (ঢাবি), এমএ (জাতীয় বিশ্ব.), উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
৫. এস এম রেজাউল করিম, বিএ (ঢাবি), এমএ (জাতীয় বিশ্ব.), উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
৬. ফারজানা আফরোজ, এমএ (জাতীয় বিশ্ব.), সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
৭. রেশাদ বিন কিবরীয়া, বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (হাবিপ্রবি), প্রোগ্রামার
৮. মোঃ নজরুল ইসলাম, এমএ (জাতীয় বিশ্ব.), সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
৯. মোহাম্মদ কফিল উদ্দিন, এমএ (জাতীয় বিশ্ব.), সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
১০. জহিরুল ইসলাম, বিএ (জাতীয় বিশ্ব.), সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
১১. মোঃ আওছাদ হোসন, বিকম (ঢাবি), সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
১২. মোঃ মোশারেফ হোসেন, এমএ (জাতীয় বিশ্ব.), সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
১৩. মোঃ আবু হানিফ, বিএসএস (অনার্স), এমএসএস (জাবি), সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
১৪. মুহাম্মদ খোরশেদ আলম, বিএসএস (অনার্স), এমএসএস (জাবি), সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
১৫. মোঃ আবুল কালাম আজাদ, বিএ (ঢাবি), প্রশাসনিক অফিসার
১৬. সদানন্দ রাহা, বিএসসি (অনার্স), এমএসসি (জাতীয় বিশ্ব.), প্রশাসনিক অফিসার (গোপনীয়)
১৭. সেলিনা আক্তার, এমএসএস (জাতীয় বিশ্ব.), প্রশাসনিক অফিসার
১৮. শেখ ইকতিকার আহম্মেদ, এমএসসি (ইবি), এমবিএ (নর্দান বিশ্ব.), উপ-সহকারী প্রোগ্রামার

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণী	:	০৯ জন
চতুর্থ শ্রেণী	:	০২ জন

প্রশাসনিক কার্যক্রম

বিশ্ববিদ্যালয় এ্যাক্ট, সংবিধিবলি, ডিগ্রি ও পরীক্ষা অধ্যাদেশ ও বিধিসমূহ এবং বিভিন্ন সময়ে শিক্ষাপর্ষদ/সিন্ডিকেট কর্তৃক প্রণীত নিয়মাবলি ও সিদ্ধান্ত অনুসারে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের কার্যাবলি পরিচালিত হয়ে থাকে। বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ে ৩৮টি বিভাগ ও ইনস্টিটিউটের মাধ্যমে স্নাতক, স্নাতক (সম্মান), স্নাতকোত্তর এবং এমফিল ও পিএইচডি ডিগ্রির শিক্ষা কার্যক্রম এবং ১৮টি বিভাগের ইভেনিং/উইকেন্ড প্রোগ্রাম চালু আছে এবং সকল পর্যায়ের পরীক্ষার পূর্ববর্তী ও পরবর্তী কার্যক্রমসমূহ পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে। ফলে অফিসের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে অধিকাংশ কর্মকর্তা ও কর্মচারীদের উপর অতিরিক্ত দায়িত্বও অর্পণ করা হয়েছে। কাজের তুলনায় এ অফিসের জনবল খুবই অপ্রতুল। এমতাবস্থায়, অতি দ্রুত জনবল বৃদ্ধি করে এ অফিসকে আরো গতিশীল করা খুবই জরুরী হয়ে পড়েছে। পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের প্রশাসনিক কার্যক্রম নিম্নরূপ :

১. নথিতে সকল প্রকার প্রস্তাবসমূহ পরীক্ষা অধ্যাদেশ অনুযায়ী পরীক্ষা নিয়ন্ত্রকের মাধ্যমে কর্তৃপক্ষের নিকট তুলে ধরা;

২. প্রতি বৎসর বিভাগ ও ইনস্টিটিউট হতে গঠিত স্নাতক/স্নাতক (সম্মান) পর্যায়ে ১৪৪টি এবং স্নাতকোত্তর পর্যায়ে ৩৭টি সহ এমফিল/পিএইচডি ১ম পর্বের পরীক্ষা কমিটিসমূহ কর্তৃপক্ষের অনুমোদনের পর নিয়োগদানের ব্যবস্থা করা;

৩. প্রশ্নকর্তা, পরীক্ষক, টেবুলেটর ও পরীক্ষা কমিটির সদস্য নিয়োগ প্রদান করা;

৪. পরীক্ষা গ্রহণের যাবতীয় ব্যবস্থা করা এবং পরীক্ষা হলে সহকারী ও সহকারী ইনচার্জ হিসাবে দায়িত্ব পালন করা;

৫. পরীক্ষার এন্ট্রি ফরম গ্রহণ করা ও রোল নং বসানোর পর রোল রেজিস্টারে লিপিবদ্ধ করা;

৬. রোল শীট তৈরি, যাচাই ও সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করা;

৭. পরীক্ষার প্রবেশ পত্র তৈরি ও বিতরণ করা;

৮. সকল প্রকার উত্তরপত্র গ্রহণ করার পর রেজিস্টারে লিপিবদ্ধ করে সংরক্ষণ করা এবং মূল্যায়নের জন্য পরীক্ষকদের নিকট প্রেরণ করা;

৯. যথাসময়ে উত্তরপত্র ও নম্বরপত্রসমূহ ফেরৎ আনার ব্যবস্থা নেয়া;

১০. পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ণে বিলম্ব হলে সংশ্লিষ্ট পরীক্ষককে তাগিদপত্র প্রদান করা;

১১. বহিঃস্থ পরীক্ষকের নিকট মূল্যায়নের নিমিত্তে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ডাকযোগে উত্তরপত্র প্রেরণের ব্যবস্থা করা;

১২. এমফিল/পিএইচডি থিসিস মূল্যায়নের জন্য দেশের ভিতরে এবং বিদেশে ডাকযোগে প্রেরণ, ফেরৎ গ্রহণ এবং রিপোর্ট সংরক্ষণ;

১৩. সকল প্রকার পরীক্ষার ফলাফল যাচাই/বাছাইয়ের পর প্রো-উপাচার্য মহোদয়ের অনুমোদনের পর পরীক্ষার ফলাফলসমূহ প্রকাশ করা এবং ফলাফলের মূল কপি সংরক্ষণ করা;

১৪. সকল প্রকার নম্বরপত্রী ও অনুশীলনী নম্বরপত্রী সংরক্ষণ করা;

১৫. এ বিশ্ববিদ্যালয়ের ৩৭টি বিভাগের শিক্ষার্থীদের নাম, ঠিকানা সম্বলিত টেবুলেশন বই তৈরি করা ও পরীক্ষার ফলাফল প্রস্তুতের জন্য পরীক্ষা কমিটির নিকট তা প্রেরণ করা;

১৬. ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষ হতে এ বিশ্ববিদ্যালয়ের ৩৭টি বিভাগের ১ম পর্ব স্নাতক (সম্মান) থেকে স্নাতকোত্তর পরীক্ষার টেবুলেশনের যাবতীয় কাজ পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের মাধ্যমে কম্পিউটারে তৈরি হচ্ছে। ইতিপূর্বে উক্ত কাজ সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির মাধ্যমে সম্পাদিত হতো;

১৭. বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পরীক্ষার ফলাফল প্রকাশ করা;

১৮. পরীক্ষার্থীদের দায়-দেনা বিষয়ে হিসাবাধ্যক্ষ অফিস, লাইব্রেরি ও হল অফিস থেকে তথ্য সংগ্রহ করা এবং সকল পরীক্ষার চূড়ান্ত ফলাফল স্থগিত ও প্রকাশ করা;

১৮. স্থগিত ফলাফল প্রকাশের ব্যবস্থা করা;

১৯. অনুষদভিত্তিক পরীক্ষার ফলাফল সংক্রান্ত যাবতীয় পরিসংখ্যান তৈরি করা;

২০. পরীক্ষার হলসমূহে দায়িত্ব পালনকারী শিক্ষক ও কর্মচারীদের পারিতোষিক বিলসহ শিক্ষকদের অন্যান্য পারিতোষিক বিল যাচাই ও পাশ করা;

২১. গ্রেডশীট, নম্বরপত্রী, ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদপত্র উঠানোর আবেদন ফরম সরবরাহ এবং গ্রহণ করা;

২২. সকল প্রকার গ্রেডশীট, নম্বরপত্রী, ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদপত্র তৈরি ও সরবরাহ করা;

২৩. অন্যান্য সনদপত্র যেমন- ফলাফল প্রকাশের তারিখ সম্বলিত সনদ, মিডিয়াম অব ইনস্ট্রাকশন সনদ, গ্রেডিং সার্টিফিকেট, নো ব্রেক অব স্টাডি সার্টিফিকেট, সার্টিফিকেট বিফোর কনভোকেশন ইত্যাদি সনদ তৈরি ও সরবরাহ করা;

২৪. বিভিন্ন প্রকার ফরম, খাম, সনদপত্র, পরীক্ষার উত্তরপত্র, প্রবেশপত্র, আবেদনপত্র ইত্যাদি ছাপানোর ব্যবস্থা করা এবং পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের স্টোরে সংরক্ষণ ও সরবরাহের ব্যবস্থা করা;

২৫. বিভাগের চাহিদা অনুযায়ী পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন মালামাল (ডুপ্লিকেটিং পেপার, খাতা, ফরম, খাম ইত্যাদি) সরবরাহ করা;

২৬. পরীক্ষার পুরানো খাতা স্টোরে সংরক্ষণ করা এবং নির্দিষ্ট সময় পরে তা নিলামে বিক্রয়ের ব্যবস্থা করা;

২৭. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় রেকর্ড সংরক্ষণ করা;

২৮. কেন্দ্রীয় স্টোর থেকে স্টেশনারী মালামাল সংগ্রহ ও চাহিদা অনুযায়ী সরবরাহ করা;

২৯. এমফিল/পিএইচডি গবেষকদের চূড়ান্ত গবেষণা রিপোর্ট শিক্ষাপর্ষদ, বোর্ড অব এ্যাডভান্সড স্টাডিজ ও সিন্ডিকেটে ডিগ্রি এ্যাওয়ার্ডের নিমিত্তে উপস্থাপনের ব্যবস্থা করা;

৩০. পরীক্ষা সংক্রান্ত সকল প্রকার চিঠিপত্র গ্রহণ ও বিতরণ করা;

৩১. বার্ষিক প্রতিবেদন তৈরি করা;

৩২. ইউজিসি এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল/অফিসের চাহিদা মোতাবেক শিক্ষার্থীদের বিভিন্ন বৃত্তি সংক্রান্ত তথ্য-উপাত্ত প্রদান করা;

৩৩. WES, IQAS এবং বিদেশের অন্যান্য সংস্থা থেকে উচ্চশিক্ষার জন্য প্রাপ্ত সনদপত্রসমূহের সঠিকতা যাচাই পূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়;

৩৪. WES, IQAS এবং বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে Electronically শিক্ষার্থীদের সনদপত্র, একাডেমিক ট্রানস্ক্রিপ্ট ও অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্টস উচ্চশিক্ষার জন্য প্রেরণ করা হয়;

৩৪. সরকারী এবং বেসরকারী সংস্থায় চাকুরীপ্রাপ্ত এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বিভিন্ন গোয়েন্দা সংস্থা থেকে প্রাপ্ত সনদপত্রসমূহের সঠিকতা যাচাইপূর্বক প্রতিবেদন দিতে হয়;

৩৫. সরকারী এবং বেসরকারী সংস্থা কর্তৃক প্রেরিত চাকুরীপ্রাপ্ত এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সনদপত্রসমূহের সঠিকতা যাচাই পূর্বক প্রতিবেদন দিতে হয়;

৩৬. কর্মচারীদের ব্যক্তিগত নথি সংরক্ষণ করা ও কর্মচারীদের আপ্ত বিবরণী তৈরি ও সরবরাহ করা;

৩৭. সকল পরীক্ষার ফি ও এন্ট্রি ফরম জমা দেয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা;

৩৮. সংশোধিত পরীক্ষা অধ্যাদেশসমূহ বিজ্ঞপ্তির মাধ্যমে প্রচার করা।

প্রাসঙ্গিক তথ্য

২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতকোত্তর, এমফিল, পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত শিক্ষার্থীদের পরিসংখ্যান :

ক্রমিক নং	ডিগ্রির নাম	ডিগ্রিপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা
১.	স্নাতক (সম্মান)	৮২০
২.	স্নাতকোত্তর	১৫২৯
৩.	এমফিল	২২
৪.	পিএইচডি	১৩৮

এছাড়াও ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বিভিন্ন অনুষদ/ইনস্টিটিউট/বিভাগের অধীনে পরিচালিত ইভেনিং ও উইকেন্ড প্রোগ্রামে স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত শিক্ষার্থীদের পরিসংখ্যান নিম্নরূপ :

অনুষদ/বিভাগের নাম	ডিগ্রির নাম	ডিগ্রিপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা
বাণিজ্য অনুষদ	EMBA	৪৩০
আইবিএ-জেইউ	WMBA	১৬৩
সিএসই বিভাগ	PMSCS	৪৯৯

আইআইটি	PMIT	১৪৩
ইংরেজি বিভাগ	MAPW	১০৪
সরকার ও রাজনীতি বিভাগ	WMGDS	৭৪
গণিত বিভাগ	WMSM	৯১
লোক প্রশাসন বিভাগ	MHRDIR	১৩৭
ভূগোল ও পরিবেশ বিভাগ	MSGED	--
পরিবেশ বিজ্ঞান বিভাগ	MESM	১৪৬
আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ	WMIR	৮৭
পদার্থবিজ্ঞান বিভাগ	MSAPEWP	৯১
পরিসংখ্যান বিভাগ	ASDS	১১৬
রসায়ন বিভাগ	WMSC	৪১
অর্থনীতি বিভাগ	MSSDS	৪৫

সমাবর্তন অনুষ্ঠান

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এ পর্যন্ত ৫টি সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। উক্ত সমাবর্তন অনুষ্ঠানে স্নাতক/স্নাতক (সম্মান), স্নাতকোত্তর, এমফিল এবং পিএইচডি ডিগ্রি অর্জনকারী শিক্ষার্থীদেরকে মূল সনদপত্র প্রদান করা হয়েছে। অনুষ্ঠিত সমাবর্তন সমূহ নিম্নরূপ :

১. ১ম সমাবর্তন : ০৫ জানুয়ারি ১৯৯৭
২. ২য় সমাবর্তন : ১৭ ফেব্রুয়ারি ২০০১
৩. ৩য় সমাবর্তন : ০২ ফেব্রুয়ারি ২০০৬
৪. ৪র্থ সমাবর্তন : ৩০ জানুয়ারি ২০১০
৫. ৫ম সমাবর্তন : ০৫ ফেব্রুয়ারি ২০১৫

প্রতিটি সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি সমাবর্তনে অংশগ্রহণকারী শিক্ষার্থীদেরকে তাদের অর্জিত ডিগ্রি অনুমোদন ও মূল সনদপত্র প্রদান করেন। উক্ত সনদপত্রসমূহ পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের মাধ্যমে তৈরি করে সমাবর্তনে অংশগ্রহণকারী শিক্ষার্থীদেরকে প্রদান করা হয়।

বিজ্ঞান কারখানা

অফিস প্রধান : **অধ্যাপক মোঃ সালাহউদ্দিন**, পিএইচডি
ভারপ্রাপ্ত শিক্ষক

কর্মকর্তাবৃন্দ

১. গোলাম মোস্তফা, সিনিয়র নির্বাহী প্রকৌশলী (যন্ত্র) (এলপিআর)
ডিপ্লোমা-ইন-মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (বগুড়া), এমএসএস (ঢাবি)
ইনস্ট্রুমেন্টেশন-এ প্রশিক্ষণ প্রাপ্ত, আইএসআই, ঢাকা
ইলেক্ট্রপ্লেটিং-এ প্রশিক্ষণ প্রাপ্ত, বিটাক, ঢাকা

২. মোঃ মশিউর রহমান, সিনিয়র নির্বাহী প্রকৌশলী (যন্ত্র)
এমএসসি (রাবি), ইনস্ট্রুমেন্টেশন-এ প্রশিক্ষণ প্রাপ্ত, আইএসআই, ঢাকা
পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা, আইআইটি, জাবি, ঢাকা

৩. রমেন কুমার কুন্ডু, সিনিয়র নির্বাহী প্রকৌশলী (যন্ত্র)
ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পাওয়ার টেকনোলজি (ফরিদপুর)
ইনস্ট্রুমেন্টেশন-এ প্রশিক্ষণ প্রাপ্ত, আইএসআই, ঢাকা
অটোমোবাইল-এ বিশেষ ট্রেনিং প্রাপ্ত, বিটাক, ঢাকা

৪. এ কে এম আলী আজম, সহকারী প্রকৌশলী (যন্ত্র)
জেনারেল ইলেকট্রিক মেকানিক-এ প্রশিক্ষণপ্রাপ্ত, আইপিএ, ঢাকা
ওয়েল্ডিং-এ প্রশিক্ষণপ্রাপ্ত, পিএসি, ঢাকা

৫. সুপদ সরকার, এমএসসি (জাতীয় বিশ্ববিদ্যালয়), স্টোর অফিসার

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	০৪ জন
চতুর্থ শ্রেণি	:	০৫ জন

প্রশাসনিক কার্যক্রম

বিজ্ঞান কারখানার প্রশাসনিক কার্যক্রম ভারপ্রাপ্ত শিক্ষকের নিয়ন্ত্রণে পরিচালিত হয়। সার্বিক পরিচালনা, উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রমে উপদেষ্টা কমিটির পরামর্শ ও সহায়তা নেয়া হয়। উপদেষ্টা কমিটির সভাপতি মাননীয় উপাচার্য উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রমে উৎসাহ ও সহযোগিতা প্রদান করে থাকেন। বিজ্ঞান কারখানার যন্ত্রপাতি মেরামত, নতুন তৈরি ও গবেষণা কার্যক্রমে সিনিয়র নির্বাহী প্রকৌশলী (যন্ত্র) ও সহকারী প্রকৌশলী (যন্ত্র) সার্বক্ষণিকভাবে নিয়োজিত আছেন। কারখানার যাবতীয় কর্মকাণ্ড প্রকৌশলীগণের তত্ত্বাবধানে ও কর্মচারীদের সার্বিক সহযোগিতায় সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। এখানকার ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স শপ, কম্পিউটার শপ, মেশিন শপ, ওয়েল্ডিং শপ, কার্পেন্ট্রি শপগুলোর দৈনন্দিন মেরামতের টেকনিক্যাল কার্যক্রম যোগ্য প্রকৌশলী, টেকনিশিয়ান ও মেকানিক দ্বারা সম্পন্ন করা হয়।

প্রাসঙ্গিক তথ্য

বিজ্ঞান কারখানা এমন একটি প্রতিষ্ঠান যেখানে বিশ্ববিদ্যালয়ের বাস্তব চাহিদার সাথে সামঞ্জস্য রেখে শিক্ষক, শিক্ষার্থীদের ক্লাশ ও গবেষণা কাজে সহায়ক যন্ত্রপাতি, যন্ত্রাংশ তৈরি ও মেরামত কাজ সম্পন্ন করা হয়। নতুন যন্ত্রাংশ তৈরি ও মেরামত কাজে নতুন নতুন সুযোগ সৃষ্টি এবং বাস্তব সমস্যার সঙ্গে সঙ্গতি রেখে বিভিন্ন পদ্ধতিতে যন্ত্রাংশ তৈরি ও মেরামত কাজ পরিচালনা করতে হয়। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের অনুমোদনক্রমে নির্ধারিত সার্ভিস চার্জের বিনিময়ে বিজ্ঞান কারখানায় ব্যক্তিগত কাজ করা হয়। যার ফলে ব্যক্তিগত সকল কম্পিউটার, মনিটর, প্রিন্টার, ল্যাপটপ, ট্যাব, মোবাইল ফোন, টেলিভিশন, স্ট্যাবিলাইজার, এ্যামপ্লিফায়ার, পাওয়ার সাপ্লাই, সাউন্ড বক্স, চার্জার লাইট, ওভেন, কেতলী, আয়রন, ফ্যান ইত্যাদি মেরামত করে উপার্জিত অর্থ বিশ্ববিদ্যলয়ের তহবিলে জমা দেয়া হয়। বিভিন্ন বিভাগ/অফিসের চাহিদা অনুযায়ী অত্যন্ত সুনিপুণ পদ্ধতিতে স্বল্প সময়ে সমস্ত কাজ সুষ্ঠুভাবে সমাধা করা হয়। বিভিন্ন বিভাগ/অফিসের ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স ও

মেকানিক্যাল যন্ত্রপাতি (যেমন- কম্পিউটার, মনিটর, প্রিন্টার, ল্যাপটপ, ডুপ্লিকেটিং মেশিন, স্ট্যাবিলাইজার, এ্যামপ্লিফায়ার, পাওয়ার সাপ্লাই, চার্জার লাইট, ওভারহেড প্রজেক্টর, ক্যালকুলেটর, ঘাস কাটার মেশিন ইত্যাদি) মেরামতের কাজ সন্তোষজনকভাবে সম্পন্ন করা হয়। বিজ্ঞান কারখানার যন্ত্র প্রকৌশলী ও টেকনিশিয়ানদের প্রচেষ্টায় অভ্যন্তরীণ সহায়ক যন্ত্রপাতির দৈনন্দিন রক্ষণাবেক্ষণ ও মেরামতের কাজ সুষ্ঠুভাবে হয়ে আসছে। বিভিন্ন অফিস/বিভাগ/হলসমূহ/সংস্থার বিভিন্ন সভা ও অনুষ্ঠানে পাবলিক এ্যাড্রেস সিস্টেম প্রদান ও অপারেট করার কাজ সুষ্ঠুভাবে করা হয়। ফলে বিশ্ববিদ্যালয়ের খরচের খাতে উল্লেখযোগ্য পরিমাণ আর্থিক সাশ্রয় হচ্ছে।

বিভিন্ন বিভাগ/অফিসের রিকুইজিশনের মাধ্যমে যে সমস্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ মেরামত ও নতুন তৈরি করা হয়েছে তার একটি তালিকা নিম্নে প্রদত্ত হলো ঃ

ক্র. নং	অফিস/বিভাগ/সংস্থা	মেরামতের সংখ্যা	নতুন তৈরি/স্থাপনের সংখ্যা
১.	উপাচার্য অফিস	সোফা ২টি, চেয়ার ২টি, এসি ২টি টি-টেবিল ২টি, এসি ১০টি	-
২.	প্রো-উপাচার্য (প্রশাসন) অফিস	ঘাসকাটা মেশিন ১টি	-
৩.	ট্রেজারার অফিস	আইপিএস ১টি	-
৪.	রেজিস্ট্রার অফিস	এসি ১০টি, এসি ৪টি, মাইক্রোফোন ৫টি, এসি ১২টি ও এসি ৩টি	-
৫.	কলা ও মানবিকী অনুষদ	ঘাসকাটা মেশিন ১টি	-
৬.	গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ	ল্যাপটপের পাওয়ার এডপটার ১টি	-
৭.	ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ	মাইক্রোস্কোপ ২টি, রেজিস্টিভিটি মিটার ১টি, মাইক্রো ওভেন ১টি, ইলেক. সেইভ মেশিন ১টি, ব্যালেন্স ১টি ও পলিশিং মেশিন ১টি	এস এস পাইপের রিং ১২টি
৮.	পদার্থ বিজ্ঞান বিভাগ	হোয়াইট বোর্ড ১টি	হোয়াইট বোর্ড ১টি ও কাঠের টুল ৫০টি
৯.	পরিবেশ বিজ্ঞান বিভাগ	হট প্লেট ৪টি, সেন্ট্রিফিউজ মেশিন ১টি ও ফিল্টার পাম্প ১টি	-
১০.	রসায়ন বিভাগ	ওয়াটার বাথ ১টি, কর্ক ছিদ্র করা ৪টি	হোয়াইট বোর্ড ১টি
১১.	প্রাণিবিদ্যা বিভাগ	-	ইনসেক্ট স্টোরেজ বক্স ২০টি
১২.	উদ্ভিদবিজ্ঞান বিভাগ	সিপিইউ ২টি, মাইক্রেস্কোপ ১টি	-
১৩.	প্রাণরসায়ন ও অনুপ্রাণবিজ্ঞান বিভাগ	ডিস্টিল ওয়াটার মেশিন ১টি সাউন্ড বক্স ১ সেট ও সিপিইউ ২টি	-
১৪.	ফার্মেসী বিভাগ	ইলেকট্রিক কেতলী ১টি	-
১৫.	জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ	আলমারী ১টি ও ডোর ক্লোজার ১টি	-
১৬.	বিভাগ	ক্লাম্প ছিদ্র করা ৬টি	-
১৭.	দর্শন বিভাগ	মাইক্রো ওভেন ১টি	-
১৮.	লোক প্রশাসন বিভাগ	ওভেন ১টি	-
১৯.	আইবিএ-জেইউ আইআইটি	স্টিলের চেয়ার ৬টি	-
২০.	নওয়াব ফয়জুননেসা হল	সিপিইউ ১টি	-
২১.	প্রীতিলতা হল	টিভি ১টি	-

ক্র. নং	অফিস/বিভাগ/সংস্থা	মেরামতের সংখ্যা	নতুন তৈরি/স্থাপনের সংখ্যা
২২.	বেগম সুফিয়া কামাল হল	-	আয়নার ফ্রেম ১টি
২৩.	আ ফ ম কামালউদ্দিন হল	ট্রলি ২টি	-
১৭.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল	ঘাসকাটা মেশিন ১টি, মাইক ১ সেট টিভি ১টি	-
১৮.	মীর মশাররফ হোসেন হল	ঘাসকাটা মেশিন ১টি, সিপিইউ ১টি লোহার খাঁচা ১টি	-
১৯.	শহীদ সালাম-বরকত হল	হ্যাজবল ৬টি, মাইক ১ সেট, ফ্লাস্ক ১টি, ড্রিল মেশিন ১টি, প্রিন্টার ২টি গ্যাসের চুলা ১টি ও মাইক ১ সেট	-
২০.	বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর হল	টিভি ১টি, মাইক ১ সেট, মনিটর ১টি ও টিভি ১টি	-
২১.	জাহানারা ইমাম হল	মই ১টি, আয়রন ৪টি, সিলিং ফ্যান ১টি ও আয়রন ৩টি	-
২২.	প্রকৌশল অফিস	প্রিন্টার ১টি	-
২৩.	পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস	নেম প্লেট ১টি	-
২৪.	শারীরিক শিক্ষা অফিস	ঘাসকাটা মেশিনের ব্লেড ৪টি	ঘাসকাটা মেশিন ১টি
২৫.	ছাত্র-শিক্ষক কেন্দ্র	ঘাসকাটা মেশিন ১টি, কোদাল ১টি ওভেন ১টি ও টেবিলের লক ১টি	-
২৬.	কলতান বিদ্যা নিকেতন	ঘাসকাটা মেশিন ১টি	-
২৭.	জাবি প্রেস ক্লাব	প্রিন্টার ২টি, সিপিইউ ১টি ও প্রিন্টার ২টি	কম্পিউটার টেবিল ১টি, কাঠের বক্স ২টি ও আলমারী ১টি

এছাড়াও বিভিন্ন অফিস/বিভাগ/হলসমূহে ও বিভিন্ন সংস্থায় পাবলিক এ্যাড্রেস সিস্টেম (মাইক) প্রদান ও অপারেট করা হয়েছে ১৫৬ বার।

এই অর্থ বছরে ব্যক্তিগত কাজের সার্ভিস চার্জ বাবদ ১৮,৪০০/- (আঠার হাজার চারশত) আয় করে বিজ্ঞান কারখানার ৪২৭৬/৫ নং হিসাবে জমা করা হয়েছে।

বি এন সি সি অফিস

অফিস প্রধান	:	**মোঃ রাকিবুল হাসান** ভারপ্রাপ্ত শিক্ষক
সহকারী ভারপ্রাপ্ত শিক্ষক	:	মোঃ মেহেদী হাসান

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	০১ জন
চতুর্থ শ্রেণি	:	০১ জন

প্রশাসনিক কার্যক্রম ও প্রাসঙ্গিক তথ্য

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিএনসিসি কন্টিনজেন্ট ভারপ্রাপ্ত শিক্ষক জনাব মোঃ রাকিবুল হাসান-এর সার্বিক তত্ত্বাবধানে নিয়ন্ত্রিত হচ্ছে। কন্টিনজেন্টে (৩০ জন করে ২টি পুরুষ প্লাটুন ও ১টি মহিলা প্লাটুন) মোট ৯০ জন ক্যাডেটকে একজন সেনাবাহিনীর এনসিও কর্তৃক নিয়মিত সপ্তাহে ২দিন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বিএনসিসি পরিচালিত হয়। নিম্নেবর্ণিত তারিখ ও সময়ে ক্যাডেটগণ সেনাবাহিনীর সাথে (ব্যাটালিয়ন ট্রেনিং এক্সারসাইজ) ক্যাপসুল ক্যাম্প, বার্ষিক ক্যাম্প, শীতকালীন যৌথ মহড়া, কেন্দ্রীয় ক্যাম্পসহ সেনাবাহিনী কর্তৃক বিভিন্ন কার্যক্রমের উপর প্রশিক্ষণ গ্রহণ করে সাফল্য অর্জন করেছে। এছাড়াও ক্যাডেটগণ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি পরীক্ষার সময় নিরাপত্তার দায়িত্ব দক্ষতা ও নৈপুণ্যের সাথে পালন করাসহ বিশ্ববিদ্যালয় দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবসে জাতীয় স্মৃতিসৌধে শান্তি-শৃঙ্খলা রক্ষার দায়িত্ব পালন, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতাসহ বিভিন্ন অনুষ্ঠানের বিশেষ নিরাপত্তার দায়িত্ব কৃতিত্বের সাথে পালন করে।

২০২১-২০২২ শিক্ষাবর্ষের কার্যক্রম

১। বিশ্ববিদ্যালয়ের ৪৫তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২১-২০২২ উপলক্ষ্যে মূল ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় উপাচার্য মহোদয়কে ১৫জন ক্যাডেট গার্ড অব অনার দিয়ে উদ্বোধনী মঞ্চে নিয়ে যায় এবং উদ্বোধনী অনুষ্ঠানে ১জন ক্যাডেট আন্ডার অফিসারের নেতৃত্বে মার্চপাস্ট অনুষ্ঠান পরিচালনা করে।

২। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিএনসিসি কন্টিনজেন্ট থেকে ২ জন পুরুষ ক্যাডেট ও ১ জন মহিলা ক্যাডেট রমনা রেজিমেন্ট ৩ বিএনসিসি ব্যাটালিয়ন কর্তৃক আয়োজিত সামাজিক ক্যাম্পিং ২০২১ এ অংশগ্রহণ করে।

৩। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কন্টিনজেন্ট থেকে ৩ জন পুরুষ ক্যাডেট এবং ২ জন মহিলা ক্যাডেট বিশেষ ব্যাটালিয়ন ট্রেনিং এক্সারসাইজ (এসবিটিই) ২০২১ প্রশিক্ষণে অংশগ্রহণ করে সাফল্যের সাথে প্রশিক্ষণ সমাপ্ত করে।

৪। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কন্টিনজেন্ট থেকে ৩ জন পুরুষ ক্যাডেট ব্যাটালিয়ন ট্রেনিং এক্সারসাইজ (বিটিই) ২০২১ প্রশিক্ষণে অংশগ্রহণ করে সাফল্যের সাথে প্রশিক্ষণ সমাপ্ত করে।

৫। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিএনসিসি কন্টিনজেন্ট থেকে ২ জন পুরুষ ক্যাডেট ও ২ জন মহিলা ক্যাডেট রেজিমেন্ট ট্রেনিং এক্সারসাইজ (আরটিই) ২০২১ প্রশিক্ষণে অংশগ্রহণ করে তাদের মেধা ও শ্রম দিয়ে সাফল্যের সাথে ক্যাম্পিং সমাপ্ত করে।

৬। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিএনসিসি কন্টিনজেন্ট থেকে ২ জন পুরুষ ক্যাডেট মহান দিবস প্যারেড ২০২১ উপলক্ষ্যে বিএনসিসি একাডেমিতে অনুষ্ঠিতব্য প্রি-ক্যাম্পিং-এ অংশগ্রহণ করে।

৭। মহান বিজয় দিবসে বিএনসিসির ১৬ জন ক্যাডেট মাননীয় উপাচার্য মহোদয়কে গার্ড অব অনার প্রদান করতঃ সশস্ত্র সালামের মাধ্যমে সার্বিক শৃঙ্খলা ও নিরাপত্তার দায়িত্ব পালনের মধ্য দিয়ে মহান বিজয় দিবস উদযাপন করে।

৮। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিএনসিসি কন্টিনজেন্ট থেকে ৩০ জন পুরুষ ক্যাডেট ও ১০ জন মহিলা ক্যাডেট ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের সার্বিক শান্তি শৃঙ্খলা রক্ষার দায়িত্ব পালন করে।

৯। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিএনসিসি কন্টিনজেন্ট থেকে ১৬ জন পুরুষ ক্যাডেট মাননীয় উপাচার্য মহোদয়কে গার্ড অব অনার প্রদান করতঃ সশস্ত্র সালামের মাধ্যমে সার্বিক শৃঙ্খলা ও নিরাপত্তার দায়িত্ব পালনের মধ্য দিয়ে ২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করে।

১০। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিএনসিসির ক্যাডেট আন্ডার অফিসারের নেতৃত্বে ৬০জন ক্যাডেট ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় শান্তি-শৃঙ্খলা রক্ষার দায়িত্ব সূচারুরূপে পালন করে। এছাড়াও চারুকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষায় ১৫জন ক্যাডেট সুষ্ঠুভাবে শান্তি-শৃঙ্খলা রক্ষার দায়িত্ব পালন করে।

১১। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিএনসিসি কন্টিনজেন্ট থেকে ১০জন ক্যাডেট বাংলা নববর্ষ ২০২২ উদযাপন অনুষ্ঠানে সার্বিক শান্তি-শৃঙ্খলা রক্ষার দায়িত্ব পালন করে।

১২। করোনা ভাইরাস কোভিড- ১৯ প্রতিরোধের লক্ষ্যে টিকাদান কর্মসূচিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিএনসিসি কন্টিনজেন্টের ১০জন পুরুষ ক্যাডেট ও ৫জন মহিলা ক্যাডেট সার্বিক শান্তি-শৃঙ্খলা রক্ষার দায়িত্ব পালন করে।

১৩। বার্ষিক শিক্ষা সফরের অংশ হিসেবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিএনসিসির ৬০জন ক্যাডেট, ১জন ভারপ্রাপ্ত শিক্ষক, ১জন সহকারী ভারপ্রাপ্ত শিক্ষক, ২জন কর্মচারী ও ১জন এনসিও কিশোরগঞ্জ জেলার নিকলী হাওর ভ্রমণ করে বিভিন্ন দর্শণীয় স্থান পরিদর্শন করে।

ভাষা শিক্ষা কেন্দ্র

অফিস প্রধান : **অধ্যাপক মোঃ আমিনুল ইসলাম**, পিএইচডি
পরিচালক

কর্মকর্তা

১. মোহাম্মদ আলী, প্রশাসনিক অফিসার

কর্মচারীর সংখ্যা

চতুর্থ শ্রেণি : ০১ জন

প্রশাসনিক কার্যক্রম

কোভিড- ১৯ মহামারির কারণে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও আবাসিক হল বন্ধ থাকায় ভাষা শিক্ষা কেন্দ্রের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বিভিন্ন মেয়াদি ভাষা শিক্ষা কোর্সে স্থগিত ভর্তি কার্যক্রম বিগত ০২-০৩-২০২২ তারিখ থেকে শুরু করে ১৬-০৬-২০২২ তারিখে শেষ করা হয়। ভাষা শিক্ষা কেন্দ্রের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে পাঁচ মাস মেয়াদি ফ্রেঞ্চ ভাষা, জার্মান ভাষা, জাপানিজ ভাষা এবং ছয় মাস মেয়াদি 'কমিউনিকেশন্স স্কিলস ইন ইংলিশ' ও 'প্রফেশনাল পারপার্সেস ইন ইংলিশ' কোর্সে মোট ৬৮জন শিক্ষার্থী ভর্তি করা হয়। উক্ত কোর্সগুলোর পাঠদান কার্যক্রম চলছে। বিভিন্ন মেয়াদি ভাষা শিক্ষা কোর্সে শিক্ষার্থী ভর্তি বাবদ এবছর প্রায় ২,৪৪,০০০/- (দুই লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা বিশ্ববিদ্যালয় তহবিলে জমা দেয়ার প্রক্রিয়া চলছে। উল্লেখ্য, ভাষা শিক্ষা কেন্দ্রের অধীনে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বিভিন্ন মেয়াদি ৭টি ভাষা শিক্ষা কোর্সে ১৭১ জন শিক্ষার্থী ভর্তি বাবদ প্রায় ৬,১৭,০০০/- (ছয় লক্ষ সতের হাজার) টাকা বিশ্ববিদ্যালয় তহবিলে ইতোমধ্যে জমা দেয়া হয়েছে।

প্রাসঙ্গিক তথ্য

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ভাষা শিক্ষা কেন্দ্রের বিভিন্ন মেয়াদি ভাষা শিক্ষা কোর্সগুলোর ক্লাশ বিকেল অনুষ্ঠিত হয়। ভাষা শিক্ষা কেন্দ্রের অধীনে বিভিন্ন ভাষা কোর্সের বিগত সকল কোর্সের পরীক্ষায় উত্তীর্ণদের সনদপত্র মাননীয় উপাচার্য ও পরিচালকের স্বাক্ষরের পর শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হয়েছে।

ভাষা শিক্ষা কেন্দ্র বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক কেন্দ্রের ভবনে অবস্থিত

রোভার স্কাউট

অফিস প্রধান : **মোহাম্মদ কামরুজ্জামান**
ভারপ্রাপ্ত শিক্ষক ও রোভার স্কাউট লিডার

কর্মকর্তাবৃন্দ

১. ফরিদ আহমেদ, এসআরএম, সভাপতি, রোভার-ইন-কাউন্সিল
২. মহিবুর রহমান, এসআরএম, সম্পাদক, রোভার-ইন-কাউন্সিল
৩. মাশতুরা তাবাসসুম তাইফা, এসআরএম, গার্লস-ইন-রোভার

প্রশাসনিক কার্যক্রম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের প্রতিষ্ঠাকাল থেকে তার সকল ধরনের কার্যক্রম পরিচালনার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের ও জাতীয় পর্যায়ের বিভিন্ন কার্যক্রমে রোভার স্কাউট তার সক্রিয় অংশগ্রহণ অব্যাহত রেখেছে।

প্রাসঙ্গিক তথ্য

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপে সর্বমোট ১০০ জন রোভার আছে। প্রতি বছর নতুন ব্যাচের শিক্ষার্থীদের মধ্য থেকে 'রোভার সহচর' ভর্তি করা হয়। সহচর স্তর উত্তীর্ণ হলে দীক্ষা গ্রহণের মাধ্যমে রোভারদের 'সদস্য' স্তরে উন্নীত করা হয়। রোভার কার্যক্রমের বিভিন্ন স্তর (সদস্য, প্রশিক্ষণ ও সেবা স্তর) সফলতার সঙ্গে সম্পন্ন করে প্রেসিডেন্ট রোভার স্কাউট এ্যাওয়ার্ড (পিআরএস) অর্জন করার লক্ষ্যে রোভার সদস্যরা দৃঢ়প্রতিজ্ঞ। বর্তমানে জাবি রোভার স্কাউট গ্রুপে ৬০জন ছেলে ও ৪০জন মেয়ে সদস্য রয়েছে। এছাড়া রোভার সদস্যরা ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার সময় শৃঙ্খলা ও নিরাপত্তার দায়িত্ব দক্ষতা ও নৈপুণ্যের সাথে পালন করার পাশাপাশি বিশ্ববিদ্যালয় দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবস, নারী দিবস, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতাসহ বিভিন্ন অনুষ্ঠানের শৃঙ্খলার দায়িত্ব কৃতিত্বের সাথে পালন করে থাকে।

অনলাইনে ৪৯তম ব্যাচের সাক্ষাৎকার গ্রহণ : কোভিড- ১৯ এর ভয়াবহতার কারণে প্রতিবছরের ন্যায় সরাসরি সাক্ষাৎকার পদ্ধতিতে ৪৯তম ব্যাচের রোভারসহচর ভর্তি কার্যক্রম গ্রহণ করা যায়নি বিধায় বিকল্প হিসেবে অনলাইনে জুম এ্যাপের মাধ্যমে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নতুন ব্যাচকে ১৯-০৯-২০২১ইং তারিখে রোভারিং কার্যক্রমে সম্পৃক্ত করা হয়েছিল। উক্ত সাক্ষাৎকার অনুষ্ঠানে ভারপ্রাপ্ত শিক্ষক ও রোভার স্কাউট লিডার মোহাম্মদ কামরুজ্জামান, সিনিয়র রোভার মেট এবং রোভারমেটবৃন্দ সাক্ষাৎকার গ্রহণ কার্যক্রম সম্পন্ন করেন। এ অনুষ্ঠানে ৪৯তম ব্যাচের ৩৫জন শিক্ষার্থী অংশগ্রহণ করে।

ভর্তি পরীক্ষা ২০২০-২০২১ সেশনে দায়িত্বপালন : ০৯-১১-২০২১ থেকে ২২-১১-২০২১ইং তারিখ ৯ দিনব্যাপী অনুষ্ঠিত ২০২০-২০২১ সেশনের ভর্তি পরীক্ষায় জাবি রোভার স্কাউট গ্রুপ শৃঙ্খলার দায়িত্বে নিয়োজিত থাকে। ভর্তি পরীক্ষায় ৬০ জন রোভার সদস্য বিশ্ববিদ্যালয়ের নয়টি ভবনে দায়িত্ব পালন করে।

ঢাকা জেলা রোভারের কার্যক্রমে অংশগ্রহণ :

১। **কোর্স ফর রোভারমেট-এ অংশগ্রহণ :** ০৮-০৯-২০২১ থেকে ১১-০৯-২০২১ইং তারিখ বাংলাদেশ স্কাউটস, ঢাকা জেলা রোভার কর্তৃক আয়োজিত ৪৮তম কোর্স ফর রোভারমেট-এ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের সদস্য মোঃ আবু তোরাব এবং ফরিদ আহমেদ অংশগ্রহণ করে।

২। **ভ্যাক্সিনেশন কার্যক্রমে অংশগ্রহণ :** মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তের (মাউশি) ভ্যাক্সিনেশন কার্যক্রমের আওতাধীন ঢাকা জেলা রোভারের সহযোগিতার অংশ হিসেবে জাবি রোভার স্কাউট গ্রুপের ৬ জন রোভার সদস্য ঢাকা জেলার ধামরাই উপজেলাধীন স্বাস্থ্য কমপ্লেক্সে ভ্যাক্সিনেশন কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করে।

৩। **রক্তদাতাদের তালিকা প্রদান :** বাংলাদেশ স্কাউটস, ঢাকা জেলা রোভারের ব্লাড ব্যাংক গঠনের কার্যক্রমে জাহাঙ্গীরনগর বিশ্ববিদায়লয় রোভার স্কাউট গ্রুপের ২৪জন রক্তদাতা রোভার সদস্যের তালিকা প্রদান করা হয়।

সিনিয়র রোভারমেট মিটিং : ঢাকা জেলা রোভার কর্তৃক আয়োজিত মাসিক সিনিয়র রোভারমেট মিটিংয়ে সিনিয়র রোভারমেট মাহবুবুর রহমান সিফাত, ফরিদ আহমেদ, মহিবুর রহমান অংশগ্রহণ করে। মিটিংয়ে ঢাকা জেলা রোভারের বিভিন্ন কার্যক্রম যেমন- রোভার প্রোগ্রাম, মেট কোর্স, স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্স, লগ বই, ব্লাড ব্যাংক, শিক্ষা সফর, ভ্যাক্সিনেশন কার্যক্রমসহ বিবিধ বিষয়ে আলোচনা এবং কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়।

স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে শপথ গ্রহণ অনুষ্ঠানে অংশগ্রহণ : ১৬ ডিসেম্বর ২০২২ইং তারিখে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শপথ বাক্য পাঠ করান। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে আয়োজিত অনুষ্ঠানে ১২ জন রোভার সদস্য শৃঙ্খলার দায়িত্ব পালন করে।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন : ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধাস্বরূপ একুশের প্রথম প্রহরে আরএসএল মোহাম্মদ কামরুজ্জামান-এর নেতৃত্বে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ পুষ্পার্ঘ্য অর্পণ করে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে শৃঙ্খলা ও নিরাপত্তার দায়িত্ব পালন করে।

রোভার-ইন-কাউন্সিল ২০২২-২০২৩ গঠন : রোভার-ইন-কাউন্সিল গঠনের অংশ হিসেবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপকে তিনটি ইউনিটে বিভক্ত করা হয়েছে। তিনটি ইউনিটের সিনিয়র রোভারমেটবৃন্দ হলেন ফরিদ আহমেদ, মহিবুর রহমান এবং মাশতুরা তাবাসসুম তাইফা (গার্লস-ইন-রোভার)। ২৩-০৩-২০২২ইং তারিখে অনুষ্ঠিত সভায় সাবেক এসআরএম খলিলুর রহমান এবং মাহবুবুর রহমানের উপস্থিতিতে অনুষ্ঠানের সভাপতি আরএসএল মোহাম্মদ কামরুজ্জামান রোভার-ইন-কাউন্সিল ২০২২-২০২৩ এর কমিটি ঘোষণা করেন। এতে ফরিদ আহমেদকে সভাপতি এবং মহিবুর রহমানকে সম্পাদক করে ১৬ সদস্যের কমিটি গঠন করা হয়।

বার্ষিক সাধারণ সভা, দায়িত্ব হস্তান্তর এবং বিদায় অনুষ্ঠান : ২৮-০৬-২০২২ইং তারিখে বার্ষিক সাধারণ সভা, দায়িত্ব হস্তান্তর এবং বিদায় অনুষ্ঠানের আয়োজন করা হয়। আরএসএল মোহাম্মদ কামরুজ্জামান-এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে ৪৫তম ব্যাচ এবং ৪৬তম ব্যাচের বিদায়; রোভার-ইন-কাউন্সিল ২০২২-২০২৩ নবনিযুক্ত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর; ৪৯তম ব্যাচের নবীণবরণ এবং ২০২০-২০২১ সেশনের ভর্তি পরীক্ষায় দায়িত্ব পালনকারী রোভার সদস্যদের সম্মাননা স্মারক এবং সার্টিফিকেট প্রদান করা হয়।

ক্রু-মিটিং : জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে প্রতি সপ্তাহের মঙ্গলবার ভারপ্রাপ্ত শিক্ষক ও রোভার স্কাউট লিডার (আরএসএল) মোহাম্মদ কামরুজ্জামানের সভাপতিত্বে ক্রু-মিটিং অনুষ্ঠিত হয়। আরএসএল এবং সিনিয়র রোভারমেটের উপস্থিতিতে রোভার সদস্য এবং সহচরদেরকে স্কাউটিং-এর তাত্ত্বিক এবং ব্যবহারিক বিষয়সহ স্তর উন্নয়ন, বাংলাদেশ স্কাউটস এবং ঢাকা জেলা রোভারের বিভিন্ন কোর্সে অংশগ্রহণের প্রস্তুতিসহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ

আই সি টি সেল (ICT Cell)

অফিস প্রধান	:	**অধ্যাপক মোহাম্মদ শরীফ উদ্দিন**, পিএইচডি ভারপ্রাপ্ত শিক্ষক
অতিরিক্ত ভারপ্রাপ্ত শিক্ষক	:	অধ্যাপক মোঃ গোলাম মোয়াজ্জাম, পিএইচডি

কর্মকর্তাবৃন্দ

১. এস এম খাইরুল বাসার, সিস্টেম এনালিস্ট
২. মোঃ নাইমুল হাসান, নির্বাহী প্রকৌশলী (ইন্টারনেট)
৩. মোঃ রেজাউল আলম, প্রোগ্রামার (ইন্টারনেট)
৪. মামুন হাসান, টেকনিক্যাল অফিসার
৫. মোঃ রবিউল ইসলাম খান, টেকনিক্যাল অফিসার

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	০৪ জন
চতুর্থ শ্রেণি	:	০২ জন

প্রশাসনিক কার্যক্রম ও প্রাসঙ্গিক তথ্য

বর্তমানে বিশ্বে প্রত্যেক ক্ষেত্রে তথ্য ও প্রযুক্তি ব্যবহার একটি অপরিহার্য বিষয়। এই অভিপ্রায়ে আইসিটি সেল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্যদের ইন্টারনেট সেবা নিশ্চিত করতে নিম্নোক্ত কার্যাবলী সম্পাদনে নিয়োজিত :

১। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে ইন্টারনেট ব্যবহারে আইসিটি সেল অগ্রাধিকার ভিত্তিতে সকল ধরনের সাপোর্ট দিয়ে সহাযোগিতা করে আসছে।

২। সকল অনুষদ, বিভাগ ও হলসমূহে শিক্ষার্থীর নিকট ইন্টারনেট প্রাপ্যতা নিশ্চিতে আইসিটি সেল নিরলসভাবে কাজ করছে। রিসার্চ ও গবেষণার স্বার্থে সকল শিক্ষার্থীদের ইনস্টিটিউশনাল Email ID প্রদান করছে।

৩। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ সকল শিক্ষক, কর্মকর্তাদের প্রয়োজনীয় তথ্য আপডেট নিশ্চিত করতে প্রতিনিয়ত আইসিটি সেল থেকে অবগত করা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে।

৪। আইসিটি সেল সর্বোচ্চ প্রয়োজন বিবেচনায় ইন্টারনেট যন্ত্রাংশ/মালামাল কেন্দ্রীয় ক্রয় কমিটির সুপারিশ মোতাবেক ক্রয় এবং ক্রয়োত্তর বিল হিসাবাধ্যক্ষ অফিসের মাধ্যমে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করে থাকে এবং এই অফিসের সাপোর্ট টিম সকাল হতে রাত অবধি আন্তরিকতার সাথে কাজ করে যাচ্ছে।

সময়ের বিবেচনায় বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক ইন্টারনেট সিস্টেম আপগ্রেডেশনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ বর্তমানে অত্যাবশ্যকীয়।

ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (IQAC)

অফিস প্রধান	:	**অধ্যাপক মোহাম্মদ মোস্তফা ফিরোজ**, পিএইচডি পরিচালক
অতিরিক্ত পরিচালক	:	অধ্যাপক মোঃ মনজুরুল হাসান, পিএইচডি অধ্যাপক আব্দুল্লাহ মোহাম্মদ সোহায়েল, পিএইচডি অধ্যাপক সৈয়দ হাফিজুর রহমান, পিএইচডি

কর্মকর্তাবৃন্দ

১. নওরিদ ইশরাদ, বিএসসি (অনার্স), এমএসসি (জাবি), প্রশাসনিক কর্মকর্তা

২. সঞ্জয় কুমার কুণ্ডু, বিকম (অনার্স), এমকম (হিসাব বিজ্ঞান), জাতীয় বিশ্ব., প্রশাসনিক কর্মকর্তা (হিসাব)

কর্মচারীর সংখ্যা

চতুর্থ শ্রেণি : ০১ জন

প্রশাসনিক কার্যক্রম ও প্রাসঙ্গিক তথ্য

বাংলাদেশ সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের উদ্যোগে এবং হেকেপ-এর অর্থায়নে শিক্ষার গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে ১ জানুয়ারি, ২০১৫ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি) গঠন করা হয়েছে। পরবর্তীতে ২০১৮ সালের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) কোয়ালিটি এ্যাসুরেন্স-এর সাব প্রজেক্ট হিসেবে এর কার্যক্রম চলেছে। এরপর থেকে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আদেশে আইকিউএসিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতের অন্তর্ভুক্ত করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে আইকিউএসির কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় আইকিউএসি কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিশ্ববিদ্যালয়ের Quality Assurance Committee (QAC), Faculty Quality Assurance Committee (FQAC) ও Program Self Assessment Committee (PSAC) এর প্রধান এবং কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে মোট ৮টি ট্রেনিং/ওয়ার্কশপ প্রোগ্রামের আয়োজন করা হয়। এছাড়াও আইকিউএসির পরিচালক ও অতিরিক্ত পরিচালক মহোদয়গণ শিক্ষা ও গবেষণায় গুণগত মান উন্নয়ন সংক্রান্ত এবং Accreditation সংক্রান্ত একাধিক ওয়ার্কশপে অংশগ্রহণ করেন। করোনা পরিস্থিতি বিরাজমান থাকায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি অফিসের পরিচালক, অতিরিক্ত পরিচালক মহোদয়গণ এবং কর্মকর্তাদের উপস্থিতিতে Institute for the Development of Online Learning (IDOL) এর সহযোগিতায় সকল বিভাগীয় সভাপতি ও ইনস্টিটিউটের পরিচালকদের নিয়ে ২০২১ সালের সেপ্টেম্বর মাসে তিন দিন ব্যাপি একটি অনলাইন কর্মশালা আয়োজন করেছে যার মূল উদ্দেশ্য ছিল শিক্ষক এবং শিক্ষার্থীদের অনলাইন কার্যক্রমকে আরো গতিশীল ও ফলপ্রসূ করে তোলা। এরই ধারাবাহিকতায় উচ্চশিক্ষার কাঙ্ক্ষিত মান অর্জন নিশ্চিতকরণের ক্ষেত্রে আধুনিক ও যুগোপযোগী শিক্ষাক্রম, বিষয়ের বৈচিত্র্য আনয়ন এবং বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে নবতর জ্ঞানের দিগন্ত উন্মোচনে বৈশ্বিক প্রেক্ষাপট ও গুণগত মানসম্পন্ন উচ্চশিক্ষা ও গবেষণা নিশ্চিতকরণে Strategic Planning and Quality Assurance (SPQA) এর নির্দেশনা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও ইনস্টিটিউটে Outcome Based Education (OBE) Curriculum Template অনুসরণ ও বাস্তবায়নের জন্য সকল অনুষদের ডিন এবং ইনস্টিটিউটের পরিচালকদের সমন্বয়ে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কাউন্সিল কক্ষে সেপ্টেম্বর মাসে আরো একটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় Outcome Based Education (OBE) Curriculum Template বিশ্ববিদ্যালয়ের চলমান সকল প্রোগ্রামসমূহে যথাযথভাবে অনুসরণ, প্রতিপালন ও বাস্তবায়নের জন্য ২০১৮ সালে গৃহীত পদক্ষেপসমূহ এবং বর্তমানে কারিকুলাম বাস্তবায়নে সার্বিক বিষয়ে আলোচনা করা হয়। পরবর্তীতে Outcome Based Education in Curriculum Development বাস্তবায়নের জন্য অক্টোবর মাসে সকল বিভাগ ও ইনস্টিটিউটের পিএসএ কমিটির প্রধানদের নিয়ে আরো দুইটি কর্মশালা অনুষ্ঠিত হয়। এছাড়াও ২০২২ সালের মার্চ মাসে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে শুধুমাত্র তৃতীয়/চতুর্থ শ্রেণীর কর্মচারীদের জন্য স্বাস্থ্যবিধি মেনে "Improving Personal Behaviour and Office Management Skill" সংক্রান্ত দুটি ট্রেনিং প্রোগ্রাম

স্বশরীরে অনুষ্ঠিত হয়। ২০২২ সালের মার্চে Quality Assurance Committee (QAC) এর সদস্যদের নিয়ে স্বাস্থ্যবিধি মেনে "Strategic Planning" সংক্রান্ত আরো একটি ওয়ার্কশপ প্রোগ্রাম আইকিউএসি অফিসে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের ই-গভার্ন্যান্স/উদ্ভাবন পরিকল্পনা বাস্তবায়ন কমিটির সুপারিশে এপিএ বাস্তবায়ন সংক্রান্ত করণীয় বিষয়ের উপর আইকিউএসির তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের ৩৮টি বিভাগ ও ইনস্টিটিউট এবং অন্যান্য অফিসের কর্মকর্তা/কর্মচারীদের জন্য স্বাস্থ্যবিধি মেনে জুন, ২০২২ এ "ই-গভার্ন্যান্স ও এপিএ বাস্তবায়ন" সংক্রান্ত একটি সেমিনার বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে আয়োজিত হয়। এছাড়াও শিক্ষকদের মানোন্নয়নের লক্ষ্যে নবাগত শিক্ষকদের নিয়ে স্বাস্থ্যবিধি মেনে জুন, ২০২২ এ "Teacher's Induction Program on Tools for Quality Improvement" বিষয়ক একটি ট্রেনিং/ওয়ার্কশপ বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে অনুষ্ঠিত হয়। সর্বোপরি আইকিউএসির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার গুণগত মান রক্ষা করার জন্য পরিচালক ও অতিরিক্ত পরিচালক মহোদয়গণ সামগ্রিকভাবে তাদের দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে যাচ্ছেন।

ইগভর্ণেন্স ও এপিএ ইম্প্লিমেন্টিশন কার্যক্রম (০৭.০৬.২০২২)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ

অফিস প্রধান : **আবদুল জলিল ভূঞা**, বিএ (অনার্স), এমএ (জাবি)
অধ্যক্ষ

শিক্ষকবৃন্দ

ক্র. নং	শিক্ষকবৃন্দের নাম	পদবী
১.	শাহীদা সুলতানা বিএ (অনার্স), এমএ (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-১, ইংরেজি
২.	মাসুমা সুলতানা বিএসসি (অনার্স), এমএসসি (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-১, পদার্থবিজ্ঞান
৩.	শিল্পী বড়ুয়া বিএসসি (অনার্স), এমএসসি (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-২, ভূগোল
৪.	মোঃ আসাদুজ্জামান বিএসসি (অনার্স), এমএসসি (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-২, গণিত
৫.	মোঃ ফজলুর রহমান বিবিএস (অনার্স), এমবিএস (আইইউ)	সহকারী অধ্যাপক গ্রেড-২, হিসাব বিজ্ঞান
৬.	হোমায়রা তাসনীম খান এমএসসি (ঢাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-২, জীববিজ্ঞান
৭.	ড. মোহাম্মদ মিয়াজ উদ্দিন বিএসসি (অনার্স), এমএসসি, পিএইচডি (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-২, রসায়ন
৮.	ড. অঞ্জনা ইসলাম বিকম (অনার্স), এমকম (ঢাবি), পিএইচডি (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-২, ব্যবস্থাপনা
৯.	দিলরুবা ইয়াসমিন বিএসসি (অনার্স), এমএসসি (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-২, অর্থনীতি
১০.	শুক্লা গোস্বামী বিএসসি (অনার্স), এমএসসি (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-২, গণিত
১১.	হাসনাত রিজিয়া সুলতানা বিএসসি (অনার্স), এমএসসি (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-২, পদার্থবিজ্ঞান
১২.	সেলিন আরা বেগম বিএ (অনার্স), এমএ (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-২, যুক্তিবিদ্যা
১৩.	অনুপ চন্দ্র সাহা বিকম (অনার্স), এমকম (ডবল), ঢাবি	সহকারী অধ্যাপক গ্রেড-২, হিসাব বিজ্ঞান
১৪.	মোঃ শহিদুল ইসলাম বিএ (অনার্স), এমএ (ঢাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-২, সমাজকল্যাণ
১৫.	আইরীন পারভীন বিএ (অনার্স), এমএ (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-২, বাংলা
১৬.	ড. পিনাকী সিংহ বিএসসি (অনার্স), এমএসসি, পিএইচডি (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-২, জীববিজ্ঞান
১৭.	গৌতম চন্দ্র সাহা বিএসসি (অনার্স), এমএসসি (জাবি), এমফিল (বুয়েট)	সহকারী অধ্যাপক গ্রেড-২, রসায়ন
১৮.	মোঃ আরিফুল কবীর বিএ (অনার্স), এমএ (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-২, ইংরেজি
১৯.	ডি. এম. মোস্তাফিজুর রহমান বিএ (অনার্স), এমএ (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-২, বাংলা

ক্র. নং	শিক্ষকবৃন্দের নাম	পদবী
২০.	ইশতিয়াক মাহমুদ বিএসসি (অনার্স), এমএসসি (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-২, কম্পিউটার বিজ্ঞান
২১.	মাহফুজা খাতুন সিদ্দিকা বিএসসি (অনার্স), এমএসসি (জাবি)	সহকারী অধ্যাপক গ্রেড-৩, অর্থনীতি
২২.	নুজহাত নূয়েরী বিএ (অনার্স), এমএ (জাবি)	প্রভাষক, বাংলা
২৩.	মোঃ মাহবুব সিদ্দিকী বিএ (অনার্স), এমএ (ঢাবি)	প্রভাষক, ইংরেজি
২৪.	হামিদা বানু বিএসসি (অনার্স), এমএসসি, ডাবল (জাবি)	প্রভাষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
২৫.	মোঃ আরিফুল ইসলাম বিএসএস (অনার্স), এমএসএস (জাবি)	প্রভাষক, ভূগোল
২৬.	নূছরাত জাহান এমএসএস (ঢাকা বিশ্ববিদ্যালয়)	প্রভাষক, পৌরনীতি
২৭.	আনোয়ার হোসেন বিএফএ চারুকলা ইনস্টি. (ঢাবি)	প্রভাষক গ্রেড-১, অংকন
২৮.	মোঃ হাবিবুর রহমান ডিপ্লোমা ইন জ্যামিতি ও কারিগরী অংকন	প্রভাষক গ্রেড-১, জ্যামিতি ও কারিগরী অংকন
২৯.	মোঃ তাহেরুজ্জামান, বিএসসি (অনার্স), এমএসসি (জাবি), বিএড, এমএড (ঢাবি)	প্রভাষক গ্রেড-১, গণিত
৩০.	মোহাম্মদ নোমান, বিএ (অনার্স), এমএ (ডবল), আরবী ও ইসলাম শিক্ষা, ঢাবি, বিএড (বাউবি)	প্রভাষক গ্রেড-১, ইসলামিক শিক্ষা
৩১.	মোঃ মিজানুর রহমান, বিএসসি এজি (অনার্স), এমএসসি (উদ্যান তত্ত্ব), বিএসএমআরএইউ, গাজীপুর	প্রভাষক গ্রেড-১, কৃষি বিজ্ঞান
৩২.	মোঃ আবুল হোসেন ফকির বিএসসি (অনার্স), এমএসসি (জাবি), বিএড (বাউবি)	প্রভাষক গ্রেড-১, সামাজিক বিজ্ঞান
৩৩.	বিলকিস জাহান এমএসসি (ঢাবি)	প্রভাষক গ্রেড-১, সাধারণ বিজ্ঞান
৩৪.	মোঃ রফিকুল ইসলাম, বিএসএস (অনার্স), এমএসএস (ঢাবি), বিপিএড (জাতীয় বিশ্ববিদ্যালয়)	প্রভাষক গ্রেড-১, শারীরিক শিক্ষা
৩৫.	এষা দাস, বিএ (অনার্স), এমএ (জাবি), সংস্কৃত ও কাব্যতীর্থ পাস	প্রভাষক গ্রেড-১, বাংলা, হিন্দুধর্ম ও সংস্কৃত
৩৬.	ফওজিয়া জেসমিন বিএসসি (অনার্স), এমএসসি (জাবি)	প্রভাষক গ্রেড-১, সাধারণ
৩৭.	মোহাম্মদ সাইফুল ইসলাম বিএ (অনার্স), এমএ (জাবি), বিএড, এমএড (ঢাবি)	প্রভাষক গ্রেড-১, ইংরেজি
৩৮.	ড. মোঃ মনসুর আলী বিএসসি (অনার্স), এমএসসি, পিএইচডি (জাবি), বিএড	প্রভাষক গ্রেড-১, সাধারণ বিজ্ঞান
৩৯.	রওনক সুলতানা বিএ (অনার্স), এমএ (জাবি)	প্রভাষক গ্রেড-১, সাধারণ
৪০.	মোসাম্মৎ আলপনা পারভীন বিএ (অনার্স), এমএ (জাবি), এমএড	প্রভাষক গ্রেড-১, ইংরেজি
৪১.	মোহাম্মদ আবু ওবায়দুল্লাহ বিএ (অনার্স), এমএ (জাতীয় বিশ্ব.), এমএড	প্রভাষক গ্রেড-১, ইংরেজি

ক্র. নং	শিক্ষকবৃন্দের নাম	পদবী
৪২.	মোঃ মনিরুল ইসলাম বিএসসি (অনার্স), এমএসসি (ঢাবি)	প্রভাষক গ্রেড-২, সাধারণ বিজ্ঞান
৪৩.	তাহমিনা খন্দকার বিএসসি (অনার্স), এমএসসি (জাবি)	প্রভাষক গ্রেড-২, জীববিজ্ঞান
৪৪.	সোহেলা আহমেদ, বিএসসি (অনার্স), এমএসসি (জাবি), এমফিল (ইংল্যান্ড), বিএড	প্রভাষক গ্রেড-২, সাধারণ বিজ্ঞান
৪৫.	হাফিজা রহমান বিএ (অনার্স), এমএ (জাবি)	প্রভাষক গ্রেড-২, বাংলা
৪৬.	শেখ মুহাম্মদ সামছুল হক, বিএসসি (অনার্স), এমএসসি (জাবি), বিএড, এমএড, ডিএইচএমএস, ঢাকা	প্রভাষক গ্রেড-২, মানবিক
৪৭.	শিমু আক্তার বিএ (অনার্স), এমএ (জাবি)	প্রভাষক গ্রেড-২, সাধারণ
৪৮.	নীহারিকা ইসলাম বিএ (অনার্স), এমএ (জাবি)	প্রভাষক গ্রেড-২, বাংলা
৪৯.	মুহাম্মদ রেজাউল হক বিএ (অনার্স), এমএ (জাবি)	প্রভাষক গ্রেড-২, ইসলাম ধর্ম শিক্ষা
৫০.	সাকিরা সুলতানা মুক্তা বিএ (অনার্স), এমএ (জাবি)	প্রভাষক গ্রেড-২, ইংরেজি
৫১.	রুমানা পারভীন বিএসসি (অনার্স), এমএসসি (জাবি)	প্রভাষক গ্রেড-২, গণিত
৫২.	মোহাম্মদ সেলিম সারওয়ার বিএ (অনার্স), এমএ (জাতীয় বিশ্ব.)	প্রভাষক গ্রেড-৩, ইংরেজি
৫৩.	সাদিকা সাবিরা বিএ (অনার্স), এমএ (রাবি)	প্রভাষক গ্রেড-৩, সামাজিক বিজ্ঞান
৫৪.	মোঃ মাসুদুর রহমান, বিএ (অনার্স), এমএ (জাবি), বিপিএড, এমপিএড, জাতীয় রেফারি, বাফুফে	প্রভাষক গ্রেড-৩, সাধারণ
৫৫.	তাহমিনা আক্তার বিএ (অনার্স), এমএ (জাবি)	প্রভাষক গ্রেড-৩, বাংলা
৫৬.	খাদিজা আলম এমএসসি (ঢাবি)	প্রভাষক গ্রেড-৪, গার্হস্থ্য অর্থনীতি
৫৭.	ড. সৈয়দা মাহফুজা খাতুন বিএসসি (অনার্স), এমএসসি, পিএইচডি (জাবি)	খণ্ডকালীন শিক্ষক, জীববিজ্ঞান
৫৮.	কে. এম. বদিউজ্জামান বিবিএ (বিইউবিটি), এমবিএ (জাবি)	খণ্ডকালীন শিক্ষক, ফিন্যান্স এন্ড ব্যাংকিং ও বীমা
৫৯.	ঝর্ণা আক্তার বিএসসি (অনার্স), এমএসসি (জাবি)	খন্ডকালীন শিক্ষক, পদার্থবিজ্ঞান
৬০.	মোঃ আবু সাঈদ বিএ (অনার্স), এমএ (রাবি)	খণ্ডকালীন শিক্ষক, ইসলাম ধর্ম
৬১.	রুম্পা সাহা বিকম (অনার্স), এমকম (জাতীয় বিশ্ব.)	খণ্ডকালীন শিক্ষক, ব্যবসায় শিক্ষা
৬২.	হাফিজা আক্তার লিপি বিএ (অনার্স), এমএ (জাবি)	খণ্ডকালীন শিক্ষক, বাংলা
৬৩.	বীরেশ চন্দ্র রায় বিএসসি (অনার্স), এমএসসি (জাবি)	খণ্ডকালীন শিক্ষক, তথ্য ও যোগাযোগ্য প্রযুক্তি

ক্র. নং	শিক্ষকবৃন্দের নাম	পদবী
৬৪.	শিবানী রায় বিএ (অনার্স), জাতীয় বিশ্ববিদ্যালয়	খণ্ডকালীন শিক্ষক, ইংরেজি
৬৫.	মোঃ আশরাফুল ইসলাম বিএসসি (অনার্স), এমএসসি (জাবি)	খণ্ডকালীন শিক্ষক, রসায়ন

কর্মকর্তাবৃন্দ

১. রাজকান্ত বর্দ্ধন, এমকম (ঢাবি), ডেপুটি কম্পট্রোলার
২. মোঃ ওসমান গনি, এমএসএস (গ্রন্থাগার বিজ্ঞান), এইউবি, উপ-গ্রন্থাগারিক (সেমিনার)
৩. সুলতান আহমেদ, এমএ (এইউবি), প্রশাসনিক কর্মকর্তা
৪. মোঃ আব্দুল করিম, বিএসএস (বাউবি), টেকনিক্যাল অফিসার
৫. মোঃ আব্দুল মান্নান, টেকনিক্যাল অফিসার (এলপিআর)

কর্মচারীর সংখ্যা

তৃতীয় শ্রেণি	:	১১ জন
চতুর্থ শ্রেণি	:	০৫ জন

প্রশাসনিক কার্যক্রম

ক. এ বছর আপগ্রেডিংয়ের মাধ্যমে ০৩ জন সহকারী অধ্যাপক গ্রেড-২ থেকে সহকারী অধ্যাপক গ্রেড-১ পদে, ১৩ জন সহকারী অধ্যাপক গ্রেড-৩ থেকে সহকারী অধ্যাপক গ্রেড-২ পদে, ০২ জন প্রভাষক থেকে সহকারী অধ্যাপক গ্রেড-৩ পদে, ০২ জন প্রভাষক গ্রেড-২ থেকে প্রভাষক গ্রেড-১ পদে, ০১ জন প্রভাষক গ্রেড-৪ থেকে প্রভাষক গ্রেড-৩ পদে পদোন্নতি লাভ করেছেন।
খ. ০১ জন ক্লিনার আপগ্রেডিং এর মাধ্যমে ক্লিনার গ্রেড-১ পদে এবং ০১ জন গার্ড আপগ্রেডিং এর মাধ্যমে গার্ড গ্রেড-১ পদে পদোন্নতি লাভ করেছেন।
গ. কলেজ ভবনে জানালার গ্লাস সংযোজন করা হয়েছে।
ঘ. স্কুল ও কলেজের স্কুল ভবনের দক্ষিণ পার্শ্বের দ্বিতলের ছাদ নতুন করে নির্মাণ করা হয়েছে। এছাড়া ভবনের দ্বিতলের ছাদে ওঠার জন্য স্টিল ফ্রেমে কাঠের সিঁড়ি নির্মাণ করা হয়েছে এবং স্কুল ও কলেজ ভবনের চুনকামসহ রং করা হয়েছে।

প্রাসঙ্গিক তথ্য

করোনা মহামারীর কারণে সরকারি সিদ্ধান্ত মোতাবেক প্রতিষ্ঠানের খেলাধূলা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও অন্যান্য অনুষ্ঠান বন্ধ ছিল। তবে, শিক্ষার্থীদের কোভিড- ১৯ ভ্যাকসিনের কার্যক্রম অব্যাহত ছিল।

---------- × ----------

আইআইটি ল্যাব

সিএসই ল্যাব

ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগের সুন্দরবন শিক্ষাসফর

ইউআরপি প্লানিং ফেসটিভ্যাল

গবেষণা সেমিনারে শিক্ষকগণের উপস্থিতি

ভর্তি পরীক্ষার কর্মব্যস্ততা

শিক্ষাবিষয়ক কর্মশালায় শিক্ষার্থীদের অংশগ্রহণ

ভর্তি পরীক্ষা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর হল